আধুনিক যুগের ইতিবৃত্ত

কল্যাণ চৌধুরী



Written strictly in accordance with the New Revised Syllabus prescribed by the West Bengal Board of Secondary Education.
Vide Circular No. Syll/82/5 dated 21. 9. 82
*Submission No. Syll/*H*/8/82/29 dt.* 29. 12. 82
of W. B. Board of Secondary Education.
Also Board's Notification No. S/412 dt. 27. 12. 83

আধুনিক যুগের ইতিবৃত্ত

[অষ্টম শ্রেণীর জন্য]

কল্যাণ চৌধুরী, এম. এ.
মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজ, কলিকাতা

নূতন সংশোধিত সিলেবাস অনুসারে লিখিত

ওরিয়েণ্টাল বুক কোম্পানী
৫৬ সূর্য সেন স্ট্রীট, কলিকাতা ৭০০০০৯

প্রকাশক ঃ
শ্রীকৃপেশচন্দ্র ভট্টাচার্য, বি.এ.
ওরিয়েন্টাল বুক কোম্পানী
৫৬ সূর্য সেন স্ট্রীট
কলিকাতা ৭০০ ০০৯

প্রথম প্রকাশ ঃ নভেম্বর, ১৯৮১
দ্বিতীয় সংস্করণ ঃ ফেব্রুয়ারী, ১৯৮২
সংশোধিত তৃতীয় সংস্করণ ঃ অক্টোবর, ১৯৮২
পরিবর্ধিত ও সংশোধিত চতুর্থ সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৩
পরিমার্জিত নতুন সংস্করণ ঃ ডিসেম্বর, ১৯৮৩
পরিমার্জিত নতুন সংস্করণ ঃ ফেব্রুয়ারী, ১৯৮৪
পুনর্মুদ্রণ : জানুয়ারী, ১৯৮৫
পরিমার্জিত সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৭
পুনর্মুদ্রণ ঃ জানুয়ারী, ১৯৮৮

মূল্য ঃ ১৬·০০ টাকা

মুদ্রাকর ঃ
শ্রীসুব্রত ভট্টাচার্য
শ্রীভূমি মুদ্রণিকা
৭৭ লেনিন সরণী
কলিকাতা-৭০০ ০১৩

REVISED SYLLABUS ON HISTORY FOR CLASS VIII

1. *Modern Age* : Changing Economy of Europe : Decay of Feudalism—some improvements in the technique of agricultural production—new crops introduced—some improvements in the sphere of industrial production—impact (Pages—2)

2. *Renaissance in Europe* : (To be presented in a very simple general way)

(a) *Its character* : An evolutionary process since the 12th Century, stimulated by the fall of Constantinople in 1453 ; revival of the learning of the ancient Greeks and Romans, and respect for scientific truth and accuracy ; recovery of old Greek attitude towards a life not interested in other-worldliness or priestly mediation, nor inclined to believe in traditional authority that what happened in nature was an act of God : open-minded critical enquiry into life despite all attempts of the Catholic Church to maintain old beliefs ; a spirit of enquiry guided by reason and broadened by personal experiment and observation since the 13th century.

(b) Early lead in Italy, where merchant princes vied with one another in their support and encouragement of art and literature and science, was taken by Florence, from where it spread to Milan, Rome and other cities and then spilled over the Alps to Europe in Germany, Flanders, the Netherlands, Portugal, Spain, France and England. (Pages—3)

(i) *'Intellectual' Renaissance or humanism* : With reference to the development of literature in the refined vernacular languages : Dante, Petrarch, Machiavelli, Boccacio (Italy), Sir Francis Bacon, Chaucer, Spenser and Shakespeare (England) ; Erasmus (the Netherlands) ; Cervantes (Spain) ; Rabelais (France).

(No biographical details are wanted ; only their significant contributions towards promoting open-minded, critical enquiry into life and nature, guided by reason and human interest in everything around them.)

(ii) *Renaissance in art* (painting, sculpture and architecture) specially Leonardo da Vinci, Raphael, Michelangelo.

(iii) *Renaissance in Science* : Roger Bacon, Sir Francis Bacon, Leonardo da Vinci, Copernicus, Galileo, Gutenberg (printing press). (Pages—6)

3 *Europeans widen their world* :

The changing economy and spirit of Renaissance in Italy led to the discovery of new world by the intrepid navigators of Portugal and Spain with the help of the improved com-

pass and the astrolabe : Prince Henry the Navigator, Bartholomew Dias, Albuquerque, Vasco da Gama, Cabral (all for Portugal) ; Columbus, Balboa, Amerigo Vespucci, Magellan (all for Spain).

Results : (i) Widening knowledge of world geography and the ancient civilizations of the New Continent ;
(ii) Circumnavigation of the world ; (iii) the flag followed trade ; colonies and colonial exploitation ; the Spanish conquistadores.
3a. Formation and rise of nations. (Pages—4)

4. *Reformation in Europe* :

(a) Protest against abuses in the Catholic Church in reference to the teachings and actions of John Wycliffe of Oxford, John Huss of Prague, Martin Luther of Wittenberg. (In narative form.)
(b) Results : Lutheran or Protestant Church in some states in Germany ; spread of Protestantism in Northern Europe, England and Scotland.

(c) Reform within the Catholic Church :

(i) For internal reform and consolidation—to improve the morals of the clergy ; to stamp out heresy by coercive methods and trial in the Inquisition Court ; the Jesuit Society ; the Council of Trent, 1545-1563 (reference only, ignoring dogmas or beliefs of the Catholic Church).

(ii) The Religious Wars in the Holy Roman Empire between the League of Protestant states and Emperor Charles V, 1546-1555 (without details) ; the treaty of Augsburg, 1555 (only reference).

(d) Attempt on the part of Philip II of Spain to stamp out Protestant heresy in the Netherlands—his misrule and heavy taxes lead to the Dutch Revolt under William of Orange—its result—the Dutch Republic's independence recognised in 1648 (later kingdom) ; Southern Netherlands, later known as the Austrian Netherlands, was called the kingdom of Belgium, a Catholic State.

(e) Attempt of Philip to bring Protestant England and its Church under his control (in brief)—the Spanish Armada—Philip's failure. (Pages—11)

5. *The English Revolution in the 17th century* :

Central issues in the conflict between King and Parliament. The Civil War (brief story)—Cromwell and the Commonwealth—The Restoration—The Bloodless or Glorious Revolution of 1688, The Bill of Rights, 1689 and other results. (Pages—4)

6. *India*

A. The Mughal Empire : (1) Foundation, growth and expansion from 1526-1707 (in brief, narrative form). (2) Main features of Mughal rule—social and economic life, some foreign travellers. (3) Decline of the Empire 1707-1757, a brief account. (Pages—7)

B. (1) Coming of the European traders—growth of rivalries (in brief story form). (2) Rise and expansion of Maratha power (battles may be touched only without details—in story form). (3) Rise of the Sikhs, their organization (battles may be touched only without details—in story form).

(Pages—6)

7. *Foundation and growth of the British power in India till 1857 in short narrative form.*

(1) Early phase till 1818. (2) Later phase till 1857. (3) The 'Mutiny', causes and nature, reasons for failure. (4) Results of British Rule : political and economic discontent. (Pages—10)

8. *World in the 18th century : Age of Reason* (no reference to "Enlightened Despotism").

The three Revolutions : (A) American war of Independence : causes, reasons for American success, results. (B) Industrial Revolution in England ; meaning. The agricultural revolution, Inventions—Results. (C) French Revolution : (1) Pre-revolutionary thought ; eminent leaders—Rousseau, Voltaire, Montesquieu—causes and progress (in brief). (2) Napoleon as 'soldier of the Revolution' and as Emperor. The Revolt of Europe. (3) Permanent results of the French Revolution. (Pages—13)

9. *Europe since 1815 :*

(A) Forces of nationalism and democracy (liberalism) versus forces of reaction as seen in the principle of legitimacy and workings of the Quadruple Alliance and the Metternich system (in brief). (B) Nationalism and democracy in Europe : Italy and Germany upto 1871 (in brief). (C) American Civil War : Central issues ; Abraham Lincoln's role. (D) Industrialisation of Europe (machine civilization) ; Its results. The Working Class—Marx and Engels. (Pages—13)

10. (A) Developments in China till 1911 : (Both China and Japan should be treated in a simple general way without any details of Wars and Treaties).

(i) Opium War and the Treaty of Nanking, 1842, and the British Commercial Treaty ; the Tientsin Treaties ; Treaty Ports, Foreign Settlements and extra-territorial rights ; rivalry among powers for cutting up the Chinese melon, Hay's Open Door 1901. (Pages—3)

(ii) Chinese reaction : The Taiping Rebellion, 1853 ; the Hundred Days Reform 1898 ; the Boxer Rebellion ; Empress Dowager's reaction ; fresh attempt at internal reform 1902-1908 ; overthrow of the last Manchu Emperor in 1911 ; China a republic, 1912 ; Sun Yat-Sen and Yuan Shi-Kai. (all in brief narrative form). (Pages—4)

(B) Rise of Japan as a great power till 1914 ; Meiji restoration 1867 ; the position of the Crown, Westernization of Japan, politically, economically, socially and militarily ; Japanese *Imperialism* begins with the Sino-Japanese War, 1894-95 ; the Anglo-Japanese Alliance of 1902 (the sheet-anchor of Japanese power in the Pacific) ; Russo-Japanese War, 1904-1905 ; annexation of Korea, 1910 ; World War I and Japan's "21 Demands" on feeble China. (Mere reference to major demands) (all in brief narrative form). (Pages—4)

11. *India under the Crown,* 1858-1914 : New Administration —Imperial expansion—Social Reform movements in the 19th century—growth of the nationalist sentiment—the Indian National Congress. Extremist movement from 1905-1914. (Pages—3)

12. *The First World War* :
Underlying causes, its magnitude : Results (with special reference to India 1914-1918)—Reasons for India's aiding the war effort, Economic strains and popular discontent ; work of the revolutionaries in India and abroad. Home Rule movement, Lucknow Pact, Rowlatt Act, Jalianwallahbagh, Proposal for Montford Reforms, Muslim discontent, stage set for Non co-operation, Emergence of Gandhiji as a national leader. (Pages—8)

13. The Bolshevik Revolution, Causes—its impact on Europe and the world. (Pages—5)

14. *Europe* 1919-1939 : Paris Peace Conference and Reconstruction of Europe—Growth of Fascism and Nazism. The League of Nations, its achievements and failure (in brief). (Pages—7)

15. *The Second World War* : Its origin and results (brief outline). (Pages—3)

16. *India* 1919-1947 : Different phases of the Freedom Movement : Non-cooperation movement, Peasant's and Workers' participation ; Civil Disobedience Movement, 'Quit India', 'Azad Hind' and general upsurge, transfer of power and Independence. (Pages—10)

17. (A) *Revolution in China* 1911-1949 :
The Republic divided between Yuan Shi-Kai and Sun Yat-Sen. Yuan dies in 1916 ; China in the grip of Tu Chuns (war lords) ; Sun Yat-Sen's Kuomintang (Nationalist Party)—his three People's Principles—May Fourth Move-

ment—his death in 1925 ; K.M.T. and Communist Party of China relations from 1921-1924 ; Chiang's repressive policy—the 6000 mile Long March of the Communists in north-western China ; the Sain-Fu incident of 1936 to bring Chiang and Mao together in China's united endeavour to oppose Japanese invasion of Chinese territory since 1931 —the invasion merges in World War II in 1941 ; the Civil War between the Kuomintang and the Communists begins after the end of World War II in 1945 ; Chiang and his Kuomintang forces driven out from China to Formoza (Taiwan)—the mainland of China united under Mao's control in October 1949. (in brief story form). (Pages—5)

18. *Revolution in "South-East Asia" after* 1945 : Indo-China, Burma, Malayasia, Indonesia. (Pages—3)
19. *Spread of nationalism and unrest in subject countries during World War II*—The Atlantic Charter—Foundation of the U.N.O., its objective—Triumph of the Socialist forces—growth of socialist movement and the anti-colonial movement. (Pages—2)

Text matter : 140 pages. Illustration etc. : 15 pages. Exercises : 10 pages. Total 165 pages. Type : Pica. Size of the book : Double Demy (1/16).



প্রথম অধ্যায় **আধুনিক যুগ**

(১) **'আধুনিক যুগ' কথাটির অর্থ ঃ** আধুনিক যুগের ইতিহাস সম্পর্কে আলোচনার শুরুতেই জেনে নিতে হবে, সেই যুগের সূচনা কোন্ সময় থেকে, আর তার বৈশিষ্ট্যই বা কি। সাধারণভাবে বলতে গেলে, ১৪৫৩ খ্রীস্টাব্দে তুর্কী মুসলমানদের আক্রমণে পূর্ব রোমান সাম্রাজ্যের রাজধানী কনস্টান্টিনোপল-এর পতনের সময় থেকে ইতিহাসের আধুনিক যুগ শুরু হয়েছে। কিন্তু ইতিহাসে এক যুগ থেকে আর এক যুগে প্রবেশ মোটেই একটা আকস্মিক ব্যাপার নয়। হঠাৎ একদিন তুর্কীরা এসে কনস্টান্টিনোপল বিধ্বস্ত করল, আর সঙ্গে সঙ্গে মধ্যযুগের সমাপ্তি ঘটে শুরু হয়ে গেল ইতিহাসের আধুনিক যুগ ব্যাপারটা মোটেই তা নয়। আলোচনার সুবিধের জন্য ইতিহাসে প্রত্যেক যুগের একটা সময়-সীমা ধরে নেওয়া হয় এবং সেই-জন্যই এই সময়-নির্দেশ। তবে এর কোনো বাঁধা-ধরা নিয়ম নেই। কেউ বলেন ১৪৫৩ খ্রীস্টাব্দে, আবার অন্যেরা বলেন ১৫০০ খ্রীস্টাব্দ থেকেই আধুনিক যুগের সূচনা হয়েছে।

বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে সমাজের বিবর্তনের ধারাটি লক্ষ্য করলে অবশ্য আধুনিক যুগের ব্যাখ্যা হবে সম্পূর্ণ আলাদা। প্রত্যেক যুগের একটি করে বৈশিষ্ট্য আছে, আর সেইজন্যই প্রত্যেকটি যুগকে আলাদা আলাদাভাবে চেনা যায়। উদাহরণ দিয়ে বলতে গেলে, প্রাচীন যুগের বৈশিষ্ট্য ছিল দাস-মালিকানা, মধ্যযুগের সামন্ততন্ত্র এবং আধুনিক যুগে পুঁজিতন্ত্র, পুঁজিবাদ বা ধনতন্ত্র। অল্প কথায় 'পুঁজিবাদ' বলতে বোঝায় 'পুঁজি', অর্থাৎ সঞ্চিত ধনসম্পত্তির সাহায্যে একযোগে উৎপাদনের উপকরণ বা যন্ত্র এবং শ্রমিকের ওপর অধিকার স্থাপন করা। সামন্তসমাজ থেকে পুঁজিবাদী সমাজ গড়ে উঠতে সময় লেগেছিল বেশ কিছু বছর। মোটামুটিভাবে সময়কালের হিসাব ধরলে বলা যায়, এর ব্যাপ্তি ছিল চোদ্দ থেকে সতেরো শতক পর্যন্ত। তাহলে এবার দেখা যাক কিভাবে সামন্তসমাজের ধ্বংসযজ্ঞ সম্পূর্ণ হয়ে পুঁজিবাদী সমাজের সূচনা হয়েছিল।

(২) ইওরোপীয় অর্থনীতিতে পরিবর্তন : সামন্ততন্ত্রের ক্ষয় : সামন্তযুগের অর্থনীতি ছিল কৃষি-ভিত্তিক গ্রাম-নির্ভর সরল অর্থনীতি। শিল্প-বাণিজ্য ও টাকার প্রচলন তখন ছিল না বললেও চলে। প্রত্যেক গ্রামের মানুষ যা উৎপন্ন করত স্থানীয়ভাবেই তা ব্যবহৃত হ'ত। নানা ধরনের জিনিসের চাহিদা মেটানোর জন্য প্রতিটি গ্রামেই কামার, কুমোর, তাঁতী প্রভৃতি ছিল, আর কৃষকেরা খাদ্য উৎপাদন করত। বাইরে থেকে দরকারী জিনিস আমদানি করবার রেওয়াজ ছিল না, উপায়ও ছিল না। এই ধরনের অর্থনীতির মধ্য থেকে কিভাবে নতুন অর্থনীতির বিকাশ ঘটেছিল তা লক্ষ্য করবার বিষয়।

ক্রুসেডের মধ্য দিয়েই সামন্ত অর্থনীতির ধ্বংসের সূচনা। ক্রুসেডের ফলে সারা ইওরোপে শিল্প-বাণিজ্য ব্যাপকভাবে চলতে থাকে, শহর গড়ে ওঠে। শহরগুলোতে মুদ্রার মাধ্যমে লেন-দেন চলত। কৃষি পদ্ধতির পরিবর্তন, শিল্প-বাণিজ্যের প্রসার, টাকার প্রচলন প্রভৃতিই সামন্ততন্ত্রের ধ্বংস ডেকে এনেছিল।

সামন্ত অর্থনীতির অবসান ঘটানো এবং নতুন অর্থনীতির বিকাশে উন্নত কৃষিপদ্ধতির ভূমিকা নিতান্ত কম ছিল না। নতুন ধরনের লাগাম ও লোহার ক্ষুর প্রচলিত হওয়ায় কৃষি-কাজে ঘোড়ায় টানা লাঙ্গলের ব্যবহার সম্ভব হয়। এর ফলে ইওরোপের বিস্তীর্ণ অঞ্চলের অনাবাদী জমিকে আবাদী করে তোলা সহজ হয়েছিল। সামন্তযুগে চাষীকে গ্রামে আটকে রাখাই ছিল সামন্তপ্রভুদের উদ্দেশ্য। কিন্তু এখন গ্রামের জমিদাররা ছোট ছোট চাষীদের জমি থেকে উৎখাত করে নিজেদের জমি বাড়িয়ে নেয় এবং নতুন পদ্ধতিতে চাষ করে বেশী শস্য উৎপাদন করতে থাকে। তাছাড়া পশমের প্রয়োজনে মেষ পালন অত্যন্ত লাভজনক ব্যবসা হয়ে দাঁড়িয়েছিল। আবার তিসি, আখ প্রভৃতি কারিগরি শস্য বিক্রী করেও জমিদারেরা নিজেদের সম্পদ বাড়াতে থাকে। এইভাবে জমিদাররা জমি ও টাকা সঞ্চয় করছিল আর চাষীরা দলে দলে জমি থেকে উৎখাত হয়ে গ্রাম ছেড়ে বেরিয়ে শহরে উপস্থিত হয়। সেখানে গিয়ে শ্রম বা দৈহিক শক্তি বিক্রী করে জীবিকা অর্জন ব্যতীত তাদের আর গত্যন্তর রইল না। এইভাবে সামন্ততন্ত্রের ভিত আলগা হয়ে জন্মলাভ করে নিঃস্ব চাষী। পরে, অর্থাৎ মধ্যযুগের (বা সামন্তযুগের) শেষ দিকে, যখন মিল বা ফ্যাক্টরী গড়ে উঠতে থাকে তখন এরা ভাড়াটে মজুরে পরিণত হয়।

মধ্যযুগের শেষদিকে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটায় জিনিসপত্রের চাহিদা ক্রমাগত বাড়তে থাকে। পঞ্চদশ শতাব্দীতে লোহা গলানোর পদ্ধতি আবিষ্কৃত হওয়ায় উন্নত ধরনের যন্ত্রপাতি ও হাতিয়ার পাওয়া সম্ভব হয়। সাধারণ পেষণযন্ত্র, ড্রিল প্রভৃতি উদ্ভাবিত হওয়ায় শিল্পোন্নয়ন সম্ভব হয়েছিল। এখন সামন্তযুগের ছোট-বড় কারিগররা সবাই বণিকের নির্দেশে কাজ করতে শুরু করে। বাজারের চাহিদা মেটানোর জন্য ব্যবসায়ীরা কারিগরদের কাঁচামাল দেয় এবং কাজের দাম দেয়। তার বিনিময়ে বাড়ীতে বসে কারিগররা যন্ত্রপাতি

দিয়ে যে জিনিস তৈরী করে তা ব্যবসায়ীর হাতে তুলে দেয়। ব্যবসায়ীরা চড়া দামে তা বিক্রী করে লাভের অঙ্ক বাড়াতে থাকে। এইভাবে ব্যবসায়ীরা হয়ে উঠছিল বিত্তশালী, আর স্বাধীন কারিগররা ক্রমশঃ ভাড়াটে মজুরে পরিণত হতে চলেছিল।

(৩) **অর্থনৈতিক পরিবর্তনের ফলাফল** ঃ এইভাবে সামন্ত অর্থনীতির পরিবর্তে যে নতুন অর্থনীতি বিকাশ লাভ করেছিল তার নাম পুঁজিবাদ বা ধনতন্ত্র। এই ধরনের অর্থনীতির মূল কথা হ'ল ব্যবসায়ী, মিল-মালিক প্রভৃতি পুঁজিপতিরা ভাড়াটে মজুর দিয়ে কাজ করিয়ে তৈরী মালের মালিক হয়ে বসে। শ্রমিকরা পায় মজুরী, আর পুঁজিপতিরা সেই মাল বেচে মুনাফা লুটে। এই ধনতান্ত্রিক অর্থনীতির বিকাশ ঐতিহাসিক দিক দিয়ে খুবই গুরুত্বপূর্ণ। কারণ মানব-সমাজের ইতিহাসে তা এক নতুন অধ্যায়ের সূচনা করেছিল।

স্মৃতি-সহায়

১. প্রাচীনযুগে যেমন দাস-মালিকানা, মধ্যযুগে সামন্ততন্ত্র, তেমনি আধুনিক যুগের বৈশিষ্ট্য হল ধনতন্ত্র বা পুঁজিবাদী ব্যবস্থা। চৌদ্দ থেকে সতেরো শতাব্দীর মধ্যে সামন্তসমাজ পুঁজিবাদী সমাজে রূপান্তরিত হয়েছিল।

২. ব্যবসা-বাণিজ্যের প্রসার। পণ্যসামগ্রীর চাহিদা বৃদ্ধি এবং উন্নত ধরনের যন্ত্রপাতি আবিষ্কারের ফলে ছোটহারের উৎপাদন প্রয়াসে ভাঙ্গন ধরেছিল।

৩. ব্যবসায়ীদের দেওয়া কাঁচামালে কারিগর কর্তৃক প্রস্তুত দ্রব্য-সামগ্রী বিক্রী করে ব্যবসায়ীরা প্রচুর অর্থ লাভ করতো।

৪. ক্রমে আরও বেশী পণ্য-উৎপাদনের প্রয়োজনীয়তা থেকে একই ছাদতলে বসে কারিগররা ব্যবসায়ী বা মিল-মালিকদের দেওয়া কাঁচামাল ও যন্ত্রপাতি দিয়ে মাল তৈরী করতে থাকে। এইভাবেই পুঁজিপতি মিল-মালিক ও ভাড়াটে শ্রমিকের সৃষ্টি হয়েছিল।

৫. ভাড়াটে শ্রমিকরা মালতৈরীর জন্য মজুরী পায়; এবং পুঁজিপতিরা সেই মাল বেচে মুনাফা লুটে। এটাই হল ধনতান্ত্রিক অর্থনীতির গোড়ার কথা।

অনুশীলনী

১. 'আধুনিক যুগ' বলতে কি বোঝায় তা ব্যাখ্যা কর।
২. ইওরোপের অর্থনৈতিক পরিবর্তন কিভাবে সামন্ততন্ত্রের পতন ঘটিয়েছিল?
৩. কৃষি-পদ্ধতির পরিবর্তন সামন্ত অর্থনীতির পতন ঘটাতে কতখানি দায়ী ছিল?
৪. সামন্তযুগের শেষ দিকে কেন শিল্পোন্নয়ন সম্ভব হয়েছিল?
৫. ইওরোপীয় অর্থনীতির পরিবর্তনের ফলাফল কি হয়েছিল?
৬. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] সাধারণভাবে কোন্ সময় থেকে আধুনিক যুগের সূচনা হয়েছে বলে ধরা হয়?

[খ] প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের বৈশিষ্ট্যগুলো কি কি?

[গ] পঞ্চদশ শতাব্দীতে কি কি নতুন জিনিস আবিষ্কারের ফলে শিল্পোন্নয়ন সম্ভব হয়?

[ঘ] পুঁজিবাদী অর্থনীতির মূল কথা কি?

৭. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] 'পুঁজিবাদ' বলতে কি বোঝায়?

[খ] সামন্তসমাজ থেকে পুঁজিবাদী সমাজ গড়ে উঠতে কতদিন লেগেছিল?

[ঘ] পুঁজিবাদী অর্থনীতির মূল কথা কি?

জমি চাষ করা সম্ভব হয়েছিল?


[ঘ] কিভাবে চাষীরা জমি থেকে উৎখাত হয়?

৮. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর ঃ

[ক] —— যুগের অর্থনীতি ছিল কৃষি-ভিত্তিক, গ্রাম-নির্ভর সরল অর্থনীতি।

[খ] চাষীরা জমি থেকে উৎখাত হয়ে শহরে গিয়ে — বিক্রী করে জীবিকা অর্জন করতে লাগল।

——



দ্বিতীয় অধ্যায়

ইওরোপে 'রেনেসাঁস'

(১) **'রেনেসাঁস' বা নবজাগরণ ঃ 'রেনেসাঁস'-এর বৈশিষ্ট্য ঃ** ফরাসী শব্দ 'রেনেসাঁস'-এর ব্যুৎপত্তিগত অর্থ হ'ল নবজাগরণ বা পুনর্জন্ম। মধ্যযুগের শেষ দিকে ইতালির মানুষের প্রাচীন গ্রীক ও রোমান শিক্ষা, সাহিত্য ও শিল্প সম্পর্কে জানবার এক অদম্য আগ্রহ লক্ষ্য করা যায়। এই আগ্রহের ফলে পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে ইওরোপে যে নতুন শিক্ষা ও সভ্যতা জন্মলাভ করেছিল তাকেই 'রেনেসাঁস' বলা হয়।

আরও ব্যাপক অর্থে 'রেনেসাঁস' বলতে বোঝায় মধ্যযুগীয় ব্যবস্থা ও দৃষ্টিভঙ্গীর বিরুদ্ধে এক সর্বাত্মক আন্দোলন। মধ্যযুগীয় চিন্তাধারার মূল কথা ছিল বশ্যতা ও আজ্ঞানুবর্তিতা। চিন্তায়, কাজে, সমাজ-জীবনে ঈশ্বরের বিধান ও চার্চের অনুশাসন মেনে চলাই ছিল তখনকার রীতি। সেই সময় মানুষ স্বাধীনভাবে কোনো কিছু চিন্তা করতে পারত না। পঞ্চদশ শতাব্দীতে রেনেসাঁস আন্দোলনের মূল লক্ষ্য তাই হয়ে দাঁড়িয়েছিল চার্চের উৎপীড়ন থেকে মুক্তি লাভ এবং সব বিষয়ে চিন্তার স্বাধীনতা প্রতিষ্ঠা। রেনেসাঁসের প্রভাবে মানুষ সব কিছুতে যুক্তির প্রয়োগ করতে শিখেছিল।

ইওরোপের রেনেসাঁস কোনো আকস্মিক ব্যাপার নয়, তার প্রস্তুতি চলেছিল দীর্ঘদিন ধরে। মধ্যযুগের শেষ দিকে, অর্থাৎ দ্বাদশ শতাব্দীতেই ইওরোপের বিভিন্ন জায়গায় যে নতুন জীবনের লক্ষণ দেখা দিয়েছিল তাতে কোনো সন্দেহ নেই। সেই সময় ইওরোপের সর্বত্র বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছিল। পণ্ডিত ব্যক্তিরা সেখানে জ্ঞান-বিজ্ঞান, দর্শন, ইতিহাস এবং অন্যান্য

বিষয়ে রীতিমত চর্চা করতেন। এইসব বিশ্ববিদ্যালয়ের বিদ্যাচর্চা নবজাগরণের ভিত্তি যে রচনা করেছিল তা নিঃসন্দেহে বলা যেতে পারে।

১৪৫৩ খ্রীস্টাব্দে তুর্কী আক্রমণে কনস্টান্টিনোপলের পতনের ফলে নবজাগরণের বিকাশ আরও সহজ হয়েছিল। কারণ তুর্কীদের আক্রমণ ও অত্যাচার থেকে রক্ষা পাবার জন্য সেখানকার অনেক জ্ঞানী-গুণী মানুষ ইওরোপের বিভিন্ন জায়গায় এসে আশ্রয় নিয়েছিলেন। এইসব পণ্ডিত ব্যক্তি সঙ্গে করে বিস্মৃতপ্রায় অনেক প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য, মূল্যবান পুঁথি নিয়ে এসেছিলেন। ইওরোপে, বিশেষ করে, ইতালির মানুষ এইসব পণ্ডিতকে স্বাগত জানায় এবং তাঁদের শিক্ষক হিসাবে বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে নিয়োগ করে। স্বভাবতঃই এঁদের উদ্যোগে আবার নতুন করে গ্রীক ও রোমান সাহিত্য, শিল্প প্রভৃতির চর্চা শুরু হয়। এইসবের চর্চা থেকেই রেনেসাঁসের সূচনা হয়েছিল।

প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য, দর্শন, জ্ঞান-বিজ্ঞান প্রভৃতি অধ্যয়ন করে ইওরোপের মানুষ এক নতুন ঐশ্বর্যের সন্ধান পায়। পৃথিবীর সবকিছুকে জানবার আগ্রহ মানুষকে পেয়ে বসে। এই উৎসাহ থেকে ইওরোপের মানুষ আবার জ্ঞান-বিজ্ঞান চর্চা শুরু করে। নানা বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষার ফলে নতুন নতুন তথ্য আবিষ্কৃত হতে থাকে। আবার এইসবের চর্চা থেকেই মানুষ পায় সমালোচক দৃষ্টিভঙ্গী—মানুষের মধ্যে জেগে ওঠে সবকিছুকে যুক্তির দ্বারা বোঝাবার, সবকিছুকে যাচাই করে দেখবার মনোভাব। তারা দেখল, ধর্মীয় ব্যাপার ছাড়াও জাগতিক নানা বিষয় সম্পর্কে মানুষের জানবার ও ভাবনা-চিন্তা করবার আছে। ইহজীবনের সুখ-সম্ভোগই মানুষের এখন একমাত্র কাম্য। অল্প কথায়, পারলৌকিক চিন্তা অপেক্ষা ইহজীবনের চিন্তা, সুখ-দুঃখের আশ্বাস মানুষের মনকে অধিকার করে বসে। মানুষের এই চিন্তার নতুনত্ব তাদের শিল্পকলা এবং শিক্ষা-দীক্ষায়ও প্রকাশ পেয়েছিল।

(২) ইতালিতে রেনেসাঁসের সূত্রপাত ঃ ইওরোপে তার বিস্তৃতি ঃ ইওরোপে নবজাগরণের পথপ্রদর্শক ছিল ইতালি। ক্রমে ইতালি থেকে এই নবজাগরণের ঢেউ ইওরোপের অপরাপর দেশকে আলোড়িত করেছিল।

কতকগুলো যুক্তিসঙ্গত কারণেই ইতালিতে রেনেসাঁসের সূচনা হয়েছিল। ভূমধ্যসাগরের তীরবর্তী অঞ্চলে অবস্থিত ইতালির শহরগুলি ক্রুসেডের সময় থেকে ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে সমৃদ্ধশালী হয়ে উঠেছিল। এইসব শহর মধ্যযুগের সংকীর্ণতা থেকে ছিল মুক্ত, যার ফলে এখানে রেনেসাঁস প্রসূত স্বাধীন চিন্তাধারা সহজেই অনুপ্রবেশ করেছিল। দ্বিতীয়ত, ইতালির ভেনিস, মিলান, ফ্লোরেন্স প্রভৃতি শহরের বিত্তশালী ব্যবসায়ীরা নবজাগরণের পৃষ্ঠপোষক হয়ে উঠেছিলেন। তাঁদের উৎসাহে তাই ইতালির বিভিন্ন শহরে প্রতিভাশালী সাহিত্যিক, চিত্রকর, শিল্পী প্রভৃতির সমাবেশ ঘটেছিল। উদাহরণ হিসাবে বলা যেতে পারে যে ফ্লোরেন্স-এর বিত্তশালী মেদিচি পরিবার প্রাচীন পুঁথির সংরক্ষণের জন্য বহু অর্থ ব্যয় করেছিল।

তাছাড়া এই পরিবার ফ্লোরেন্সে একটি শিক্ষায়তনও প্রতিষ্ঠা করেছিল। এক কথায় বলতে গেলে, ইতালির বড় বড় শহরের বিত্তশালীরা কে কতজন পণ্ডিত ব্যক্তিকে জড়ো করতে পারেন তাই নিয়ে প্রতিযোগিতায় নেমেছিলেন। তৃতীয়ত, ইতালির বিশ্ববিদ্যালয়গুলিতে যেসব বিষয়ে চর্চা হ'ত তা রেনেসাঁস-এর বিকাশের পক্ষে বিশেষ সহায়ক ছিল। এইসব বিশ্ব-বিদ্যালয়ে ধর্মনিরপেক্ষ বিদ্যা যেমন ঃ রোমান আইন, চিকিৎসাশাস্ত্র প্রভৃতি বিষয়ে শিক্ষা দান করা হ'ত বলে ইতিপূর্বেই সেখানে রেনে-সাঁসের ভিত্তি স্থাপিত হয়েছিল। চতুর্থত, ইতালির অধিবাসীরা নিজেদের প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতার ধারক ও বাহক বলে মনে করতো। সেইজন্য প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতা-সংস্কৃতির অনুশীলনের জন্য তারাই ছিল সবচেয়ে বেশী আগ্রহী। সবশেষে বলা যেতে পারে যে তুর্কী আক্রমণে কনস্টান্টিনোপল বিধ্বস্ত হওয়ায় সেখান থেকে পণ্ডিত ব্যক্তিরা গ্রীসের পথে ইতালির শহরগুলিতে উপস্থিত হয়েছিলেন। এর ফলে ইতালির শহর-গুলোতে তাঁদের উদ্যোগে প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য, জ্ঞান-বিজ্ঞান, দর্শন প্রভৃতির চর্চা শুরু হয়। ফ্লোরেন্স, ভেনিস, মিলান প্রভৃতি শহরে পাণ্ডু-লিপি ও পুঁথিপত্র সংরক্ষণের জন্য বৃহদাকারের গ্রন্থাগার নির্মিত হয়। কেবল তাই নয়, এইসব শহরের চিত্রকলা ও ভাস্কর্য নিদর্শনেও রেনেসাঁসের প্রভাব পরিলক্ষিত হয়।

রেনেসাঁস আন্দোলন ইতালি থেকে আল্পস্ পর্বতের অপর প্রান্তে অবস্থিত পশ্চিম ইওরোপীয় দেশগুলোতে ছড়িয়ে পড়েছিল। জার্মানি, ফ্রান্স, স্পেন, ডেনমার্ক, পর্তুগাল প্রভৃতি দেশের প্রভাবশালী ব্যক্তিরা রেনেসাঁস প্রসূত নতুন শিক্ষার পৃষ্ঠপোষক হয়ে ওঠেন। অনেক ক্ষেত্রে রাজারাও নিজ নিজ দেশে রেনেসাঁসের নেতৃত্ব দিয়েছিলেন। পঞ্চদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে এগ্রিকালা নামে জনৈক ইতালীয় পণ্ডিত জার্মানির হাইডেলবার্গ বিশ্ব-বিদ্যালয়ে প্রাচীন সাহিত্যের অধ্যাপক নিযুক্ত হন। সাধারণভাবে বলা হয় তিনিই নাকি রেনেসাঁসের সংস্কৃতিকে প্রথম ইতালির বাইরে নিয়ে যান। রিউক্লিন ছিলেন পৌরাণিক সাহিত্যে প্রথম জার্মান পণ্ডিত। রেনেসাঁস ফ্রান্সকেও প্রভাবিত করেছিল। ফরাসীরাজ প্রথম ফ্রান্সিস ফরাসী-বাসীকে রেনেসাঁসের নতুন চিন্তাধারার সঙ্গে পরিচিত করবার জন্য কয়েকজন ইতালীয় পণ্ডিত ও চিত্রশিল্পীকে আমন্ত্রণ জানান। স্পেনের রাজা দ্বিতীয় ফিলিপ রেনেসাঁস যুগের সংস্কৃতির একজন বড় পৃষ্ঠপোষক ছিলেন। ফিলিপের বংশধরদের আমলে অনেক স্বনামধন্য চিত্রশিল্পীকে নেদারল্যান্ডস্ ও স্পেনে চাকরী দেওয়া হয়েছিল। ইংলণ্ডে সাংস্কৃতিক পুনরুজ্জীবনের পুরোধা ছিলেন চসার। রাণী এলিজাবেথ প্লেটোর দার্শনিক তত্ত্ব পাঠ করে আনন্দ পেতেন এবং ফরাসী, ইতালীয়, গ্রীক, ল্যাটিন প্রভৃতি ভাষায় তিনি জ্ঞান অর্জন করেন। সেই আমলে ইংলণ্ডের অক্সফোর্ড ও কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয় সংস্কৃতি-চর্চার প্রধান দুটি কেন্দ্রে পরিণত হয়। সপ্তদশ শতাব্দীর মধ্যে ইংলণ্ডের সর্বত্র ধর্মীয় প্রভাব-মুক্ত প্রায় ২৭০টি বিদ্যালয় গড়ে উঠেছিল।

(৩) **'হিউম্যানিজম' বা মানবতাবাদ :** রেনেসাঁস আন্দোলনের সবচেয়ে উল্লেখযোগ্য দিক হ'ল তার মানবতাবাদ (ইংরেজীতে 'হিউম্যানিজম')। মধ্যযুগের শেষদিকে ব্যবসা-বাণিজ্যের প্রচলনের ফলে যে নতুন সামাজিক সম্প্রদায়—'বুর্জোয়া' বা মধ্যবিত্তদের সৃষ্টি হয়েছিল মধ্যযুগে প্রচলিত ধর্মীয় আলোচনা তাদের তৃপ্তি দিতে পারেনি। ধর্মের বিতর্ক অপেক্ষা বাস্তব জীবনের উন্নতির জন্য, যেসব বিদ্যার প্রয়োজন সেইগুলো তাদের কাছে ছিল অনেক বেশী প্রিয়। এই রকম পরিস্থিতিতে ইওরোপে কয়েকজন সংস্কৃতিবান মানুষের আবির্ভাব ঘটেছিল যাঁরা ইতিহাসে 'মানবতাবাদী' (ইংরেজীতে 'হিউম্যানিস্ট') নামে পরিচিত। এ'রা ছিলেন নবযুগের স্রষ্টা, নতুন ভাবধারার বাহক। তাঁরা প্রচলিত ধর্মবিশ্বাস ও ধর্মীয় বাধা-নিষেধের তীব্র সমালোচনা করতে লাগলেন। এ'রা আত্মা বা পরলোক নিয়ে মাথা ঘামাতেন না, মানুষের এ জীবনের উন্নতি ও সুখ-স্বাচ্ছন্দ্য যাতে বৃদ্ধি পেতে পারে সেইসব বিদ্যার অনুশীলন করতেন। মানবতাবাদীদের রচনাতেই প্রথম মানুষের কথা, মানুষের প্রশস্তি স্থান পেয়েছিল। এই মানবতাবাদী দৃষ্টিভঙ্গীর প্রতিফলন ঘটেছিল সাহিত্য, শিল্পভাস্কর্য ও জ্ঞান-বিজ্ঞানে।

(ক) **সাহিত্য :** একটু পুনরাবৃত্তি করে বলা যেতে পারে যে, রেনেসাঁস যুগের সাহিত্যের বৈশিষ্ট্য ছিল ধর্মনিরপেক্ষতা এবং মানুষের সঙ্গে ঘনিষ্ঠতা। তাছাড়া এই যুগের সাহিত্যিকরা নিজেদের মাতৃভাষার মাধ্যমেই তাঁদের বক্তব্য তুলে ধরেছিলেন। যাই হোক, চতুর্দশ ও পঞ্চদশ শতাব্দীতে ইওরোপে আবির্ভূত যেসব সাহিত্যিকের মধ্যে মানবধর্মী দৃষ্টিভঙ্গীর প্রকাশ লক্ষ্য করা যায় তাঁদের অনেকেরই জন্মস্থান ছিল ইতালি। তবে ইংলন্ড, স্পেন, ফ্রান্স, নেদারল্যান্ডস্ প্রভৃতি দেশেও ঐ ধরনের সাহিত্যের বিকাশ ঘটেছিল।

ইতালির আদি কবি দান্তে আলিগিয়েরি ফ্লোরেন্স শহরে জন্মগ্রহণ করেন। তিনি ল্যাটিন ভাষায় রাজনীতি, বিজ্ঞান প্রভৃতি বিষয়ে অনেক নিবন্ধ রচনা করেছিলেন। তবে ইতালীয় ভাষায় রচিত মহাকাব্য 'ডিভাইন কমেডি' (দিব্য প্রেমকথা) তাঁর সর্বোৎকৃষ্ট রচনা। এই কাব্যগ্রন্থে তিনি স্বর্গ ও মর্ত্যে তাঁর কাল্পনিক ভ্রমণ-বৃত্তান্ত বর্ণনা করেছেন। সমসাময়িক মানুষের মধ্যযুগীয় চিন্তাধারা ও জীবনদর্শনের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ তাঁর লেখনীতে ফুটে উঠেছে।

ইওরোপীয় নবজাগরণের অন্যতম হোতা ছিলেন ইতালির কবি পেত্রার্ক ফ্রান্‌চেস্‌কো। তিনি পেত্রার্ক নামেই সমধিক প্রসিদ্ধ। তিনি প্রাচীন গ্রন্থ ও পান্ডুলিপি ঘেটে অনেক নতুন নতুন তথ্য প্রকাশ করেন। দান্তে'র মত তিনিও ইতালীয় ভাষায় কাব্য রচনা করেছিলেন। তাঁর রচনায় সমসাময়িক সমাজ, শিক্ষা-ব্যবস্থা ও জীবনযাত্রার বিরুদ্ধে তীব্র সমালোচনা ফুটে উঠেছিল।

ইতালির নিকোলো ম্যাকিয়াভেলি আধুনিক রাষ্ট্রচিন্তার প্রথম পুরোহিত হিসাবে বিবেচিত হন। তাঁর সর্বপ্রসিদ্ধ গ্রন্থ 'ইল প্রিন্সিপে' (ইংরেজীতে

দি প্রিন্স') বা 'রাজকুমার'। ইওরোপীয় নবজাগরণের প্রতিনিধি হিসাবে তিনি রাষ্ট্রনীতিকে বৈজ্ঞানিক পদ্ধতিতে বিচার করেছিলেন। ম্যাকিয়াভেলি সামন্তপ্রথার পূর্ণ উচ্ছেদ দাবি করেন। তাঁর মতে, কেবল শক্তিশালী ও প্রতিভাবান ব্যক্তিরাই শাসনকার্য পরিচালনা করবেন। রাজনীতিতে ধর্ম, দর্শন বা নীতিশাস্ত্রের কোনো স্থান নেই। রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য যে-কোনো উপায় অবলম্বন করা যেতে পারে। তিনি আরও বলতেন যে, রাজ্যশাসন বলপ্রয়োগ ও ছলচাতুরীর উপর নির্ভরশীল।


দান্তে আলিগিয়েরি

অপর একজন ইতালীয় মানবতাবাদী ও সাহিত্যিক হলেন জোভান্নী বোকাচিও। তিনি তাঁর লেখনীর মাধ্যমে মধ্যযুগীয় সামন্তপ্রভু ও যাজক সম্প্রদায়ের প্রতি বিদ্রূপবাণ নিক্ষেপ করেছিলেন। অপরপক্ষে তিনি নতুন গড়ে ওঠা মধ্যবিত্ত সম্প্রদায়ের অনুসন্ধিৎসা ও কর্মপ্রচেষ্টার উচ্ছ্বসিত প্রশংসা করে গিয়েছেন। তাঁর রচিত 'দেকামেরন' বিশ্বসাহিত্যের একটি অমূল্য সম্পদ। ১৩৪৮ খ্রীস্টাব্দে ইওরোপ জুড়ে যে মহামারী ('ব্ল্যাক ডেথ্') দেখা দিয়েছিল তার পরিপ্রেক্ষিতে রচিত এই 'দেকামেরন' গদ্য আখ্যায়িকায় চতুর্দশ শতাব্দীর ইতালীয় সামাজিক অবস্থার একটি পরিষ্কার ছবি ফুটে ওঠে।


পেত্রার্ক ফ্রান্‌চেস্‌কো

রেনেসাঁসের প্রভাবে যে নতুন দৃষ্টিভঙ্গীর উদয় হয়েছিল ইংলণ্ডের ফ্রান্সিস বেকনের রচনার মধ্যে তার সুস্পষ্ট অভিব্যক্তি লক্ষ্য করা যায়। লর্ড ফ্রান্সিস বেকন ছিলেন ইংলণ্ডের বিখ্যাত সাহিত্যিক, দার্শনিক, রাজনীতিজ্ঞ ও আইনজ্ঞ মনীষী। তিনি দৃপ্তকণ্ঠে ঘোষণা করেছিলেন যে,


জোভান্নী বোকাচিও



জেয়োফ্রে চসার



উইলিয়াম শেক্সপীয়র



ফ্রাসোয়াঁ রেবলো

জ্ঞান-বিজ্ঞান সম্পর্কে প্রাচীন পণ্ডিতরা যা বলে গিয়েছেন তা-ই শেষ কথা নয়। প্রাকৃতিক নিয়ম ও জ্ঞান-বিজ্ঞান সম্পর্কে নির্ভুলভাবে জানতে গেলে হাতে-কলমে পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন। বেকনের রচিত 'অ্যাডভ্যান্সমেন্ট অফ লারনিং', 'নোভাম অরগানাম' প্রভৃতি গ্রন্থের ভাষা ও লিখন শৈলী এতই উৎকৃষ্ট যে অনেকের মতে ইংরেজী ভাষায় এই ধরনের বই খুব কমই আছে।

ইংরেজী সাহিত্যে জেয়োফ্রে চসার-এর নাম বিশেষভাবে স্মরণীয়। কর্ম-জীবনে চসার যে বিচিত্র অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন সাহিত্যের মাধ্যমে তা-ই তিনি লিপিবদ্ধ করে গিয়েছেন। চসারের রচনায় তদানীন্তন ইংলণ্ডের সমাজচিত্র ফুটে উঠেছে। তৎকালীন খ্রীস্টান ধর্মব্যবস্থার আচার-আচরণ ও দুর্নীতিকে তিনি তীব্রভাবে আঘাত করেছেন। তাছাড়া মধ্যযুগের সংকীর্ণ সংস্কারের গণ্ডী পার হয়ে তিনি তাঁর রচনায় রক্ত-মাংসের মানুষকে মর্যাদার সঙ্গে স্থান দিয়েছেন। পরবর্তী কালের ইংরেজী সাহিত্যে চসারের দৃষ্টিভঙ্গী বিশেষভাবে অনুভূত হয়। 'ক্যান্টারবেরি টেলস্' চসারের প্রতিভার শ্রেষ্ঠ নিদর্শন। এডমান্ড স্পেন্সার ছিলেন রেনেসাঁস যুগের অপর একজন ইংরেজ কবি। তাঁর বিখ্যাত 'ফেয়ারী কুইন' কাব্য জগতের এক অনবদ্য সৃষ্টি।

বিশ্বের শ্রেষ্ঠ নাট্যকাররূপে স্বীকৃত উইলিয়াম শেক্সপীয়র-এর কাব্যখ্যাতিও অসাধারণ। নাট্যকার হিসাবে তিনি অনেক ঐতিহাসিক নাটক, কমেডি, ট্রাজেডি রচনা করেছেন। 'জুলিয়াস সীজার', 'হ্যামলেট' 'ওথেলো', 'ম্যাকবেথ', 'মারচেন্ট অফ

ভেনিস' প্রভৃতি শেক্সপীয়র-এর কয়েকটি অনন্যসাধারণ রচনা। শেক্সপীয়র-এর নাটকগুলি জীবনের জয়গানে মুখর। নাটকগুলির মাধ্যমে তিনি দেখাতে চেয়েছিলেন যে মানুষের মত করে বাঁচবার অধিকার সকলেরই আছে। সব মানুষের ব্যথা তিনি যে মর্মে মর্মে উপলব্ধি করতে পেরেছিলেন তা তাঁর নাটকগুলি পড়লে সহজেই বুঝতে পারা যায়।

ইরাসমাস ডেসিডেরিয়াস ছিলেন রেনেসাঁস যুগের একজন শ্রেষ্ঠ ডাচ্ পণ্ডিত। প্রাচীন বিদ্যানুশীলনের পুনরুজ্জীবনে ইরাসমাসের অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। খ্রীস্টান সন্ন্যাসীদের মঠজীবনের দুর্নীতি ও কুসংস্কারের বিরুদ্ধে তিনি তীব্র আক্রমণ চালিয়েছিলেন। একজন মানবতা-বাদী হিসাবে তিনি মানুষের অশিক্ষা ও কুসংস্কারের বিরুদ্ধে সংগ্রামে লিপ্ত হন। তাঁর বিখ্যাত রচনা 'প্রেইজ অফ ফলি'।

স্পেনের বিখ্যাত সার্ভেন্টিস বিরচিত 'ডন কুইকজোট' বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ সাহিত্য-সৃষ্টি হিসাবে সর্বজনস্বীকৃত। এই গ্রন্থের নায়ক একজন মধ্যযুগীয় 'নাইট'। তিনি বিচিত্র এবং হাস্যোদ্দীপক কার্যকলাপে লিপ্ত হন। 'ডন কুইকজোট' গ্রন্থের মাধ্যমে লেখক মধ্যযুগে প্রচলিত বীরধর্মকে ('শিভা-লরি') তীব্রভাবে আক্রমণ করেছিলেন।

ষোড়শ শতাব্দীতে যে দুজন বিশ্ববিখ্যাত ফরাসী সাহিত্যিক আবির্ভূত হয়েছিলেন তাঁদের মধ্যে ফ্রাসোয়াঁ রেবলো অন্যতম। বিদ্রূপাত্মক সাহিত্য রচনায় তিনি সিদ্ধহস্ত ছিলেন। সমসাময়িক কুসংস্কার ও জ্যোতির্বিদ্যার প্রতি মানুষের প্রগাঢ় বিশ্বাসকে বিদ্রূপ করে তিনি অনেক কিছু লিখেছিলেন। রেবলো'র বক্তব্য ফ্রান্সের সাধারণ মানুষকে বিশেষভাবে আবেদন করেছিল।

(খ) **স্থাপত্য, ভাস্কর্য ও চিত্রকলা :** কোনো যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের রুচিরও পরিবর্তন হয়, আর তা প্রতিফলিত হয় শিল্প-কলার মধ্য দিয়ে। সেইজন্যই বলা হয়, যুগ পরিবর্তনের সময় যে নবভাবের উদয় হয় তা সবচেয়ে আগে ধরা পড়ে শিল্পকর্মে।

মধ্যযুগে মানুষের জীবন যেমন ছিল নিশ্চল, শিল্পের ক্ষেত্রেও তেমনি প্রাণের স্পর্শ ছিল খুবই কম। সেই যুগে অপরাপর বিষয়ের মত শিল্পকলাও ছিল চার্চের নিয়ন্ত্রণাধীন। এর ফলে মধ্যযুগের শিল্পীরা তাঁদের শিল্পকর্মে যথার্থ জীবনকে ফুটিয়ে তুলতে পারতেন না। বরং তাদের শিল্পসৃষ্টিতে জীবনের প্রতি ঘৃণাই ফুটে উঠত। রেনেসাঁসের সময় সাহিত্য যেমন মুক্তি পেয়েছিল চার্চের নিয়ন্ত্রণ থেকে, মধ্যযুগীয় সংকীর্ণতা ও কুসংস্কার থেকে তেমনি শিল্পকলাও লাভ করেছিল এক নতুন প্রাণের স্পন্দন। লিওনার্দো দা ভিঞ্চি, রাফায়েল, মিকেলাঞ্জেলো, প্রমুখ শিল্পী তাঁদের শিল্প-সৃষ্টিতে মানবতাবাদী দৃষ্টিভঙ্গী ফুটিয়ে তুলেছিলেন। অর্থাৎ সেই সময়কার শিল্পীরা এমন সব শিল্পকর্মে লিপ্ত হয়েছিলেন যার সঙ্গে মানুষের সম্পর্ক আছে, আছে জীবনের ছোঁয়া। এক কথায় বলতে গেলে, রেনেসাঁস যুগের শিল্পীদের প্রধান চেষ্টাই ছিল শিল্পের মাধ্যমে জীবনকে ফুটিয়ে তোলা।

রেনেসাঁস যুগের শ্রেষ্ঠ মনীষী ছিলেন লিওনার্দো দা ভিঞ্চি। তিনি



লিওনার্দো দা ভিঞ্চি



রাফায়েল



মিকেলাঞ্জেলো

একাধারে ছিলেন স্থপতি, কবি ও বিজ্ঞানী। লিওনার্দো সমসাময়িক ইওরোপে যে প্রভাব বিস্তার করেছিলেন তেমনটি বোধহয় আর কেউ করতে পারেন নি। তিনি মানুষকে ধর্মের বুলি আওড়ানোর পরিবর্তে প্রকৃতি থেকে পাঠ নেবার নির্দেশ দিয়েছিলেন। লিওনার্দোর আঁকা দুটি ছবি বিশ্ববাসীর কাছে বর্তমানেও বিস্ময়ের বস্তু যেমন: 'মোনালিসা' এবং 'লাস্ট সাপার' (যীশু খ্রীস্টের শেষ ভোজনের দৃশ্য)।

রাফায়েল ছিলেন রেনেসাঁস যুগের অপর একজন ইতালীয় চিত্রশিল্পী। তিনি ছিলেন লিওনার্দোর সমসাময়িক। ভাস্কর্য ও প্রাচীন শিল্পকলা সম্পর্কে তাঁর অগাধ পাণ্ডিত্য ছিল, তবে চিত্রশিল্পী হিসাবেই তিনি সমধিক প্রসিদ্ধ। 'ম্যাডোনা' ছবিটি এঁকে তিনি জগৎজোড়া খ্যাতি অর্জন করেছেন।

শিল্প জগতের আর একজন বিরাট পুরুষ হলেন মিকেলাঞ্জেলো। তিনি একাধারে ছিলেন ভাস্কর, চিত্রশিল্পী, স্থপতি ও কবি। তাঁর শ্রেষ্ঠ কীর্তি হ'ল যীশু খ্রীস্ট ও মেরীর মর্মর মূর্তি। এই মূর্তিতে তিনি যীশু খ্রীস্টকে স্নেহপরায়ণ মেরী মাতার শিশু সন্তান হিসাবে দেখিয়েছেন। কেবল তা-ই নয়, মিকেলাঞ্জেলোর সব শিল্প-সৃষ্টিতেই মানবতাবাদের প্রাধান্য লক্ষ্য করা যায়।

(গ) **জ্ঞান-বিজ্ঞান :** মধ্যযুগে বিজ্ঞান-চর্চার কোনো অবকাশ ছিল না। কারণ সেই সময় সত্যানুসন্ধানের চেষ্টাকে নিরর্থক বলে মনে করা হ'ত, আর প্রচলিত ধারণাতে সংশয় প্রকাশ করার অর্থ ছিল ধর্মদ্রোহিতা। সেইজন্যই জ্যোতির্বিদ কোপার্নিকাস যখন

বললেন যে, পৃথিবীই সূর্যের চারপাশে ঘোরে, তখন তাঁকে অনেক দুঃখ-কষ্ট ও লাঞ্ছনা ভোগ করতে হ'ল। যাই হোক, রেনেসাঁসের প্রভাবে জ্ঞান-বিজ্ঞানের চর্চা আবার নতুন করে শুরু হয়। কারণ মানুষের মধ্যে তখন সব-কিছুকেই যাচাই করবার, প্রাকৃতিক ঘটনাগুলিকে পরীক্ষা-নিরীক্ষার দ্বারা বোঝবার মনোবৃত্তি দেখা দিয়েছিল।

রোজার বেকন ছিলেন ইংলণ্ডের মানুষ। গণিতশাস্ত্র, পদার্থবিদ্যা, রসায়ন প্রভৃতি বিষয়ে তাঁর জ্ঞান ছিল অপরিসীম। তিনি বৈজ্ঞানিক গবেষণার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছিলেন। তিনি বলতেন, বৈজ্ঞানিক গবেষণার ফলে এমন একদিন আসবে যখন মানুষ আকাশে উড়তে পারবে, ঘোড়ার সাহায্য ছাড়াই যানবাহন চলবে, পাল ছাড়া নৌকা চলবে। নানা বৈজ্ঞানিক বিষয়ে তার অসাধারণ পাণ্ডিত্য ছিল বলে রোজার বেকনকে সবাই 'বিস্ময়কর পণ্ডিত' বলত। তাঁর রচিত 'অপাস্ মাজুস' গ্রন্থখানি পরবর্তী কালের বৈজ্ঞানিক ও পণ্ডিতদের নানা বিষয়ে কাজে এসেছিল।

ইংলণ্ডের ফ্রান্সিস বেকন একাধারে ছিলেন দার্শনিক ও বিজ্ঞানী। দার্শনিক হিসাবে তাঁর পরিচয় ইতিপূর্বেই দেওয়া হয়েছে। তিনি বলতেন, জ্ঞান-বিজ্ঞানের কোনো পরিধি নেই। ফ্রান্সিস বেকন পরীক্ষা-নিরীক্ষার দ্বারা সবকিছুকে যাচাই করবার পক্ষপাতী ছিলেন। তাঁর নির্ভীক ও বলিষ্ঠ চিন্তা-ধারা বিজ্ঞানের উন্নতির পথ উন্মুক্ত করে দিয়েছিল।

ইতালির বিখ্যাত চিত্রশিল্পী লিওনার্দো দা ভিঞ্চি বিজ্ঞানী হিসাবেও সুপরিচিত। বিজ্ঞানী হিসাবে তাঁর আঁকা অনেক নক্সা পরবর্তী কালে বৈজ্ঞানিক আবিষ্কারের পথ সুগম করে তুলেছিল। তিনি এমন কতকগুলো জিনিসের নক্সা এঁকেছিলেন যেগুলোকে পুরোমাত্রায় আধুনিক বলা যেতে পারে যেমন ঃ সুতা-কাটার মেশিন, এরোপ্লেন প্রভৃতি। কালিকলম, খড়ি, কাঠ-কয়লা প্রভৃতির সাহায্যে আঁকা তাঁর বহু ছবি ও নক্সা ইওরোপের সংগ্রহ-শালায় সযত্নে রক্ষিত আছে। লিওনার্দো ইঞ্জিনীয়ার হিসাবেও সুনাম অর্জন করেছিলেন। কথিত আছে, তাঁর পরিকল্পনা অনুসারে মিলান শহরে জল সরবরাহের জন্য একটি খাল খনন করা হয়েছিল।

অন্ধ বিশ্বাসের পরিবর্তে যাঁরা নতুন করে প্রকৃতিকে ব্যাখ্যা করবার চেষ্টা করেছিলেন পোল্যাণ্ডের জ্যোতির্বিজ্ঞানী নিকোলাস কোপার্নিকাস তাঁদের অন্যতম। সৌরজগৎ ও পৃথিবী সম্পর্কে প্রচলিত ধারণা কোপার্নিকাস মেনে নিতে পারেন নি। দীর্ঘকাল ধরে গবেষণা চালিয়ে তিনি এই সিদ্ধান্তে উপনীত হন যে, পৃথিবী একই সঙ্গে নিজের এবং সূর্যের চারদিকে আবর্তন করছে। কোপার্নিকাসের এই সিদ্ধান্ত জ্যোতির্বিজ্ঞান জগতে এক বিপ্লবের সূচনা করেছিল। 'দ্য রিভোল্যুশনিবাস' নামক গ্রন্থে তিনি তাঁর গবেষণালব্ধ তত্ত্ব প্রকাশ করেছিলেন। কোপার্নিকাস বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। চিকিৎসাশাস্ত্রেও তাঁর অসাধারণ জ্ঞান ছিল। অর্থশাস্ত্রের ব্যাপারে অসাধারণ পাণ্ডিত্যের জন্য জার্মানির মুদ্রা-সংস্কারের সময় তাঁর ডাক পড়েছিল!

ইতালীয় পদার্থবিদ ও জ্যোতির্বিদ গ্যালিলিও গ্যালিলী আধুনিক



কোপার্নিকাস



গ্যালিলিও গ্যালিলী



গুটেনবার্গ

বিজ্ঞানের জনকরূপে সম্মানিত। ইতালির পিসা শহরে তিনি জন্মগ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালেই গ্যালিলিও'র চিন্তাধারায় বিপ্লব দেখা দেয়। তিনি মধ্যযুগীয় কুসংস্কার ও গতানুগতিক চিন্তার বিরোধিতা শুরু করেন এবং একজন যুক্তিবাদী মানুষ হিসাবে নিজেকে গড়ে তোলেন। প্রত্যেক বিষয়ে তাঁর নিজস্ব দৃষ্টিভঙ্গী ছিল এবং নিজস্ব মতামত প্রকাশ করতে তিনি বিন্দুমাত্র দ্বিধাবোধ করতেন না। অবশ্য এর জন্য গ্যালিলিওকে অনেক ঠাট্টা-বিদ্রূপ সহ্য করতে হয়েছিল। কিন্তু তিনি ছিলেন অবিচল এবং যুক্তির সাহায্যে তিনি যে সিদ্ধান্তে উপনীত হতেন তা থেকে তাঁকে এতটুকু সরাতে কেউ পারতো না। যাই হোক, গ্যালিলিও'র প্রতিভাকে শেষ পর্যন্ত সবাই স্বীকার করে নিতে বাধ্য হয়েছিল। তিনি পিসা বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞানের অধ্যাপক নিযুক্ত হন। কোপার্নিকাসের আবিষ্কৃত তত্ত্বকে তিনি সমর্থন করেছিলেন এবং পরীক্ষার দ্বারা তার সত্যতা সম্পর্কে নিঃসন্দেহ হয়েছিলেন। তাছাড়া জ্যোতির্বিজ্ঞান সম্পর্কিত অনেক নতুন তথ্য ও তত্ত্ব তিনি আবিষ্কার করেন। গ্যালিলিও তাঁর আবিষ্কৃত দূরবীনের সাহায্যে মহাকাশের অনন্ত রহস্য দেখতে পেয়েছিলেন। চাঁদের রহস্য তিনিই প্রথম উদ্ঘাটিত করতে সমর্থ হন। গ্যালিলিও বিরচিত 'ডি মোটু' এবং 'নব্যবিজ্ঞানদ্বয় সম্পর্কিত সংলাপ' গ্রন্থ দুটি বিশেষ উল্লেখযোগ্য।

(ঘ) মুদ্রণযন্ত্র: ভাবতে আশ্চর্য লাগে যে মাত্র পাঁচশো বছর আগেও বই বলতে বোঝাত হাতে লেখা পাণ্ডুলিপি। অর্থাৎ তখনও পর্যন্ত ছাপাখানা কি মানুষ তা জানতো না। হাতে লিখে বই বের করতে সময় যেমন প্রচুর

লাগতো, বইয়ের সংখ্যাও বেশী হবার কোন উপায় ছিল না। তাছাড়া মূলগ্রন্থ থেকে নকল করতে গিয়ে ভুলভ্রান্তিও হ'ত প্রচুর। পঞ্চদশ শতাব্দীতে মুদ্রণযন্ত্রের আবিষ্কার রেনেসাঁস যুগেরই অন্যতম অবদান বলা যেতে পারে। ১৪৫০ খ্রীস্টাব্দে ইয়োহান গুটেনবার্গ নামে জনৈক জার্মান ইওরোপে প্রথম মুদ্রণযন্ত্রের আবিষ্কার করেন। প্রসঙ্গত উল্লেখ্য যে, ইতি-পূর্বে চীন দেশের লোকেরা কাঠের উপর অক্ষর খোদাই করে তাতে কালি মাখিয়ে বই ছাপার পদ্ধতি আয়ত্ত করেছিল। তবে ইওরোপে এই ধরনেরও কোনো পদ্ধতি প্রচলিত ছিল না। সম্ভবতঃ ইওরোপের মানুষ চীন দেশীয় ঐ পদ্ধতি সম্পর্কে ওয়াকিবহাল ছিল না। যাই হোক, গুটেনবার্গ ছিলেন ইওরোপের প্রথম মুদ্রক যিনি ছাঁচে ঢালা টাইপের সাহায্যে পুস্তক মুদ্রণ করেন। ল্যাটিন ভাষায় 'ম্যাজারিন বাইবেল' ছিল তাঁর প্রথম মুদ্রিত গ্রন্থ। জার্মানি থেকে মুদ্রণ প্রণালী ক্রমশঃ ইওরোপের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। মুদ্রণযন্ত্রের আবিষ্কারের ফলে জ্ঞান-বিজ্ঞানের প্রসার ঘটেছিল। অল্প সময়ে বেশী বই ছাপা সম্ভব হওয়ায় বইয়ের দামও ছিল সস্তা। খ্রীস্টান ধর্মগ্রন্থ বাইবেল সহজলভ্য হবার ফলে সাধারণ মানুষও আগ্রহের সঙ্গে বাইবেল পড়তে থাকে যা থেকে তারা জানতে পারে যে যাজকদের দাবিগুলো কত অযৌক্তিক। তা থেকেই মানুষ যাজকদের বিরুদ্ধে রুখে দাঁড়াবার মনোবল পেয়েছিল। এক কথায় বলতে গেলে, মুদ্রণযন্ত্রের আবিষ্কার ধর্মবিপ্লবের পথ প্রশস্ত করেছিল।

স্মৃতি-সহায়

১. ফরাসী শব্দ 'রেনেসাঁস' (বা নবজাগরণ) বলতে বোঝায় মধ্যযুগীয় ব্যবস্থা ও দৃষ্টিভঙ্গীর বিরুদ্ধে এক সর্বাত্মক আন্দোলন।

২. ইওরোপে নবজাগরণের পথ-প্রদর্শক ছিল ইতালি। ক্রমে ইতালি থেকে তা ছড়িয়ে পড়েছিল ইওরোপের বিভিন্ন দেশে।

৩. মানবতাবাদীরা মানুষের জয়গান করতেন। মানুষের বাস্তব জীবনের উন্নতি সাধন ও সুখ-স্বাচ্ছন্দ্য বৃদ্ধির প্রতিই মানবতাবাদীরা বিশেষ আগ্রহী ছিলেন।

৪. আধুনিক যুগের আবির্ভূত মানবতাবাদীরা তাঁদের সাহিত্য-কীর্তি, শিল্প-কীর্তি এবং অন্যান্য ক্ষেত্রে মানবতাবাদী দৃষ্টিভঙ্গীর পরিচয় রেখে গিয়েছেন।

৫. ইওরোপের মানবতাবাদী সাহিত্যিকদের মধ্যে পেত্রার্ক, চসার, শেক্সপীয়র, রেবলো প্রমুখ বিশেষ উল্লেখযোগ্য।

৬. যেসব স্থপতি, ভাস্কর ও চিত্রকরদের মধ্যে মানবধর্মী দৃষ্টিভঙ্গীর পরিচয় পাওয়া যায় তাঁরা হলেন: লিওনার্দো দা ভিঞ্চি, রাফায়েল, মিকেলাঞ্জেলো প্রভৃতি।

অনুশীলনী

১. 'রেনেসাঁস' বলতে কি বোঝ? ইওরোপীয় 'রেনেসাঁস'-এর কারণ কি?

২. ইতালিতে 'রেনেসাঁস'-এর সূচনা হয়েছিল কেন?

৩. ইওরোপে 'রেনেসাঁস'-এর বিস্তৃতি কিভাবে ঘটেছিল?

৪. 'মানবতাবাদ' বলতে কি বোঝ? রেনেসাঁসযুগের সাহিত্য, শিল্পকলা ও জ্ঞান-বিজ্ঞানে কিভাবে মানবতাবাদের প্রতিফলন লক্ষ্য করা যায়?

৫. রেনেসাঁস যুগের সাহিত্যের বৈশিষ্ট্য কি ছিল তা দু'জন সাহিত্যিকের কথা আলোচনা করে বোঝাও।

৬. রেনেসাঁস যুগের স্থাপত্য, ভাস্কর্য ও চিত্রকলার বৈশিষ্ট্য কি ছিল? ঐ যুগের দু'জন শিল্পীর কথা আলোচনা করে তা বুঝিয়ে বল।

৭. রেনেসাঁস যুগের জ্ঞানবিজ্ঞান চর্চার কথা বুঝিয়ে বল।

৮. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] রেনেসাঁস আন্দোলনের মূল লক্ষ্য কি ছিল?
[খ] রেনেসাঁস-এর পরিণত সংস্কৃতিকে কে প্রথম ইতালির বাইরে প্রচার করেছিলেন?
[গ] কাদের রচনাতে প্রথম মানুষের কথা, মানুষের প্রশস্তি স্থান পেয়েছিল?
[ঘ] মানবতাবাদী দু'জন কবি ও শিল্পীর নাম কর।
[ঙ] মধ্যযুগের শিল্পকলা কিসের প্রভাবাধীন ছিল?
[চ] মধ্যযুগে বিজ্ঞান-চর্চার অবকাশ ছিল না কেন?
[ছ] এমন একজন মানবতাবাদী শিল্পীর নাম কর যিনি আধুনিক অনেক যন্ত্রের নক্সা এঁকেছিলেন।
[জ] ইওরোপে প্রথম মুদ্রিত গ্রন্থ কোন্‌টি?

৯. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] ১৪৫৩ খ্রীস্টাব্দে কনস্টাণ্টিনোপল-এর পতন কিভাবে রেনেসাঁসকে সাহায্য করেছিল?
[খ] ধর্মের নিষ্ফল বিতর্ক কাদের তৃপ্তি দিতে পারেনি এবং কেন?
[গ] ইতালির বিত্তশালী পরিবারগুলো কিভাবে রেনেসাঁস ঘটাতে সাহায্য করেছিল?
[ঘ] ফ্রান্সে কিভাবে রেনেসাঁস আন্দোলন প্রসার লাভ করেছিল?
[ঙ] রেনেসাঁস যুগে ইংলণ্ডের সাংস্কৃতিক পুনরুজ্জীবন কিভাবে ঘটেছিল?
[চ] 'মানবতাবাদী' কাদের বলা হয় এবং কেন?
[ছ] কাকে ইতালির আদি কবি বলা হয়? তাঁর সম্পর্কে যা জান লেখ।
[জ] ম্যাকিয়াভেলি কে ছিলেন? তাঁর বিখ্যাত গ্রন্থের নাম কি?
[ঝ] উইলিয়াম শেক্সপীয়র সম্পর্কে যা জান লেখ।
[ঞ] মুদ্রণযন্ত্র আবিষ্কারের গুরুত্ব কি?

১০. নিম্নলিখিত বিষয় সম্পর্কে টীকা লেখ ঃ

[ক] দান্তে আলিগিয়েরি
[খ] পেত্রার্ক ফ্রান্‌চেস্‌কো
[গ] ফ্রান্সিস বেকন
[ঘ] জেয়োফ্রে চসার
[ঙ] সার্ভেন্টিস
[চ] ইরাসমাস ডেসিডেরিয়াস
[ছ] ফ্রাসোয়া রেবলো
[জ] লিওনার্দো দা ভিঞ্চি
[ঝ] রাফায়েল
[ঞ] মিকেলাঞ্জেলো
[ট] রোজার বেকন
[ঠ] ফ্রান্সিস বেকন
[ড] কোপার্নিকাস
[ঢ] গ্যালিলিও গ্যালিলী

১১. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থানগুলি পূরণ কর :

[ক] রেনেসাঁসের প্রভাবে মানুষ সবকিছুতে—প্রয়োগ করতে শিখেছিল।

[খ] ইওরোপে নবজাগরণের পথ প্রদর্শক ছিল —।


[গ] রিউক্লিন ছিলেন পৌরাণিক সাহিত্যে একজন — পণ্ডিত।

[ঘ] ফরাসী সাহিত্যিক—এর রচনা ফরাসীবাসীকে বিশেষভাবে প্রভাবিত করেছিল।

[ঙ] — ছিলেন একাধারে শিল্পী ও বিজ্ঞানী।

[চ] — তাঁর আবিষ্কৃত দূরবীনের সাহায্যে মহাকাশের অনন্ত রহস্য দেখতে পেয়েছিলেন।

১২. 'রেনেসাঁস যুগের বিজ্ঞানী' এই শিরোনামে তোমার স্কুলের দেওয়াল পত্রিকার জন্য একটি নিবন্ধ লেখ।



তৃতীয় অধ্যায়

ইওরোপীয় জগতের সম্প্রসারণ


(১) নতুন নতুন দেশ আবিষ্কার ঃ মধ্যযুগে এশিয়া বা আফ্রিকা সম্পর্কে ইওরোপীয়দের কোনো ধারণা ছিল না। আমেরিকা মহাদেশও তাদের কাছে ছিল সম্পূর্ণ অপরিচিত। মধ্যযুগের শেষদিকে অনুষ্ঠিত 'ক্রুসেড' বা ধর্মযুদ্ধের সময়ই প্রথম ইওরোপীয়রা আরব বণিকদের কাছে ইওরোপের বাইরে অন্যান্য অনেক দেশের কথা শুনেছিল। আর পঞ্চদশ শতাব্দীতে ইওরোপের মানুষ নতুন নতুন দেশ আবিষ্কারে উদ্যোগী হয়েছিল। এখন স্বভাবতঃই প্রশ্ন জাগতে পারে যে, ইওরোপের মানুষ কেন নতুন দেশ আবিষ্কারে উদ্যোগী হ'ল। এই প্রশ্নের সঠিক উত্তর পাওয়া যাবে সমসাময়িক ইওরোপে জাগ্রত নব চেতনায় এবং নতুন অর্থনৈতিক পরিস্থিতিতে। তাছাড়া সেই সময় কতকগুলো যন্ত্র আবিষ্কৃত হওয়ার ফলে সমুদ্র-যাত্রা আগেকার চেয়ে অনেক সহজও হয়েছিল।

মধ্যযুগের শেষভাগে ইওরোপীয় অর্থনীতিতে গভীর পরিবর্তন সূচিত হয়। সেই সময় পণ্য উৎপাদন বৃদ্ধি পায় এবং তার দরুন ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে। এর ফলে আবার মুদ্রা তৈরীর জন্য সোনা, রূপা প্রভৃতি মূল্যবান ধাতুর চাহিদা বেড়ে যায়। তাছাড়া ইওরোপে সেই সময় নানাবিধ নিত্য-প্রয়োজনীয় দ্রব্য-সামগ্রী এবং বিলাস-দ্রব্যের প্রয়োজন ছিল। পনের শতকে তাই ইওরোপীয়রা ধন-সম্পদ ও অন্যান্য জিনিসের সন্ধানে অজানা দূর দেশে অভিযান চালাতে শুরু করে।


ইওরোপীয় রেনেসাঁসের ফলে নতুনকে জানবার, রোমাঞ্চকর কিছু করবার আগ্রহ মানুষকে পেয়ে বসেছিল। এই আগ্রহ থেকে অজানা পৃথিবীকে জানবার জন্য উৎসাহী নাবিকরা সমুদ্র-অভিযানে বেরিয়ে পড়ে। এরই ফলে সেই সময় নতুন নতুন দেশ এবং সেইসব দেশে যাতায়াতের জলপথ আবিষ্কৃত হয়।

তার আরও একটা বড় কারণ হ'ল, সেই সময় তারা এমন কতকগুলো যান্ত্রিক কৌশল আয়ত্ত করেছিল যার ফলে সমুদ্রে পাড়ি দেওয়া সহজ হয়েছিল। রেনে-

ইওরোপীয় নাবিকরা নতুন নতুন দেশ আবিষ্কারে যে উদ্যোগী হয়েছিল দাঁসের যুগে জ্ঞান-বিজ্ঞান চর্চার সূত্রে নাবিকের 'কম্পাস' বা দিগদর্শন যন্ত্র



অ্যাস্ট্রলেব



নাবিকের 'কম্পাস'

আবিষ্কৃত হয়। এই যন্ত্রটি সমুদ্রবক্ষে দিক নির্ণয়ের প্রয়োজন মিটিয়েছিল। 'অ্যাস্ট্রলেব' নামে অপর একটি যন্ত্র সমুদ্রবক্ষে জাহাজের অবস্থান নির্ণয় করতে সাহায্য করেছিল। তাছাড়া সেই সময় জাহাজে দাঁড়-এর পরিবর্তে হাল-এর ব্যবহার শুরু হওয়ায় নৌযাত্রা আগেকার চেয়ে সহজসাধ্য হয়। এইসব নতুন নতুন যন্ত্র ব্যতীত ক্রুসেডের সময় যে নানা ধরনের মানচিত্র, নাবিকের যন্ত্র ইত্যাদির প্রচলন হয় তা তো ছিলই।

(২) **সামুদ্রিক অভিযানে পর্তুগাল ও স্পেন** : পঞ্চদশ শতাব্দীতে ইওরোপীয় দেশগুলোর মধ্যে পর্তুগাল ও স্পেন—এই দুটো দেশের উদ্যোগেই প্রথম দুঃসাহসিক সমুদ্রাভিযান শুরু হয়। পর্তুগালের রাজা প্রথম জন-এর পুত্র হেন্‌রী ছিলেন সামুদ্রিক অভিযানের একজন পরম উৎসাহী ব্যক্তি। নিজে একজন নাবিক না হওয়া সত্ত্বেও তিনি এই ব্যাপারে যে উৎসাহ দেখিয়েছিলেন, সেইজন্য তাঁকে 'নাবিক হেন্‌রী' (ইংরেজীতে 'হেন্‌রী দ্য নেভিগেটার') বলা হ'ত। হেন্‌রীর উদ্যোগে পর্তুগালে একটি নাবিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ইতালির নামকরা সব নাবিকদের হেন্‌রী সেই বিদ্যালয়ে শিক্ষকতার কাজে নিযুক্ত করেন। নাবিক বিদ্যালয়ে শিক্ষাপ্রাপ্ত ব্যক্তিদের হেন্‌রী প্রতি বছর সমুদ্রাভিযানে পাঠাতেন।

দেশ-আবিষ্কারক পর্তুগীজ নাবিকদের মধ্যে অন্যতম প্রধান ছিলেন বার্থলোমিউ দিয়াজ। ১৪৮৮ খ্রীস্টাব্দে তিনি আফ্রিকা মহাদেশের পশ্চিম উপকূল ধরে একেবারে দক্ষিণ প্রান্তে উপস্থিত হন। সেখানে প্রবল সামুদ্রিক ঝড়ের সম্মুখীন হয়েছিলেন বলে তিনি আর বেশীদূর এগুতে পারেন নি।

তিনি সেই জায়গার নামকরণ করেন 'ঝটিকা অন্তরীপ'। তদানীন্তন পর্তুগীজরাজ 'ঝটিকা অন্তরীপ'-এর নতুন নামকরণ করেন 'উত্তমাশা অন্তরীপ'। কারণ তাঁর কেন যেন মনে হয়েছিল যে ঐ অন্তরীপের আবিষ্কার আশাব্যঞ্জক, প্রাচ্য দেশে পোঁছাতে আর বেশীদিন লাগবে না। পর্তুগীজরাজের ধারণা যে সঠিক তা প্রমাণিত হ'ল ভাস্কো-ডা-গামা যখন ঐ পথে এগিয়েই ভারতবর্ষে উপনীত হলেন।

ইওরোপ থেকে ভারতবর্ষে আসবার জলপথ আবিষ্কারের কৃতিত্ব পর্তুগীজ নাবিক ভাস্কো-ডা-গামার প্রাপ্য। তিনি সদলবলে উত্তমাশা অন্তরীপে পোঁছাবার পরে আফ্রিকার পূর্ব উপকূল ধরে আরও এগিয়ে মালিন্দিতে এসে পোঁছান। সেখান থেকে একজন অভিজ্ঞ নাবিকের সাহায্যে তিনি সঙ্গীসাথীদের নিয়ে ভারতের মালাবার উপকূলে অবস্থিত কালিকট বন্দরে এসে উপস্থিত হন (২১শে মে, ১৪৯৮ খ্রী)। এই জলপথ আবিষ্কারের ঘটনাকে স্মরণীয় করে রাখবার জন্য ভাস্কো-ডা-গামা কালিকটে একটি মার্বেল পাথরের স্তম্ভ নির্মাণ করিয়েছিলেন।

ভাস্কো-ডা-গামা ভারতে আসবার জলপথ আবিষ্কার করলেও ভারত-মহাসাগরে পর্তুগীজ আধিপত্যের সূচনা করেন আলবুর্কাক। তিনি ভারত-মহাসাগরের আশেপাশে বেশ কয়েকটি বাণিজ্য-ঘাঁটি স্থাপন করে এক নৌ-সাম্রাজ্য গড়ে তুলেছিলেন। পর্তুগীজ অধিকৃত গোয়া ছিল সেই সাম্রাজ্যের রাজধানীর মত।

ক্যাব্রাল নামে অপর একজন পর্তুগীজ নাবিক নতুন দেশ আবিষ্কারের সংকল্প নিয়ে আফ্রিকার উপকূল ধরে এগুতে থাকেন। তিনি ভাস্কো-ডা-গামা'র আবিষ্কৃত জলপথ ধরেই এগুচ্ছিলেন। কিন্তু অকস্মাৎ প্রবল ঝড় ও জলস্রোত তাঁর জাহাজকে পশ্চিম দিকে নিয়ে যায়। শেষ পর্যন্ত তিনি যেখানে গিয়ে পোঁছালেন তা দক্ষিণ-আমেরিকার 'ব্রাজিল'। নব আবিষ্কৃত ব্রাজিলে অল্পদিনের মধ্যেই পর্তুগালের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠা করা হয়।

পর্তুগালের পরে পরেই স্পেনের সমুদ্র-যাত্রা শুরু হয়। স্পেনীয় রাজারা সমুদ্রাভিযানে যথেষ্ট আগ্রহী ছিলেন। স্পেনের উদ্যোগে যেসব প্রখ্যাত নাবিক সমুদ্র পাড়ি দিয়েছিলেন তাঁদের মধ্যে ক্রিস্টোফার কলম্বাস-এর নাম সর্বাগ্রে উল্লেখ্য। কলম্বাস মোট চারটি সমুদ্রাভিযানে অনেক নতুন নতুন দেশ আবিষ্কার করেন। তবে তাঁর তৃতীয় অভিযানটি ছিল সবচেয়ে গুরুত্বপূর্ণ। কারণ ঐ সময়ই তিনি 'আমেরিকা' মহাদেশ আবিষ্কার করেন (১৪৯২ খ্রী)।

কলম্বাসের অভিজ্ঞতার উপর ভিত্তি করে স্পেন আরও কয়েকটি সামুদ্রিক অভিযান পশ্চিমে পাঠিয়েছিল। ঐগুলোর মধ্যে নাবিক ব্যালবোয়া'র অভিযানটি গুরুত্বপূর্ণ। তিনি পানামা যোজকের মধ্যে দিয়ে গিয়ে দুই বিশাল সমুদ্রের রহস্য উদ্ঘাটিত করেছিলেন।

বিখ্যাত ইতালীয় নাবিক আমেরিগো ভেস্‌পুচি স্পেনীয় সরকারের সহযোগিতায় বেশ কয়েকবার সমুদ্র পাড়ি দিয়েছিলেন। তিনিই সর্বপ্রথম

স্বতন্ত্র মহাদেশ, এশিয়ার অংশ নয়। উল্লেখ্য যে, আমেরিগো ভেস্‌পুচি'র নাম অনুসারেই 'আমেরিকা' নামের সৃষ্টি।


আমেরিকা আবিষ্কারের অল্প দিনের মধ্যেই দুঃসাহসিক নাবিক ফার্ডিনান্ড ম্যাগেলান পশ্চিম দিক থেকে এশিয়ায় পোঁছাবার উদ্দেশ্যে জলপথে রওয়ানা হন। নানা বাধা-বিঘ্ন অতিক্রম করে ম্যাগেলান সঙ্গীসাথী-দের নিয়ে দক্ষিণ আমেরিকা প্রদক্ষিণ করে এক নতুন মহাসমুদ্রে এসে পোঁছান। এই নতুন সমুদ্র অপেক্ষাকৃত শান্ত বলে তার নামকরণ হয় 'প্রশান্ত মহাসাগর'। প্রশান্ত মহাসাগরে ক্রমাগত এগিয়ে তিনি 'ফিলিপাইন' দ্বীপপুঞ্জে এসে উপনীত হন। তদানীন্তন স্পেনরাজ ফিলিপ-এর নাম অনুসারেই 'ফিলিপাইন' দ্বীপপুঞ্জের নামকরণ হয়। ম্যাগেলান এখানকার স্থানীয় অধিবাসীদের হাতে নিহত হয়েছিলেন।



হেনরী দ্য নৌভিগেটার



ভাস্কো-ডা-গামা



ফার্ডিনান্ড ম্যাগেলান

(৩) **নতুন দেশ আবিষ্কারের ফলাফল :** ভৌগোলিক আবিষ্কার পৃথিবীর ইতিহাসে সুদূর প্রসারী প্রভাব বিস্তার করেছিল। নতুন নতুন অনেক দেশ আবিষ্কৃত হওয়ায় মানুষের ভৌগোলিক জ্ঞান বৃদ্ধি পায় এবং পৃথিবীর আকার সম্বন্ধে সঠিক ধারণা জন্মায়। ধর্মযাজকরা বলতেন, পৃথিবী গোলাকার নয়, কারণ বাইবেল-এ নাকি তাকে চ্যাপ্টা বলে বর্ণনা করা হয়েছে। রেনেসাঁস যুগের জ্যোতির্বিদরা পৃথিবীর আকৃতি বলেছিলেন গোল ; এবং নাবিকদের সমুদ্রাভিযানের মাধ্যমে সেইসব জ্যোতির্বিদদের কথাই সঠিক বলে প্রমাণিত হয়।

ভৌগোলিক আবিষ্কারের মাধ্যমে ইওরোপের মানুষ অনেক নতুন নতুন সভ্যতার সঙ্গে পরিচিত হবার সুযোগ

পেয়েছিল। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, আমেরিকার 'মায়া'রা যে সভ্যতা গড়ে তুলেছিল তা ছিল খুবই উন্নত মানের। বহির্দেশের সঙ্গে কোনো যোগাযোগ না থাকার দরুন তাদের সভ্যতা ছিল বিদেশী প্রভাবমুক্ত এবং সম্পূর্ণ নিজস্ব। শিল্পকলা ও অঙ্কজ্যোতিষে 'মায়া'রা ছিল খুবই উন্নত।

ম্যাগেলান ফিলিপিনোদের হাতে নিহত হলেও তাঁর সঙ্গীসাথীরা স্পেনীয় জাহাজখানি নিয়ে একই দিকে চলতে চলতে আবার স্পেনে এসে পৌঁছায়। স্পেনীয় নাবিকদের এই ভূ-প্রদক্ষিণ ইওরোপে এক আলোড়নের সৃষ্টি করেছিল। জলপথে ভূ-প্রদক্ষিণের ফলে পৃথিবীর আকার সম্পর্কে যতটুকু সন্দেহ তখনও ছিল তার নিরসন হয়। তাছাড়া এই সময় ইংরেজ, ফরাসী, ওলন্দাজ প্রভৃতি নাবিকেরা দিকে দিকে বেরিয়ে পড়েন। ইংরেজ নাবিক ড্রেকও ভূ-প্রদক্ষিণ করেন এবং আরও অনেক নতুন নতুন দেশ আবিষ্কৃত হয়।

সমুদ্রাভিযাত্রীদের জাহাজ যেসব দেশে গিয়ে পৌঁছেছিল সেখানেই নিজ দেশের আধিপত্য প্রতিষ্ঠিত হয়েছিল। আরও একটু বুঝিয়ে বলতে গেলে, পর্তুগালের নাবিকরা যেসব নতুন দেশ আবিষ্কার করেছিল সেইসব দেশে পর্তুগীজ আধিপত্য প্রতিষ্ঠিত হয়। আবার স্পেনীয় নাবিকদের আবিষ্কৃত দেশসমূহে স্পেনীয় আধিপত্য, এইরকম সব। স্পেন ও পর্তুগালের উদ্যোগে প্রথম সমুদ্রাভিযান শুরু হয়েছিল বলে নব আবিষ্কৃত দেশগুলোতে এই দুই দেশের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়। পরবর্তী কালে এইসব দেশে নতুন নতুন বাজারের জন্য শুরু হয়ে যায় অভূতপূর্ব এক প্রতিযোগিতার দৌড়। পর্তুগালের লোকবল কম ছিল বলে তারা দেশ জয় অপেক্ষা নব-আবিষ্কৃত দেশগুলোতে ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে লাভের অঙ্ক বাড়াতে নজর দিয়েছিল বেশী। আর স্পেনের নজর ছিল নব আবিষ্কৃত দেশগুলো জয় করে সেখান থেকে সোনা, রূপা, ঐশ্বর্য-সম্পদ যথেচ্ছভাবে লুণ্ঠন করবার দিকে। এক কথায় বলতে গেলে, সমুদ্রযাত্রার উদ্দেশ্য ছিল দেশ জয় ও দেশ লুণ্ঠন, তা ব্যবসা-বাণিজ্য করেই হোক আর সরাসরিভাবে সম্পদ লুণ্ঠন করেই হোক। আধা-দস্যু এইসব বিজেতারা উৎসাহ পেত নিজ নিজ দেশের রাজার কাছ থেকে। এই ধরনের স্পেনীয় আধা-দস্যুদের নাম ছিল 'কংকুইস্টেডর' বা বিজয়ী। কর্টেজ নামে স্পেনের একজন দস্যু-সর্দার মেক্সিকো দখল করে, আবার পিজারো দখল করে পেরু। বিজিত দেশগুলোতে নির্মম অত্যাচার চালিয়ে তাঁরা স্থানীয় অধিবাসীদের নিশ্চিহ্ন করে দিয়েছিল। যেখানে তা করা সম্ভব হয়নি সেখানকার স্থানীয় লোককে তাঁরা দাস-এ পরিণত করে।

(৪) **জাতীয়-রাষ্ট্রের উদ্ভব ও বিকাশ** : মধ্যযুগে ইওরোপে জাতীয়-রাষ্ট্রের অস্তিত্ব ছিল না। ইওরোপ তখন ছোট, মাঝারি ও বড় সামন্তরাজ্যে বিভক্ত এবং মানুষের আনুগত্য তখন ছিল সামন্ত প্রভুদের প্রতি, রাজার প্রতি নয়। মধ্যযুগের শেষভাগ থেকেই এই অবস্থার পরিবর্তন শুরু হয়। ক্রমে শক্তিশালী রাজাকে কেন্দ্র করে এক একটি অঞ্চলে বসবাসকারী ও একই ভাষাভাষীর মানুষ ঐক্যবদ্ধ হওয়ায় জাতীয়-রাষ্ট্র গড়ে উঠতে থাকে। নানা কারণের সমষ্টিগত ফল হিসাবেই জাতীয়-রাষ্ট্রের উদ্ভব ঘটেছিল। তবে ইওরোপে জাতীয়-রাষ্ট্র গড়ে ওঠার ব্যাপারে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা

নিয়েছিল ক্রমবর্ধমান বণিক সম্প্রদায়। ভৌগোলিক আবিষ্কারের সময় থেকে ইওরোপীয় নানা দেশের বণিকদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় তাঁরা দেশের রাজার সাহায্য চাইত। ব্যবসায়ীরা চেয়েছিল রাজা শক্তিশালী হয়ে উঠুন, দেশে সুশৃঙ্খল শাসন-ব্যবস্থার প্রবর্তন করুন—যাতে তাঁদের সুবিধে হয়, ব্যবসা-বাণিজ্য ভালভাবে চলে। ইওরোপে ইংলণ্ড ও ফ্রান্সেই প্রথম জাতীয়-রাষ্ট্র গড়ে ওঠে। ধীরে ধীরে স্পেন, পর্তুগাল এবং আরও অনেক জাতীয়-রাষ্ট্র জন্ম নেয়।

স্মৃতি-সহায়

১. পঞ্চদশ শতাব্দীতে নতুনকে জানাবার আগ্রহ থেকে ইওরোপীয় নাবিকরা সমুদ্রপথে পাড়ি দিয়েছিল। তাছাড়া সেই সময় সামুদ্রিক অভিযানের সহায়ক নতুন নতুন যন্ত্র আবিষ্কৃত হওয়ায় সমুদ্রযাত্রা সহজ হয়েছিল।

২. সামুদ্রিক অভিযানে পর্তুগাল ও স্পেন অগ্রণী ছিল। আরও পরে অন্যান্য দেশের লোকেরাও সমুদ্রাভিযানে সামিল হয়।

৩. ১৪৯২ খ্রীষ্টাব্দে ক্রিস্টোফার কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন, আর ১৪৯৮ খ্রীস্টাব্দে ভাস্কো-ডা-গামা ভারতের কালিকটে এসে উপস্থিত হন।

৪. ভৌগোলিক আবিষ্কার বিভিন্ন ইওরোপীয় দেশের মধ্যে বাণিজ্যিক প্রতিদ্বন্দ্বিতার সূচনা করেছিল।

অনুশীলনী

১. পঞ্চদশ শতাব্দীতে ইওরোপে নাবিকদের উদ্যোগে নতুন নতুন দেশ আবিষ্কারের কারণ কি?

২. নতুন নতুন দেশ আবিষ্কারে পর্তুগাল ও স্পেন কি ভূমিকা নিয়েছিল? ঐ দুই দেশের উদ্যোগে ভৌগোলিক আবিষ্কারের কাহিনী বিবৃত কর।

৩. ইওরোপে নতুন নতুন দেশ আবিষ্কারের ফলাফল কি হয়েছিল?

৪. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] কোন্ কোন্ যন্ত্র আবিষ্কারের ফলে সমুদ্র পাড়ি দেওয়া সহজ হয়েছিল?

[খ] পর্তুগালের দুজন নাবিকের নাম বল।

[গ] স্পেনের দুজন নাবিকের নাম কর।

[ঘ] আমেরিগো ভেসপুচি কোথায় উপনীত হয়েছিলেন?

[ঙ] কোন্ দেশের নাবিকরা প্রথম ভূ-প্রদক্ষিণ করেছিল?

[চ] 'কংকুইস্টেডর' কাদের বলা হ'ত?

৫. নিম্নলিখিত প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও :

[ক] ইওরোপে কি অর্থনৈতিক পরিবর্তন ভৌগোলিক আবিষ্কারে ইন্ধন জুগিয়েছিল?

[খ] 'নাবিক হেন্‌রী' কাকে কেন বলা হ'ত?

[গ] কিভাবে ভারতবর্ষে আসবার জলপথ আবিষ্কৃত হয়?

[ঘ] কলম্বাস বিখ্যাত কেন?

[ঙ] সমুদ্রাভিযান পৃথিবীর ভৌগোলিক আকার সম্পর্কে কি প্রমাণ করেছিল?

[চ] ভৌগোলিক আবিষ্কার কিভাবে বিভিন্ন দেশের মধ্যে প্রতিদ্বন্দ্বিতার সূচনা করেছিল?

৬. বন্ধনীর মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে নিম্নলিখিত শূন্যস্থান পূরণ কর :

[ক] —— ও —— এই দুইটি দেশের উদ্যোগেই প্রথম ভৌগোলিক আবিষ্কার শুরু হয় (ইংলন্ড, আমেরিকা/পর্তুগাল, স্পেন/ভারত, স্পেন)।

[খ] —— আমেরিকা আবিষ্কার করলেও তিনি মূল ভূখণ্ডে উপনীত হননি (ভাস্কো-ডা-গামা/কলম্বাস/ম্যাগেলান)।

৭. 'অ্যাস্ট্রলেব' ও নাবিকের 'কম্পাস' আঁক। তার নীচে ঐ দুটি সম্পর্কে দু-চার কথা লেখ।



চতুর্থ অধ্যায়

অখণ্ড খ্রীস্টান জগতে ভাঙন : ধর্মসংস্কার আন্দোলন

আজকের দিনে ইওরোপ অনেকগুলো জাতীয়-রাষ্ট্রে বিভক্ত যেমন : ফ্রান্স, ইংলণ্ড, স্পেন প্রভৃতি, কিন্তু চিরকাল এমনটি ছিল না। মধ্যযুগে ইওরোপের মানুষের চিন্তাধারা নিয়ন্ত্রণ করতো চার্চ আর তার রাজনৈতিক প্রতিভূ পবিত্র রোমান সাম্রাজ্য। এই দুইয়ের প্রভাবে ইওরোপীয়রা সমগ্র ইওরোপকে এক অখণ্ড খ্রীস্টান জগৎ বলে মনে করতো। জাতি সত্তা বা জাতীয়তাবাদী চিন্তা-ধারার বিকাশ ইওরোপে তখনও লক্ষ্য করা যায় না। অর্থাৎ প্রত্যেক জাতির যে একটা পৃথক অস্তিত্ব আছে, এই ধারণা তখনও মাথা তুলতে পারেনি।

মধ্যযুগের শেষদিকে ইওরোপে এই অবস্থার পরিবর্তন ঘটে জাতিগত-রাষ্ট্র আত্মপ্রকাশ করতে থাকে। এই বিকাশের দুটো দিক আছে : একদিকে অখণ্ড খ্রীস্টান জগতের ধারণাটা ভেঙেগ যাচ্ছিল, পোপের ইওরোপ-জোড়া কর্তৃত্বের অবসান ঘটছিল ; অপরদিকে রাজাকে কেন্দ্র করে নতুন নতুন জাতীয়-রাষ্ট্র গড়ে উঠছিল। পবিত্র রোমান সাম্রাজ্যের কর্তৃত্বের অবসান ঘটায় রাজারা এখন সম্পূর্ণ স্বাধীনভাবে রাজত্ব করছিলেন। পোপের প্রাধান্যকে খর্ব করে জাতীয় ভিত্তিতে চার্চ প্রতিষ্ঠা এবং রাজাকে কেন্দ্র করে শক্তিশালী জাতীয়-রাষ্ট্র গড়ে উঠতে ধর্মসংস্কার আন্দোলন এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

(১) মধ্যযুগে রোমান ক্যাথলিক চার্চে প্রচলিত দুর্নীতি : যীশু খ্রীস্টের নির্দেশে তাঁর অনুগামীদের মধ্যে ঐক্য ও ধর্মের পবিত্রতা রক্ষার উদ্দেশ্যে খ্রীস্টান ধর্মাধিষ্ঠান 'চার্চ' প্রতিষ্ঠিত হয়। সেই সময় থেকে পরবর্তী

এক হাজার বছর পর্যন্ত সমগ্র খ্রীস্টান জগতের ঐক্য অটুট ছিল। অর্থাৎ দুনিয়ার সব খ্রীস্টান ছিল একই চার্চের অধীন, আর সেই চার্চের সর্বপ্রধান ব্যক্তি ছিলেন 'পোপ'। তিনি রোম-এ বসবাস করতেন এবং সেখান থেকে তাঁর কর্তব্যকার্য সম্পাদন করতেন। কিন্তু খ্রীস্টীয় একাদশ শতাব্দীতে খ্রীস্টান চার্চ দু'ভাগে বিভক্ত হয়ে পড়ে যথা : রোমান ক্যাথলিক চার্চ ও অর্থডক্স গ্রীক চার্চ। রোমান ক্যাথলিক চার্চের কর্মকেন্দ্র ছিল রোম, আর অর্থডক্স গ্রীক চার্চ পরিচালিত হ'ত কনস্টান্টিনোপল থেকে। চার্চ পৃথক হলেও দুইয়ের মধ্যে প্রভেদ তেমন কিছু ছিল না। তবে অর্থডক্স গ্রীক চার্চের অধীন খ্রীস্টানরা রোমান ক্যাথলিকদের মত পোপ-এর কর্তৃত্ব মানতো না। যাই হোক, এই রোমান ক্যাথলিক চার্চের নানাবিধ দুর্নীতির বিরুদ্ধে ষোড়শ শতাব্দীতে যে আন্দোলন শুরু হয় তা-ই সাধারণভাবে 'ধর্মসংস্কার আন্দোলন' (ইংরেজীতে 'রিফর্মেশন') নামে পরিচিত।

মধ্যযুগে রোমান ক্যাথলিক চার্চ দুর্নীতির আখড়া হয়ে ওঠে। পোপ থেকে শুরু করে সর্বনিম্ন গ্রাম্য যাজকরা পর্যন্ত দুর্নীতিপরায়ণ হয়ে ওঠেন। ধর্মকর্মের পরিবর্তে ব্যভিচার ও বিলাসী জীবনে তাঁরা আকৃষ্ট হন। 'বাইবেল' পাঠ সাধারণ খ্রীস্টানদের পক্ষে নিষিদ্ধ ছিল। বাইবেল পাঠের একমাত্র অধিকারী ছিলেন যাজকরা। বাইবেল সম্পর্কে জনসাধারণের অজ্ঞতার সুযোগে যাজকরা নিজেদের মতো করে বাইবেল-এর ব্যাখ্যা করতেন। এতে যাজকদের স্বার্থসিদ্ধির কাজ সহজ হ'ত। উদাহরণ স্বরূপ বলা যায়, চার্চ শিক্ষা দিত, যারা চার্চকে অর্থ দান করবেন তারাই ধর্মানুরক্ত। কোনো পাপ-মোচনের জন্য চার্চকে অর্থদান করলেই যাজকরা প্রায়শ্চিত্তের ব্যবস্থা করতেন। তা থেকেই 'মার্জনাপত্র' (ইংরেজীতে 'ইনডালজেন্স') বিক্রীর রীতি দেখা দেয়। ব্যাপারটা অনেকটা এই রকম যে, পয়সা দিয়ে মার্জনাপত্র কিনলে ঈশ্বরের কৃপালাভের পথে আর কোনো বাধা থাকবে না।

মধ্যযুগে চার্চ রাজনীতিতেও হস্তক্ষেপ করতো। এমনকি, চার্চের ক্ষমতা অনেক ক্ষেত্রে রাষ্ট্রকেও ছাড়িয়ে গিয়েছিল। চার্চের নিজস্ব বিচারালয় ছিল। সেখানে যাজক ছাড়া অন্যান্যদেরও অপরাধের বিচার করা হ'ত। চার্চের বিরুদ্ধে কথা বলবার কোনো অধিকার কারো ছিল না। কোনো ব্যক্তি চার্চের বিরুদ্ধাচরণ করলে তাকে চার্চ থেকে বহিষ্কার, সমাজচ্যুত, এমনকি প্রাণ-দণ্ড পর্যন্ত দেওয়া হ'ত। অল্প কথায় বলতে গেলে, এই ছিল মোটামুটি-ভাবে ধর্মসংস্কার আন্দোলনের আগে রোমান ক্যাথলিক চার্চের চিত্র।

চার্চ তথা যাজকদের এহেন বিধর্মী আচরণ দেখে প্রকৃত ধর্মপ্রাণ ব্যক্তিরা শঙ্কিত হয়েছিলেন। তাঁদের মনে ক্রমশঃ এই চিন্তার উদয় হয় যে কিভাবে এই অন্যায়-অবিচার থেকে চার্চকে বিরত করা যায়। এই ধরনের চিন্তা থেকেই ক্রমে চার্চের নানাবিধ জোর-জুলুমের বিরুদ্ধে প্রতিবাদ উঠতে থাকে এবং সেই সূত্রে ধর্মসংস্কার আন্দোলনের সূচনা হয়।

(২) জন ওয়াইক্লিফ ও জন হাস্-এর প্রতিবাদ : মার্টিন লুথার-এর নেতৃত্বে ধর্মসংস্কার আন্দোলন : ষোড়শ শতাব্দীতে ধর্মসংস্কার আন্দোলন শুরু হলেও দীর্ঘদিন আগেই যাজকদের মধ্যে কেউ কেউ চার্চে প্রচলিত



জন ওয়াইক্লিফ



মার্টিন লুথার



জন ক্যালভিন

দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। এঁদের মধ্যে ইংলণ্ডের জন ওয়াইক্লিফ এবং বোহেমিয়া'র জন হাস্-এর নাম সর্বাগ্রে উল্লেখ্য।

ইংলণ্ডের অক্সফোর্ড ইউনিভার্সিটির অধ্যাপক জন ওয়াইক্লিফ একজন খ্রীস্টান ধর্মযাজক ছিলেন। জন ওয়াইক্লিফকে ধর্মসংস্কার আন্দোলনের 'শুকতারা' বলা হয়। কারণ চতুর্দশ শতাব্দীতে তিনি রোমান ক্যাথলিক চার্চের যেসব দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন দুশো বছর পরে ধর্মসংস্কার আন্দোলনের নেতারা আন্দোলনের মাধ্যমে সেইসব দাবিই তুলে ধরেছিলেন। পোপকে তিনি মর্ত্যলোকে যীশু খ্রীস্টের প্রতিনিধি বলে মানতে অস্বীকার করেন। ওয়াইক্লিফ ইংরেজী ভাষায় বাইবেলের অনুবাদ করে বলেছিলেন যে, প্রত্যেক মানুষেরই বাইবেল পড়বার অধিকার আছে; এবং খ্রীস্টানরা কেবল বাইবেলের নির্দেশই মানবে, অন্য কারো নয়। তিনি মনে করতেন, যাজকদের সাদাসিধে ও পবিত্র জীবন যাপন করা কর্তব্য এবং রাজনৈতিক ব্যাপারে চার্চের নাক গলানো মোটেই উচিত নয়। পোপ ওয়াইক্লিফকে একজন ধর্মদ্রোহী বলে ঘোষণা করলেও তাঁর অনেক সমর্থক জুটেছিল। ওয়াইক্লিফের সমর্থকরা 'ললার্ড' সম্প্রদায় নামে পরিচিত।

জন ওয়াইক্লিফের পদাঙ্ক অনুসরণ করে বোহেমিয়ার জন হাস্ তদানীন্তন চার্চের দুর্নীতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান এবং তাঁর অনুগামীদের নিয়ে এক আন্দোলন গড়ে তোলেন। জন

হাস্-এর সমর্থকরা 'হাসাইট' নামে পরিচিত হয়। বলা বাহুল্য, চার্চ হাস্-এর বক্তব্যকে চূড়ান্ত ধর্মদ্রোহিতা বলে মনে করে। ক্যাথলিক চার্চ হাস্কে 'বিধর্মী' বলে ঘোষণা করে তাঁকে জনসমক্ষে পুড়িয়ে মেরেছিল। হাস্-এর মৃত্যুদণ্ড হাসাইট সম্প্রদায়ের কার্যকলাপকে কিন্তু বন্ধ করতে পারেনি। কেবল তাই নয়, পঞ্চদশ শতাব্দীতে হাসাইটদের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছিল।

এইভাবে ধর্মসংস্কার আন্দোলনের অনেক আগেই ওয়াইক্লিফ বা হাস্-এর মতো কোনো কোনো ধর্মপ্রাণ ও সত্যনিষ্ঠ যাজক চার্চের দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছিলেন। তবে ষোড়শ শতাব্দীতে মার্টিন লুথার-এর নেতৃত্বে ধর্মসংস্কার এক ব্যাপক আন্দোলনের রূপ গ্রহণ করেছিল।

ধর্মসংস্কার আন্দোলন জার্মানিতেই প্রথম দানা বেধেছিল। ক্রমে তা ইওরোপের বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ে। যাজকদের অত্যাচার জার্মানিতেই ছিল বেশী। ষোড়শ শতাব্দীতে জার্মানি ছিল এক সমৃদ্ধশালী দেশ, কিন্তু শতধা বিভক্ত। সেখানে কোনো শক্তিশালী রাজতন্ত্র গড়ে উঠতে পারেনি বলে পোপ সেখানে যথেচ্ছভাবে অত্যাচার চালাতে পারতেন। সেই আমলে ফ্রান্স, ইংলণ্ড প্রভৃতি দেশে রাজতন্ত্র শক্তি অর্জন করেছিল বলে যাজকতন্ত্রকে তারা অনেকটা সংযত রাখতে পেরেছিল। কিন্তু শতধা বিভক্ত জার্মানিতে ক্যাথলিক গীর্জা অবাধে জনসাধারণের উপর শোষণ চালাতে পারতো। পোপের রোজগারের একটা বড় অংশ আসত জার্মানি থেকে। এইসব কারণেই জার্মানিতে ধর্মসংস্কার আন্দোলনের সূচনা হয়েছিল।

মার্টিন লুথার নামে জনৈক জার্মান পণ্ডিত-যাজক উইটেনবার্গ বিশ্ববিদ্যালয়ে ধর্মশাস্ত্রের অধ্যাপক ছিলেন। তিনি দেখলেন যে, ক্যাথলিক চার্চের অনেক বিধানের সঙ্গে বাইবেলের অনুশাসনের কোনো মিল নেই। তিনি একবার খ্রীস্টান চার্চের প্রধান কেন্দ্র রোম পরিদর্শনে যান। সেখানে গিয়ে রোমের তৎকালীন জাঁকজমক, যাজক সম্প্রদায়ের অহঙ্কার ও ব্যভিচার দেখে তিনি মর্মাহত হয়েছিলেন। দেশে ফিরে এসে তিনি ঘোষণা করলেন যে পোপকে ছাড়াও চার্চ চলতে পারে এবং প্রস্তাব করলেন যে রোমে পোপের কাছে টাকা পাঠানো বন্ধ করা হোক।

১৫১৭ খ্রীস্টাব্দে তদানীন্তন পোপ দশম লিও টেৎজেল নামে জনৈক যাজককে 'মার্জনাপত্র' বা 'ইনডালজেন্স' বিক্রী করতে জার্মানিতে পাঠালে মার্টিন লুথার তার বিরোধিতা করেন। তিনি প্রকাশ্যে ঘোষণা করেন যে, ইনডালজেন্স বিক্রী লোক ঠকিয়ে চার্চের পয়সা আদায় করবার ফিকির ছাড়া আর কিছু নয়। ইনডালজেন্স-প্রথার বিরুদ্ধে লুথার ৯৫টি যুক্তি দেখিয়েছিলেন এবং সেই যুক্তিগুলো এক ইস্তাহারের আকারে তিনি উইটেনবার্গ চার্চের দেওয়ালে টাঙিয়ে দেন। পোপ লুথারকে তাঁর প্রতিবাদগুলি প্রত্যাহারের নির্দেশ দেন। লুথার তাতে রাজী না হওয়ায় পোপ লুথারকে 'বিধর্মী' বলে ঘোষণা করেন এবং চার্চ থেকে তাঁকে বহিষ্কার করে এক আদেশপত্র পাঠান। লুথার চরম শক্তিমান পোপের সেই আদেশপত্রটি জনসমক্ষে পুড়িয়ে ফেলেন। এইভাবেই জার্মানিতে ধর্মসংস্কার আন্দোলন শুরু হয়েছিল।

(৩) **ধর্মসংস্কার আন্দোলনের ফলে প্রতিবাদী ধর্মের প্রসার :** মার্টিন লুথার রোমান ক্যাথলিক চার্চের কলুষতা দূর করে তাকে দুর্নীতিমুক্ত ও নিষ্পাপ করতে চেয়েছিলেন মাত্র। একজন ধার্মিক সন্ন্যাসী হিসাবে তিনি ক্যাথলিক চার্চ থেকে বেরিয়ে এসে নতুন চার্চ গঠন করতে চাননি। কিন্তু পোপ তাঁকে চার্চ থেকে বহিষ্কার করায় নতুন চার্চ প্রতিষ্ঠা ব্যতীত লুথারের আর গত্যন্তর রইল না। লুথারের পন্থা অনুসারে যে নতুন চার্চ গঠিত হয় তা সাধারণভাবে প্রতিবাদী বা 'প্রোটেস্টান্ট' চার্চ নামে অভিহিত। রোমান ক্যাথলিক চার্চে প্রচলিত দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ থেকেই 'প্রতিবাদী' (ইংরেজীতে 'প্রোটেস্টান্ট') নামের সৃষ্টি। প্রথমে কেবল লুথারপন্থীরাই 'প্রতিবাদী' হিসাবে পরিচিত ছিল। কিন্তু ক্রমে লুথারপন্থীদের মত আরও যেসব সম্প্রদায় রোমান ক্যাথলিক চার্চের দুর্নীতির প্রতিবাদে মুখর হয়ে উঠেছিল তাদের সকলেই ঐ নামে অভিহিত হতে থাকে।


মার্টিন লুথারের কার্যকলাপের কেন্দ্র ছিল উত্তর জার্মানি। সেখান থেকে ধর্মসংস্কার আন্দোলন জার্মানির অপরাপর জায়গায়ও ছড়িয়ে পড়ে। কিন্তু দক্ষিণ জার্মানিতে লুথারপন্থা সাফল্য লাভ করতে পারেনি, যার ফলে গোটা জার্মানি ধর্মীয় দিক দিয়ে দু'ভাগে বিভক্ত হয়ে পড়েছিল। উত্তর জার্মানিতে লুথারবাদ জনপ্রিয় ছিল, আর দক্ষিণ জার্মানিতে রোমান ক্যাথলিক চার্চের প্রাধান্য অক্ষুন্ন ছিল। এর অবশ্য একটা কারণ আছে। মার্টিন লুথারের ধর্মসংস্কার আন্দোলনকে কেন্দ্র করে জার্মানির কৃষকরা বিদ্রোহী হয়ে ওঠে। যদিও মার্টিন লুথার ঐ কৃষক বিদ্রোহকে সমর্থন করেন নি তথাপি দক্ষিণ জার্মানির সামন্তরাজারা এতে আতঙ্কিত হয়েছিলেন। তাঁরা মনে করলেন যে, রোমান ক্যাথলিক চার্চের বিরোধিতা করতে যদি কৃষকদের উৎসাহ দেওয়া হয় তা'হলে একদিন হয়ত তারা সামন্তরাজাদের কর্তৃত্বকেই অস্বীকার করে বসবে। এই কারণে দক্ষিণ জার্মানির সামন্তরাজারা ধর্মসংস্কার আন্দোলনকে সমর্থন জানাননি, যেমনটি জানিয়েছিলেন উত্তর জার্মানির সামন্তরাজারা।

জার্মানি থেকে ধর্মসংস্কার আন্দোলন দ্রুত ইওরোপের অন্যান্য দেশে ছড়িয়ে পড়েছিল। নরওয়ে, ডেনমার্ক, সুইডেন প্রভৃতি দেশে লুথারবাদ বিশেষ সাফল্য অর্জন করেছিল। এইসব দেশের রাজারাও ধর্মসংস্কার আন্দোলনকে সমর্থন জানিয়েছিলেন বলে পোপ তথা ক্যাথলিক চার্চের অখণ্ড প্রতাপ সেখানে দ্রুত ধ্বসে পড়ে প্রতিষ্ঠালাভ করে লুথারের প্রতিবাদী ধর্ম-(বা লুথারবাদ)।

সুইজারল্যাণ্ডে ধর্মসংস্কার আন্দোলনের নেতা ছিলেন জুইংলি। তাঁর মৃত্যুর পরে ক্যালভিন জুইংলির আন্দোলনকে আরও জোরদার করে তোলেন। তাদের অনুগামীরা 'ক্যালভিনপন্থী' নামে অভিহিত হন। ক্যালভিন জাতিতে ফরাসী হলেও তিনি সুইজারল্যাণ্ডের জেনেভা শহরকে তাঁর কর্মকাণ্ডের কেন্দ্র হিসাবে বেছে নিয়েছিলেন। ক্যালভিন যাজকদের দুর্নীতির বিরুদ্ধে তো বটেই, এমনকি রাজাদের স্বৈরাচারী পন্থা ও দমন-পীড়নের বিরুদ্ধেও সোচ্চার ধ্বনি তুলেছিলেন। ক্যালভিন শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করতেন। তাঁর প্রতিষ্ঠিত জেনেভার শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে ইওরোপের

বিভিন্ন জায়গা থেকে শিক্ষার্থীরা অধ্যয়নের জন্য আসতেন। স্বদেশে প্রত্যাবর্তন করে তাঁরাই ক্যালভিনপন্থাকে জনপ্রিয় করে তুলতেন। এইসব কারণে প্রতিবাদী ধর্ম হিসাবে ক্যালভিনপন্থা লুথারপন্থা অপেক্ষা অনেক বেশী জনপ্রিয়তা অর্জন করেছিল।

ধর্মসংস্কার আন্দোলনের ঢেউ ইংলন্ডকেও স্পর্শ করেছিল। ষোড়শ শতাব্দীর গোড়ার দিকে ইংলণ্ডে ধর্মসংস্কার আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন রাজা অষ্টম হেন্‌রী স্বয়ং। প্রথম জীবনে একজন গোঁড়া ক্যাথলিক হলেও পরে ব্যক্তিগত কারণে পোপের সঙ্গে তাঁর মতবিরোধ উপস্থিত হওয়ায় অষ্টম হেন্‌রী পোপের সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করে ইংলণ্ডে স্বাধীন চার্চ (চার্চ অফ ইংলন্ড) গঠন করেন। অষ্টম হেন্‌রী কেন পোপের সঙ্গে বিরোধে জড়িয়ে



পড়েছিলেন তা অল্প কথায় বলতে গেলে এই রকম : অষ্টম হেন্‌রী এ্যান বলিন্‌ নামে জনৈকা বিধবাকে বিয়ে করবার জন্য তাঁর প্রথমা পত্নী ক্যাথারিনকে পরিত্যাগ করতে চান। এই বিবাহ-বিচ্ছেদের অনুমতির জন্য তিনি পোপের কাছে আবেদন জানান। কারণ সেই আমলে বিবাহ-বিচ্ছেদের অনুমতি পোপের কাছ থেকে নিতে হ'ত। যাই হোক, পোপ এই অনুমতি না দেবার ফলে অষ্টম হেন্‌রী পোপের কর্তৃত্বকে অস্বীকার করে ইংলণ্ডে স্বাধীন চার্চ গঠন করেন ; এবং নিজেকে সেই চার্চের প্রধান বলে ঘোষণা করেন। এইভাবে ইংলণ্ডের চার্চ রোম থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে।

জন নক্স নামে জনৈক ক্যালভিনপন্থীর মাধ্যমে স্কটল্যাণ্ডে প্রতিবাদী ধর্ম ছড়িয়ে পড়ে। ষোড়শ শতাব্দীতে স্কটল্যাণ্ডে যে রাজনৈতিক অস্থিরতা দেখা দিয়েছিল তাতে সেখানে ক্যালভিনপন্থার প্রসার সহজ হয়েছিল। জন

নক্স সেখানে অভিজাতদের সমর্থনে রাজনৈতিক ক্ষমতা দখল এবং প্রতিবাদী ধর্ম প্রতিষ্ঠার উদ্দেশ্যে তীব্র আন্দোলন শুরু করেন। শেষ পর্যন্ত ইংলণ্ডের রাণী এলিজাবেথ-এর সহযোগিতায় অভিজাতরা স্কটল্যাণ্ডের নাবালিকা রাণী মেরী স্টুয়ার্টকে কারারুদ্ধ করে স্কটল্যাণ্ডে প্রতিবাদী 'প্রেসবিটারিয়ান চার্চ' প্রতিষ্ঠা করতে সমর্থ হয়।

(৪) **প্রতি-ধর্মসংস্কার আন্দোলন ঃ** রোমান ক্যাথলিক চার্চের কতকগুলো সুনির্দিষ্ট দুর্নীতিমূলক কার্যকলাপের বিরুদ্ধে ধর্মসংস্কার আন্দোলন শুরু হয়েছিল। রোমান চার্চের কর্মকর্তারা প্রথম দিকে প্রতিবাদীদের বক্তব্যকে মোটেই আমল দেননি। বরঞ্চ তাঁরা প্রতিবাদীদের 'বিধর্মী' আখ্যা দিয়ে ক্যাথলিক চার্চ থেকে বহিষ্কার করেছিলেন। তা সত্ত্বেও প্রতিবাদীদের বক্তব্য জনপ্রিয়তা অর্জন করতে থাকে এবং তাঁরা এতই শক্তিশালী হয়ে ওঠেন যে ইওরোপের বিভিন্ন দেশে রোমান চার্চের কর্তৃত্ব-মুক্ত প্রতিবাদী চার্চ (বা 'প্রোটেস্টান্ট চার্চ') গড়ে ওঠে। এই পরিস্থিতিতে রোমান চার্চকে দুর্নীতি-মুক্ত করে প্রতিবাদী মতবাদকে বাধা দেওয়া এবং রোমান ক্যাথলিক চার্চের ঐক্য বজায় রাখবার যে চেষ্টা শুরু হয় তা-ই 'প্রতি-ধর্মসংস্কার আন্দোলন' (ইংরেজীতে 'কাউন্টার রিফরম্যাশন') নামে খ্যাত।

ষোড়শ শতাব্দীর মধ্যভাগে পোপ তৃতীয় পল্-এর সময় থেকে ব্যক্তিগতভাবে পোপরা চার্চকে দুর্নীতিমুক্ত করতে উদ্যোগী হয়েছিলেন। পোপরা ঠিক করেছিলেন যে তাঁরা চার্চের উচ্চতম কর্মচারী হিসাবে কেবল সেইসব লোককেই নিয়োগ করবেন যাদের চারিত্রিক বিশুদ্ধতা আছে ; এবং শিক্ষিত ব্যক্তি হিসাবে মোটামুটি পরিচিতি আছে। এই নীতি গৃহীত হবার ফলে যাজকদের মধ্যে পবিত্র জীবন যাপনের প্রবণতা নিঃসন্দেহে বেড়ে গিয়েছিল। আর এর মাধ্যমে চার্চও দুর্নীতিমুক্ত হচ্ছিল।

পোপদের ব্যক্তিগত উদ্যোগ ব্যতীত সেই সময় এমন অনেক সঙ্ঘ গড়ে উঠেছিল যার সদস্যরা বিশুদ্ধ জীবন যাপন করতেন। কেবল তাই নয়, তাঁরা বিলাসিতা ত্যাগ করে এবং দরিদ্রের মত জীবন যাপন করে ক্যাথলিক ধর্মাবলম্বীদের জীবনাদর্শকে পরিবর্তন করতেও উদ্যোগী হয়েছিলেন। এইসব সঙ্ঘের মধ্যে 'জেসুইট সঙ্ঘ'র নাম সবাগ্রে উল্লেখ্য। প্রতি-ধর্মসংস্কার আন্দোলনকে শক্তিশালী করে তুলতে এই সঙ্ঘ এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

ইগ্নেটিয়াস লয়লা নামে জনৈক ধর্মপ্রাণ ব্যক্তি ছিলেন 'জেসুইট সঙ্ঘ'র প্রতিষ্ঠাতা (১৫৩৪ খ্রী)। এই সঙ্ঘের সদস্যদের আবশ্যিকভাবে তিনটি নীতি মেনে চলতে হ'ত যেমন ঃ চারিত্রিক বিশুদ্ধতা, স্বেচ্ছায় দরিদ্রতা বরণ এবং আজ্ঞানুবর্তিতা। জেসুইট সঙ্ঘ'র উদ্দেশ্য ছিল ঃ পৃথিবীর সর্বত্র খ্রীস্টধর্মের প্রচার, শিক্ষার প্রসার ঘটানো এবং প্রতিবাদী ধর্মাবলম্বীদের ক্যাথলিক ধর্মে ফিরিয়ে আনা। জেসুইটদের অক্লান্ত চেষ্টার ফলে ইওরোপের বিভিন্ন দেশের প্রোটেস্টান্টদের অনেকে আবার ক্যাথলিক ধর্মে ফিরে এসেছিল। তাছাড়া জেসুইট খ্রীস্টান মিশনারীরা পৃথিবীর সর্বত্র খ্রীস্টধর্ম প্রচারের সঙ্গে সঙ্গে

শিক্ষা বিস্তারও করতে থাকেন। উল্লেখ্য যে, মোগল সম্রাট আকবরের রাজত্বকালে জেসুইট সঙ্ঘ'র দুজন সদস্য, মন্সারেট ও একোয়াভিভা ভারতবর্ষে মিশনারী কাজকর্মের জন্য আসেন।

ক্যাথলিক চার্চের অভ্যন্তরীণ সংস্কার এবং ক্যাথলিক ও প্রোটেস্টান্টদের মধ্যে আপস-মীমাংসার জন্য 'ট্রেন্ট-এর সভা'র (কাউন্সিল অফ ট্রেন্ট) উদ্যোগ বিশেষভাবে স্মরণীয়। ১৫৪৫ থেকে ১৫৬৩ খ্রীস্টাব্দের মধ্যে ট্রেন্ট নামক স্থানে বেশ কয়কটি ধর্মসভা অনুষ্ঠিত হয়। এইসব সভার মাধ্যমে ক্যাথলিক ও প্রতিবাদীদের মধ্যে কোনো আপস-রফা সম্ভব না হলেও ক্যাথলিক চার্চের অভ্যন্তরীণ সংস্কার যে অনেকখানি এগিয়েছিল তাতে সন্দেহের কোনো অবকাশ নেই। ট্রেন্ট-এর সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে 'ইনডালজেন্স বিক্রী নিষিদ্ধ করা হয়। তাছাড়া যাজকদের এই মর্মে নির্দেশ দেওয়া হয় যে তাঁরা যেন সাংসারিক বিষয়ে নির্লিপ্ত থেকে আধ্যাত্মিক বিষয়ে মনোনিবেশ করেন।

অপর একটি পন্থা যা প্রতি-ধর্মসংস্কার আন্দোলনের অস্ত্র হিসাবে ব্যবহৃত হয় তা হ'ল 'ইনকুইজিশন' নামক ধর্মীয় বিচারালয়। দুর্নীতিপরায়ণ যাজকদের এই বিচারালয় কঠোর শাস্তিদান করে তাঁদের নৈতিক আচার-আচরণকে নিয়ন্ত্রণে রাখতো। কেবল দুর্নীতিপরায়ণ যাজকদেরই নয়, ধর্মদ্রোহিতামূলক অপরাধের বিচারও এই আদালতে অনুষ্ঠিত হ'ত। অনুমান করা কঠিন নয় যে, অনেক প্রতিবাদী ধর্মের মানুষকেও 'ইনকুইজিশন' বিচারালয়ের অমানুষিক শাস্তি ভোগ করতে হয়েছিল।

ট্রেন্ট-এর সভা বা জেসুইট সঙ্ঘ'র মাধ্যমে ক্যাথলিক চার্চের পুনরুজ্জীবন সম্ভব হলেও ইনকুইজিশন বিচারালয়ের দ্বারা তা সম্ভব হয় নি। বরং ইনকুইজিশন বিচারালয়ের কার্যকলাপ ক্যাথলিক চার্চের বিরুদ্ধে গভীর অসন্তোষ ও ঘৃণার উদ্রেক করেছিল।

(৫) **ধর্ম-সংক্রান্ত যুদ্ধ** : প্রতি-ধর্মসংস্কার আন্দোলনের ফলে ক্যাথলিক চার্চ অনেকখানি দুর্নীতি মুক্ত হয়। ক্যাথলিক প্রচারকার্য ও জেসুইট সংঘের উদ্যোগে প্রোটেস্টান্টদের আবার ক্যাথলিক মতে ফিরিয়ে আনবার চেষ্টাও চলতে থাকে। বিভিন্ন দেশের ক্যাথলিক শাসকরা সেই সময় আবার বলপূর্বক প্রোটেস্টান্টদের দেশ থেকে উচ্ছেদ করবার জন্যও উঠে পড়ে লেগেছিলেন। ধর্মীয় কারণের সঙ্গে রাজনীতি জড়িয়ে পড়ায় ইওরোপ তখন অশান্ত হয়ে উঠেছিল। এক কথায় বলতে গেলে, প্রোটেস্টান্টদের ধর্মসংস্কার এবং ক্যাথলিকদের প্রতি-ধর্মসংস্কার এই দুই পরস্পর-বিরোধী আন্দোলনের সংঘর্ষে ইওরোপ এক আত্মক্ষয়ী সংগ্রামের নেশায় মেতে উঠেছিল।

ইওরোপে প্রোটেস্টান্ট আন্দোলন যখন জোর কদমে চলছে তখন স্পেনের রাজা ছিলেন পঞ্চম চার্লস্। তিনি আবার ছিলেন পবিত্র রোমান সম্রাট এবং সেই সূত্রে জার্মানির সর্বেসর্বা। সেই সময় পঞ্চম চার্লস্ ছিলেন ইওরোপের সবচেয়ে শক্তিশালী নৃপতি এবং রোমান ক্যাথলিক চার্চের সবচেয়ে বড় পৃষ্ঠপোষক। জার্মানিতে যখন ধর্মসংস্কার আন্দোলন শুরু হয় তখন তিনি সাম্রাজ্যবিষয়ক ব্যাপারে ব্যস্ত থাকায় সেদিকে নজর দিতে পারেন নি। একথা

নিঃসন্দেহে বলা যেতে পারে যে, পঞ্চম চার্লসের নির্লিপ্ততার সুযোগেই জার্মানিতে ধর্মসংস্কার আন্দোলন প্রসার লাভ করতে পেরেছিল। যাই হোক সম্রাট পঞ্চম চার্লস্ এইবার জার্মানির লুথারপন্থীদের ধ্বংস করতে উদ্যোগী হন।

পঞ্চম চার্লস্ জার্মানির প্রতিবাদীদের নির্মূল করতে বদ্ধপরিকর হলে ক্যাথলিক ও প্রতিবাদী বা প্রোটেস্টান্টদের মধ্যে এক রক্তক্ষয়ী সংগ্রাম শুরু হয়। পঞ্চম চার্লসের আক্রমণ প্রতিরোধের জন্য জার্মানির প্রতিবাদী রাজারা নিজেদের মধ্যে 'ম্যালক্যালডিক লীগ' নামে একটি সঙ্ঘ গড়ে তোলেন। ১৫৪৬ থেকে ১৫৫৫ খ্রীস্টাব্দ পর্যন্ত পঞ্চম চার্লসের নেতৃত্বে জার্মানির ক্যাথলিকদের সঙ্গে প্রোটেস্টান্টদের সংঘর্ষ চলতে থাকে। জার্মানির প্রোটেস্টান্টরা এই সংগ্রামে ফরাসীরাজের কাছ থেকে নানা সাহায্য ও সহযোগিতা লাভ করেছিল। যাই হোক, পঞ্চম চার্লস্ এই সংগ্রামে জয়ী হতে পারেন নি। ধর্মের প্রেরণাকে রাজনৈতিক ও সামরিক শক্তির দ্বারা নির্মূল করা যে সম্ভব নয় একথা উপলব্ধি করবার মত দূরদর্শিতা চার্লসের ছিল না। ১৫৫৫ খ্রীস্টাব্দে অনুষ্ঠিত অগস্‌বার্গ-এর শান্তি চুক্তির দ্বারা পঞ্চম চার্লস্ জার্মানির প্রতিবাদীদের স্বীকৃতি দিতে বাধ্য হয়েছিলেন। অগস্‌বার্গের মীমাংসায় স্থির হয় যে, কোনো রাজ্যের প্রজাদের ধর্ম স্থির হবে সেই রাজ্যের শাসকের ধর্ম অনুসারে। অর্থাৎ দেশের রাজা যদি ক্যাথলিক হন তাহলে তাঁর প্রজারাও হবেন ক্যাথলিক, আবার রাজা যদি প্রোটেস্টান্ট হন তাহলে তাঁর প্রজাদের প্রোটেস্টান্ট হতে কোনো বাধা থাকবে না। অগস্‌বার্গের শান্তিচুক্তির পরে সম্রাট পঞ্চম চার্লস্ স্বেচ্ছায় সিংহাসন ত্যাগ করেন।

(ক) স্পেন-এর বিরুদ্ধে নেদারল্যান্ডস্-এর বিদ্রোহ : পঞ্চম চার্লসের পুত্র দ্বিতীয় ফিলিপ প্রত্যপশালী রাজা ছিলেন। তিনিও পিতার পদাঙ্ক অনুসরণ করে প্রোটেস্টান্ট মতবাদের মূলোৎপাটন করতে উদ্যোগী হন। নেদারল্যান্ডসের প্রোটেস্টান্টদের তিনি নৃশংসভাবে দমন করতে চেয়েছিলেন।

নেদারল্যান্ডসের মোট সতেরোটি প্রদেশের মধ্যে উত্তরাঞ্চলের সাতটি প্রদেশ ছিল প্রতিবাদী ক্যালভিনপন্থী, আর দক্ষিণাঞ্চলের দশটি প্রদেশের মানুষ ছিল ক্যাথলিকপন্থী। দ্বিতীয় ফিলিপ নেদারল্যান্ডসের সর্বত্র ক্যাথলিকপন্থা চাপিয়ে দেবার উদ্দেশ্যে নানাভাবে অত্যাচার শুরু করেন। 'ইন্‌কুইজিশন' বিচারালয়ে বিচারের নামে প্রহসন করে বহু ক্যালভিনপন্থীকে হত্যা করা হয়। তাছাড়া স্পেন নেদারল্যান্ডসের মানুষের ওপর নতুন নতুন কর ধার্য করে এবং তাদের ব্যবসা-বাণিজ্যের ওপর নানা প্রকার বিধি-নিষেধ আরোপ করে অর্থনৈতিক শোষণের মাত্রা আরও বৃদ্ধি করেন। এমতাবস্থায় উত্তরাঞ্চলের ক্যালভিনপন্থীরা বিদ্রোহ করতে বাধ্য হয়। বিদ্রোহীরা ক্যাথলিক চার্চগুলি ধ্বংস করে এবং নানাভাবে স্পেনীয় সৈন্যদের ব্যতিব্যস্ত করে তোলে। এই বিদ্রোহের নেতৃত্ব দিয়েছিলেন নেদারল্যান্ডসের এক বিত্তশালী অভিজাত, উইলিয়াম অফ অরেঞ্জ। তিনি 'উইলিয়াম দ্য সায়লেন্ট' নামেও পরিচিত। নেদারল্যান্ডসের কারিগর, শিক্ষানবীশ ও অন্যান্য শ্রমিকেরা ছিল বিদ্রোহের সৈনিক। প্রথম দিকটায় স্পেনীয় সৈনিকেরাই জয়লাভ করে। বিপদ বুঝে বিদ্রোহীরা তখন তাদের

বাঁধ খুলে দেয়। বন্যার জলে চারদিকে ভেসে গেলে ফিলিপের সৈন্যরা পালিয়ে গিয়ে কোনরকমে প্লাবনের হাত থেকে আত্মরক্ষা করে। দীর্ঘদিন ধরে স্পেনের সৈন্যদের বিরুদ্ধে লড়াই করবার পরে উত্তরাঞ্চলের সাতটি প্রদেশ নিজেদের 'স্বাধীন' বলে ঘোষণা করে (১৫৮১ খ্রী)। স্পেনের কবল থেকে মুক্ত হয়ে সেই সাতটি প্রদেশ মিলিতভাবে 'ডাচ প্রজাতন্ত্র' প্রতিষ্ঠা করে। এই ডাচ্ প্রজাতন্ত্র কেবল 'হল্যান্ড' নামেও পরিচিত হয়। উত্তর নেদারল্যান্ডস্ স্পেনের হাত থেকে বেরিয়ে গেলেও দক্ষিণাঞ্চলের দশটি ক্যাথলিকপন্থী প্রদেশ আরও



প্রায় দুশো বছর দ্বিতীয় ফিলিপের হ্যাপস্‌বার্গ রাজবংশের শাসনাধীন ছিল। এই দশটি প্রদেশ 'স্পেনীয় নেদারল্যান্ডস্' বা 'অস্ট্রিয়ান নেদারল্যান্ডস্' বলে অভিহিত হ'ত এবং এরই বর্তমান নাম 'বেলজিয়াম'।

যাই হোক, ওলন্দাজদের (হল্যান্ডবাসীরা 'ওলন্দাজ' নামেও অভিহিত হয়) স্বাধীনতা দ্বিতীয় ফিলিপ কিন্তু মেনে নিতে পারেন নি। তিনি নানাভাবে তাদের পরাভূত করবার চেষ্টা করেছিলেন। এমনকি, দ্বিতীয় ফিলিপের মৃত্যুর পরেও স্পেনের সঙ্গে ওলন্দাজদের সংঘর্ষ চলতে থাকে। শেষ পর্যন্ত 'ত্রিশ বৎসরব্যাপী যুদ্ধ' পরিসমাপ্তিতে স্বাক্ষরিত 'ওয়েস্টফেলিয়ার শান্তি-

চুক্তি' (১৬৪৮ খ্রী) অনুসারে স্পেন হল্যান্ডকে একটি স্বাধীন রাজ্য বলে স্বীকার করে নেয়। প্রসঙ্গত উল্লেখ্য, স্পেনের অধীন যে হল্যান্ড ছিল একটি পশ্চাৎপদ দেশ, স্বাধীনতা-যুদ্ধের মধ্য দিয়ে সেই হল্যান্ড ইওরোপের সবচেয়ে শিল্পোন্নত দেশ হিসাবে আত্মপ্রকাশ করে।

(খ) **ইংলণ্ডের বিরুদ্ধে ফিলিপের ব্যর্থ অভিযান ঃ** দ্বিতীয় ফিলিপ প্রোটেস্টান্ট ইংলণ্ডের বিরুদ্ধেও অস্ত্র ধারণ করেছিলেন। ইংলণ্ডের রাণী এলিজাবেথ ছিলেন প্রোটেস্টান্টদের বড় পৃষ্ঠপোষিকা। ফিলিপ ইংলণ্ডকে স্পেনের দলে ভিড়াবার অনেক চেষ্টা করে যখন ব্যর্থ হন তখনই তিনি সংঘর্ষের পথে নামেন। ধর্মীয় ব্যাপার ছাড়া অর্থনৈতিক কারণেও ফিলিপ ইংলণ্ডের প্রতি রুষ্ট হয়েছিলেন। ইংলণ্ডের নাবিক জলসদ্যুরা দীর্ঘদিন ধরে স্পেনীয় জাহাজের উপর লুট-তরাজ চালিয়ে স্পেনীয় ব্যবসা-বাণিজ্যের ক্ষতি সাধন করছিল। এলিজাবেথ এইসব কার্যকলাপ বন্ধের কোনো চেষ্টা তো করেনই নি, বরঞ্চ লুটের মালের এক ভাগ তিনি পেতেন বলে জলদস্যুদের তিনি পরোক্ষভাবে উৎসাহ দিতেন বলা যেতে পারে। সেই সময় ইংলণ্ডের সঙ্গে স্পেনের শত্রুতার আরও একটা কারণ ছিল এই যে, এলিজাবেথ গোপনে নেদারল্যান্ডসের বিদ্রোহীদের নানাভাবে সাহায্য করেছিলেন।

উপরিউক্ত বিভিন্ন কারণে ইংলণ্ড ও স্পেনের মধ্যে বিরোধ যখন চরমে উঠেছে তখন দ্বিতীয় ফিলিপ ইংলণ্ডের বিরুদ্ধে এক বিশাল নৌ-বহর পাঠানোর সিদ্ধান্ত করেন। এই নৌবহর 'আর্মাডা' নামে খ্যাত। স্পেনীয় আর্মাডা সমসাময়িক ইওরোপের শ্রেষ্ঠ নৌবহর বলে পরিগণিত হ'ত। প্রচণ্ড শক্তিশালী এই 'আর্মাডা' কিন্তু ড্রেক, হকিন্স প্রভৃতি দুঃসাহসিক ইংরেজ নাবিকের আক্রমণে ও ঘূর্ণিবাত্যার ফলে ছিন্ন-ভিন্ন হয়ে যায় (১৫৮৮ খ্রী)। ইংলণ্ডের সঙ্গে যুদ্ধে পরাজয়ের ফলে স্পেনকে ইওরোপীয় রাজনীতির উচ্চাসন থেকে নেমে আসতে হয়। অপরপক্ষে ইংলণ্ড ব্যবসা-বাণিজ্য ও উপনিবেশ স্থাপনে অনেক দূর এগিয়ে যায়। এই সময় থেকেই ইংলণ্ডে সামুদ্রিক আধিপত্যের সূচনা হয়—ইংলণ্ড নৌশক্তিতে অপ্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে।

স্মৃতি-সহায়

১. মধ্যযুগে দোর্দণ্ডপ্রতাপ রোমান ক্যাথলিক চার্চ দুর্নীতির আখড়া হয়ে উঠেছিল। যাজকরা তখন ধর্মকর্মের চেয়ে রাজনীতি এবং অন্যান্য ব্যাপারে বেশী উৎসাহী ছিলেন।

২. চার্চের দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার ধ্বনি তুলেছিলেন ওয়াইক্লিফ ও হাস্। পরে জার্মানির মার্টিন লুথার-এর নেতৃত্বে ধর্মসংস্কার আন্দোলন তীব্রতর হয়েছিল।

৩. ধর্মসংস্কার আন্দোলনের সূত্রেই 'প্রোটেস্টান্ট চার্চ'-এর সৃষ্টি হয়।

৪. লুথার পন্থীদের মতো ক্যালভিনপন্থীরাও চার্চের দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন।

৫. প্রোটেস্টান্ট বা প্রতিবাদী মতকে বাধা দান এবং চার্চের ঐক্যরক্ষার উদ্দেশ্যে প্রতি-ধর্মসংস্কার আন্দোলন শুরু হয়।

৬. প্রতি-ধর্মসংস্কার আন্দোলনকে শক্তিশালী করে তুলেছিল 'জেসুইট সংঘ' যার প্রতিষ্ঠাতা ছিলেন ইগ্নেটিয়াস লয়লা।

৭. স্পেনের দ্বিতীয় ফিলিপ প্রতিবাদীদের শায়েস্তা করতে গিয়ে নানা য্দদ্ধে জড়িয়ে পড়েছিলেন।

৮. স্পেন-ইংলণ্ডের য্দদ্ধে দ্বিতীয় ফিলিপ পরাজিত হয়েছিলেন। তাছাড়া এই য্দদ্ধে 'আর্মাডা' নৌবহর ধ্বংস হওয়ায় স্পেনের মর্যাদাহানি ঘটেছিল।

অন্দশীলনী

১. মধ্যয্দগে রোমান ক্যাথলিক চার্চে প্রচলিত দ্দনীতি সম্পর্কে যা জান সংক্ষেপে বিব্ত কর।

২. রোমান ক্যাথলিক চার্চের দ্দনীতির বির্দদ্ধে কারা প্রতিবাদ জানিয়েছিলেন? তাঁদের বক্তব্য কি ছিল?

৩. মার্টিন ল্দথার-এর নেতৃত্বে কিভাবে ধর্মসংস্কার আন্দোলন শ্দর্দ হয়েছিল?

৪. ধর্মসংস্কার আন্দোলনের মাধ্যমে কিভাবে প্রতিবাদী ধর্মের স্দষ্টি হয়? প্রতিবাদী ধর্ম কিভাবে প্রসার লাভ করেছিল?

৫. 'প্রতি-ধর্মসংস্কার' আন্দোলন বলতে কি বোঝ?

৬. কি কি উপায়ে প্রতি-ধর্মসংস্কার আন্দোলনকে কার্যকর করা হয়?

৭. ধর্মসংক্রান্ত য্দদ্ধ কিভাবে শ্দর্দ হয়েছিল?

৮. স্পেন এর বির্দদ্ধে নেদারল্যাণ্ডসের বিদ্রোহের বর্ণনা দাও।

৯. ইংলণ্ডের বির্দদ্ধে দ্বিতীয় ফিলিপের অভিযানের কাহিনী বিব্ত কর।

১০. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও:

[ক] 'ধর্মসংস্কার আন্দোলন' বলতে কি বোঝ? [খ] 'ললার্ড' কাদের বলা হ'ত? [গ] ধর্মসংস্কার আন্দোলন প্রথমে কোথায় শ্দর্দ হয়? [ঘ] স্দইজারল্যাণ্ডে ধর্মসংস্কার আন্দোলনের নেতা কে ছিলেন? [ঙ] ইংলণ্ডে কার নেতৃত্বে ধর্মসংস্কার আন্দোলন অন্দষ্ঠিত হয়? [চ] স্কটল্যাণ্ডে ধর্মসংস্কার আন্দোলনের নেতা কে ছিলেন? [ছ] 'জেস্দইট সঙ্ঘ'র সদস্যরা আবশ্যিকভাবে কোন্ তিনটি নীতি অন্দসরণ করতেন? [জ] 'ম্যালক্যালডিক লীগ' কাকে বলে? কেন তা গঠিত হয়?

১১. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও:

[ক] ক্যাথলিক চার্চে 'মার্জনাপত্র' বিক্রীর রীতি কিভাবে প্রচলিত হয়?

[খ] জন ওয়াইক্লিফ ও জন হাস্ কি শিক্ষা দিয়েছিলেন?

[গ] ধর্মসংস্কার আন্দোলন জার্মানিতে প্রথম শ্দর্দ হয়েছিল কেন?

[ঘ] মার্টিন ল্দথার 'মার্জনাপত্র' বিক্রীর বির্দদ্ধে কিভাবে প্রতিবাদ জানিয়েছিলেন?

[ঙ] দক্ষিণ জার্মানিতে প্রতিবাদী ধর্ম প্রসার লাভ করেনি কেন?

[চ] ইংলণ্ডের রাজার সঙ্গে পোপের বিরোধের কারণ কি ছিল?

[ছ] প্রতি-ধর্মসংস্কার আন্দোলনে জেস্দইট সঙ্ঘের ভ্দমিকা কি ছিল?

[জ] 'ইনকুইজিশন' বিচারালয় কিভাবে বিধর্মীদের ওপর অত্যাচার চালাতো?

[ঝ] অগস্ বার্গ-এর মীমাংসায় কি স্থির হয়?

[ঞ] স্পেনের বির্দদ্ধে হল্যাণ্ডবাসীদের বিদ্রোহের কারণ কি?

১২. নিম্নলিখিত বিষয়ের ওপর টীকা লেখ:—

[ক] জন ওয়াইক্লিফ [খ] ইগ্নেটিয়াস লয়লা [গ] জন হাস্ [ঘ] জেস্দইট সঙ্ঘ [ঙ] জন ক্যালভিন [চ] ম্যালক্যালডিক লীগ।

১৩. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর :

[ক] — শতাব্দীতে ক্যাথলিক চার্চের দুর্নীতির বিরুদ্ধে আন্দোলন শুরু হয়।

[খ] জন হাস্-এর সমর্থকরা '—' নামে পরিচিত।

[গ] মার্টিন লুথার—বিশ্ববিদ্যালয়ে ধর্মশাস্ত্রের একজন অধ্যাপক ছিলেন।

[ঘ] সুইজারল্যাণ্ডের ধর্মসংস্কার আন্দোলনকে — আরও জোরদার করেছিলেন।

[ঙ] ক্যাথলিক-প্রোটেস্টাণ্ট আপস-মীমাংসায় — সভার উদ্যোগ বিশেষ ভাবে স্মরণীয়।

[চ] ডাচ্ প্রজাতন্ত্র '—' নামেও পরিচিত।


১৪. সঠিক উত্তরটি (√) চিহ্ন দিয়ে দেখাও :

[ক] মধ্যযুগে চার্চ রাজনীতিতেও হস্তক্ষেপ করতো ( )।

[খ] 'মার্জনাপত্র' বিক্রীর বিরুদ্ধে মার্টিন লুথার ১০০টি যুক্তি দেখিয়েছিলেন ( )।

[গ] মার্টিন লুথার জার্মানির কৃষক-বিদ্রোহকে সমর্থন করেছিলেন ( )।

[ঘ] 'ইনকুইজিশন' বিচারালয়ের কার্যকলাপ ক্যাথলিক চার্চের বিরুদ্ধে ঘৃণার উদ্রেক করেছিল ( )।



পঞ্চম অধ্যায়

সপ্তদশ শতাব্দীতে ইংলণ্ডের বিপ্লব

(১) **রাজা ও পার্লামেন্টের মধ্যে বিরোধের মূল কারণ :** মধ্যযুগে এক বিশেষ পরিস্থিতিতে ইংলণ্ডে 'পার্লামেন্ট' বা প্রতিনিধি-সভার উৎপত্তি হয়। একাদশ শতাব্দীতেই ইংলণ্ডে পার্লামেন্টের সৃষ্টি হয় এবং সেই সময় থেকে ঐ সভা রাজার নির্দেশ মতই চলে আসছিল বলা যেতে পারে। কিন্তু পঞ্চদশ শতাব্দী থেকে ব্যবসা-বাণিজ্যের প্রসার, রেনেসাঁস ও ধর্মান্দোলনের প্রভাব পার্লামেন্টের ওপর পড়তে থাকে। নতুন বণিক, শিল্পপতি, মহাজন প্রভৃতি সম্প্রদায় পার্লামেন্টের মাধ্যমে নিজেদের স্বার্থ রক্ষায় উদ্যোগী হয়। এর ফলে রাজার সঙ্গে তাঁদের বিরোধ দেখা দেয়।

সপ্তদশ শতাব্দীতে স্টুয়ার্ট বংশীয় রাজাদের আমলেই পার্লামেন্টের সঙ্গে রাজার বিরোধ চরমে উঠেছিল। সেই সময় ইংলণ্ডের মধ্যবিত্ত সম্প্রদায় বা বুর্জোয়ারা ব্যবসা-বাণিজ্যের প্রসার ও শিল্পোন্নয়নের দরুন প্রচণ্ড শক্তিশালী হয়ে ওঠে এবং এই সম্প্রদায়ের মানুষই পার্লামেন্টে প্রতিনিধিত্ব করতে থাকে। অপরদিকে স্টুয়ার্ট রাজারা তাঁদের সর্বাত্মক ক্ষমতার অপব্যবহার করতে শুরু করেন। স্টুয়ার্ট রাজারা 'ভগবান প্রদত্ত ক্ষমতা'য় বিশ্বাসী ছিলেন। তাঁরা মনে করতেন যে, ভগবানের ইচ্ছানুসারেই তাঁরা সিংহাসনে বসেছেন। সুতরাং রাজ্য হ'ল তাঁদের ব্যক্তিগত সম্পত্তি, প্রজাদের তাঁরা খুশীমত ব্যবহার করতে পারেন। এই ধারণার বশবর্তী হয়ে স্টুয়ার্ট রাজারা প্রজাদের ওপর ইচ্ছামত কর বসিয়ে অর্থ সংগ্রহ করতেন। পার্লামেন্টের সদস্যরা তখন দাবি জানায় যে, তাদের বিনা অনুমতিতে রাজা কর ধার্য করতে পারেন না। এই সূত্রে প্রথম চার্লস্-এর আমলে পার্লামেন্টের সঙ্গে তাঁর যে বিরোধ দেখা দেয় তা-ই শেষ পর্যন্ত এক গৃহযুদ্ধের রূপ নেয়।

রাজার সঙ্গে পার্লামেন্টের বিরোধে টাকার সমস্যা ছাড়া চার্চের সংস্কারের প্রশ্নটিও প্রবল হয়ে ওঠে। পার্লামেন্টে সেই সময় অনেক 'শুচিতাবাদী'

('পিউরিটান') সদস্য ছিলেন। এ'রা চার্চের গণতন্ত্র-সম্মত সংস্কারের পক্ষে ছিলেন এবং ঐ দাবি পূরণের জন্য তাঁরা রাজার ওপর চাপ দিতে থাকেন। এই প্রসঙ্গে মনে রাখতে হবে যে, রাজার সঙ্গে পার্লামেন্টের বিরোধে কর ধার্যের ব্যাপারটাই ছিল আসল। এর সঙ্গে চার্চের সংস্কারের প্রশ্নটি জড়িয়ে পড়ায় রাজার বিরুদ্ধে পার্লামেন্টের সব সদস্য ঐক্যবদ্ধ হয়েছিল। এইভাবে সপ্তদশ শতাব্দীতে মধ্যবিত্তদের নিয়ন্ত্রণাধীন পার্লামেন্ট রাজার শক্তির প্রধান প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে এবং রাষ্ট্রক্ষমতা দখল করতে উদ্যোগী হয়।

(২) **ইংলণ্ডে গৃহযুদ্ধ : ক্রমওয়েল ও কমনওয়েলথ্ :** প্রথম চার্লসের রাজত্বকালেই ইংলণ্ডে গৃহযুদ্ধ শুরু হয় (১৬৪২ খ্রী)। চার্লস্ প্রথম থেকেই পার্লামেন্টের মতামতকে অগ্রাহ্য করে একজন স্বেচ্ছাচারীর মত দেশ শাসন করছিলেন। বহির্দেশের সঙ্গে যুদ্ধে লিপ্ত হওয়ার দরুন চার্লসের প্রচুর অর্থের প্রয়োজন ছিল। কিন্তু পার্লামেন্ট সেই অর্থ মঞ্জুর করতে অস্বীকার করে। এতে ক্ষুব্ধ হয়ে তিনি পার্লামেন্টকে উপেক্ষা করে বেআইনীভাবে প্রজাদের ওপর কর চাপান এবং অন্য উপায়ে অর্থ সংগ্রহ করতে থাকেন। এমনকি, তিনি এগারো বছর (১৬২৯—১৬৪০ খ্রী) পার্লামেন্টের কোনো অধিবেশনই আহ্বান করেন নি।

যাই হোক, ১৬৪০ খ্রীস্টাব্দে স্কটরা* ইংলন্ড আক্রমণ করলে চার্লসের আর্থিক অনটন আরও বেড়ে যায়। তখন তিনি বাধ্য হয়ে এই আর্থিক সংকট থেকে মুক্তি পাবার জন্য পার্লামেন্টের অধিবেশন আহ্বান করেন। কিন্তু এখন পার্লামেন্ট আরও বেশী উগ্র ও অবাধ্য। সদস্যরা রাজার প্রতি কঠোর মনোভাব গ্রহণ করেন। রাজা বেকায়দায় পড়ে পার্লামেন্টের কতকগুলি দাবি মেটাতে রাজী হন। বেআইনীভাবে ধার্য কর তিনি প্রত্যাহার করে নেন। চার্লস্ এই মর্মে প্রতিশ্রুতিও দেন যে, ভবিষ্যতে তিনি আর পার্লামেন্টের অনুমোদন ব্যতীত কোনো কর ধার্য করবেন না।

রাজা চার্লস্ চাপে পড়ে পার্লামেন্টের দাবিগুলো মেনে নিলেও অন্তর থেকে তিনি তা গ্রহণ করতে পারেন নি। গোপনে তিনি পার্লামেন্টের ওপর প্রতিশোধ নেবার জন্য প্রস্তুত হতে থাকেন। তিনি ইংলণ্ডের উত্তর অংশে পালিয়ে যান। সেখানে সামন্তপ্রভুদের প্রভাব বেশী থাকায় চার্লস্ তাদের সমর্থন লাভ করেন, সেখানকার জনসাধারণও রাজার পক্ষে দাঁড়ায়। অপরপক্ষে দক্ষিণ-পূর্ব ইংলণ্ডের লোকেরা ছিল পার্লামেন্টের সমর্থক। তারা পার্লামেন্টের পক্ষে এবং রাজার বিরুদ্ধে দাঁড়িয়েছিল। ১৬৪২ সালের আগস্ট মাসে রাজা চার্লস্ পার্লামেন্টের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলে আনুষ্ঠানিকভাবে ইংলণ্ডে গৃহযুদ্ধের সূচনা হয়।

গৃহযুদ্ধে সারা ইংলন্ড দুভাগে বিভক্ত হয়ে পড়েছিল। একপক্ষে ছিল উত্তর ইংলণ্ডের সামন্তপ্রভুরা, যারা রাজার প্রধান সমর্থক। আর অপর দিকে ছিল দক্ষিণ-পূর্ব ইংলণ্ডের ব্যবসা-বাণিজ্য ও শিল্পোন্নত অঞ্চলের মানুষ, যারা পার্লামেন্টের সমর্থক। সুতরাং গৃহযুদ্ধের মূল বিষয় ছিল : রাষ্ট্র-

* স্কটল্যাণ্ডের অধিবাসীদের 'স্কট' বলা হয়।

ক্ষমতা কে দখল করবে—বুর্জোয়া স্বার্থের প্রতিনিধি পার্লামেন্ট, অথবা সামন্ত স্বার্থের প্রতিভূ রাজতন্ত্র।

দীর্ঘ সাত বছর (১৬৪২—১৬৪৯ খ্রী) ধরে গৃহযুদ্ধ চলেছিল। এই যুদ্ধে অবশেষে রাজা পরাজিত হন। চার্লস্ পার্লামেন্টের কাছে আত্মসমর্পণ করবার পরে জনসাধারণের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগে তাঁর বিচার হয়। বিচারে তিনি দোষী সাব্যস্ত হওয়ায় তাঁর (প্রথম চার্লসের) শিরশ্ছেদ করা হয় (১৬৪৯ খ্রীস্টাব্দের ৩০শে জানুয়ারী)। রাজতন্ত্রের উচ্ছেদের পরে ইংলণ্ডকে একটি 'প্রজাতন্ত্র' বলে ঘোষণা করা হয়।

গৃহযুদ্ধে রাজার বিরোধী দলের নেতা ছিলেন অলিভার ক্রমওয়েল নামে জনৈক পার্লামেন্ট-সদস্য। তাঁর মত প্রতিভাবান ব্যক্তি ইংলণ্ডে খুব কমই জন্মগ্রহণ করেছেন। বক্তা হিসাবে তেমন সুনাম না থাকলেও চারিত্রিক দৃঢ়তা, সত্যনিষ্ঠা ও দক্ষতার জন্য তিনি জনসাধারণের শ্রদ্ধা অর্জন করেছিলেন। তাছাড়া রাজার বিরুদ্ধে সামরিক দ্বন্দ্বে তিনি অনন্যসাধারণ প্রতিভা দেখিয়েছিলেন, এবং একথা নিঃসন্দেহে বলা যেতে পারে যে, গৃহযুদ্ধে পার্লামেন্টের জয়ের কৃতিত্ব প্রধানতঃ তাঁরই প্রাপ্য।

যাই হোক, রাজার প্রাণদণ্ডের পরে ইংলণ্ডে যে প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয় তার নাম 'কমনওয়েলথ্'। এই কমনওয়েলথকে প্রজাতন্ত্র অপেক্ষা সামরিক শাসন বলাই সঙ্গত। ক্রমওয়েল ছিলেন এই কমনওয়েলথের নেতা। তাঁর আমলে অভ্যন্তরীণ ও বৈদেশিক ক্ষেত্রে ইংলণ্ড চূড়ান্ত সাফল্য অর্জন করেছিল। ১৬৫৩ খ্রীস্টাব্দে ক্রমওয়েল নিজেকে ইংলণ্ডের একনায়ক বা 'প্রোটেক্টর' বলে ঘোষণা করেন এবং সারা জীবন তিনি ঐ পদে আসীন ছিলেন।

ক্রমওয়েলের জীবদ্দশাতেই তাঁর সামরিক একনায়কত্ব জনসাধারণ, বিশেষতঃ মধ্যবিত্ত সম্প্রদায়ের অসহ্য হয়ে উঠেছিল। ক্রমওয়েলের মৃত্যুর পরে তাঁর পুত্র যখন আবার 'প্রোটেক্টর' হয়ে বসলেন তখন সামরিক কর্তৃত্ব থেকে রেহাই পাওয়ার একমাত্র উপায় হিসাবে মধ্যবিত্তরা ইংলণ্ডে রাজতন্ত্রকে পুনঃপ্রতিষ্ঠিত করে। মধ্যবিত্ত, অর্থাৎ বুর্জোয়াদের এখন রাজতন্ত্রে আপত্তির কোনো কারণ নেই এইজন্য যে, সামন্ততন্ত্র তো দেশ থেকে চিরতরে লুপ্ত হয়েছে। তাই ১৬৬০ খ্রীস্টাব্দে মৃত্যুদণ্ডে দণ্ডিত সেই স্টুয়ার্ট রাজবংশের প্রথম চার্লসেরই পুত্র দ্বিতীয় চার্লসকে ইংলণ্ডের সিংহাসনে পুনঃপ্রতিষ্ঠিত করা হয়। এই ঘটনা ইতিহাসে 'রাজতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা' (ইংরেজীতে 'রেস্টোরেশন') নামে খ্যাত।

(৩) **গৌরবময় বিপ্লব :** ইংলণ্ডে গৃহযুদ্ধের ফলে প্রথম দফায় বুর্জোয়ারা জয়ী হয়েছিল। কিন্তু ১৬৮৮ খ্রীস্টাব্দের 'গৌরবময় বিপ্লব'-এর মাধ্যমে তারা স্থায়ীভাবে দেশের শাসন কর্তৃত্ব হস্তগত করতে পেরেছিল। পার্লামেন্ট রাজতন্ত্রের উপরে স্থান পেয়েছিল।

দ্বিতীয় চার্লস্ পার্লামেন্টের ইচ্ছা অনুসারেই সিংহাসন লাভ করেছিলেন। সেই কারণে তিনি যতদূর সম্ভব পার্লামেন্টের সঙ্গে সমঝোতা করে চলতেন। রাজকীয় ক্ষমতা বৃদ্ধি করবার ইচ্ছা থাকলেও প্রকাশ্যভাবে তিনি পার্লামেন্টের সঙ্গে কোনো বিরোধিতায় নামেন নি। কিন্তু পরবর্তী

রাজা দ্বিতীয় জেমস্ অবাধ রাজতন্ত্রে বিশ্বাসী ছিলেন। অর্থাৎ তিনি শাসন ব্যাপারে পার্লামেন্টের কর্তৃত্বকে মোটেই বরদাস্ত করতে পারতেন না। এক কথায় বলতে গেলে, আগেকার স্টুয়ার্ট রাজাদের স্বেচ্ছাচারিতাই জেমসের মনঃপূত ছিল। এর ফলে দ্বিতীয় জেমসের সঙ্গে পার্লামেন্টের বিরোধ শুরু হয়। এদিকে ইংলণ্ডে বুর্জোয়া সম্প্রদায়ের প্রভাব-প্রতিপত্তি দিন দিনই বাড়তে থাকে। কারণ বৈদেশিক বাণিজ্য বৃদ্ধি পাওয়ায় তাদের ধনাগম হচ্ছিল প্রচুর, আবার শিল্প থেকেও লাভের অঙ্ক কম ছিল না। এমতাবস্থায় রাজনৈতিক ক্ষমতা হারাতে তারা মোটেই রাজী ছিল না। দ্বিতীয় জেমসের পার্লামেন্ট-বিরোধী কার্যকলাপ তাদের মধ্যে দারুণ প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল।

উপরি-উক্ত পরিস্থিতিতে দেশে আবার দুই দলের সৃষ্টি হয়। একদল রাজার ক্ষমতা বৃদ্ধির পক্ষে, আর অপর দল চায় পার্লামেন্টের ক্ষমতা বৃদ্ধি করতে। বলা বাহুল্য, শেষোক্ত দলের লোকেরা ছিল বুর্জোয়া সম্প্রদায়ের মানুষ। সেই সময় অবস্থা যা দাঁড়িয়েছিল তাতে দুই দল আবার একটা গৃহযুদ্ধের মুখোমুখি এসে উপস্থিত হয়। যাই হোক, শেষ পর্যন্ত উভয় পক্ষে একটা রফা হয় যে তারা স্টুয়ার্ট বংশকে সিংহাসন থেকে সরাবে। সেই মত হল্যাণ্ডের প্রিন্স অফ অরেঞ্জকে 'তৃতীয় উইলিয়াম' নামে ইংলণ্ডের সিংহাসনে স্থাপন করা হয়। দ্বিতীয় জেমস্ নিরুপায় হয়ে ফ্রান্সে পালিয়ে যান। এইভাবে বিনা রক্তপাতে ইংলণ্ডে স্বৈরাচারী রাজবংশের যে পতন ঘটান হয় তা ইতিহাসে 'গৌরবময় বিপ্লব' (১৬৮৮ খ্রী) নামে অভিহিত। গৌরবময় বিপ্লবের মাধ্যমে শান্তিপূর্ণভাবে রাজতন্ত্রের উপর পার্লামেন্টের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়।

তৃতীয় উইলিয়াম সিংহাসনে বসে জনসাধারণের অধিকার সম্পর্কে এক সনদে স্বাক্ষর করেন। এই সনদ 'বিল অফ রাইটস্' নামে পরিচিত। এই সনদ অনুসারে রাজা নিয়মিত পার্লামেন্টের অধিবেশন আহবান করতে এবং পার্লামেন্টের অনুমোদন ব্যতীত কর ধার্য না করতে স্বীকৃত হন। এইসব সর্ত রাজা মেনে নেবার ফলে ইংলণ্ডে স্বেচ্ছাচারী রাজতন্ত্রের অবসান ঘটে এবং 'নিয়মানুগ রাজতন্ত্রে'র সূত্রপাত হয়। যে শাসন-ব্যবস্থায় রাজা থাকলেও পার্লামেন্টই সর্বপ্রধান শক্তি তাকে 'নিয়মানুগ রাজতন্ত্র' বলা হয়। রাজার নিজস্ব আর কোনো ক্ষমতাই থাকলো না। পার্লামেন্টে গৃহীত আইনগুলিতে তিনি সম্মতি জানাবেন মাত্র—এই ব্যবস্থা করা হ'ল।

গৌরবময় বিপ্লবের অল্পদিনের মধ্যেই ইংলণ্ড ব্যবসা-বাণিজ্য ও শিল্পোন্নয়নে পৃথিবীর শ্রেষ্ঠ শক্তি হিসাবে আত্মপ্রকাশ করেছিল। কারণ ব্যবসায়ী, শিল্পপতি প্রভৃতি শ্রেণীর লোকেরা দেশের রাজনৈতিক ক্ষমতা দখল করায় অবাধে তারা ব্যবসা-বাণিজ্যের সুযোগ পেয়েছিল। ফলে দেশের অর্থনৈতিক সমৃদ্ধি প্রভূত পরিমাণে বেড়েছিল। আবার গৌরবময় বিপ্লবের ফলেই ইংলণ্ডে সামন্ততন্ত্রের ধ্বংস-যজ্ঞ সম্পূর্ণ হয়ে আধুনিক ধনতান্ত্রিক সমাজ বিকাশ লাভ করেছিল।

স্মৃতি-সহায়

১. সপ্তদশ শতাব্দীতে ইংলণ্ডের রাজার সঙ্গে প্রতিনিধি-সভা বা 'পার্লামেন্টে'র বিরোধের মূল কারণ ছিল এই যে, রাজা পার্লামেন্টকে উপেক্ষা করে বেআইনীভাবে কর ধার্য করেছিলেন।

২. রাজা ও প্রতিনিধি-সভার মধ্যে বিরোধ শেষ পর্যন্ত গৃহযুদ্ধে পর্যবসিত হয়েছিল। ১৬৪২ খ্রীস্টাব্দে ইংলণ্ডের রাজা চার্লস্ প্রতিনিধি-সভার সদস্যদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন।

৩. গৃহযুদ্ধে পার্লামেন্ট জয়ী হলেও জনৈক সদস্য ক্রমওয়েল রাষ্ট্রক্ষমতা দখল করে নিয়েছিলেন। রাজার প্রাণদণ্ডের ফলে ইংলণ্ডে তখন প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

৪. ১৬৬০ খ্রীস্টাব্দে ক্রমওয়েলের বংশের হাত থেকে রেহাই পাওয়ার উদ্দেশ্যে পুনরায় চার্লসের পুত্র দ্বিতীয় চার্লসকে সিংহাসনে প্রতিষ্ঠিত করা হয়। এই ঘটনা 'রাজতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা' নামে অভিহিত হয়।

৫. ১৬৮৮ খ্রীস্টাব্দের গৌরবময় বিপ্লবের মাধ্যমে ইংলণ্ডের পার্লামেন্ট স্থায়ী-ভাবে রাষ্ট্রক্ষমতা দখল করতে পেরেছিল।

৬. গৌরবময় বিপ্লবের মাধ্যমে দেশে রাজার ওপর পার্লামেন্টের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়েছিল।

অনুশীলনী

১. ইংলণ্ডের রাজা ও পার্লামেন্টের মধ্যে বিরোধের মূল কারণ কি ছিল?

২. ইংলণ্ডের গৃহযুদ্ধের কারণ কি? এর পরিণতি কি হয়েছিল?

৩. 'গৌরবময় বিপ্লব' বলা হয় কেন? এই বিপ্লবের তাৎপর্য কি?

৪. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] পার্লামেন্টের 'শুচিতাবাদী' সদস্যরা কি চেয়েছিলেন?

[খ] রাজার সঙ্গে পার্লামেন্টের বিরোধে কোন্ ব্যাপারটা ছিল আসল?

[গ] গৃহযুদ্ধের সময় ইংলণ্ডের মানুষ কিসের ভিত্তিতে দুভাগে বিভক্ত হয়েছিল?

[ঘ] 'কমনওয়েলথ্' প্রকৃতপক্ষে কি ধরনের শাসন ছিল?

[ঙ] 'গৌরবময় বিপ্লব' কোন্ বছর অনুষ্ঠিত হয়?

[চ] গৌরবময় বিপ্লবের ফলে কে ইংলণ্ডের রাজা হন?

৫. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

[ক] স্টুয়ার্ট বংশীয় রাজারা কি নীতি অনুসারে দেশ শাসন করতেন?

[খ] প্রথম চার্লস্ কেন পার্লামেন্টের অধিবেশন ডাকতে বাধ্য হয়েছিলেন?

[গ] ইংলণ্ডের গৃহযুদ্ধে কারা রাজার পক্ষে দাঁড়িয়েছিলেন?

[ঘ] গৃহযুদ্ধে পার্লামেন্টকে কারা সমর্থন জানিয়েছিলেন?

[ঙ] অলিভার ক্রমওয়েল কে ছিলেন?

[চ] 'রাজতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা' বলতে কি বোঝ?

[ছ] দ্বিতীয় জেমস্-এর আমলে রাজার সঙ্গে পার্লামেন্টের কেন বিরোধ দেখা দিয়েছিল?

[জ] 'নিয়মানুগ রাজতন্ত্র' বলতে কি বোঝ?

৬ বন্ধনীর মধ্যে থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্যস্থান পূরণ কর:

[ক] —এর রাজত্বকালে ইংলণ্ডে গৃহযুদ্ধ শুরু হয় (প্রথম জেমস্/প্রথম চার্লস্/দ্বিতীয় জেমস্)। [খ] ইংলণ্ডের গৃহযুদ্ধে রাজা—হয়েছিলেন (জয়ী/পরাজিত/নিহত)। [গ] ক্রমওয়েল ইংলণ্ডের — ছিলেন (রাজা/রাষ্ট্রপতি/প্রোটেক্টর)। [ঘ] গৌরবময় বিপ্লবের মাধ্যমে — রাজবংশের উচ্ছেদ করা হয় (টিউডর/স্টুয়ার্ট)।

৭. নিম্নলিখিত বক্তব্যের মধ্যে কোন্‌টি সঠিক ও কোন্‌টি সঠিক নয় তা যথাক্রমে (√) ও (×) চিহ্ন দিয়ে নির্দেশ কর:—

[ক] স্টুয়ার্ট রাজারা প্রজাহিতৈষী ছিলেন। তাঁরা অন্যায়ভাবে প্রজাদের ওপর কর ধার্য করতেন না ( )। [খ] রাজার সঙ্গে পার্লামেণ্টের বিরোধে কর ধার্যের ব্যাপারটাই ছিল আসল ( )। [গ] রাজা প্রথম জেমস্-এর শিরশ্ছেদ করা হয়েছিল ( )। [ঘ] গৌরবময় বিপ্লবের মাধ্যমে পার্লামেণ্ট রাজার ওপরে স্থান পেয়েছিল ( )।

—



ষষ্ঠ অধ্যায়

মোগল শাসনাধীন ভারত : ইওরোপীয়দের ভারত-আগমন

ভৌগোলিক আবিষ্কার ও ধনসম্পদ সন্ধানের সূত্রে যেসব ইওরোপীয় অজানা দূর দেশে অভিযান চালিয়েছিল তাদের প্রধান নজর ছিল ভারতবর্ষের দিকে। ইওরোপ থেকে ভারতবর্ষে আসবার জলপথ পর্তুগীজরাই আবিষ্কার করে, আর সেইজন্য পর্তুগীজরাই প্রথম দলবেঁধে এদেশে এসে উপস্থিত হয়। ষোড়শ শতাব্দীতে ভারতে আগত পর্তুগীজদের আসল উদ্দেশ্য ছিল ব্যবসা-বাণিজ্য করা। এদেশ থেকে সস্তা দরে জিনিসপত্র কিনে চড়া দামে ইওরোপের বাজারে তা বিক্রী করে লাভের অঙ্ক বাড়ানো। ভারতবর্ষে স্থায়ী সাম্রাজ্য গড়ে তোলার কোনো উদ্দেশ্য তাদের ছিল না। কিন্তু প্রায় একই সময়ে স্থলপথে মধ্য-এশিয়া থেকে যে মোগলরা এদেশে এসেছিল তাদের উদ্দেশ্য ব্যবসা-বাণিজ্য ছিল না, তারা এসেছিল ভারতবর্ষে সাম্রাজ্য গঠনের স্বপ্ন নিয়ে। মোগলদের উদ্দেশ্য সফল হয়েছিল, ভারতবর্ষে মোগল সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়েছিল।

(১) **ভারতে মোগলদের আগমন : (ক) মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠা :** 'মোংগল' শব্দ থেকেই 'মোগল' বা 'মুঘল' কথাটির উৎপত্তি। সুলতানী আমলে মধ্য-এশিয়ার কয়েকজন মোংগল নেতা যেমন : চেঙ্গিজ খাঁ, তৈমুর লঙ প্রভৃতি ভারতবর্ষ আক্রমণ করে ত্রাসের সঞ্চার করেছিলেন। ষোড়শ শতাব্দীতে তৈমুর লঙ-এর জনৈক বংশধর ভারতবর্ষ আক্রমণ করে এদেশে মোগল সাম্রাজ্যের গোড়া পত্তন করেন। তাঁর নাম জহিরউদ্দীন মহম্মদ বাবর।

পঞ্চদশ শতাব্দী থেকেই দিল্লী সুলতানীর পতন শুরু হয়। অভ্যন্তরীণ গোলযোগ ও বহিঃশত্রুর আক্রমণে সুলতানী সাম্রাজ্য যখন পতনের দিকে ধাবমান তখন লোদী বংশের জনৈক সুলতান ইব্রাহিম লোদী দিল্লীর আশে-পাশে খানিকটা অঞ্চলে নিজ কর্তৃত্ব কোনরকমে টিকিয়ে রেখেছিলেন মাত্র। দুর্বলচেতা ইব্রাহিম লোদীর শাসনের অবসান ঘটানোর উদ্দেশ্যে দিল্লীর অভিজাত মুসলমানরা সেই সময় কাবুলের অধিপতি বাবর-এর সাহায্য প্রার্থনা করেন। বাবর ভারতবর্ষ জয় করবার এই সুযোগ ছাড়বার পাত্র ছিলেন না। ভারতবর্ষের বিপুল ঐশ্বর্য ও সম্পদের কথা তাঁর অজানা ছিল না। তাছাড়া ভারতবর্ষ জয়ের স্বপ্ন তিনি দীর্ঘদিন ধরেই দেখছিলেন। যাই হোক, পানি-পথের প্রথম যুদ্ধে (১৫২৬ খ্রী) বাবর ইব্রাহিম লোদীকে পরাজিত করে ভারতে মোগল শাসনের সূচনা করেন।

যোদ্ধা ও সেনাপতি হিসাবে বাবরের সুনাম ছিল। তাছাড়া বাবরের সৈন্যদলে ছিল কামান দ্বারা সুসজ্জিত এক বিশাল গোলন্দাজ বাহিনী। কামান ভারতীয় সেনাদের কাছে ছিল সম্পূর্ণ নতুন এক বস্তু। বাবরের কাছে সুলতানী সেনাবাহিনী তাই সহজেই পরাস্ত হয়। পানিপথের প্রথম যুদ্ধে জয়লাভ করে বাবর এদেশের ধনসম্পদ নিয়ে কাবুলে ফিরে যাননি। বরঞ্চ মোগলরা ভারতবর্ষকে নিজেদের দেশ মনে করে স্থায়ীভাবে এখানে বসবাস শুরু করে। এইভাবেই এদেশে মোগল শাসনের সূত্রপাত ঘটেছিল।

বাবরের মৃত্যুর পরে তাঁর জ্যেষ্ঠ পুত্র হুমায়ুন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। হুমায়ুন কিন্তু শান্তিতে রাজত্ব করতে পারেননি। প্রথম থেকেই তাঁকে নানা শত্রুর সম্মুখীন হতে হয়েছিল। এক সময় তাঁকে ভারতবর্ষ থেকে পালিয়ে গিয়ে সুদূর পারস্যে আশ্রয় নিতে হয়। বিহারের শাসনকর্তা আফগান বীর শের শাহ্‌'র কাছে যুদ্ধে পরাজিত হয়ে হুমায়ুন যখন পারস্যে চলে যান তখন মনে হয়েছিল হঠাৎ বুঝি ভারতে মোগল শাসনের অবসান ঘটল। কিন্তু শেষ পর্যন্ত তা হয়নি। কারণ শের শাহ্‌'র মৃত্যুর পরে হুমায়ুন আবার হারানো মোগল সাম্রাজ্যের পুনরুদ্ধার করতে সমর্থ হয়েছিলেন।

শের শাহ্‌ মাত্র পাঁচ বছর দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। এই অল্প সময়ের মধ্যেই তিনি বিজেতা ও শাসক হিসাবে সুনাম অর্জন করেন। একজন বিজেতা হিসাবে তিনি বেশ কয়েকটি রাজ্য জয় করেন এবং উত্তর, পশ্চিম ও পূর্ব ভারতের এক বিস্তীর্ণ অঞ্চল জুড়ে তাঁর শাসন-কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। শাসক হিসাবে শের শাহ্‌ রেখে গিয়েছেন প্রজাহিতৈষণার পরিচয়। প্রজাসাধারণের সুখ-স্বাচ্ছন্দ্যের প্রতি তিনি সর্বদা নজর রাখতেন। তাছাড়া রাজস্ব, বিচার ও প্রশাসনিক নানাবিধ সংস্কারের মাধ্যমে তিনি এক নতুন শাসন-কাঠামো গড়ে তুলেছিলেন।

আগেই বলেছি, শের শাহের দুর্বল বংশধরদের আমলে হুমায়ুন মোগল সাম্রাজ্যের পুনরুদ্ধার করতে সমর্থ হন। হুমায়ুনের পুত্র আকবর-এর আমলে মোগল সাম্রাজ্য এক সর্বভারতীয় রূপ গ্রহণ করেছিল।

(খ) মোগল সাম্রাজ্যের বিস্তার ঃ আকবরের বয়স যখন মাত্র তেরো

বছর তখনই তাঁকে মোগল সাম্রাজ্যের দায়িত্ব গ্রহণ করতে হয়েছিল। তবে প্রথম কয়েক বছর তিনি পিতা হুমায়ুনের জনৈক ঘনিষ্ঠ সহযোগী বৈরাম খাঁ-এর অভিভাবকত্বে ছিলেন। যাই হোক, সিংহাসন আরোহণের সময় আকবর নানাবিধ সমস্যার সম্মুখীন হয়েছিলেন। রাজ্যের সর্বত্র শক্তিশালী প্রাদেশিক শাসনকর্তারা নিজেদের স্বাধীন বলে ঘোষণা করতে ব্যস্ত। এদিকে শের শাহের জনৈক বংশধর আদিল শাহ্‌র সেনাপতি হিমু দিল্লী অধিকার করেছেন। পানিপথের দ্বিতীয় যুদ্ধে (১৫৫৬ খ্রী) আকবর হিমুকে পরাজিত করে দিল্লী পুনরুদ্ধার করেন।



আকবর

কয়েক বছর পরে আকবর রাজ্যবিস্তারে মনোনিবেশ করেন। দীর্ঘ চল্লিশ বছর ধরে ক্রমাগত যুদ্ধ-বিগ্রহ করে আকবর উত্তর ও দক্ষিণ-ভারতের বিভিন্ন রাজ্য মোগল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। আকবরের সাম্রাজ্য উত্তরে হিমালয় থেকে দক্ষিণে আহম্মদনগর এবং পশ্চিমে হিন্দুকুশ পর্বত থেকে পূর্বে ব্রহ্মপুত্র নদী পর্যন্ত বিস্তৃত ছিল। আকবর দূরদর্শিতার দ্বারা বুঝতে পেরেছিলেন যে, স্বাধীনচেতা রাজপুত জাতির সঙ্গে বন্ধুত্ব স্থাপন করলে মোগল সাম্রাজ্যের ভিত্তি সুদৃঢ় হবে। সেইজন্য তিনি রাজপুতদের অস্ত্রবলের পরিবর্তে মৈত্রীর দ্বারা জয় করতে উদ্যোগী হন। রাজপুতদের অধিকাংশই সম্রাট আকবরের আনুগত্য স্বীকার করেছিলেন। কিন্তু মেবারের রাণা প্রতাপসিংহ তা করতে অস্বীকার করেন। হলদিঘাটের যুদ্ধে (১৫৭৬ খ্রী) রাণা প্রতাপ পরাজিত হলেও আজীবন তিনি মোগলদের বিরুদ্ধে সংগ্রাম চালিয়েছিলেন। সম্রাট আকবর বহিঃশত্রুর আক্রমণ থেকে মোগল সাম্রাজ্যকে নিরাপদ রাখবার জন্য মধ্য-এশিয়া ও পারস্যের সুলতানদ্বয়ের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখেছিলেন। উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের দুর্ধর্ষ আফগান সম্প্রদায়গুলিকেও তিনি বশে এনেছিলেন। যাই হোক, সম্রাট



জাহাঙ্গীর



শাহ্‌জাহান

আকবর কেবল বিজেতা ও সাম্রাজ্যের সংগঠক হিসাবেই শ্রেষ্ঠত্বের পরিচয় দেননি, শাসক হিসাবেও তিনি সর্বাধিক প্রসিদ্ধ ছিলেন।

আকবরের মৃত্যুর (১৬০৫ খ্রী) পরে তাঁর পুত্র জাহাঙ্গীর মোগল সাম্রাজ্যের অধিপতি হন। তাঁর আমলে মোগল সাম্রাজ্য অক্ষুণ্ণ তো ছিলই, বরঞ্চ জাহাঙ্গীর মেবার-এর রাণা অমরসিংহ এবং বাংলার বিদ্রোহী বারভূঁইয়াদের দমনে সমর্থ হয়েছিলেন, যা আকবর তাঁর জীবদ্দশায় করতে পারেন নি। তবে জাহাঙ্গীরের রাজত্বকালে কান্দাহার সাম্রাজ্যচ্যুত হওয়ায় অর্থনৈতিক দিক দিয়ে মোগল সাম্রাজ্য খানিকটা ক্ষতিগ্রস্ত হয়েছিল। জাহাঙ্গীর শিখদের প্রতি কঠোর মনোভাব গ্রহণ করেছিলেন। জাহাঙ্গীরের বিদ্রোহী পুত্র খসরুকে সাহায্য করবার অপরাধে তিনি শিখদের অন্যতম গুরু অর্জনমলকে প্রাণদণ্ডে দণ্ডিত করেন। এই ঘটনার ফলে শিখজাতি মোগলদের চিরশত্রুতে পরিণত হয়।

জাহাঙ্গীরের মৃত্যুর পরে তাঁর পুত্র খুররম পিতৃসিংহাসন অধিকার করেন। খুররম 'শাহ্‌জাহান' নামেই সর্বাধিক প্রসিদ্ধ। সিংহাসনারোহণের পরে শাহ্‌জাহানকে নানা সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। বুন্দেলখণ্ডের জুঝর সিংহ ও দাক্ষিণাত্যের জাহান লোদীর বিদ্রোহ ব্যতীত সেই সময় পর্তুগীজ বণিকদের কার্যকলাপে দেশের শান্তি বিঘ্নিত হচ্ছিল। শাহ্‌জাহান বিচক্ষণতার সঙ্গে এদের প্রত্যেককে দমন করতে পেরেছিলেন। দক্ষিণ-ভারতের তিনটি রাজ্য—আহম্মদনগর, বিজাপুর ও গোলকুণ্ডা খুবই শক্তিশালী হয়ে উঠলে শাহ্‌জাহান এদের প্রতিরোধের জন্য স্বয়ং দাক্ষিণাত্যে উপস্থিত হন। শেষ পর্যন্ত তিনটি রাজ্যের অধিপতিই শাহ্‌জাহানের কাছে আত্মসমর্পণ করতে বাধ্য হয়েছিলেন।

শাহ্‌জাহান সংস্কৃতিসম্পন্ন ব্যক্তি ছিলেন। কাব্য, সঙ্গীত, স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে তাঁর গভীর অনুরাগ ছিল। শাহ্‌জাহানের শেষ বয়স কিন্তু খুবই দুঃখে কেটেছিল। বৃদ্ধ বয়সে অসুস্থ হয়ে পড়লে তাঁর চার পুত্রের মধ্যে সিংহাসনের উত্তরাধিকার নিয়ে এক রক্তক্ষয়ী সংগ্রাম শুরু হয়। শাহ্‌জাহানের চার পুত্র—দারা, সুজা, ঔরংজেব ও মুরাদ—এই চারজনের মধ্যে সিংহাসন নিয়ে ভ্রাতৃবিরোধ শুরু হলেও শেষ পর্যন্ত তা দুজনের মধ্যেই সীমিত হয়ে পড়েছিল। একপক্ষে ছিলেন দারা এবং অপর পক্ষে ঔরংজেব। বেশ কিছুদিন ধরে উভয়ের মধ্যে সংঘর্ষ চলবার পরে অবশেষে ঔরংজেব ভ্রাতৃবিরোধে জয়লাভ করেন। অতঃপর তিনি দিল্লীতে এসে শাহ্‌জাহানকে গৃহবন্দী করে নিজেকে 'সম্রাট' বলে ঘোষণা করেন। বন্দী অবস্থায়ই শাহ্‌জাহানের মৃত্যু হয় (১৬৬৬ খ্রী)।

মোগল সম্রাটদের অনুসৃত রাজ্যবিস্তার নীতি ঔরংজেবের আমলেও অক্ষুণ্ণ ছিল। ভ্রাতৃবিরোধের সুযোগ নিয়ে দেশের বিভিন্ন জায়গায় যারা বিদ্রোহী হয়ে উঠেছিল ঔরংজেব প্রথমে তাদের দমন করেন। তারপর তিনি মাড়বার রাজ্যের সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। দাক্ষিণাত্যের বিজাপুর ও গোলকুণ্ডা রাজ্যদ্বয় তাঁর আমলেই মোগল সাম্রাজ্যভুক্ত হয়েছিল। প্রসঙ্গত উল্লেখ্য, ঔরংজেবের রাজত্বকালেই মোগল সাম্রাজ্য বিস্তৃতির চরম সীমায়

পৌঁছেছিল। সেই সময় তার সীমানা ছিল উত্তরে হিমালয় থেকে দক্ষিণে কর্ণাটক এবং পশ্চিমে হিন্দুকুশ পর্বত থেকে পূর্বে চট্টগ্রাম। ঔরংজেব একজন গোঁড়া মুসলমান ছিলেন। শাসক হিসাবে তিনি এই ধর্মীয় গোঁড়ামির ঊর্ধ্বে উঠতে পারেননি বলে রাজপুত, জাঠ, মারাঠা, শিখ, বুন্দেলা প্রভৃতি



সম্প্রদায় তাঁর শত্রুতে পরিণত হয়েছিল। এইসব সম্প্রদায়ের বিদ্রোহ দমনের জন্য ঔরংজেবকে জীবনের শেষ দিন পর্যন্ত ব্যস্ত থাকতে হয়। ১৭০৭ খ্রীস্টাব্দে ঔরংজেব মৃত্যুমুখে পতিত হন।

(গ) মোগল শাসনের বৈশিষ্ট্য : মোগল শাসন-ব্যবস্থার বৈশিষ্ট্য ছিল, ভারতে প্রচলিত শাসন-পদ্ধতির সঙ্গে মধ্য-এশিয়া ও পারসিক শাসন-পদ্ধতির সমন্বয় সাধন। এই ধরনের শাসন-ব্যবস্থায় বাদশাহ্ ছিলেন সর্বক্ষমতা-

সম্পন্ন ব্যক্তি, যেমন ছিলেন এদেশের মোগল সম্রাটরা। তাঁর ক্ষমতা ছিল অপ্রতিহত। অপরের পরামর্শ নিলেও তা মানার ব্যাপারে কোনো বাধ্য-বাধকতা ছিল না। সম্রাট অবশ্য শাসনকার্য পরিচালনার ব্যাপারে ওয়াজির, বক্সী প্রভৃতি কর্মচারীর সাহায্য নিতেন। ওয়াজির (বা দেওয়ান) ছিলেন রাজকর্মচারীদের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ। তিনি সাম্রাজ্যের আয় ও ব্যয়ের হিসাব রাখতেন। বক্সী ছিলেন সামরিক বিভাগের প্রধান। সর্বপ্রধান বিচারকের নাম ছিল কাজী।

দু-চার কথায় মোগল শাসন-ব্যবস্থার সুফল সম্পর্কে বলতে গেলে, সেই আমলে ভারতের বিস্তীর্ণ এলাকা জুড়ে একই ধরনের শাসনবিধি প্রচলিত হয়। তাতে ভারতবর্ষ অন্ততঃ প্রশাসনিক দিক দিয়ে ঐক্যবদ্ধ হয়েছিল। তবে মোগল বাদশাহ্ স্বয়ং সব ক্ষমতার আধার হওয়ায় স্বৈরাচারী শাসনের দোষ-দুটি স্বাভাবিকভাবেই মোগল শাসন-ব্যবস্থায় বিদ্যমান ছিল।

(ঘ) মোগল আমলে ভারতবর্ষীয় সমাজ ঃ মোগল আমলে ভারতবর্ষীয় সমাজ ছিল সামন্ততান্ত্রিক। সম্রাট বাদে আমীর-ওমরাহ্‌রা ছিলেন অভিজাত সম্প্রদায়ের মানুষ। সামাজিক সম্মানের অধিকারী ছিলেন এঁরাই। দেশের সাধারণ মানুষের অধিকাংশই ছিল শ্রমজীবী মানুষ, কৃষক বা শ্রমিক। অভি-জাত সম্প্রদায়ের মানুষ আলস্যে ও বিলাস-ব্যসনে দিন কাটাতেন, অপরপক্ষে শ্রমজীবী মানুষেরা মাথার ঘাম পায়ে ফেলে দিন গুজরান করতো। এই দুই শ্রেণীর মধ্যবর্তী এক তৃতীয় সম্প্রদায়ের অস্তিত্ব মোগল যুগে ছিল যাদের 'মধ্যবিত্ত' বলা অসঙ্গত নয়। তবে ইওরোপে সেই সময়কার শক্তিশালী মধ্য-বিত্তদের সঙ্গে এদের কোনো তুলনাই চলে না। এদেশে দোকানদার, ব্যবসায়ী, চিকিৎসক প্রভৃতি ছিল মধ্যবিত্ত শ্রেণীভুক্ত। এঁদের আর্থিক সঙ্গতি নিতান্ত কম না থাকলেও তাঁরা বিলাসিতার বন্যায় গা ভাসাতেন না।

মোগল যুগে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মেয়েদের স্বাধীনতা আগেকার চেয়ে অনেক সঙ্কুচিত হয়ে পড়েছিল। হিন্দু-মুসলমান দুই সমাজেই নারীদের মধ্যে পর্দা-প্রথার প্রচলন ছিল। হিন্দু সমাজে সতীদাহ, বাল্য-বিবাহ প্রভৃতির ব্যাপক প্রচলন ছিল। সম্ভবতঃ বিদেশী আক্রমণের প্রতিক্রিয়াস্বরূপ কতকটা আত্মরক্ষার উপায় হিসাবে হিন্দুদের মধ্যে সামাজিক রীতিনীতির কঠোরতা দেখা দিয়েছিল। তবে সেই আমলে হিন্দু-মুসল-মানের মধ্যে সম্প্রীতির কোনো অভাব ছিল না।

(ঙ) মোগল অর্থনীতি ঃ মোগল আমলে অর্থনীতির মূল ভিত্তি ছিল কৃষিকাজ। কৃষিজাত পণ্যের মধ্যে গম, ধান, জোয়ার, আখ, নীল প্রভৃতি উল্লেখযোগ্য। কৃষিকাজ চিরাচরিত পদ্ধতিতেই চলতো। কৃষকদের চাষ-বাসের জন্য প্রকৃতির উপর নির্ভর করতে হ'ত বলে অতিবৃষ্টি ও অনাবৃষ্টিতে দুর্ভিক্ষের ঘটনা প্রায়শঃই ঘটতো। সরকারী আয়ের প্রধান উৎস ছিল ভূমি-রাজস্ব। উৎপন্ন ফসলের এক-তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশ রাজস্ব হিসাবে দিতে হ'ত। নগদ টাকাতেও খাজনা দেওয়া যেত। মোগল আমলে সরকারী ও বেসরকারী উদ্যোগে নানাবিধ শিল্প-প্রতিষ্ঠান গড়ে উঠেছিল বলে সম-সাময়িক তথ্য থেকে জানা যায়। শিল্পজাত দ্রব্যের মধ্যে বস্ত্র ছিল প্রধান।

ইওরোপের বাজারে ভারতীয় দ্রব্যসামগ্রী যেমন : নীল, সোরা, চিনি প্রভৃতির চাহিদা ছিল প্রচুর। বিদেশ থেকে আমদানীকৃত দ্রব্য-সামগ্রীর মধ্যে চীনামাটির বাসন, রুপা, মূল্যবান পাথর প্রভৃতি উল্লেখযোগ্য। সুরাট, ব্রোচ, ক্যাম্বে, বেসিন, কালিকট, গোয়া, চট্টগ্রাম, হুগলী, সপ্তগ্রাম ও অন্যান্য বন্দরের মাধ্যমে আমদানি ও রপ্তানী বাণিজ্য চলতো।

(চ) মোগল আমলে ভারতীয় সংস্কৃতি : মোগল আমলের সংস্কৃতি প্রবাদে পরিণত হয়েছে। কেবল শিল্পসৃষ্টির দিক দিয়েই নয়, শিক্ষা ও সাহিত্যের ক্ষেত্রেও মোগলযুগ অসাধারণ উন্নতি করেছিল। মোগল শিল্পকলার সবচেয়ে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হ'ল ভারতীয় ও পারসিক শিল্পরীতির সার্থক সমন্বয়। স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষক হিসাবে সম্রাট শাহ্‌জাহান ছিলেন শ্রেষ্ঠ। তাঁর আমলে নির্মিত প্রাসাদ ও স্মৃতিসৌধগুলির মধ্যে তাজমহল, দেওয়ান-ই-আম, দেওয়ান-ই-খাস প্রভৃতি স্থাপত্যশিল্পের শ্রেষ্ঠ নিদর্শন। মোগল সম্রাটদের প্রায় সকলেই বিদ্যানুরাগী ছিলেন। তবে শিক্ষা প্রসারের ক্ষেত্রে আকবরের কৃতিত্ব সবচেয়ে বেশী। তিনি এই উদ্দেশ্যে একাধিক গ্রন্থাগার স্থাপন করেন ; এবং আগ্রা ও ফতেপুর সিক্রীতে উচ্চশিক্ষার আয়োজন করেন। জাহাঙ্গীর বহু পুরাতন মাদ্রাসা ও হিন্দু পাঠশালার সংস্কারের জন্য বিপুল অর্থ ব্যয় করেছিলেন বলে জানা যায়। মোগল দরবারে জ্ঞানী-গুণী ও পণ্ডিত ব্যক্তিমাত্রেই সমাদৃত হতেন।

(ছ) মোগল আমলে কয়েকজন বিদেশী পর্যটক : মোগল আমলে যেসব ইওরোপীয় পর্যটক এদেশে এসেছিলেন তাঁদের ভ্রমণ-বৃত্তান্ত থেকে সমসাময়িক ভারতবর্ষ সম্পর্কে অনেক তথ্য জানা যায়। ইওরোপীয় পর্যটকদের মধ্যে কয়েকজনের নাম বিশেষভাবে উল্লেখ করা যেতে পারে, যেমন : স্পেনীয় সন্ন্যাসী মান্‌রিক, ইতালীয় পিয়েত্রো ডেলাভেলা ; ইংরেজ পর্যটক হকিন্স ও স্যার টমাস রো, বার্টন, কার্টরাইট প্রভৃতি ; এবং ফরাসী পর্যটক বের্ণিয়ে, তেভার্ণিয়ে, থেবেনো প্রমুখ। মান্‌রিক তাঁর বিবরণীতে বঙ্গদেশের মানুষের ধর্মীয় আচার-আচরণের কথা বিশেষভাবে উল্লেখ করেছেন। ডেলাভেলা এদেশের মানুষের ধর্মীয় স্বাধীনতা লক্ষ্য করে মুগ্ধ হয়েছিলেন। হকিন্স সাহেবের ভ্রমণ-কাহিনীতে সমসাময়িক ভারতীয় অর্থনীতির দিকটা ফুটে উঠেছে। স্যার টমাস রো ইংলণ্ডের রাজা প্রথম জেমস্‌-এর ব্যক্তিগত দূত হিসাবে জাহাঙ্গীরের রাজসভায় উপস্থিত হন। তিনি সম্রাটের কাছ থেকে ইংরেজ ব্যবসায়ীদের জন্য অনেক সুযোগ-সুবিধা আদায় করেছিলেন। বার্টন ও কার্টরাইট বঙ্গদেশ ও উড়িষ্যায় দীর্ঘদিন বসবাস করেন। বার্টন বাঙালী সম্পর্কে মন্তব্য করেছেন যে, তারা যেকোনো কলা-কৌশল নিখুঁতভাবে অনুসরণ করতে পারে। ফরাসী পর্যটকদের মধ্যে তেভার্নিয়ের বিবরণী সবচেয়ে মূল্যবান। আর বের্ণিয়েকে ঔরংজেবের রাজত্বকালের একজন প্রামাণিক লেখক হিসাবে গণ্য করা হয়। যাই হোক, ইওরোপীয় পর্যটকদের প্রায় সকলেই মোগল ভারতের ঐশ্বর্য ও সম্পদের কথা একবাক্যে স্বীকার করেছেন। বের্ণিয়ে তাঁর বিবরণীতে বলেছেন যে মোগলদরবারের ঐশ্বর্য ও আড়ম্বরের তুলনা নেই। দেশের ধনসম্পদ যেমন ছিল প্রচুর, ব্যবসা-বাণিজ্যেও দেশ তেমনি ছিল উন্নত।

(২) মোগল সাম্রাজ্যের পতনের দিনগুলি : ইতিহাসে একটা প্রচলিত কথা আছে যে মানুষের যেমন জন্ম ও মৃত্যু হয়, সাম্রাজ্যেরও তেমনি উত্থান ও পতন আছে। বাস্তবিকপক্ষে কোনো মানুষ যেমন চিরকাল বেঁচে থাকে না, পৃথিবীর ইতিহাসে তেমনি কোনো সাম্রাজ্যই চিরস্থায়ী হয়নি। পৃথিবীর অন্যান্য জায়গা বাদ দিলেও ভারতবর্ষেই কত সাম্রাজ্য গড়ে উঠেছে আবার নিশ্চিহ্নও হয়ে গিয়েছে। মোগল সাম্রাজ্যের ক্ষেত্রেও এই নিয়মের ব্যতিক্রম ঘটেনি। ঔরংজেবের মৃত্যুর (১৭০৭ খ্রী) পঞ্চাশ বছরের মধ্যেই শক্তিশালী মোগল সাম্রাজ্যের পতন ঘটেছিল। ১৭৫৭ খ্রীস্টাব্দে পলাশীর যুদ্ধে বাংলার নবাবকে পরাজিত করে বিদেশী এক বাণিজ্য প্রতিষ্ঠান, ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি মোগল সাম্রাজ্যের এক ক্ষুদ্র অংশ বাংলা দেশে রাজনৈতিক ক্ষমতা দখল করেছিল।

উত্তরাধিকার-সংক্রান্ত যুদ্ধ মোগল সাম্রাজ্যের এক দুরারোগ্য ব্যাধিতে পরিণত হয়েছিল। অধিকাংশ মোগল বাদশাহের মৃত্যুর পরে, অনেক সময় আগেও, তাঁর পুত্রদের মধ্যে সিংহাসন নিয়ে কাড়াকাড়ি পড়ে যেত এবং তা থেকে শুরু হ'ত সংঘর্ষ। ঔরংজেবের মৃত্যুর পরেও ঠিক তাই হয়েছিল। শেষ পর্যন্ত তাঁর দ্বিতীয় পুত্র প্রথম বাহাদুর শাহ্ অপরাপর ভ্রাতাদের যুদ্ধে পরাজিত করে দিল্লীর সিংহাসন অধিকার করেন। শাসনকার্য পরিচালনায় বাহাদুর শাহ্ তেমন দক্ষতার পরিচয় দিতে পারেন নি। তাছাড়া সেই সময় মোগল সাম্রাজ্য যে নিদারুণ আর্থিক সঙ্কটে পড়েছিল তা কাটিয়ে ওঠাও সম্রাটের পক্ষে সম্ভব হয়নি।

বাহাদুর শাহের মৃত্যুর পরে একের পর এক অকর্মণ্য সম্রাটরা দিল্লীর সিংহাসনে আসীন হন। তাঁদের আমলে স্বার্থপর মোগল অভিজাতরা ক্রমাগত শক্তি সঞ্চয় করে কয়েকটি গোষ্ঠীতে বিভক্ত হয়ে পড়েন। এইসব গোষ্ঠীর একমাত্র উদ্দেশ্য ছিল কিভাবে ক্ষমতা ও অর্থ বাড়ানো যায়। বিভিন্ন গোষ্ঠীর মধ্যে বিবাদ ও সংঘর্ষ সর্বদাই লেগে থাকতো। এর ফলে দেশের অভ্যন্তরীণ সংহতি বিনষ্ট হয়ে সাম্রাজ্যটি ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যাচ্ছিল। আবার কেন্দ্রীয় শক্তির দুর্বলতার সুযোগে বিভিন্ন সম্প্রদায় যেমন : মারাঠা, জাঠ, শিখ প্রভৃতি নিজ নিজ এলাকায় যথেষ্ট শক্তিশালী হয়ে উঠেছিল, সাম্রাজ্যের ঐক্যের পক্ষে যা নাকি ভীষণভাবে ক্ষতিকর। অষ্টাদশ শতাব্দীতে মোগল সাম্রাজ্যের এইসব দুর্বলতার সুযোগ নিয়েই ইংরেজরা এদেশে তাদের রাজনৈতিক উদ্দেশ্য সাধন করতে পেরেছিল।

কেন্দ্রীয় শক্তির দুর্বলতার সুযোগে প্রাদেশিক শাসনকর্তারা যে স্ব স্ব প্রধান হয়ে উঠেছিলেন বাংলার নবাব মুর্শিদকুলী খান, আলিবর্দী খান প্রমুখ তাঁদের অন্যতম। বাংলা দেশে যেসব বিদেশী কোম্পানি ব্যবসা-বাণিজ্য করছিল তাদের মধ্যে ইংরেজরাই ছিল প্রধান। ইংরেজরা তাদের বাণিজ্যের স্বার্থে বাংলার নবাবের সঙ্গে সংঘর্ষে নেমেছিল। শেষ পর্যন্ত ১৭৫৭ খ্রীস্টাব্দে ইংরেজ কোম্পানি নবাব সিরাজউদৌল্লার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এই যুদ্ধে পরাজিত হওয়ায় বাংলার নবাব তাঁর স্বাধীন ক্ষমতা হারিয়ে ইংরেজ কোম্পানির একজন তল্পীবাহকে পরিণত হন। নবাবকে পরাজিত করে

ইংরেজরা বাংলা দেশে যে রাজনৈতিক প্রাধান্যের সূচনা করে। ক্রমে তা সমগ্র ভারতে ছড়িয়ে পড়ায় গোটা দেশই ইংরেজদের কবলিত হয়।

(৩) **ইওরোপীয় বণিকদের ভারত আগমন** : ১৪৯৮ খ্রীস্টাব্দে পর্তুগীজ নাবিক ভাস্কো-ডা-গামা উত্তমাশা অন্তরীপ ঘুরে ভারতের পশ্চিম উপকূলে অবস্থিত কালিকট বন্দরে এসে উপস্থিত হন। সেই সময় থেকে উনবিংশ শতাব্দীতে সুয়েজ খাল কাটা পর্যন্ত এই পথেই ভারতবর্ষের সঙ্গে ইওরোপের ব্যবসা-বাণিজ্য চলতো। যাই হোক, ভাস্কো-ডা-গামার আবিষ্কৃত জলপথ ধরে কেবল পর্তুগীজ বণিকরাই এদেশে আসেনি। একে একে ইওরোপের অন্যান্য দেশ যেমন : হল্যান্ড, ইংলন্ড, ফ্রান্স প্রভৃতি থেকেও বণিক দল এদেশে এসে উপস্থিত হয় ব্যবসা-বাণিজ্যের লোভে।

ভারতবর্ষে পর্তুগীজ বণিকরা প্রথম উপস্থিত হয়েছিল বলে দীর্ঘদিন পর্যন্ত তারা এদেশের বহির্বাণিজ্য একচেটিয়া করে রেখেছিল। কোচিন, গোয়া, দমন, দিউ প্রভৃতি বন্দরে পর্তুগীজরা তাদের বাণিজ্য-কুঠি গড়ে তোলে। ডাচ্ বণিকরা সুরাট, ক্যাম্বে, আমেদাবাদ, চুঁচুড়া, পাটনা প্রভৃতি বন্দর থেকে তাঁদের ব্যবসা-বাণিজ্য চালাতো।

পর্তুগীজরা ভারতবর্ষে ব্যবসা-বাণিজ্য করে যে প্রচুর মুনাফা লুটছিল ইংরেজ বণিকদের তা অজানা ছিল না। কিন্তু শক্তিশালী নৌবাহিনী না থাকার ফলে সপ্তদশ শতাব্দীর আগে ইংরেজরা এদেশে আসতে পারেনি। ১৬০০ খ্রীস্টাব্দে ইংলন্ডের ইস্ট ইন্ডিয়া কোম্পানি তদানীন্তন ইংলন্ডের রাণী এলিজাবেথ-এর কাছ থেকে প্রাচ্য দেশগুলোর সঙ্গে ব্যবসা-বাণিজ্য চালাবার অনুমতি পেয়ে ভারতবর্ষের দিকে রওয়ানা হয়। হকিন্স নামে জনৈক ইংরেজ নাবিক মোগল সম্রাট জাহাঙ্গীরের কাছ থেকে ইস্ট ইন্ডিয়া কোম্পানির জন্য এদেশে কিছু বাণিজ্য-সংক্রান্ত সুযোগ-সুবিধা আদায় করেছিলেন (১৬০৯ খ্রী)। ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি সুরাট-এ প্রথম তাদের বাণিজ্য কুঠি স্থাপন করে। কিন্তু পর্তুগীজদের বিরোধিতার দরুন প্রথম দিকে ইংরেজরা এদেশে তেমন সুবিধে করতে পারেনি।

সত্যি কথা বলতে কি বিভিন্ন দেশের যেসব বণিক দল এদেশে এসেছিল তাদের প্রত্যেকেই চাইছিল অন্যান্যদের তাড়িয়ে দিয়ে ভারতবর্ষের সঙ্গে একচেটিয়াভাবে ব্যবসা করতে। স্বভাবতঃই ইওরোপীয় বণিকদের মধ্যে প্রথমে বিবাদ এবং পরে তা থেকে সংঘর্ষ শুরু হয়। দুর্বল মোগল বাদশাহরা দূরদর্শিতার অভাবহেতু বিদেশী বণিকদের নিয়ন্ত্রণ করতে বা তাদের পরস্পরকে সংঘর্ষ থেকে বিরত রাখতে পারেন নি।

ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সঙ্গে পর্তুগীজ ও ডাচ্ উভয়েরই বিবাদ শুরু হয়। ইংলন্ডরাজের দূত স্যার টমাস রো জাহাঙ্গীরের কাছ থেকে ইস্ট ইন্ডিয়া কোম্পানির জন্য আরও অনেক সুযোগ-সুবিধা আদায় করায় (১৬১৫ খ্রী) পর্তুগীজরা খুবই বিরক্ত হয় এবং ইংরেজ বণিকদের প্রতি তাদের আক্রোশ বেড়ে যায়। এই সূত্রে ১৬২০ খ্রীস্টাব্দে ইংরেজ ও পর্তুগীজদের মধ্যে এদেশে যে সংঘর্ষ শুরু হয় তা প্রায় দশ বছর স্থায়ী হয়েছিল। এই যুদ্ধে শেষ পর্যন্ত ইংরেজরা জয়ী হওয়ায় গোয়া, দমন ও দিউ ব্যতীত সব কটি বাণিজ্যকেন্দ্র

পর্তুগীজদের হাতছাড়া হয়েছিল। ইংরেজ-ডাচ্ সংঘর্ষেও ইংরেজরা জয়ী হয়েছিল। ইংরেজদের সঙ্গে এ'টে উঠতে না পেরে ডাচ্‌রা তাদের ব্যবসা-বাণিজ্য গুটিয়ে ফেলে। পরে ১৭৫৯ খ্রীস্টাব্দে বিদেরা'র যুদ্ধে ডাচ্‌রা পরাজিত হওয়ায় এদেশে তাদের ব্যবসা-বাণিজ্যের অবসান ঘটে। ডেনমার্কের দিনেমার বণিকরা শ্রীরামপুর ও দক্ষিণ-ভারতে দুটি বাণিজ্য-কুঠি স্থাপন করেছিল। কিন্তু এদেশে ব্যবসা-বাণিজ্যে তেমন সুবিধা করতে না পেরে দিনেমার বণিকরা ইংরেজদের কাছে তাদের কুঠি বিক্রী করে চলে যায়।

সপ্তদশ শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যেই ইংরেজ বণিকরা তাদের অপরাপর প্রতিদ্বন্দ্বী বণিকগোষ্ঠীকে পরাজিত করে ভারতবর্ষে শক্তিশালী হয়ে ওঠে। কিন্তু এই সময়ে তারা এক নতুন প্রতিদ্বন্দ্বীর সম্মুখীন হয়। এই নতুন প্রতিদ্বন্দ্বী হ'ল ফরাসী ইস্ট ইণ্ডিয়া কোম্পানি।* চন্দননগর ও পণ্ডিচেরীতে ফরাসী বণিকরা দুটি শক্তিশালী বাণিজ্য-কুঠি গড়ে তুলেছিল।

প্রায় কুড়ি বছর ধরে ফরাসী ও ইংরেজ বণিকদের মধ্যে কেবল এদেশের ব্যবসা-বাণিজ্য ও সম্পদ নিয়েই নয়, রাজনৈতিক প্রভুত্ব নিয়েও লড়াই চলতে থাকে। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে সামুদ্রিক প্রাধান্য বিস্তার করা নিয়ে ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে ইওরোপে যুদ্ধ বাধলে তার জের টেনে ইংরেজ ও ফরাসী বণিকদের মধ্যে ভারতবর্ষের মাটিতে সংঘর্ষ শুরু হয়। মোগল সাম্রাজ্যের পতনের পরিপ্রেক্ষিতে ভারতবর্ষে এই ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল। কারণ মোগল সাম্রাজ্যের ক্রমশ পতনের সুযোগে ইংরেজ ও ফরাসী বণিক দল, কে এদেশে কত সুবিধা আদায় করে নিতে পারে সেই প্রশ্ন বড় হয়ে দেখা দিয়েছিল।

ভারতবর্ষে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব থেকে যে যুদ্ধের সূচনা হয় তা সাধারণ ভাবে 'কর্ণাটের যুদ্ধ' নামে পরিচিত। কারণ দাক্ষিণাত্যের কর্ণাট অঞ্চলে এই যুদ্ধ সংঘটিত হয়েছিল। সেই সময় অনৈক্য ও বিভেদ ভারতের রাজনৈতিক চিত্রে পরিণত হয়। বিভিন্ন জায়গায় স্থানীয় নৃপতিরা স্ব স্ব প্রধান হয়ে ওঠেন। তাঁরা বিদেশী বাণিজ্য-প্রতিষ্ঠানগুলোর অন্যায় আধিপত্য স্থাপনের প্রচেষ্টাকে বাধা দিতে পারেন নি, অবশ্য বাধা দানের মত যথেষ্ট শক্তি বা ইচ্ছা কোনোটাই তাঁদের ছিল না। এমতাবস্থায় ইংরেজ ও ফরাসী বণিকরা দেশীয় রাজ্যগুলোর অভ্যন্তরীণ বিবাদে মনোমত পক্ষ অবলম্বন করে পরস্পর প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হয়। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কর্ণাটের যুদ্ধ পরিসমাপ্তিতে দেখা গেল, ফরাসী বণিকদল ইংরেজ কোম্পানির কাছে পরাজিত হয়ে আত্মসমর্পণ করছে। ১৭৬৩ খ্রীস্টাব্দে উভয়ের মধ্যে যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয় তার সর্ত অনুসারে ফরাসীরা এই মর্মে প্রতিশ্রুতি দিয়েছিল যে, ভবিষ্যতে তারা এদেশে ব্যবসা-বাণিজ্য ব্যতীত আর রাজনীতিতে অংশ গ্রহণ করবে না। এইভাবে ইংরেজ ইস্ট ইণ্ডিয়া কোম্পানি অপরাপর বণিক দলকে পরাজিত করে এদেশে রাজনৈতিক প্রাধান্য স্থাপনের পথ পরিষ্কার করেছিল।

---

* ইংলণ্ড ও ফ্রান্স দু'দেশের বাণিজ্য-প্রতিষ্ঠানের নাম ছিল একই 'ইস্ট ইণ্ডিয়া কোম্পানি'।

(৪) **মারাঠা শক্তির উত্থান ও ক্রমবিস্তার :** শিবাজীর নেতৃত্বে মারাঠাদের জাগরণ ভারত-ইতিহাসের এক গুরুত্বপূর্ণ অধ্যায়। মোগল সম্রাট ঔরংজেবের রাজত্বকালেই শিবাজী দক্ষিণ-ভারতে মোগল শক্তির প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠেন। ঔরংজেব শত চেষ্টা করেও মারাঠাদের বশে আনতে পারেননি। ১৬৭৪ খ্রীস্টাব্দে শিবাজী নিজের অভিষেক করে মোগল বাদশাহকে দেখালেন যে তিনি স্বাধীন রাজা—তাঁর অধীন প্রজারা তাঁকেই রাজা বলে মানে, অন্য কারো প্রভুত্ব তারা স্বীকার করে না। শিবাজী মারাঠা জাতিকে ঐক্যবদ্ধ করে কেবল রাজ্যই গঠন করেননি, রাজ্যের সর্বত্র সুশাসন প্রবর্তন করে এবং শক্তিশালী সামরিক সংগঠন গড়ে তুলে নবগঠিত মারাঠা রাজ্যকে দৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত করেছিলেন। সেই কারণে বলা যেতে পারে যে, মোগল সাম্রাজ্যের পতনের ফলে ভারতবর্ষে যে রাজনৈতিক শূন্যতা দেখা দিয়েছিল তা পূরণ করবার মত শক্তি ও ক্ষমতা একমাত্র মারাঠাদেরই ছিল। কিন্তু শিবাজীর পরবর্তী কালে মারাঠা প্রধানদের মধ্যে অনৈক্য ও স্বার্থের দ্বন্দ্বের ফলে মারাঠারা দুর্বল হয়ে পড়েছিল। তা সত্ত্বেও মারাঠারা পতনোন্মুখ মোগল সাম্রাজ্যকে বারবার আঘাত করে তার ধ্বংস-যজ্ঞ সম্পূর্ণ করে। তাছাড়া কয়েকজন শক্তিশালী মারাঠা প্রধানের নেতৃত্বে মারাঠারা এক বিশাল সাম্রাজ্য গঠনে সমর্থ হয়।

শিবাজীর জীবদ্দশায় ঔরংজেব মারাঠাদের এতটুকু ক্ষতি করতে পারেন নি। কিন্তু শিবাজীর মৃত্যুর পরে তাঁর পুত্র শম্ভুজীকে হত্যা করে এবং পৌত্র শাহুকে কারারুদ্ধ করে তিনি মারাঠাদের নিঃসন্দেহে দুর্বল করে দিয়েছিলেন। এই সময় অবশ্য রাজারাম ও তাঁর পত্নী তারাবাঈ-এর নেতৃত্বে মারাঠারা মোগলদের বিরুদ্ধে যে সংগ্রাম চালিয়েছিল তা নিঃসন্দেহে প্রশংসনীয়।

ঔরংজেবের মৃত্যুর পরে মারাঠাদের মধ্যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা ও অন্তঃকলহ শুরু হয়। এর মূলে কিন্তু ছিল এই মোগলরাই। কারণ ঔরংজেবের মৃত্যুর সংগে সংগে শাহুকে কারামুক্ত করা হয়। মোগলদের উদ্দেশ্য ছিল, শাহু আঠারো বছর পরে নিজ রাজ্যে ফিরে গিয়ে নিজ কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে চাইলে তারাবাঈ-এর সংগে বিবাদ অনিবার্য হয়ে উঠবে। আর তাতে মারাঠারা আরও দুর্বল হবে। যাই হোক, শাহু স্বদেশে ফিরে এলে মারাঠারা দু'দলে বিভক্ত হয়ে পড়ে। একদল দাঁড়ায় তারাবাঈ-এর পক্ষে, আর অপর দল শাহুকে সমর্থন করে। এই মারাঠা গৃহযুদ্ধের মধ্য দিয়ে যে পেশোয়াতন্ত্রের উৎপত্তি ঘটেছিল তা শেষ পর্যন্ত মারাঠা রাজ্যের পতনকে রোধ করে তাকে স্বমহিমায় পুনঃপ্রতিষ্ঠিত করে।

তারাবাঈ-এর সংগে যুদ্ধে শাহু জয়লাভ করেন। এর প্রধান কারণ ছিল এই যে, শাহু বালাজী বিশ্বনাথ নামে জনৈক প্রতিভাবান ব্যক্তির সাহায্য ও সমর্থন লাভ করেন। শাহু অতঃপর তাঁকেই পেশোয়া পদে নিয়োগ করেন। মারাঠা রাজ্যের প্রধানমন্ত্রীকে 'পেশোয়া' বলা হ'ত। বালাজী বিশ্বনাথের আমল থেকে মারাঠা শাসন-ব্যবস্থায় রাজার পরিবর্তে পেশোয়াই সর্বেসর্বা হয়ে ওঠেন, আর রাজা যবনিকার অন্তরালে চলে যান। এইভাবে মারাঠা প্রশাসনে যে

নীরব বিপ্লব অনুষ্ঠিত হয় তা-ই 'পেশোয়াতন্ত্র' নামে খ্যাত। বালাজী বিশ্বনাথ, তাঁর পুত্র প্রথম বাজীরাও এবং পৌত্র বালাজী বাজীরাও—এই প্রথম তিনজন পেশোয়ার আমলে মারাঠা রাজ্য সাম্রাজ্যে পরিণত হয় এবং ভারতীয় রাজনীতিতে তা এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে।

প্রথম তিনজন পেশোয়া পতনোন্মুখ মোগল সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে ভারতের এক বিস্তীর্ণ অঞ্চলে মারাঠা প্রাধান্য বিস্তার করতে সমর্থ হন। এমনকি, এক সময় পেশোয়ারা মোগল সম্রাটকে তাঁদের হাতের পুতুলে পরিণত করেছিলেন। পেশোয়া বালাজী বাজীরাওয়ের আমলেই মারাঠা রাজ্য বিস্তৃতির চরম সীমায় পৌঁছেছিল। সেই সময় মারাঠা রাজ্যের পূর্ব সীমা ছিল বিহার ও উড়িষ্যা আর উত্তরে পাঞ্জাব পর্যন্ত। কিন্তু পানিপথের তৃতীয় যুদ্ধে (১৭৬১ খ্রী) আহম্মদ শাহ্ আবদালীর কাছে মারাঠারা পরাজিত হওয়ায় অন্ততঃ সাময়িকভাবে মারাঠারা শক্তিহীন হয়ে পড়েছিল।

পানিপথের তৃতীয় যুদ্ধের পরে পেশোয়া দ্বিতীয় মাধব রাও অল্পদিনের মধ্যেই মারাঠাদের পুনরায় শক্তিশালী করে তুলতে উদ্যোগী হয়েছিলেন। কিন্তু তাঁর মৃত্যুর পরে আবার মারাঠাদের দুর্দিন শুরু হয়। এই সময়ে ভারতীয় রাজনীতিতে গুরুতর পরিবর্তন দেখা দিয়েছিল। ইংরেজরা তখন দেশীয় শক্তিকে পদানত করে ভারতে রাজনৈতিক প্রাধান্য স্থাপনে প্রয়াসী হয়েছে। এই সূত্রে মারাঠাদের সঙ্গে ইংরেজদের বেশ কয়েকবার সংঘর্ষ বেঁধেছিল।

(৫) শিখ শক্তির উত্থান : মধ্যযুগে যেসব ধর্মপ্রচারক সর্বজনীন সহনশীলতার বাণী প্রচার করে হিন্দু-মুসলমান সম্প্রীতির পথ প্রশস্ত করেছিলেন তাঁদের মধ্যে গুরু নানক অন্যতম। গুরু নানকের অনুগামীরা 'শিখ' (অর্থাৎ গুরুর শিষ্য) নামে পরিচিত। শিখরা মূলতঃ একটি ধর্মীয় সম্প্রদায় হলেও তাদের প্রতি মোগলরা যে বিদ্বেষপূর্ণ মনোভাব গ্রহণ করেছিল তার ফলে শিখরা ক্রমে এক সামরিক সম্প্রদায়ে পরিণত হয়। শিখরা মোগলদের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে তীব্র সংগ্রামে লিপ্ত ছিল। পরবর্তী কালে রণজিৎ সিংহ শিখদের ঐক্যবদ্ধ করে এক শক্তিশালী শিখ রাজ্য গঠন করেন।

নানকের পরে আরও নয় জন গুরু পর পর শিখ সম্প্রদায়ের নেতৃত্ব দিয়েছিলেন। পঞ্চম গুরু অর্জনমল-এর প্রতি মোগল সম্রাট জাহাঙ্গীরের অবিচার ও অত্যাচার শিখ সম্প্রদায়কে মোগলদের চিরশত্রুতে পরিণত করে ; এবং ষষ্ঠ গুরু হরগোবিন্দ'র নেতৃত্বে শিখরা উগ্রপন্থী যোদ্ধা হিসাবে আত্মপ্রকাশ করে। আর দশম গুরু গোবিন্দ সিংহ'র আমলে শিখরা এক দুর্ধর্ষ সামরিক সম্প্রদায়ে পরিণত হয়। গুরু গোবিন্দ সিংহ ঘোষণা করেছিলেন যে, কেবল ধর্মপ্রচার নয়, অত্যাচারী ও পাপাচারীদের নির্মূল করবার জন্যই ঈশ্বর তাঁকে প্রেরণ করেছেন। তাঁর মূলমন্ত্র ছিল দুটি : মোগলদের বিরোধিতা এবং সামরিক সংগঠন।

গুরু গোবিন্দ সিংহ শিখদের সুসংহত শক্তিতে পরিণত করবার উদ্দেশ্যে 'খাল্সা', অর্থাৎ ধর্মের ভিত্তিতে এক সামরিক সংগঠন গড়ে তোলেন। আরবী শব্দ 'খাল্সা' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ 'পবিত্র' বা 'স্বাধীন'। তিনি একটি

তরবারির সাহায্যে জল আলোড়িত করে সেই জল পানের মাধ্যমে দীক্ষা দানের নতুন পদ্ধতির প্রচলন করেন। এই দীক্ষা-পদ্ধতি 'পাহুল' নামে পরিচিত। খাল্‌সা'র সদস্যরা প্রত্যেকে 'সিংহ' আখ্যা লাভ করতেন। তামাক সেবন ও জাতিভেদ প্রথাকে নিষিদ্ধ করা হয়। তাছাড়া 'খাল্‌সা'র সদস্যদের পঞ্চ 'ক' ধারণ বাধ্যতামূলক করা হয়। পঞ্চ 'ক' বলতে বোঝাত : 'কেশ' (লম্বা চুল) কৃপাণ (তরবারি), কচ্ছ (হাঁটু পর্যন্ত পরিধান), 'কঙ্গ' (চিরুণি) এবং 'কড়া' (লোহ বলয়)। এইসব বাহ্যিক আচার-অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে সৈন্য সংগঠন ও দুর্গ নির্মাণ পুরোদমে চলতে থাকে। এইভাবে গুরু গোবিন্দ সিংহ ধর্মীয় শিখ সম্প্রদায়কে সামরিক সম্প্রদায়ে পরিণত করেন।

গুরু গোবিন্দ সিংহ ছিলেন শিখদের দশম ও সর্বশেষ গুরু। তাঁর মৃত্যুর পরে বান্দা নামে জনৈক সাহসী ও বীর যোদ্ধা শিখদের নেতৃত্ব গ্রহণ করেন। বান্দা ইতিহাসে 'বান্দা বাহাদুর' নামেই সমধিক প্রসিদ্ধ। তিনি দীর্ঘ আট বছর ধরে মোগলদের বিরুদ্ধে সংগ্রাম চালিয়েছিলেন। বান্দা বাহাদুরের মৃত্যু হলে যোগ্য নেতৃত্বের অভাবে শিখরা দুর্বল হয়ে পড়েছিল। ক্রমে তারা বারোটি 'মিসল্' বা দলে বিভক্ত হয়ে পড়ে। এক একজন শক্তিশালী নেতার অধীন মিস্‌লগুলোর প্রত্যেকটিই ছিল স্বাধীন। মিস্‌লগুলোর মধ্যে কোনো একতা ছিল না, সর্বদাই পরস্পরের মধ্যে ঝগড়া-বিবাদ লেগে থাকতো। অষ্টাদশ শতাব্দীর শেষ দিকে রণজিৎ সিংহ নামে জনৈক শিখ নেতা বিভিন্ন উপদলে বিভক্ত শিখদের ঐক্যবদ্ধ করেন এবং পরাক্রান্ত শিখ রাজ্য গঠনে সমর্থ হন।

শিখদের বারোটি মিস্‌ল-এর অন্যতম সুকরচকিয়া মিস্‌লের দলনেতা রণজিৎ সিংহ অনন্যসাধারণ প্রতিভার অধিকারী ছিলেন। তিনি কেবল বিচ্ছিন্ন শিখ সম্প্রদায়কে ঐক্যবদ্ধই করেননি, পাঞ্জাব অঞ্চলে আফগান শাসনের অবসান ঘটিয়ে তিনি স্বাধীন শিখ রাজ্যের গোড়া পত্তন করেছিলেন। তাঁর যোগ্য নেতৃত্বে 'খাল্‌সা' সৈন্যবাহিনী শৌর্য-বীর্য ও রণকৌশলে অদ্বিতীয় হয়ে উঠেছিল। এই খাল্‌সা বাহিনীর সাহায্যে তিনি কাশ্মীর, পেশোয়ার, মুলতান প্রভৃতি জয় করে শিখ রাজ্যের সীমানাকে সুবিস্তৃত করেন।

রণজিৎ সিংহ শতদ্রু নদীর পশ্চিম পাড়ে অবস্থিত শিখ মিস্‌লগুলিকে ঐক্যবদ্ধ করলেও নদীর পূর্বতীরে তখনও কয়েকটি স্বাধীন মিস্‌ল টিঁকে ছিল। ঐ মিসল্‌গুলোর অন্তর্বিরোধের সুযোগে তিনি শতদ্রু নদী পার হয়ে লুধিয়ানা আক্রমণ ও অধিকার করে নেন। ইতিমধ্যে ভারতীয় রাজনীতিতে ইংরেজরা পুরোপুরিভাবে অংশ গ্রহণ করেছে। ইংরেজরা রণজিৎ সিংহে'র এই অগ্রগতিকে বাধা দেয়। ইংরেজরা রণজিৎ সিংহে'র ক্ষমতা বুঝতে পেরে তাঁর সঙ্গে কোনো সংঘর্ষে যেতে চায়নি। ইংরেজরা চাইছিল যাতে রণজিৎ সিংহে'র কার্যকলাপ শতদ্রু নদীর পশ্চিম তীরেই সীমাবদ্ধ থাকে। শান্তিপূর্ণ আলাপ-আলোচনার পরে ইংরেজদের সঙ্গে রণজিৎ সিংহের যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয় তা 'অমৃতসরের সন্ধি' (১৮০৯ খ্রী) নামে খ্যাত। এই সন্ধির শর্ত অনুসারে শতদ্রু নদী রণজিৎ সিংহের রাজ্যের পূর্ব সীমানা বলে স্বীকৃত হয়।

রণজিৎ সিংহ একজন সমরকুশলী বীরই ছিলেন না, রাজ্যের সংগঠক হিসাবেও তিনি কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন। তিনি কেবল যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদেরই রাজকর্মচারী পদে নিয়োগ করতেন। নিয়োগ-সংক্রান্ত ব্যাপারে তিনি জাতি-ধর্ম ভেদাভেদ করতেন না। ধর্মীয় ব্যাপারেও তিনি উদারনীতি অবলম্বন করেছিলেন। শিখ সৈন্যবাহিনীকে আধুনিক কায়দায় গড়ে তোলবার উদ্দেশ্যে তিনি কয়েকজন ইওরোপীয়কে তাঁর সেনাবাহিনীর প্রশিক্ষক নিযুক্ত করেছিলেন। লাহোরে তিনি একটি কামান তৈরীর কারখানা স্থাপন করেন। কথিত আছে, রণজিৎ সিংহের সৈন্যবাহিনী সমসাময়িক এশিয়ার মধ্যে ছিল দ্বিতীয় শ্রেষ্ঠ। ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সৈন্যবাহিনীর পরেই ছিল শিখ সৈন্যবাহিনীর স্থান। সমসাময়িক যেসব বিদেশী পর্যটক রণজিৎ সিংহের রাজ্য পরিদর্শন করেছিলেন তাঁরা সকলেই রণজিৎ-এর কর্মকুশলতা রণ-নিপুণতা ও শাসন-পদ্ধতির ভূয়সী প্রশংসা করে গিয়েছেন। ফরাসী পর্যটক জেকেমোঁ রণজিৎ সিংহকে ফরাসী সম্রাট নেপোলিয়ানের সঙ্গে তুলনা করতে গিয়ে তাঁকে 'নেপোলিয়ানের ক্ষুদ্র সংস্করণ' বলে অভিহিত করেছেন।

১৮৩৯ খ্রীস্টাব্দে রণজিৎ সিংহের মৃত্যু হলে শিখ রাজ্যে নানা গোলযোগ দেখা দেয়। এই সুযোগে ইংরেজরা শিখ রাজ্যকে ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করে নিয়েছিল।

স্মৃতি-সহায়

১. ভারতবর্ষে মোগল রাজবংশের প্রতিষ্ঠাতা ছিলেন জহিরউদ্দিন মহম্মদ বাবর। ১৫২৬ খ্রীস্টাব্দে ইব্রাহিম লোদীকে পরাজিত করে তিনি এদেশে মোগল শাসনের সূচনা করেন।

২. বাবরের পুত্র হুমায়ুনের রাজত্বকালে সাময়িকভাবে এদেশের মোগল অস্তিত্ব বিপন্ন হয়েছিল। আফগান শের শাহ দিল্লীর মসনদ দখল করে নিয়েছিলেন।

৩. শের শাহের মৃত্যুর পরে আবার হুমায়ুন মোগল সাম্রাজ্যের পুনরুদ্ধার করতে সমর্থ হয়েছিলেন।

৪. আকবরের রাজ্যবিস্তারের ফলে মোগল সাম্রাজ্য একটি সর্বভারতীয় সাম্রাজ্যে পরিণত হয়েছিল।

৫. শাহজাহানের আমলে সাংস্কৃতিক উন্নতি সত্ত্বেও মোগল সাম্রাজ্য যে দুর্বল হয়ে পড়ছিল তার অন্যতম কারণ সিংহাসন নিয়ে তাঁর চার পুত্রদের মধ্যে গৃহবিবাদ।

৬. ঔরংজেবের আমলে মোগল সাম্রাজ্য আপাতদৃষ্টিতে অক্ষুণ্ণ থাকলেও অভ্যন্তরীণ বিদ্রোহগুলো তার প্রাণশক্তিকে দুর্বল করে দিয়েছিল। ১৭০৭ খ্রীস্টাব্দে ঔরংজেবের মৃত্যুর পরে দ্রুত মোগল সাম্রাজ্য পতনের দিকে ধাবিত হয়।

৭. মোগল আমলে একাধিক ইওরোপীয় পর্যটক এদেশে এসেছিলেন এঁদের মধ্যে স্যার টমাস রো, বের্নিয়ে, তেভার্নিয়ে প্রভৃতি উল্লেখযোগ্য।

৮. মোগল আমলে একাধিক ইওরোপীয় ব্যবসায়ী প্রতিষ্ঠান এদেশে ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্য নিয়ে উপনীত হয়েছিল। মোগলদের দুর্বলতার সুযোগে বিদেশী বণিকরা এদেশের রাজনীতি নিয়ে মাতামাতি শুরু করে।

৯. মারাঠা বা শিখদের শক্তি সম্ভাবনাসূচক হলেও তারা শেষ পর্যন্ত বিদেশীদের রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষাকে প্রতিহত করতে পারে নি।

অনুশীলনী

১. ভারতে মোগলরা কিভাবে সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছিল তা সংক্ষেপে বিবৃত কর।

২. আকবর থেকে ঔরংজেব পর্যন্ত মোগল সাম্রাজ্যের বিস্তারের কাহিনী বিবৃত কর।

৩. মোগল যুগের সামাজিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্য আলোচনা কর।

৪. মোগল আমলে দেশের অর্থনৈতিক অবস্থার পরিচয় দাও।

৫. ঔরংজেবের পরবর্তীকালে মোগল সাম্রাজ্যের পতনের কাহিনী আলোচনা কর।

৬. ইওরোপীয় বণিকরা এদেশে এসে কিভাবে পরস্পর প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হয়েছিল তা সংক্ষেপে বিবৃত কর।

৭. ভারতবর্ষে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা সম্পর্কে যা জান লেখ।

৮. ভারতীয় রাজনীতিতে মারাঠারা কি ভূমিকা গ্রহণ করেছিল?

৯. 'পেশোয়া' কাদের বলা হ'ত? প্রথম তিনজন পেশোয়ার আমলে মারাঠা সাম্রাজ্যের বিস্তৃতির কথা লেখ।

১০. 'শিখ' কাদের বলা হয়? কিভাবে শিখরা একটি সামরিক সম্প্রদায় হিসাবে আত্মপ্রকাশ করেছিল?

১১. রণজিৎ সিংহ'র নেতৃত্বে শিখ শক্তির উত্থানের কাহিনী সংক্ষেপে লেখ।

১২. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] মোগলরা এদেশে কি উদ্দেশ্য নিয়ে এসেছিল? [খ] কোন্ যুদ্ধে কাকে পরাজিত করে বাবর ভারতবর্ষে মোগল শাসনের সূচনা করেন? [গ] হুমায়ুন কার কাছে পরাজিত হয়ে পারস্যে আশ্রয় নিয়েছিলেন? [ঘ] পানিপথের দ্বিতীয় যুদ্ধে আকবর কাকে পরাজিত করেন? [ঙ] জাহাঙ্গীরের মৃত্যুর পরে কে মোগল বাদশাহ্ হয়েছিলেন? [চ] মোগল যুগে ভারতের কয়েকটি বন্দরের নাম কর। [ছ] মোগল যুগে ভারতে আগত কয়েকজন ইওরোপীয় পর্যটকের নাম বল। [জ] কোন্ সালে ঔরংজেবের মৃত্যু হয়? [ঝ] বাংলার দুজন স্বাধীন নবাবের নাম কর। [ঞ] যে ইংরেজ বাণিজ্য-প্রতিষ্ঠান ভারতে ব্যবসা করতে এসেছিল তার নাম কি? [ট] কোন্ নেতার নেতৃত্বে মারাঠাদের জাগরণ হয়েছিল? [ঠ] প্রথম তিনজন মারাঠা 'পেশোয়ার'-এর নাম বল। [ড] শিখদের দশম গুরুর নাম কি? [ঢ] রণজিৎ সিংহ কোন্ মিসলের নেতা ছিলেন? [ণ] 'খাল্সা' কথাটির অর্থ কি? [ত] অমৃতসরের সন্ধি কোন্ বছর কাদের মধ্যে স্বাক্ষরিত হয়?

১৩. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :


[ক] মোগল সেনাবাহিনীর কাছে সুলতানী সৈন্যেরা সহজেই পরাস্ত হয়েছিল কেন? [খ] শের শাহ্ সম্পর্কে কি জান? [গ] আকবর রাজপুতদের প্রতি কি নীতি গ্রহণ করেছিলেন? [ঘ] জাহাঙ্গীরের রাজত্বকালের দুটি গুরুত্বপূর্ণ ঘটনা বল। [ঙ] শাহ্জাহানের রাজত্বের শেষদিকে তাঁর পুত্রদের মধ্যে কি নিয়ে বিবাদ শুরু হয়? এই বিবাদের পরিণতি কি হয়েছিল? [চ] মোগল শাসনের সুফল কি? [ছ] মোগল যুগের সাংস্কৃতিক উন্নতির পরিচয় দাও। [জ] ইংরেজ বণিক দলের সঙ্গে পর্তুগীজ বণিকদের বিবাদের পরিণতি কি হয়েছিল? [ঝ] 'কর্ণাটের যুদ্ধ'র ফলাফল কি হয়েছিল? [ঞ] 'পেশোয়াতন্ত্রের উৎপত্তি' বলতে কি বোঝায়? [ট] 'খাল্সা'

গঠনের উদ্দেশ্য কি ছিল? [ঠ] সাম্রাজ্যের সংগঠক হিসাবে রণজিৎ সিংহের পরিচয় দাও।

১৪. নিম্নলিখিত বক্তব্যের মধ্যে কোন্‌টি সঠিক ও কোন্‌টি ঠিক নয় তা যথাক্রমে (√) ও (×) চিহ্ন দিয়ে দেখাও ঃ

[ক] পারস্যের অধিপতি বাবর এদেশে এসেছিলেন ধন-সম্পদ লুণ্ঠন করতে ( )। [খ] জাহাঙ্গীরের রাজত্বকালে কান্দাহার মোগল সাম্রাজ্যচ্যুত হয় ( )। [গ] শাসক হিসাবে ঔরংজেব ধর্মীয় গোঁড়ামির ঊর্ধ্বে উঠতে পারেন নি ( )। [ঘ] মোগল যুগে ইওরোপীয় সমাজের মত এদেশেও শক্তিশালী মধ্যবিত্ত সম্প্রদায় গড়ে উঠেছিল ( )। [ঙ] মোগল আমলে আমদানি ও রপ্তানী বাণিজ্য প্রচলিত ছিল ( )। [চ] ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বে ফরাসীরা পরাজিত হয়েছিল ( )। [ছ] শিবাজীর জীবদ্দশায় ঔরংজেব মারাঠাদের এতটুকু ক্ষতিও করতে পারেন নি ( )। [জ] খালসার সদস্যদের পঞ্চ 'ক' ধারণ বাধ্যতামূলক ছিল ( )।

১৫. ভারতবর্ষের একটি রেখা-মানচিত্রে ঔরংজেবের মৃত্যুকালে মোগল সাম্রাজ্যের বিস্তৃতি ছায়া দিয়ে চিহ্নিত কর।



সপ্তম অধ্যায়

ভারতে ব্রিটিশ শক্তির প্রতিষ্ঠা ও বিস্তার

ইংরেজ ইস্ট ইণ্ডিয়া কোম্পানি আরও পাঁচটা বিদেশী বাণিজ্য-প্রতিষ্ঠানের মত এদেশে এসেছিল ব্যবসা-বাণিজ্য করতে। ক্রমে সেই কোম্পানি একটি রাজনৈতিক শক্তিতে পরিণত হয় এবং শেষ পর্যন্ত ইংরেজরা গড়ে তোলে বিশাল ভারত-সাম্রাজ্য। ভারতে ইংরেজদের এই ক্রমবিকাশের ধারাটি কয়েকটি পর্যায়ে অনুষ্ঠিত হয়েছিল। শুরুতে, অর্থাৎ ১৭৫৭ খ্রীস্টাব্দের আগে ইংরেজ কোম্পানির উদ্দেশ্য ছিল : এদেশে ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে যথাসম্ভব মুনাফা লুটা এবং অপর কোনো বিদেশী বণিক দল এদেশে যাতে ইংরেজদের প্রতিদ্বন্দ্বী হয়ে উঠতে না পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা। পলাশীর যুদ্ধে বাংলার নবাবকে পরাজিত করে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি যখন একটি রাজনৈতিক শক্তিতে পরিণত হয় তখন শুরু হয় ইংরেজদের ক্রমবিকাশের দ্বিতীয় পর্যায়। এই পর্যায়ে, অর্থাৎ মোটামুটিভাবে ১৭৫৭ থেকে ১৮১৮ খ্রীস্টাব্দ পর্যন্ত ইংরেজ কোম্পানিকে ভারতে প্রতিষ্ঠা লাভের জন্য একাধিক দেশীয় শক্তির সঙ্গে শক্তি পরীক্ষায় নামতে হয়েছিল যেমন : মারাঠা, মহীশুরের হায়দর আলি, টিপু সুলতান প্রভৃতি। আর তৃতীয় পর্যায়ে, অর্থাৎ ১৮১৮ থেকে ১৮৫৭ খ্রীস্টাব্দের মধ্যে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি ভারত-বিজয় সম্পূর্ণ করেছিল।

(১) **ভারতে ইংরেজ-শক্তির প্রতিষ্ঠা** (১৭৫৭ থেকে ১৮১৮ খ্রীস্টাব্দ পর্যন্ত) : একথা নিঃসন্দেহে বলা যেতে পারে যে, ভারতবর্ষে ইংরেজ আধিপত্যের সূচনা হয়েছিল পলাশীর যুদ্ধের সময় থেকে। ১৭৫৭ খ্রীস্টাব্দে

পলাশীর আমবাগানে বাংলার নবাব সিরাজউদ্দৌল্লার সৈন্যবাহিনীর সঙ্গে ইংরেজ সেনাদের যে সংঘর্ষ হয় তাকে যুদ্ধ না বলে ছোটখাট দাঙ্গা বলাই সঙ্গত। কিন্তু এই ঘটনার রাজনৈতিক গুরুত্ব ছিল অপরিসীম। পলাশীর যুদ্ধে জয়লাভ করায় যে কোম্পানি এতদিন মূলতঃ ছিল একটি বাণিজ্য প্রতিষ্ঠান, এখন সেই কোম্পানি একটি সুসংহত সামরিক ও রাজনৈতিক শক্তিতে পরিণত হয়। বাংলার নবাবের পিছনে কোম্পানিই এখন মূল শক্তি হয়ে দাঁড়ায়। তাছাড়া এই সময় থেকে ইংরেজরা বাংলার ঐশ্বর্য সম্পদ লুট করবার এক সুবর্ণ সুযোগ লাভ করেছিল যার সাহায্যে তারা এদেশে পরবর্তী কালে বিভিন্ন দেশীয় শক্তির সঙ্গে লড়াইয়ে নামতে পেরেছিল।

পলাশীর যুদ্ধের ফলে বাংলা দেশে ইংরেজদের যে রাজনৈতিক প্রাধান্য সূচিত হয় ১৭৬৪ খ্রীস্টাব্দে বক্সার-এর যুদ্ধে জয়লাভ করায় তা আরও দৃঢ়-ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছিল। বক্সারের যুদ্ধে বাংলার নবাব মিরকাশিম পরাজিত হওয়ায় পরবর্তী নবাবরা ইংরেজদের হাতের পুতুলে পরিণত হন। বাংলার নবাবের ইংরেজ-বিরোধিতার কোনো প্রশ্নই তখন আর ছিল না। কেবল তাই নয়, বক্সার যুদ্ধের পরে অযোধ্যার নবাব শুজাউদ্দৌল্লা এবং মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলম ইংরেজ কোম্পানির উপর অনেকখানি নির্ভরশীল হয়ে পড়েন।

বক্সার যুদ্ধের এক বছরের মধ্যেই ইংরেজ কোম্পানি মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলমের কাছ থেকে 'দেওয়ানী' লাভ করবার ফলে ইংরেজ আধিপত্য আরও এক ধাপ এগিয়েছিল। ১৭৬৫ খ্রীস্টাব্দে মোগল সম্রাট ইংরেজ কোম্পানিকে বাংলা, বিহার ও উড়িষ্যার 'দেওয়ান' নিযুক্ত করেন। সেই সময় রাজ্যের রাজস্ব আদায়কারীকে 'দেওয়ান' বলা হ'ত। স্থির হ'ল যে, বাংলা, বিহার ও উড়িষ্যার আদায়ীকৃত রাজস্ব থেকে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি মোগল সম্রাটকে বছরে ২৬ লক্ষ টাকা পাঠাবে। বাংলার নবাবও বাৎসরিক ভাতা পাবেন। আর বাকী টাকা কোম্পানি ইচ্ছামত ব্যয় করবে। সুতরাং বলা যেতে পারে যে, বাংলার নবাব এখন থেকে ইংরেজদের বৃত্তিভোগী একজন নামসর্বস্ব নবাবে পরিণত হলেন, আর সামরিক শক্তি, শাসনক্ষমতা ও রাজস্ব সবকিছুই ইংরেজদের হাতে এল। এইভাবে ১৭৬৫ খ্রীস্টাব্দে বাংলা দেশে নবাবের রাজত্ব শেষ হয়ে, কার্যতঃ ইংরেজ কোম্পানির রাজত্ব শুরু হয়েছিল বলা যায়।

ভারতে ইংরেজদের আধিপত্য প্রতিষ্ঠার পরবর্তী পদক্ষেপ হ'ল মহীশূর ও মারাঠা রাজ্যকে পদানত করা। মহীশূর ও মারাঠা রাজ্যের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করতে গিয়ে ইংরেজরা উভয় রাজ্যের সঙ্গে একাধিক যুদ্ধে জড়িয়ে পড়েছিল। মাত্র ত্রিশ বছরের মধ্যে অনেকগুলি যুদ্ধে পরাজিত করে ইংরেজরা এদের উপর আধিপত্য প্রতিষ্ঠা করতে সমর্থ হয়।

দক্ষিণ-ভারতের বর্তমান কর্ণাটক অঞ্চলে হায়দর আলি নামে জনৈক প্রতিভাবান ব্যক্তি শক্তিশালী মহীশূর রাজ্য গড়ে তোলেন। হায়দর আলির শক্তিবৃদ্ধিতে ইংরেজরা শঙ্কিত হয়েছিল। কিন্তু দেশীয় রাজ্যগুলোর মধ্যে কোনো একতা না থাকার ফলে ইংরেজদের সুবিধেও হয়েছিল। ইংরেজরা

মহীশূর রাজ্যের বিরুদ্ধে অপরাপর রাজ্যকে প্ররোচিত করে এবং যুদ্ধের দ্বারা শেষ পর্যন্ত ঐ রাজ্যকে পদানত করতে পেরেছিল।

ইংরেজদের সঙ্গে মহীশূরের মোট চারবার সংঘর্ষ বেধেছিল। প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধে হায়দর আলি ইংরেজদের বিরুদ্ধে সাফল্য অর্জন করেন। দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ চলাকালীন হায়দারের মৃত্যু হওয়ায় তাঁর পুত্র টিপু সুলতান সেই যুদ্ধে নেতৃত্ব দান করেন। এই দ্বিতীয় যুদ্ধেও ইংরেজরা তেমন সুবিধে করতে পারেনি। কিন্তু তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধে টিপু সুলতান পরাজিত হয়ে আত্মসমর্পণ করতে বাধ্য হন। চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ শুরু হয় ভারতের গভর্ণর-জেনারেল লর্ড ওয়েলস্‌লী'র আমলে। তিনি ভারতে ইংরেজ শক্তির প্রসারের জন্য যে নীতির প্রবর্তন করেন তা সাধারণভাবে 'অধীনতামূলক মিত্রতা' নামে পরিচিত। এই নীতি অনুসারে তিনি ভারতের স্বাধীন নৃপতিদের নিজ নিজ স্বাধীনতা বিসর্জন দিয়ে ইংরেজদের বশ্যতা স্বীকার করবার আহ্বান জানান। তিনি একাধিক দেশীয় রাজ্যের উপর 'অধীনতামূলক মিত্রতা' চাপিয়ে দিয়েছিলেন যেমন ঃ হায়দ্রাবাদের নিজাম, অযোধ্যার নবাব, তাঞ্জোর ও সুরাট প্রভৃতি। মহীশূরের টিপু সুলতান ওয়েলেস্‌লী'র প্রস্তাব প্রত্যাখ্যান করলে চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধের সূচনা হয়। এই যুদ্ধে টিপু পরাজিত ও নিহত হওয়ায় (১৭৯৯ খ্রীঃ) দক্ষিণ-ভারতের সবচেয়ে শক্তিশালী ইংরেজ-বিরোধী শক্তির পতন ঘটেছিল। মহীশূর অতঃপর ইংরেজদের অধীনস্থ একটি রাজ্যে পরিণত হয়।

ভারতে সাম্রাজ্য প্রতিষ্ঠা করতে গিয়ে ইংরেজদের অপর যে শক্তির বিরোধিতার সম্মুখীন হতে হয়েছিল তার নাম মারাঠা। ১৭৬১ খ্রীস্টাব্দে পানিপথের তৃতীয় যুদ্ধে আহম্মদ শাহ্ আবদালীর কাছে পরাজিত হয়ে মারাঠারা সাময়িকভাবে দুর্বল হয়ে পড়েছিল। কিন্তু অল্প সময়ের মধ্যেই মারাঠারা সেই দুর্বলতা কাটিয়ে উঠে উত্তর ও দক্ষিণ ভারতে আবার প্রবল হয়ে উঠেছিল।

পাণিপথের তৃতীয় যুদ্ধের অব্যবহিত পরে পেশোয়া প্রথম মাধব রাও-এর সুযোগ্য নেতৃত্বে মারাঠারা এক ঐক্যবদ্ধ শক্তিতে পরিণত হয়। মারাঠাদের প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধিতে তদানীন্তন গভর্ণর-জেনারেল ওয়ারেন হেস্টিংস শঙ্কিত হলেও তিনি তাদের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হতে সাহস করেননি। কিন্তু মাধব রাও-এর মৃত্যুর পরে পেশোয়া পদ নিয়ে মারাঠা নেতাদের মধ্যে অন্তর্বিরোধ দেখা দিলে তার পূর্ণ সুযোগ ইংরেজরা নিয়েছিল। মারাঠা নেতাদের অন্তর্বিরোধে এক নেতাকে অপরের বিরুদ্ধে সাহায্য করে ইংরেজরা শেষ পর্যন্ত মারাঠাদের পর্যুদস্ত করতে সমর্থ হয়।

প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ সাত বছর ধরে চলেছিল। এই যুদ্ধের পরিসমাপ্তিতে স্বাক্ষরিত 'সলবাই-এর সন্ধি'র (১৭৮২ খ্রীঃ) দ্বারা মারাঠা ও ইংরেজদের মধ্যে প্রায় কুড়ি বছরের জন্য শান্তি স্থাপিত হয়েছিল। এই সময়ে মারাঠাদের অন্তর্বিরোধের অবসান তো ঘটেইনি, বরঞ্চ তা আরও প্রকট হয়ে উঠেছিল। সিন্ধিয়া, ভোঁসলে, গায়কোয়াড় প্রভৃতি মারাঠা নেতা পেশোয়ার কর্তৃত্বকে অস্বীকার করে স্বাধীনভাবে নিজ নিজ এলাকায় রাজত্ব চালাতে থাকেন। এই অনৈক্য ও বিভেদের দরুন মারাঠারা ঐক্যবদ্ধভাবে ইংরেজদের

বিরুদ্ধে দাঁড়াতে পারেনি, যার পরিণতিতে প্রত্যেক মারাঠা নেতা ইংরেজদের কাছে পরাজিত হয়ে নিজ নিজ স্বাধীনতা বিকিয়ে দিতে বাধ্য হয়েছিলেন। ১৮০২ খ্রীস্টাব্দে 'বেসিনের সন্ধি'র দ্বারা পেশোয়া ওয়েলেস্‌লী'র 'অধীনতামূলক মিত্রতা' গ্রহণ করেন। আর দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে সিন্ধিয়া, ভোঁসলে ও হোলকার ইংরেজদের কাছে পরাজিত হয়ে আত্মসমর্পণ করতে বাধ্য হন।

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ মারাঠা শক্তিকে নিদারুণভাবে আঘাত করলেও মারাঠাদের স্বাধীন চেতনাকে নির্মূল করতে পারে নি। মারাঠা নেতারা তাই শেষবারের মত ইংরেজদের বিরুদ্ধে শক্তি পরীক্ষায় অবতীর্ণ হয়েছিলেন। কিন্তু দূরদর্শিতার অভাবহেতু এইবারও তারা ঐক্যবদ্ধ হতে পারেন নি, যার ফলে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে (১৮১৭ খ্রী) একে একে সব মারাঠা নেতা ইংরেজদের কাছে পরাজিত হয়েছিলেন। ১৮১৮ খ্রীস্টাব্দের মধ্যে মারাঠা রাজ্যের অধিকাংশই ইংরেজ সাম্রাজ্যভুক্ত হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, এই সময়ে প্রধান প্রধান রাজপুত রাজ্যও 'অধীনতামূলক মিত্রতা' গ্রহণ করে ইংরেজদের অধীনতা মেনে নেয়।


এইভাবে ১৮১৮ খ্রীস্টাব্দের মধ্যে পাঞ্জাব, সিন্ধু এবং কয়েকটি ছোট ছোট রাজ্য ছাড়া গোটা ভারতবর্ষই ইংরেজদের কবলিত হয়েছিল।

(২) ভারতে ইংরেজ-শক্তির বিস্তার (১৮১৮ থেকে ১৮৫৭ খ্রীস্টাব্দ পর্যন্ত) ঃ ১৮১৮ থেকে ১৮৫৭ খ্রীস্টাব্দের মধ্যে ইংরেজরা ভারত-সাম্রাজ্য গঠন সম্পূর্ণ করেছিল। এই পর্যায়ে সিন্ধুদেশ ও পাঞ্জাব ব্যতীত আরও অনেক ছোট ছোট রাজ্য ইংরেজদের অধিকারভুক্ত হয়।

ঊনবিংশ শতাব্দীর প্রথম দিকে ইংরেজরা সিন্ধুদেশ জয়ের সিদ্ধান্ত নেয়। রাজ্যবিস্তার ব্যতীত সিন্ধু অঞ্চলে ব্যবসা-বাণিজ্যের সম্ভাবনাও ইংরেজদের সিন্ধু-বিজয়ের অন্যতম কারণ। যাই হোক, 'আমীর' নামে বেলুচ নায়করা সিন্ধুদেশে স্বাধীনভাবে রাজত্ব করছিলেন। ইংরেজরা 'আমীর'-এর সঙ্গে প্রথমে যে চুক্তিপত্র স্বাক্ষর করে তার উদ্দেশ্য ছিল কতকগুলি বাণিজ্যিক সুযোগ-সুবিধা আদায় করা। কিন্তু এতে সন্তুষ্ট না হয়ে গভর্ণর-জেনারেল লর্ড অক্‌ল্যান্ড আমীরকে 'অধীনতামূলক মিত্রতা' গ্রহণে বাধ্য করেন (১৮৩৯ খ্রী)। তা সত্ত্বেও সিন্ধুদেশ জয় করবার উদ্দেশ্যে লর্ড এলেন্‌বরা স্যার চার্লস্‌ নেপিয়ার নামে জনৈক ইংরেজ প্রতিনিধিকে সিন্ধুদেশে প্রেরণ করেন। তিনি আমীরের বিরুদ্ধে কতকগুলি মিথ্যা অভিযোগ এনে সিন্ধুদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ১৮৪৩ খ্রীস্টাব্দে মিয়ানি ও দাবো'র যুদ্ধে আমীর পরাজিত হলে সিন্ধুদেশ ইংরেজদের রাজ্যভুক্ত হয়।

সিন্ধুদেশের পরে এল পাঞ্জাবের পালা। শিখরাজ্যে অভ্যন্তরীণ গোলযোগের সুযোগে ইংরেজরা তা দখল করবার জন্য প্রস্তুত হয়। এই সূত্রে যে প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের সূচনা হয় (১৮৪৫ খ্রী) তাতে শিখরা পরাজিত হয়। যুদ্ধে পরাজয়ের মূল্যস্বরূপ শিখরা কাশ্মীর প্রদেশ, হাজারা জেলা, বিপাশা ও শতদ্রু নদীর মধ্যবর্তী ভূভাগ প্রভৃতি ইংরেজদের সমর্পণ করতে বাধ্য হয়। এই ঘটনার কয়েক বছরের মধ্যেই শিখ নেতারা বিদ্রোহী হয়ে উঠলে তদানী-

নূতন গভর্ণর-জেনারেল লর্ড ডালহৌসী শিখদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ঝিলম নদীর তীরে চিলিয়ানওয়ালার প্রান্তরে যে দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ (১৮৪৯ খ্রী) হয় তাতে শিখরা সম্পূর্ণরূপে পরাজিত হয়। লর্ড ডালহৌসী অতঃপর শিখ রাজ্য পাঞ্জাব ইংরেজ রাজ্যের অন্তর্ভুক্ত করেন। এইভাবে পাঞ্জাব ইংরেজদের কবলিত হয়।



গভর্ণর-জেনারেল লর্ড ডালহৌসী জবরদস্ত শাসক ছিলেন। তিনি বড়লাট হয়ে এদেশে এসে দেশীয় রাজ্যগুলোকে যে-কোনো উপায়ে ইংরেজ রাজ্যের অন্তর্ভুক্ত করবার নীতি গ্রহণ করেন। ভারতবর্ষে ব্রিটিশ শক্তির বিস্তারের উদ্দেশ্যে লর্ড ডালহৌসী তিনটি অস্ত্রের সাহায্য নিয়েছিলেন যথা : যুদ্ধের দ্বারা রাজ্য জয় করা, 'স্বত্বলোপ নীতি' ও অরাজকতার অজুহাতে রাজ্য অধিকার করা।

শিখদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে লর্ড ডালহৌসী পাঞ্জাব অধিকার করেন। আবার সিকিম রাজ্যের এক-তৃতীয়াংশ তিনি বলপূর্বক দখল করে নেন। হায়দ্রাবাদের নিজামের কাছ থেকে তিনি একইভাবে বেরার কেড়ে নিয়ে ইংরেজ রাজ্যের অন্তর্ভুক্ত করেন। তবে রাজ্য দখল করবার জন্য লর্ড ডালহৌসী যে 'স্বত্বলোপ নীতি'র প্রয়োগ করেন তা ছিল সবচেয়ে গুরুত্বপূর্ণ। স্বত্বলোপ নীতি'র মূল কথা ছিল, কোনো রাজ্যের নৃপতি অপুত্রক অবস্থায় মারা গেলে তাঁর দত্তক বা পোষ্যপুত্রকে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি সেই রাজার উত্তরাধিকারী বলে স্বীকার করবে না। অল্প কথায় বলতে গেলে, ঐ নীতির দ্বারা লর্ড ডালহৌসী দেশীয় রাজাদের চিরাচরিত প্রথা অনুসারে দত্তকপুত্র গ্রহণের অধিকারকে অস্বীকার করেন। সেইমত সাতারা, ঝাঁসী, জৈতপুর, সম্বলপুর প্রভৃতি রাজ্যের রাজারা অপুত্রক অবস্থায় মারা গেলে 'স্বত্বলোপ নীতি' প্রয়োগ করে তাঁদের রাজ্যগুলিকে ব্রিটিশ রাজ্যভুক্ত করা হয়। অনুরূপভাবে প্রাক্তন পেশোয়া দ্বিতীয় বাজীরাও-র মৃত্যুর পরে তাঁর দত্তকপুত্র নানা সাহেব-এর ভাতা বন্ধ করে দেওয়া হয়। তাছাড়া কর্ণাট, সুরাট ও তাঞ্জোর-এর নবাবের মৃত্যু হলে ঐ রাজ্য তিনটিতেও নবাবপদের অবসান ঘটে। লর্ড ডালহৌসীর তৃতীয় অস্ত্র ছিল, অরাজকতার অজুহাতে রাজ্য জয়। অযোধ্যার নবাব ওয়াজিদ আলির বিরুদ্ধে শাসনকার্যে অক্ষমতার অভিযোগ এনে লর্ড ডালহৌসী এক ঘোষণাপত্রের দ্বারা ১৮৫৬ খ্রীস্টাব্দে অযোধ্যা রাজ্য অধিকার করে নেন।

এইভাবে ১৭৫৭ থেকে ১৮৫৭ খ্রীস্টাব্দের মধ্যে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি সমগ্র ভারতবর্ষ জুড়ে এক বিশাল সাম্রাজ্য গঠনে সমর্থ হয়েছিল। ১৭৫৭ খ্রীস্টাব্দে পলাশীর যুদ্ধে জয়লাভ করায় বাংলা দেশে যে রাজনৈতিক আধিপত্যের সূচনা হয় ১৮৫৭ খ্রীস্টাব্দে সিপাহী বিদ্রোহের প্রাক্কালে ভারতে সাম্রাজ্য গঠনে তা চরম বিকাশ লাভ করেছিল।

(৩) **১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহ : (ক) বিদ্রোহের কারণ :** ১৮৫৭ খ্রীস্টাব্দে এক সশস্ত্র বিদ্রোহ ভারতে ইংরেজ শাসনের ভিত পর্যন্ত কাঁপিয়ে তুলেছিল। ইস্ট ইণ্ডিয়া কোম্পানির ভারতীয় সিপাহীদের মধ্যে এই বিদ্রোহের সূচনা বলে সাধারণভাবে তা 'সিপাহী বিদ্রোহ' নামে পরিচিত। তবে অচিরেই এই বিদ্রোহ ছড়িয়ে পড়েছিল বিস্তীর্ণ এলাকায় ও বহু মানুষের মধ্যে। যাই হোক, ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহ কোনো আকস্মিক ঘটনা নয়। পলাশীর যুদ্ধের পরবর্তী একশো বছর ধরে ইংরেজদের নিপীড়ন ও অত্যাচারের ফলে তাদের প্রতি ভারতবাসীর যে ক্ষোভ ও বিদ্বেষ পুঞ্জীভূত হয় ঐ বিদ্রোহ তারই অভিব্যক্তি মাত্র।

ভারতে ইংরেজদের অনুসৃত ভূমিরাজস্ব নীতির ফলে কৃষকেরা সর্বস্বান্ত হয়ে পড়ে, অনেকের জমিই হাতছাড়া হয়ে যায়। আবার বিলাতী পণ্যসামগ্রী দেশের বাজার ছেয়ে যাওয়ায় ভারতের কুটিরশিল্প বিপর্যস্ত হয়ে পড়ে এবং বহু লোক কর্মহীনতার সম্মুখীন হয়। অল্প কথায় বলতে গেলে, ইংরেজদের অর্থনৈতিক নীতি সাধারণ শ্রমজীবী মানুষের বিপর্যয় ডেকে

এনেছিল। বলা বাহুল্য, এই অর্থনৈতিক দুরবস্থা সাধারণ মানুষকে ইংরেজদের প্রতি বিক্ষুব্ধ করে তুলেছিল।

দ্বিতীয়ত, লর্ড ডালহৌসীর আমলে ইংরেজদের আগ্রাসী নীতির ফলে দেশীয় নৃপতিরা উদ্বিগ্ন ও সন্ত্রস্ত হয়ে পড়েন। পলাশীর যুদ্ধের পর থেকেই ইংরেজরা ছলে-বলে-কৌশলে দেশীয় রাজ্যগুলিকে গ্রাস করতে থাকে। অনেক দেশীয় রাজা ইংরেজদের কাছে আত্মসমর্পণও করেছিলেন। কিন্তু লর্ড ডালহৌসী 'স্বত্বলোপ নীতি'র দ্বারা রাজ্য গ্রাস করতে থাকায় দেশীয় রাজারা উপলব্ধি করেন যে, ইংরেজদের কাছে আত্মসমর্পণ করলেও তাঁদের অস্তিত্বের আর কোনো নিশ্চয়তা নেই। ঝান্সীর রাণী লক্ষ্মীবাঈ, নানা সাহেব প্রমুখ তাই ইংরেজদের চিরশত্রুতে পরিণত হয়েছিলেন। এঁরা ইংরেজদের ওপর প্রতিশোধ গ্রহণের জন্য সুযোগের অপেক্ষায় ছিলেন।

তৃতীয়ত, সমসাময়িক ভারতে খ্রীস্টান ধর্মপ্রচারকদের কার্যকলাপ ভারতবাসীকে ইংরেজদের প্রতি বিক্ষুব্ধ করে তুলেছিল। খ্রীস্টান ধর্মপ্রচারকরা সেই সময় এদেশের নানা জায়গায় আশ্রয়-কেন্দ্র স্থাপন করে সেখানে দরিদ্র ও অনাথ শিশুদের আশ্রয় দিত। সঙ্গে সঙ্গে তাদের খ্রীস্টধর্মে দীক্ষিতও করতো। কেবল তাই নয়, জনসাধারণকে ধর্মান্তরিত করবার উদ্দেশ্যে ধর্মপ্রচারকরা প্রকাশ্যে হিন্দু ও ইসলাম উভয় ধর্ম সম্পর্কে কটূক্তি করতে দ্বিধাবোধ করতো না। ইংরেজ সরকারের নানাবিধ সমাজ-সংস্কারমূলক কার্যকলাপকেও ভারতবাসী সুনজরে দেখেনি। সতীদাহ-প্রথা রহিত, বিধবা-বিবাহের প্রচলন প্রভৃতি বিষয়ে আইন প্রণয়নের ফলে ভারতীয়দের মনে এই ধারণা বদ্ধমূল হয়েছিল যে ইংরেজ শাসকরা হিন্দু-মুসলমান-নির্বিশেষে ধর্মে আঘাত করতে দৃঢ় প্রতিজ্ঞ।

চতুর্থত, ইস্ট ইণ্ডিয়া কোম্পানির ভারতীয় সিপাহীরা একাধিক কারণে অসন্তুষ্ট ছিল। ইংরেজরা প্রধানতঃ এই দেশীয় সিপাহী বাহিনীর সাহায্যেই ভারতবর্ষে বিশাল সাম্রাজ্য গড়ে তুলতে সমর্থ হয়। কিন্তু সিপাহীদের উন্নতির দিকটা তারা একেবারে নজর দেয়নি। লাঞ্ছনা, অপমান ও দারিদ্র্যের মধ্যেই তাদের দিন কাটতো। একজন সাধারণ ইংরেজ সৈন্যের বেতন ভারতীয় সিপাহীর চেয়ে অনেক বেশী ছিল। তাছাড়া কোনো ভারতীয় সিপাহী অধিক যোগ্যতা অর্জন করলেই তাঁকে বিদায় দেওয়া হ'ত। উপরন্তু ব্রিটিশ সাম্রাজ্য বিস্তার লাভ করায় ভারতীয় সিপাহীদের দূর-দূরান্তরে যুদ্ধযাত্রাও করতে হ'ত। অথচ এজন্য সিপাহীরা অতিরিক্ত কোনো ভাতা পেত না। সমুদ্রযাত্রায় হিন্দু সিপাহীদের আপত্তিকে মোটেই আমল দেওয়া হ'ত না।

উপরি-উক্ত কারণে সব শ্রেণীর মানুষের মনেই যখন ইংরেজ শাসনের প্রতি ঘৃণা ও বিদ্বেষ দেখা দিয়েছিল, ঠিক সেই সময়ে সৈন্যদলে এক নতুন ধরনের বন্দুক ব্যবহারের নির্দেশ আগুনে ঘৃতাহুতির কাজ করেছিল।

১৮৫৭ খ্রীস্টাব্দে ইংরেজ সরকার সিপাহীদের 'এন্‌ফিল্ড রাইফেল' নামে এক নতুন ধরনের বন্দুক ব্যবহারের নির্দেশ দেয়। এই নতুন বন্দুকে যে টোটা ব্যবহার করা হ'ত তাতে গরু ও শূকরের চর্বি মিশ্রিত এক ধরনের কাগজের আবরণ থাকত। ব্যবহারের আগে মোড়কের একদিক দাঁত দিয়ে

কেটে নিতে হ'ত। বলা বাহুল্য, এই ধরনের কার্তুজের প্রচলন সিপাহীদের ধর্মবিশ্বাসে আঘাত করায় তারা ক্রোধে ফেটে পড়ল। এই পরিস্থিতিতে সিপাহীরা বিদ্রোহ ঘোষণা করে। অল্পদিনের মধ্যে এই বিদ্রোহ আরও বহু মানুষের মধ্যেও ছড়িয়ে পড়েছিল। দিল্লী থেকে প্রায় ৫৭ কিলোমিটার দূরে মীরাটে ভারতীয় সিপাহীরা বিদ্রোহ ঘোষণা করলে (১০ই মে, ১৮৫৭ খ্রী) আনুষ্ঠানিকভাবে মহাবিদ্রোহের সূচনা হয়।

(খ) **বিদ্রোহের প্রকৃতি :** সিপাহী বিদ্রোহের প্রকৃতি সম্পর্কে নানা মুনি নানা মত পোষণ করেন। কেউ কেউ একে 'ভারতের স্বাধীনতা-যুদ্ধ' বলে অভিহিত করেছেন, অন্যরা বলেছেন এটা নিছক 'সিপাহী বিদ্রোহ'। তৃতীয় একটি অভিমত হ'ল এই যে, ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহ কতিপয় রাজ্যহারা সামন্তরাজাদের রাজ্য পুনর্দখলের সংগ্রাম।

আধুনিক ঐতিহাসিকরা ঐতিহাসিক তথ্য ও প্রামাণিকতা থেকে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, ১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহ ইস্ট ইন্ডিয়া কোম্পানির ভারতীয় সিপাহীদের দ্বারা সূচিত হলেও, এই বিদ্রোহ অচিরেই একটা গণ-বিদ্রোহের রূপ নিয়েছিল। উত্তর ও মধ্য-ভারতে বিভিন্ন জায়গায় সিপাহীদের বিদ্রোহের সঙ্গে সঙ্গে সাধারণ মানুষও বিদ্রোহী হয়ে উঠেছিল, যার ফলে ঐসব জায়গায় সিপাহী বিদ্রোহ এক গণ-বিদ্রোহের রূপ গ্রহণ করেছিল। বাস্তবিকপক্ষে উত্তর ও মধ্য-ভারতে সিপাহীদের তান্ডবলীলার অব্যবহিত পরে সাধারণ মানুষ অতি সাধারণ অস্ত্র-শস্ত্র যেমন, তীর-ধনুক, লাঠি প্রভৃতি নিয়ে ইংরেজদের সঙ্গে সংঘর্ষে নেমেছিল। আবার সিপাহীদের অস্তিত্বই নেই এমন সব জায়গায় কেবল সাধারণ মানুষই বিদ্রোহী হয়ে উঠেছিল, এরকম ঘটনাও নিতান্ত কম ঘটেনি। গণ-বিদ্রোহের সমর্থনে যুক্তি হিসাবে আরও বলা যায় যে, যারা বিদ্রোহে প্রত্যক্ষভাবে অংশ গ্রহণ করেনি তারা বিদ্রোহীদের সমর্থনে বিজয় উৎসব পালন করে বিদ্রোহের প্রতি তাদের সমর্থন জানিয়েছিল।

(গ) **মহাবিদ্রোহের ব্যর্থতার কারণ :** ১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহ ব্যর্থ হয়েছিল, জয়লাভ করেছিল ব্রিটিশ শাসকগোষ্ঠী। মহাবিদ্রোহের ব্যর্থতার কারণ সম্পর্কে আলোচনা প্রসঙ্গে প্রথমেই উল্লেখ করতে হয় যে, ইংরেজরা সামরিক দিক দিয়ে বিদ্রোহীদের অপেক্ষা অনেক শক্তিশালী ছিল। উৎকৃষ্ট অস্ত্রশস্ত্রে সজ্জিত ইংরেজ বাহিনীর বিরুদ্ধে বিদ্রোহী সিপাহীরা লড়াই চালিয়েছিল অতি সাধারণ বন্দুক, তীর, বর্শা প্রভৃতি নিয়ে। স্বভাবতঃই ইংরেজরা বিদ্রোহীদের সহজেই পরাস্ত করতে পেরেছিল। বিদ্রোহীদের মধ্যে যোগ্য সেনানায়কের অভাবও মহাবিদ্রোহের ব্যর্থতার অন্যতম কারণ। ভারতীয় সিপাহীরা সংকল্পে দৃঢ় হলেও যুদ্ধের মধ্য দিয়ে এমন কোনো যোগ্য সেনানায়কের আবির্ভাব ঘটেনি যিনি বিদ্রোহীদের সামরিক নেতৃত্ব দিতে পারেন।

১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহে উত্তর-ভারতে কোটি কোটি সাধারণ মানুষ যোগদান করলেও দেশের সর্বত্র এই বিদ্রোহ সমানভাবে ছড়িয়ে পড়েনি।

তাছাড়া ভারতীয় নৃপতি এবং দলনেতাদের অনেকেই ছিলেন ইংরেজদের দলে। এর ফলে ইংরেজদের পক্ষে আংশিক বিদ্রোহ দমন করা সহজ হয়েছিল।

১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহ যে ব্যর্থ হয়েছিল তার একটা বড় কারণ হ'ল বিদ্রোহীদের মধ্যে নির্দিষ্ট কর্মসূচী ও নেতৃত্বের অভাব। রাজ্যহারা রাজা ও রাণী, ভূস্বামী, জমিদার প্রভৃতি নিজ নিজ রাজ্য বা সম্পত্তি ফিরে পাবার শেষ চেষ্টা হিসাবেই বিদ্রোহে অংশ গ্রহণ করেছিলেন। নানা সাহেব, লক্ষ্মীবাঈ প্রভৃতি নায়ক-নায়িকার প্রত্যেকেরই উদ্দেশ্য ছিল সম্পূর্ণ পৃথক। উদাহরণ দিয়ে বলতে গেলে, নানা সাহেব চেয়েছিলেন মারাঠা রাজ্যের পুনঃপ্রতিষ্ঠা করতে, অপরদিকে বাহাদুর শাহ'র উদ্দেশ্য ছিল মোগল সাম্রাজ্যের পুনরুদ্ধার করা। তাছাড়া নানা সাহেব, লক্ষ্মীবাঈ প্রমুখ নিজ নিজ এলাকায় নেতৃত্বের ক্ষমতা প্রদর্শন করলেও সমগ্র দেশের বিদ্রোহীদের নেতৃত্ব দানের ক্ষমতা বা শক্তি তাঁদের কারোই ছিল না।

সবশেষে বলা যেতে পারে যে, মহাবিদ্রোহে অংশগ্রহণকারীরা কোনো আদর্শের স্বারা অনুপ্রাণিত হয়নি বলে তাদের অভ্যুত্থান শেষ পর্যন্ত ব্যর্থ হয়। বিদেশী শাসনমুক্ত স্বাধীন ভারতের ধারণা তাদের কল্পনাতেও আসেনি। আদর্শগত ঐক্যের পরিবর্তে ব্রিটিশ শাসনের প্রতি ঘৃণা ও বিদ্বেষই ছিল বিদ্রোহীদের প্রধান উদ্দেশ্য। এর দরুন যে কয়েকটি জায়গায় বিদ্রোহীরা প্রাথমিক সাফল্য অর্জন করেছিল সেখানে বিদ্রোহীরা নিজেদের মধ্যে বিবাদে লিপ্ত হয়। আর সেই সুযোগে ইংরেজরা সহজেই বিদ্রোহীদের দমন করতে পেরেছিল।

(৪) **ইংরেজ শাসনের ফলাফল : ভারতবাসীর রাজনৈতিক ও অর্থনৈতিক অসন্তোষ :** যে উপায়ে **ইংরেজরা** এদেশ জয় করেছিল, **এদেশের শাসন-ব্যবস্থা ও অর্থনীতিকে করায়ত্ত করেছিল তাতে প্রথম থেকেই জনসাধারণের মধ্যে** বিক্ষোভ ও অসন্তোষের সৃষ্টি হয়েছিল। ইংরেজদের আগ্রাসী নীতির ফলে দেশীয় নৃপতিরাই কেবল রাজ্যহারা হন নি, ক্ষতিগ্রস্ত হয়েছিল ঐসব রাজ্যের ছোট ছোট জমিদার, সৈন্যবাহিনীতে কর্মরত ব্যক্তি এবং অন্যান্য পেশার মানুষ। ইংরেজদের প্রবর্তিত নতুন ভূমিরাজস্ব নীতির ফলে অনেক জমিদারের জমি হাতছাড়া হয়েছিল। আবার দেশীয় রাজ্যগুলো দখল করায় ঐসব রাজ্যের শাসনব্যবস্থার সঙ্গে যুক্ত ব্যক্তিরা কর্মহীন হয়ে পড়েছিল। পুরোহিত, পণ্ডিত, মৌলভী, শিল্পী প্রভৃতি পেশার মানুষের আয়ের উৎস বন্ধ হয়ে গিয়েছিল। কারণ এইসব মানুষের পৃষ্ঠপোষক দেশীয় রাজাদেরই আর কোনো অস্তিত্ব ছিল না। কেবল তাই নয়, দেশীয় রাজাদের সামরিক বাহিনীতে যারা কাজ করতো সেইসব সৈন্যোরাও কর্মচ্যুত হয়েছিল। এইভাবে ইংরেজদের রাজনৈতিক কার্যকলাপের বিরুদ্ধে ভারতের এক বিশাল সংখ্যক মানুষের অসন্তোষ জমা হয়েছিল।

সিপাহী বিদ্রোহের অনেকদিন আগে থেকে প্রায়ই সশস্ত্র বিদ্রোহের ঘটনা ...চ্যুত রাজা, জমিদারীচ্যুত জমিদার প্রভৃতি। ১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহের সুযোগে বিক্ষুব্ধ জমিদাররাও যে বিদ্রোহী হয়ে উঠেছিল তার ...ঘটেছিল। এইসব বিদ্রোহের নেতৃত্ব দিয়েছিলেন বিভিন্ন দেশীয় রাজ্যের রাজা-

জ্বলন্ত উদাহরণ হলেন বিহার-এর কুনওয়ার সিংহ। আরা'র সন্নিকটে জগদীশ-পুর-এর জমিদার এই কুনওয়ার সিংহ ছোট সৈন্যদল গঠন করে ইংরেজদের বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। কুনওয়ার সিংহ ব্যতীত মৌলভী আহম্মদ-উল্লাহ্ নামে মাদ্রাজের জনৈক অধিবাসী ফৈজাবাদে এসে ইংরেজদের বিরুদ্ধে লড়াই করবার মত এক শক্তিশালী বাহিনী গড়ে তুলেছিলেন। আহম্মদউল্লাহ্'র ব্যক্তিগত বীরত্ব ও নেতৃত্বে ইংরেজরাও বিস্মিত হয়েছিল। মহাবিদ্রোহে যে বিশাল সংখ্যক সাধারণ মানুষ নিহত হয়েছিল তা থেকেও অনুমান করা কঠিন নয় যে, ইংরেজদের বিরুদ্ধে তাদের অসন্তোষ কি গভীর ছিল। এইসব বিদ্রোহীরা ইংরেজদের ক্ষমতার মোকাবিলা করতে পারেনি, কিন্তু বিদেশী শাসনের বিরুদ্ধে সংগ্রামের যে ঐতিহ্য তারা স্থাপন করেছিল তাতে পরবর্তী কালে বৃহত্তর সংগ্রামের পথ প্রশস্ত হয়েছিল।

ব্রিটিশ শাসন ভারতীয় অর্থনীতির ক্ষেত্রে এক বিরাট পরিবর্তন এনে-ছিল। এই পরিবর্তনের লক্ষ্য অবশ্য কোনো সময়েই ছিল না এদেশের শ্রম-জীবী মানুষের উন্নতি সাধন। বরঞ্চ ইংরেজদের প্রবর্তিত নতুন ভূমিরাজস্ব নীতি ভারতের অগণিত কৃষকের সর্বনাশ ডেকে এনেছিল। চড়া খাজনার হার ও খাজনা আদায়ের কড়াকড়ির ফলে চাষীদের প্রায়ই চড়া সুদে মহাজনদের কাছ থেকে টাকা ধার করতে হ'ত। ঋণের বোঝা বইতে গিয়ে কৃষকদের হ'ত প্রাণান্তকর অবস্থা। ১৮৫৭ খ্রীস্টাব্দের আগে ইংরেজদের বিরুদ্ধে যেসব বিদ্রোহের ঘটনা ঘটেছিল কৃষকরাই ছিল তার মেরুদণ্ডস্বরূপ। এই সূত্রে বাংলা, বিহার, পাঞ্জাব, মাদ্রাজ প্রভৃতি অঞ্চল জুড়ে যে ওয়াহাবী আন্দোলন শুরু হয়েছিল তার কথা বিশেষভাবে উল্লেখ্য। যাই হোক, ১৮৫৭ খ্রীস্টাব্দের পরবর্তী কালে অবশ্য কৃষকরা ইংরেজ সরকার, নতুন জমিদার ও মহাজনদের কাছ থেকে নিজেদের দাবি আদায়ের জন্য সরাসরি আন্দোলনে নেমেছিল। উদাহরণ হিসাবে বলা যেতে পারে নীল-বিদ্রোহের কথা যা সারা বাংলাকে প্লাবিত করেছিল।

ইংরেজ শাসনের আরও একটা গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কুফল হ'ল এদেশের হস্তশিল্পের উত্তরোত্তর অবনতি ও ধ্বংসপ্রাপ্তি। ইংরেজরা নিজে-দের বাণিজ্যিক স্বার্থে এদেশের উন্নত বস্ত্রশিল্পের ধ্বংস-যজ্ঞ সম্পূর্ণ করে। দেশীয় শিল্পের অবনতি ঘটায় হাজার হাজার শ্রমজীবী মানুষ কর্মহীনতার সম্মুখীন হয়।

ইংরেজদের রাজনৈতিক ও অর্থনৈতিক কার্যকলাপ এদেশের সব শ্রেণী ও সম্প্রদায়ের মানুষের মধ্যেই তীব্র অসন্তোষের সৃষ্টি করেছিল। তবে এই বিদেশী অপশাসনের বিরুদ্ধে ভারতবাসী সর্বাত্মক আন্দোলন গড়ে তুলতে পেরেছিল তখনই যখন তাদের মধ্যে দেখা দিয়েছিল স্বদেশ-চেতনা এবং জাগ্রত হয়েছিল জাতীয়তাবোধ।

স্মৃতি-সহায়

১. পলাশীর যুদ্ধে সিরাজের বিরুদ্ধে জয়ী হয়ে ইংরেজরা বাংলার প্রকৃত রাজনৈতিক শক্তিতে পরিণত হয়। এই যুদ্ধ ১৭৫৭ খ্রীস্টাব্দে অনুষ্ঠিত হয়েছিল।

২. ১৭৬৫ খ্রীস্টাব্দে মোগল সম্রাট দ্বিতীয় শাহ আলমের কাছ থেকে ইংরেজরা বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানী লাভ করবার ফলে এদেশের ইংরেজদের রাজনৈতিক অধিকার আইনগত স্বীকৃতি পেয়েছিল।

৩. ১৮১৮ খ্রীস্টাব্দের মধ্যে ইংরেজরা পাঞ্জাব, সিন্ধু প্রভৃতি গোটা কয়েক ছোট ছোট রাজ্য ব্যতীত গোটা ভারতবর্ষকেই নিজ অধিকারে নিয়ে আসতে সমর্থ হয়।

৪. ১৮১৮ থেকে ১৮৫৭ খ্রীস্টাব্দের মধ্যে ইংরেজরা নানা অজুহাতে সিন্ধু, পাঞ্জাব প্রভৃতি ছোট ছোট রাজ্যগুলোকে নিজ অধীনস্থ করে বিশাল ভারত সাম্রাজ্য গঠন করে।

৫. ১৮৫৭ খ্রীস্টাব্দে এক মহাবিদ্রোহ ভারতে ইংরেজ শাসনের ভিত্তিকে কাঁপিয়ে তুলেছিল। এই বিদ্রোহ সাধারণভাবে 'সিপাহী বিদ্রোহ' নামে অভিহিত।

৬. রাজনৈতিক কার্যকলাপ ব্যতীত ইংরেজদের অর্থনৈতিক কার্যকলাপ এদেশের মানুষের, বিশেষতঃ কারিগর ও কৃষক সম্প্রদায়ের সর্বনাশ সাধন করেছিল।

অনুশীলনী

১. ১৭৫৭ থেকে ১৮১৮ খ্রীস্টাব্দ পর্যন্ত ভারতে ব্রিটিশ শক্তির প্রতিষ্ঠার কাহিনী সংক্ষেপে বিবৃত কর।

২. ইংরেজরা মারাঠা শক্তিকে কিভাবে পদানত করেছিল?

৩. মহীশুরের সঙ্গে ইংরেজদের সম্পর্ক সংক্ষেপে বিবৃত কর।

৪. কিভাবে সিন্ধুদেশ ইংরেজদের অধিকারে আসে?

৫. কিভাবে পাঞ্জাব ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়েছিল?

৬. লর্ড ডালহৌসী কিভাবে ভারতের দেশীয় শক্তিগুলিকে ইংরেজদের পদানত করেছিলেন?

৭. ১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহের কারণগুলি সংক্ষেপে লেখ।

৮. ১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহের প্রকৃতি নিরূপণ কর।

৯. মহাবিদ্রোহের ব্যর্থতার কারণগুলি সংক্ষেপে লেখ।

১০. ইংরেজ শাসনাধীন ভারতবাসীর রাজনৈতিক ও অর্থনৈতিক অসন্তোষের পরিচয় দাও।

১১. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :


[ক] কোন্ সময় থেকে ইংরেজ ইস্ট ইণ্ডিয়া কোম্পানি একটি রাজনৈতিক শক্তিতে পরিণত হয়? [খ] বক্সারের যুদ্ধ কোন্ বছর অনুষ্ঠিত হয়? [গ] ইস্ট ইণ্ডিয়া কোম্পানি কোন্ বছর কার কাছ থেকে 'দেওয়ানী' লাভ করেছিল? [ঘ] মহীশুরের যে দু'জন সুলতান ইংরেজদের বিরোধিতা করেছিলেন তাঁদের নাম বল। [ঙ] লর্ড ডালহৌসী ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের প্রসারের জন্য যে নীতি প্রবর্তন করেছিলেন তা কি নামে পরিচিত? [চ] সিন্ধুদেশের শাসকদের কি বলা হ'ত? [ছ] 'চিলিয়ানওয়ালার যুদ্ধ' কাদের মধ্যে অনুষ্ঠিত হয়? [জ] ১৮৫৭ খ্রীস্টাব্দে ভারতীয় সিপাহীদের ব্যবহারের জন্য ইংরেজরা যে নতুন বন্দুকের প্রচলন করেন তার নাম কি? [ঝ] ১৮৫৭ খ্রীস্টাব্দে কোথাকার সিপাহীরা প্রথমে বিদ্রোহ ঘোষণা করেছিল? [ঞ] সিপাহী বিদ্রোহ সাফল্যলাভ করেছিল কি?

১২. নিম্নলিখিত প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও :

[ক] ১৭৫৭ খ্রীস্টাব্দের আগে এদেশে ইস্ট ইণ্ডিয়া কোম্পানির উদ্দেশ্য কি ছিল? [খ] পলাশীর যুদ্ধের রাজনৈতিক গুরুত্ব কি? [গ] বক্সারের যুদ্ধ গুরুত্বপূর্ণ কেন? [ঘ] ইস্ট ইণ্ডিয়া কোম্পানি 'দেওয়ানী' লাভ করবার ফলে কি হয়েছিল? [ঙ] 'অধীনতামূলক মিত্রতা' বলতে কি বোঝ? [চ] 'সলবাইয়ের সন্ধি'র গুরুত্ব কি? [ছ] 'স্বত্বলোপ নীতি' কি তা বুঝিয়ে বল। [জ] সিপাহী বিদ্রোহের জন্য খ্রীস্টান মিশনারীরা কিভাবে দায়ী ছিল? [ঝ] 'এন্‌ফিল্ড রাইফেল'-এর ঘটনাটি কি? [ঞ] কুনওয়ার সিংহ কে ছিলেন? তিনি কি করেছিলেন?

১৩. নিম্নলিখিত শূন্যস্থানগুলি সঠিক শব্দ বসিয়ে পূরণ কর :

[ক] —— খ্রীস্টাব্দে বাংলা দেশে নবাবের রাজত্ব শেষ হয়ে, কার্যতঃ ইংরেজ কোম্পানির রাজত্ব শুরু হয়। [খ] ——র দ্বারা পেশোয়া ওয়েলেস্‌লীর 'অধীনতামূলক মিত্রতা' গ্রহণ করেছিলেন। [গ] লর্ড ডালহৌসী নবাব ওয়াজিদ আলির বিরুদ্ধে অরাজকতার অজুহাত এনে ১৮৫৬ খ্রীস্টাব্দে —— রাজ্য অধিকার করে নেন। [ঘ] ইংরেজ শাসনের একটা গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কুফল হ'ল এদেশের ——র উত্তরোত্তর অবনতি ও ধ্বংসপ্রাপ্তি।



অষ্টম অধ্যায়

অষ্টাদশ শতাব্দীর পৃথিবী

(১) যুক্তিবাদের যুগ ঃ ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে ইওরোপে মানুষের চিন্তাধারার একমাত্র অবলম্বন ছিল ধর্ম। অর্থাৎ ধর্মীয় চিন্তা সেই সময় মানুষের মনকে আচ্ছন্ন করে রেখেছিল। সপ্তদশ শতাব্দীর শেষভাগ থেকেই মানুষের চিন্তাধারা এক নতুন খাতে বইতে থাকে। সেই সময় মানুষের মন ধর্মীয় অলৌকিকতা থেকে প্রকৃতি-বিজ্ঞানের দিকে মোড় নেয়। যা-কিছু অপ্রাকৃত (অলৌকিক) বা অতি প্রাকৃত তার ওপর অনেকে আস্থা হারিয়ে ফেলেন। পৃথিবীতে যা-কিছু ঘটছে তার মধ্যে অলৌকিক কিছু নেই —বিশ্বজগৎ প্রাকৃতিক নিয়মেই নিয়ন্ত্রিত হচ্ছে, এই বিশ্বাস থেকে মানুষ তখন বিজ্ঞানকে ধর্মের ঊর্ধ্বে স্থান দিয়েছিল। মানুষের চিন্তাধারার এই পরিবর্তন 'জ্ঞানালোক', 'জ্ঞানদীপ্তি' বা 'প্রজ্ঞা' (ইংরেজীতে 'এন্‌লাইটেন-মেন্ট') নামে অভিহিত হয়।

বিজ্ঞানের প্রতি মানুষের শ্রদ্ধা যত বাড়তে থাকে, প্রাকৃতিক নিয়মের প্রতি আস্থা যত গভীর হতে থাকে, মানুষ ততই হয়ে ওঠে যুক্তিবাদী। অর্থাৎ ইওরোপের মানুষের মধ্যে তখন যুক্তির দ্বারা সবকিছুকে বোঝবার, সব-কিছুকে যাচাই করে দেখবার প্রবণতা দেখা দেয়। অল্প কথায়, মানুষ তখন গতানুগতিকতার প্রতি আর আস্থা রাখতে পারছিল না। প্রচলিত সমাজ, অর্থনীতি, রাজনীতি—সবকিছুকে তারা যুক্তির মানদণ্ডে বিচার করে দেখতে চাইছিল যে ঐগুলো সত্যি সত্যি মানুষের উন্নতির সহায়ক কি না। অষ্টাদশ শতাব্দীতে ইওরোপের মানুষের এই যুক্তিবাদী মনোভাবের জন্যই সেই সময়কে 'যুক্তিবাদের যুগ' বলা হয়। এই যুক্তিবাদী মনোভাব থেকে অষ্টাদশ শতাব্দীতে সমাজ, রাজনীতি ও অর্থনীতিতে এসেছিল এক বৈপ্লবিক পরি-বর্তনের ধারা। ইওরোপে সূচিত হয়েছিল বিপ্লবের এক নতুন অধ্যায়।

(২) **আমেরিকার স্বাধীনতা-যুদ্ধ ঃ** পঞ্চদশ শতাব্দীতে ইওরোপে যখন নতুন নতুন দেশ আবিষ্কারের ধুম পড়ে যায় তখনই কলম্বাস 'আমেরিকা' মহাদেশ আবিষ্কার করেন। আমেরিকার আদিম অধিবাসীরা 'রেড ইন্ডিয়ান' নামে পরিচিত। তারা সেখানে নিরুপদ্রবেই বসবাস করছিল। উত্তর আমেরিকার পূর্ব উপকূলের অনুকূল আবহাওয়া, প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য ও সচ্ছল জীবনযাত্রার আকর্ষণে দলে দলে ইংলন্ড ও ইওরোপের অপরাপর জায়গা থেকে মানুষ সেখানে গিয়ে বসবাস শুরু করে। মুষ্টিমেয় রেড ইণ্ডিয়ানরা এই অনুপ্রবেশ রোধ করতে পারে নি। আঠারো শতকের মধ্যেই দেখা যায় উত্তর আমেরিকার পূর্ব উপকূলে একটি একটি করে ইংলণ্ডের মোট তেরোটি উপনিবেশ গড়ে উঠেছে।


আমেরিকায় তেরোটি উপনিবেশের প্রত্যেকটির শাসনব্যবস্থা পৃথক হলেও মোটামুটি ছিল একই ধাঁচের। প্রত্যেক উপনিবেশে একজন করে গভর্নর ছিলেন, তবে আসল ক্ষমতা থাকতো নির্বাচিত স্থানীয়-সভার উপর। অভ্যন্তরীণ এই স্বশাসনের ব্যাপারে ইংলণ্ডের কোনো আপত্তি ছিল না। কিন্তু অর্থনৈতিক ব্যাপারে উপনিবেশগুলো ছিল সম্পূর্ণভাবে ইংলণ্ডের নিয়ন্ত্রণাধীন। অর্থাৎ উপনিবেশগুলোর সঙ্গে ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে কিভাবে সর্বোচ্চ মুনাফা লুটা যায় ইংলন্ড সেই ব্যাপারে সব ব্যবস্থা পাকা করে রেখেছিল। উপনিবেশের ব্যবসা-বাণিজ্যের উপর নানা বিধি-নিষেধ আরোপ করে ইংলন্ড তার অর্থনীতিকে কব্জা করে ফেলে। তাছাড়া ইংলন্ড স্বীয় সংকীর্ণ স্বার্থে সেখানে কোনো শিল্প গড়ে উঠতে দেয়নি। কিন্তু এমন অবস্থা চিরদিন চলতে পারে না। ইংলণ্ডের নানাবিধ অর্থনৈতিক জোর-জুলুম ও অবিচারের বিরুদ্ধে আমেরিকার উপনিবেশবাসীরা যে সংগ্রাম শুরু করেছিল তা-ই শেষ পর্যন্ত স্বাধীনতা-যুদ্ধে পরিণত হয়। আর এই স্বাধীনতা-যুদ্ধের মাধ্যমেই জন্মলাভ করে আধুনিক 'মার্কিন যুক্তরাষ্ট্র' বা 'ইউনাইটেড স্টেটস্ অফ আমেরিকা'।

(ক) **আমেরিকার স্বাধীনতা-যুদ্ধের কারণ ঃ** আমেরিকার উপনিবেশগুলোর অর্থনীতিকে রুদ্ধ করবার যে নীতি ইংলন্ড গ্রহণ করেছিল তা-ই ছিল আমেরিকাবাসীদের বিক্ষোভের প্রধান কারণ। ইংলন্ড একচেটিয়াভাবে উপনিবেশগুলোর সঙ্গে ব্যবসা-বাণিজ্য করতো। উপনিবেশগুলোর বন্দরে ইংলন্ড ব্যতীত অপর কোনো দেশের জাহাজ ভিড়তে পারতো না। তাছাড়া উপনিবেশগুলোতে ইংরেজদের প্রতিযোগী কোনো শিল্প গড়ে তোলা ছিল বে-আইনী। এক কথায়, আমেরিকার উপনিবেশকে অনুন্নত রেখে ব্যবসা-বাণিজ্যের নামে তার সম্পদ যথেচ্ছভাবে লুণ্ঠন করাই ছিল ইংলণ্ডের অর্থনৈতিক নীতির আসল উদ্দেশ্য। বলা বাহুল্য, ইংলণ্ডের এই আচরণের বিরুদ্ধে উপনিবেশবাসীরা বিক্ষোভে ফেটে পড়েছিল।

আমেরিকাস্থ উপনিবেশবাসীদের বিক্ষোভের আরও একটা বড় কারণ হ'ল উপনিবেশবাসীদের নতুন জমি দখলের ওপর নিষেধাজ্ঞা জারী করা। ইংলণ্ডের অভিজাতরা আমেরিকায় অনেক জায়গা-জমি খরিদ করেছিলেন। তাঁরা জমিদারীতে বসবাসকারী কৃষকদের কাছ থেকে খাজনা আদায় করতেন। কৃষকরা

নিজেদের ইচ্ছামত নতুন নতুন জায়গা দখল করতে থাকলে ইংরেজ জমিদারদের খাজনা আদায় বন্ধ হবে সেই কারণেই নিষেধাজ্ঞা জারী করা হয়েছিল। যাই হোক, সরকারী নিষেধাজ্ঞার বিরুদ্ধে উপনিবেশবাসীরা বিক্ষোভে ফেটে পড়েছিল। কেবল তাই নয়, অনেক ক্ষেত্রে উপনিবেশবাসীরা সেই নিষেধাজ্ঞা অমান্য করে নতুন নতুন জমি অধিকার করে স্বাধীন কৃষক হিসাবে সেখানে চাষ-আবাদ ও বসবাস করতে শুরু করেছিল।

নানা কারণে উপনিবেশবাসীদের মনে যখন ইংরেজ-বিদ্বেষ চরমে উঠেছে তখন কয়েকজন দার্শনিকের চিন্তা-ভাবনা তাদের মধ্যে সংগ্রামের প্রেরণা জাগিয়ে তুলতে বিশেষ সাহায্য করেছিল। লক্, হ্যারিংটন, মিলটন প্রমুখ সমসাময়িক ইংরেজ দার্শনিক মনে করতেন যে, প্রত্যেক মানুষের কতকগুলি




আমেরিকায় তেরোটি ইংরেজ উপনিবেশ

মৌলিক অধিকার আছে যা কোনো সরকারই কেড়ে নিতে পারে না। তাছাড়া টমাস জেফারসন, টমাস পেইন প্রভৃতি মার্কিন চিন্তাবিদ আরও এক ধাপ এগিয়ে উপনিবেশবাসীদের বিদ্রোহের মাধ্যমে স্বাধীনতা অর্জনের কথা প্রচার করেছিলেন। টমাস পেইন তাঁর 'কমনসেন্স' নামে পুস্তিকায় বলেছেন: "......ভাবতে আশ্চর্য লাগে যে একটা ছোট্ট দ্বীপ (ইংলন্ড) কিভাবে একটা মহাদেশকে (আমেরিকা) অনন্তকাল ধরে শাসন করে যাবে।" দার্শনিকদের উপরি-উক্ত বক্তব্য উপনিবেশবাসীদের মনে স্বাধীনতালাভের স্পৃহা যে বহুগুণে বৃদ্ধি করেছিল তা বলাই বাহুল্য।

গোলমাল বেধে যায় অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি সময়ে যখন আর্থিক অভাব-অনটনের মধ্যে পড়ে ব্রিটিশ সরকার উপনিবেশবাসীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে উদ্যোগী হয়। ১৭৬৫ খ্রীস্টাব্দে ব্রিটিশ পার্লামেন্ট 'স্ট্যাম্প

অ্যাক্ট' নামে একটি আইন জারী করে। এই আইন অনুসারে উপনিবেশগুলিতে যে-কোনো দলিলের উপর নতুন 'স্ট্যাম্প' লাগানো বাধ্যতামূলক করা হয়। 'স্ট্যাম্প' বিক্রীর দরুন যে অর্থ আদায় হবে সেই টাকা আত্মসাৎ করে ব্রিটিশ সরকারের আয় বৃদ্ধি করাই ছিল এই নতুন আইনের প্রকৃত উদ্দেশ্য।

উপনিবেশবাসীরা 'স্ট্যাম্প অ্যাক্ট'-এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানায়। কেবল তাই নয়, ঐ আইন বাতিলের দাবিতে তারা সব রকমের ব্রিটিশ পণ্য-সামগ্রীকে বর্জন করেছিল। সেই সময় উপনিবেশবাসীদের বক্তব্য ছিল ঃ বিনা প্রতিনিধিত্বে কর চাপানো চলবে না। অর্থাৎ যে পার্লামেন্টে উপনিবেশবাসীর কোনো প্রতিনিধি নেই সেই ব্রিটিশ পার্লামেন্টের তাদের উপর কর চাপানোরও কোনো অধিকার নেই। প্রসঙ্গত উল্লেখ্য, উপনিবেশবাসীদের এই রব প্রবাদে পরিণত হয়েছে। যাই হোক, আন্দোলনের চাপে পড়ে ব্রিটিশ সরকার 'স্ট্যাম্প অ্যাক্ট' প্রত্যাহার করে নিতে বাধ্য হয়। কিন্তু কিছুদিনের মধ্যেই ব্রিটিশ সরকার উপনিবেশবাসীদের উপর আবার একটা নতুন শুল্ক চাপিয়ে


We hold these truths to be self evident; that all men are created equal; that they are endowed by their creator with inherent & inalienable rights; that among these are life, liberty, & the pursuit of happiness: that to secure these rights, governments are instituted among men, deriving their just powers from the consent of the governed: that whenever any form of government becomes destructive of these ends, it is the right of the people to alter or to abolish it, & to institute new government, laying it's foundation on

জেফারসন বিরচিত স্বাধীনতার ঘোষণাপত্রের খসড়া

দেয় (১৭৬৭ খ্রী)। অর্থ সংগ্রহের এই নতুন প্রচেষ্টাকেও উপনিবেশবাসীরা অসহযোগ আন্দোলনের মাধ্যমে ব্যর্থ করে দেয়। ব্রিটিশ সরকার এবারেও শুল্ক প্রত্যাহার করে নেয়। কিন্তু উপনিবেশবাসীর উপর শুল্ক চাপাবার অধিকার যে ব্রিটিশ পার্লামেন্টের আছে সেটা বোঝাবার জন্য কেবল চা-এর উপর শুল্ক বজায় রাখে। আমেরিকাবাসীরা ব্রিটিশ সরকারের এই একগুঁয়েমির জবাব দিয়েছিল 'বোস্টন টী পার্টি'র মাধ্যমে। 'বোস্টন টী পার্টি' ঘটনাটি এই রকম ঃ ১৭৭৩ খ্রীস্টাব্দে ইংরেজ কোম্পানির একটি চা-বোঝাই জাহাজ আমেরিকার বোস্টন বন্দরে ভিড়লে উপনিবেশবাসীদের একদল লোক ছদ্মবেশে সেই জাহাজে উঠে চায়ের পেটিগুলো জাহাজ থেকে সমুদ্রে ফেলে দিয়েছিল।

তদানীন্তন ইংলণ্ডরাজ তৃতীয় জর্জ ও প্রধানমন্ত্রী নর্থ উপনিবেশবাসীদের অবাধ্যতা দমনের উদ্দেশ্যে বোস্টন বন্দর বন্ধ করে দেন এবং উপনিবেশগুলিতে দখলকারী ইংরেজ সৈন্য পাঠান। তাছাড়া আরও অনেক দমনমূলক ব্যবস্থার মাধ্যমে ব্রিটিশ সরকার উপনিবেশবাসীদের দমন করতে উদ্যোগী হয়।

ব্রিটিশ সরকারের অত্যাচারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ সংগ্রামের উদ্দেশ্যে তেরোটি উপনিবেশের প্রতিনিধিরা সমবেত হয়ে 'স্বাধীনতার ঘোষণাপত্র' প্রস্তুত করে (৪ঠা জুলাই, ১৭৭৬)। টমাস জেফারসন-এর রচিত এই ঘোষণাপত্রে স্পষ্টভাবে বলা হয় ঃ "প্রত্যেক মানুষ সমান অধিকার নিয়ে জন্মগ্রহণ করে ; এবং সৃষ্টিকর্তার কাছ থেকে এমন কতকগুলি অধিকার মানুষ পায় যা অবিচ্ছেদ্য। এই অধিকারগুলোর মধ্যে আছে—জীবন ধারণ, স্বাধীনতা ও সুখ-সমৃদ্ধি লাভ......"। ঘোষণাপত্রের সঙ্গে সঙ্গে ইংরেজদের বিরুদ্ধে লড়াই করবার জন্য জর্জ ওয়াশিংটন-এর নেতৃত্বে আমেরিকার একটি সৈন্যদলও গঠিত হয়। প্রায় সাত বছর ধরে তুমুল যুদ্ধ চলবার পরে পরাজিত ইংরেজরা শেষ পর্যন্ত ভার্সাই সন্ধিপত্রের দ্বারা তেরোটি উপনিবেশের স্বাধীনতা স্বীকার করে নেয় (১৭৮৩ খ্রী)। এইভাবেই জন্মলাভ করেছিল স্বাধীন মার্কিন যুক্তরাষ্ট্র।

(খ) **স্বাধীনতা-যুদ্ধে উপনিবেশবাসীদের সাফল্যের কারণ** ঃ সামরিক শক্তি ও অর্থবলের দিক দিয়ে ইংরেজরা উপনিবেশবাসীদের তুলনায় শ্রেষ্ঠ হলেও আমেরিকার স্বাধীনতা-যুদ্ধে শেষ পর্যন্ত জয় হয়েছিল উপনিবেশবাসীদেরই।

জর্জ ওয়াশিংটনের নেতৃত্ব, ধৈর্য ও অটল সংকল্প উপনিবেশবাসীদের স্বদেশ প্রেমের প্রতীক হয়ে উঠেছিল। অপরপক্ষে দূরাগত ইংরেজ সৈন্যবাহিনীর উৎসাহ ছিল ক্ষীণ, পথ-ঘাট ছিল অজানা, যার ফলে ইংরেজরা সহজেই উপনিবেশবাসীদের কাছে পরাস্ত হয়েছিল। দ্বিতীয়ত, ইংলণ্ড ও আমেরিকার মধ্যে দূরত্ব আমেরিকাবাসীদের সাফল্যের একটা গুরুত্বপূর্ণ কারণ। যুদ্ধের সময় সুদূর ইংলণ্ড থেকে প্রয়োজনমত সৈন্য-সামন্ত পাঠানো এবং অস্ত্রশস্ত্র যোগান দেওয়া অসুবিধাজনক হয়ে পড়েছিল। তৃতীয়ত, আমেরিকাবাসীদের বিরুদ্ধে যুদ্ধে ইংরেজ সেনাপতিরা তেমন কৃতিত্ব দেখাতে পারেননি। ইংরেজ সেনাপতিরা যথাযথ যোগ্যতা প্রদর্শনে ব্যর্থ হয়েছিলেন বলে অভিজ্ঞ সেনাপতির অভাব সত্ত্বেও উপনিবেশবাসীরা সহজেই ইংরেজ সৈন্যবাহিনীকে যুদ্ধে পরাস্ত করতে পেরেছিল। চতুর্থত, আমেরিকার স্বাধীনতা-যুদ্ধ চলাকালীন ইংরেজবৈরী ফ্রান্স, স্পেন ও হল্যান্ড ইংলণ্ডের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করায় উপনিবেশবাসীদের সাফল্য সুনিশ্চিত হয়েছিল। কারণ একই সঙ্গে এতগুলো দেশের সঙ্গে যুদ্ধে লিপ্ত হবার ফলে ইংলণ্ড সব শত্রুর বিরুদ্ধে সমান নজর দিতে পারেনি। সবশেষে বলা যেতে পারে যে, ফ্রান্স অর্থ ও লোকবল দিয়ে উপনিবেশবাসীদের সাহায্য করবার ফলে তাদের শক্তি অনেক বেড়ে গিয়েছিল। আর তার দরুন উপনিবেশবাসীরা সহজেই ইংরেজ সৈন্যবাহিনীকে পরাস্ত করতে পেরেছিল।

(গ) **আমেরিকার স্বাধীনতা-যুদ্ধের গুরুত্ব ও ফলাফল** ঃ অন্যায় অবিচার ও স্বেচ্ছাচারের বিরুদ্ধে সংগ্রাম করে মানুষের জন্মগত অধিকার প্রতিষ্ঠার এক গৌরবোজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছিল আমেরিকাবাসীরা। 'স্বাধীনতার ঘোষণাপত্রে' আমেরিকাবাসীরা যে মানুষের সমতা ও সমান অধিকারের কথা ঘোষণা করেছিল তা পৃথিবীর সর্বত্র গণতন্ত্রের পথকে সুগম করে তুলেছিল।

স্বাধীনতা-যুদ্ধে উপনিবেশবাসীর সাফল্য পৃথিবীর সর্বত্র উপনিবেশবাসীদের মনে স্বাধীনতা স্পৃহা জাগিয়ে তুলেছিল। আমেরিকার দৃষ্টান্ত মধ্য ও দক্ষিণ আমেরিকায় স্পেনীয় ও পর্তুগীজ উপনিবেশবাসীর মনে বিদ্রোহের ইন্ধন জুগিয়েছিল। তাছাড়া আমেরিকার স্বাধীনতা-যুদ্ধে যে গণতন্ত্রের জয় ঘোষিত হয়েছিল তা ফরাসীবাসীদের মনে এক প্রচণ্ড আলোড়নের সৃষ্টি করে। গণতান্ত্রিক আদর্শে উদ্‌বুদ্ধ ফরাসীবাসী অল্পদিনের মধ্যেই স্বেচ্ছাচারী রাজতন্ত্রের বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হয়েছিল।

স্বাধীনতা-যুদ্ধের সময় আমেরিকার তেরোটি উপনিবেশ যে ঐক্যবদ্ধ হয় তার ফলশ্রুতি হিসাবে 'আমেরিকা যুক্তরাষ্ট্র' গড়ে ওঠে। আমেরিকার স্বাধীনতা-সংগ্রামীদের আরও একটা কৃতিত্ব হ'ল এই যে তারা আমেরিকা যুক্তরাষ্ট্রকে একটি 'প্রজাতন্ত্র' হিসাবে গড়ে তুলেছিল।

(৩) **ইংলণ্ডে শিল্প-বিপ্লব ঃ** (ক) **'শিল্প-বিপ্লব'-এর অর্থ ঃ** ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে ইওরোপে পরিবহণ-ব্যবস্থার উন্নয়ন, নতুন নতুন দেশ আবিষ্কার এবং নগরের উৎপত্তির দরুন ব্যবসা-বাণিজ্য ব্যাপক আকার ধারণ করে। ব্যবসা-বাণিজ্য জোর কদমে চলতে থাকায় পণ্য-সামগ্রীর চাহিদাও ক্রমাগত বাড়তে থাকে। এমতাবস্থায় দীর্ঘদিনের প্রচলিত যে উৎপাদন-পদ্ধতি তার দ্বারা জিনিসপত্রের ক্রমবর্ধমান চাহিদা মেটানো সম্ভব ছিল না। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে সেই উৎপাদন-পদ্ধতিতে এক আমূল পরিবর্তন ঘটে যায়। এই পরিবর্তন যেমন ছিল আকস্মিক, তার প্রভাব তেমনি ছিল সুদূর-প্রসারী। 'শিল্প-বিপ্লব' বলতে এই পরিবর্তনকে বোঝায়।

এখন প্রশ্ন হ'ল উৎপাদন-পদ্ধতির পরিবর্তন বলতে কি বোঝায়। শিল্প-বিপ্লবের আগে বণিক-মালিক বা শিল্পপতিরা কাঁচামাল কিনে কারিগর, তাঁতী প্রভৃতির কাছে পৌঁছে দিত, আর দিত তাঁদের ভরণ-পোষণের জন্য কিছু অর্থ। কারিগর পরিবারের সবাই মিলে বাড়ীতে বসে সাধারণ যন্ত্রপাতি দিয়ে সেই কাঁচামাল থেকে পণ্য-সামগ্রী উৎপন্ন করতো। এই ধরনের উৎপাদন-পদ্ধতি 'গৃহশিল্প' বা 'কারিগরি শিল্প' নামে অভিহিত হয়। কিন্তু অষ্টাদশ শতাব্দীতে দেখা গেল এই পদ্ধতিতে আর চলছে না। অর্থাৎ গৃহশিল্প-পদ্ধতিতে পণ্য-সামগ্রীর চাহিদা মেটানো আর সম্ভব হচ্ছে না। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে যে নতুন উৎপাদন-পদ্ধতি প্রচলিত হয় তার নাম 'কারখানা-প্রথা'। এই পদ্ধতিতে আগেকার সাধাসিধে ধরনের যন্ত্রপাতি ও মানুষের দৈহিক শক্তির পরিবর্তে ব্যাপকভাবে যন্ত্রশক্তির ব্যবহার শুরু হয়। তাছাড়া এখন কারিগরের বাড়ীর পরিবর্তে কারখানায় বসে উৎপাদনের কাজ চলতে থাকে। ব্যবসায়ী, শিল্পপতিরা এখন কারিগরকে কেবল কাঁচামালই নয়, যন্ত্রপাতিও দেয় এবং অনেক কারিগরকে একসঙ্গে কারখানায় খাটায়। সমবেত কাজে তাই উৎপাদন বেশী হয়। উৎপাদন-পদ্ধতির উপরি-উক্ত পরিবর্তনই শিল্প-বিপ্লবের মূল কথা।

(খ) **কৃষি-বিপ্লব ঃ** শিল্প-বিপ্লবের সঙ্গে কৃষি-বিপ্লব ওতপ্রোতভাবে জড়িত। সপ্তদশ শতাব্দী পর্যন্ত কৃষিকাজ মানুষের জীবিকা নির্বাহের প্রধান উপায় হওয়া সত্ত্বেও কৃষি-পদ্ধতির তেমন কোনো উন্নতি হয়নি।

পুরানো কৃষিসরঞ্জাম দিয়েই তখন ফসল উৎপাদনের কাজ চলত। এর প্রধান কারণ হ'ল সেই সময় পর্যন্ত কৃষিজাত দ্রব্যের চাহিদা ছিল খুবই সীমিত, খাদ্য-শস্যের প্রয়োজন ব্যতীত তার আর কোনো চাহিদাই ছিল না। তাছাড়া কারিগরেরা তখন বাড়ীতে বসে শিল্পোৎপাদনের সঙ্গে সঙ্গে কৃষিকাজও করত বলে নিজেদের খাদ্য-শস্যের চাহিদা নিজেরাই মেটাতে পারত। কিন্তু অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে এই অবস্থার পরিবর্তন ঘটে। সেই সময় কারখানা-প্রথা চালু হওয়ায় কারিগরেরা কারখানায় বসে কেবল শিল্পোৎপাদনের কাজই করতে থাকে। আবার কল-কারখানায় আখ, তুলো প্রভৃতির চাহিদা দেখা দিল। তাছাড়া নতুন নতুন শহর গড়ে ওঠায় জনসংখ্যা বৃদ্ধি পেতে লাগল। এইসব কারণে কৃষিজাত দ্রব্যের চাহিদাও ক্রমাগত বাড়তে থাকে। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে কৃষিজাত দ্রব্যের চাহিদা মেটানোর জন্য কৃষি-পদ্ধতিতে যে পরিবর্তন সূচিত হয় তা-ই 'কৃষি-বিপ্লব' নামে অভিহিত। কৃষিকাজে এখন যন্ত্রপাতির ব্যবহার শুরু হয়। জমিতে সার ব্যবহার ও নতুন নতুন শস্যের চাষ চলতে থাকে। এইসব নতুন পদ্ধতিতে চাষ-আবাদ করবার ফলে কৃষি-উৎপাদন আগেকার তুলনায় অনেক বেড়ে গিয়েছিল।

(গ) **নতুন নতুন যন্ত্রের আবিষ্কার** ঃ অষ্টাদশ শতাব্দীর মধ্যেই ইংলণ্ড যে পৃথিবী-জোড়া উপনিবেশ গড়ে তুলেছিল সে কথা আগেই বলেছি। উপনিবেশগুলো থেকে সস্তায় কাঁচামাল আমদানি করা সহজ। আবার সেখানকার বাজারে পণ্য-সামগ্রী বিক্রী করে প্রচুর মুনাফা অর্জন করবার সুযোগও উপস্থিত হয়েছিল। বাস্তববাদী ইংরেজরা তাই ভাবতে লাগল কি করে অল্প সময়ে প্রচুর পরিমাণ পণ্য-সামগ্রী উৎপন্ন করা যায়। এই প্রচেষ্টা থেকে ইংলণ্ডে নতুন নতুন যন্ত্র আবিষ্কার হতে লাগল। এখন মানুষের দৈহিক শক্তির পরিবর্তে যন্ত্রশক্তির সাহায্যে অল্প সময়ে প্রচুর জিনিস-পত্র তৈরী করা সম্ভব হ'ল। সেইজন্যই বলা হয় যে, শিল্প-বিপ্লবের সঙ্গে সঙ্গে 'যন্ত্রশক্তির যুগ' বা 'মেসিনের যুগ' শুরু হয়েছে।

১৭৩৩ খ্রীস্টাব্দে জন কে 'ফ্লাইং শাট্‌ল' নামে এক বৈজ্ঞানিক মাকু আবিষ্কার করেন। এই আবিষ্কারের ফলে দ্রুতগতিতে বয়নের কাজ করা সম্ভব হয়। কিন্তু বয়নের কাজ করতে গেলে চাই প্রচুর সুতো। হারগ্রীভ্‌স সেই অসুবিধে দূর করলেন 'স্পিনিং জেনী' নামে উন্নত ধরনের এক সুতো কাটার যন্ত্র আবিষ্কার করে। অল্পদিনের মধ্যেই রিচার্ড আর্করাইট-এর 'ওয়াটার ফ্রেম' এবং ক্রম্পটন-এর 'মিউল' এই দুটি যন্ত্রের সাহায্যে অল্প সময়ে প্রচুর পরিমাণ সুতো পাওয়া সম্ভব হয়। ১৭৮৫ খ্রীস্টাব্দে কার্টরাইট আরও উন্নত ধরনের বয়নযন্ত্র আবিষ্কার করেন যার নাম 'পাওয়ার লুম'। বলা বাহুল্য, এইসব যন্ত্রের সাহায্যে খুবই অল্প সময়ে এত বেশী পরিমাণ বস্ত্র ইংলণ্ডে তৈরী হতে লাগল যা কোনো শ্রমিক কেবল দৈহিক শক্তির সাহায্যে উৎপন্ন করতে পারতো না।

এতদিন পর্যন্ত কলগুলো চলত বায়ু বা জলশক্তির সাহায্যে। কিন্তু এর চেয়ে আরও অনেক উন্নত শক্তির উৎস পাওয়া গেল যখন জেমস্ ওয়াট

আবিষ্কার করলেন 'স্টীম ইঞ্জিন' (১৭৬৯ খ্রী)। বাষ্প-শক্তির সাহায্যে মেশিন চালানোর ফলে শিল্পোৎপাদন পদ্ধতির আমূল পরিবর্তন ঘটেছিল। কারণ বাষ্প-শক্তির সঙ্গে মানুষের দৈহিক শক্তি বা বায়ু-শক্তির কোনো তুলনাই চলে না! বলা বাহুল্য, বাষ্প-শক্তি ব্যবহারের সঙ্গে সঙ্গে পণ্য-উৎপাদন এক লাফে অনেকখানি বেড়ে গিয়েছিল।

যন্ত্রপাতি তৈরী করতে গেলে প্রচুর পরিমাণ লোহা ও ইস্পাতের প্রয়োজন। দেখতে দেখতে ইংলণ্ডে অনেক লৌহ ও ইস্পাত শিল্প গড়ে ওঠে।

শিল্প-বিপ্লবের সঙ্গে সঙ্গে যানবাহন ও পথ-ঘাটের উন্নতি শুরু হয়। রবার্ট ফুলটন আবিষ্কার করলেন বাষ্পচালিত নৌকা। স্টিফেনসন রেল-ইঞ্জিন আবিষ্কার করে স্থল-পরিবহণ সমস্যা মিটিয়েছিলেন। এইভাবে শিল্প-বিপ্লব কেবল পণ্য-উৎপাদনই নয়, আনুষঙ্গিক অন্যান্য বিষয়েও গুরুতর পরিবর্তন এনেছিল।

(ঘ) **শিল্প-বিপ্লবের ফলাফল** : শিল্প-বিপ্লব ইংলণ্ডেই প্রথম সংঘটিত হয়। এর ফলে ইংলণ্ড পৃথিবীর সবচেয়ে শিল্পোন্নত দেশ হিসাবে আত্মপ্রকাশ করে। ইংলণ্ডের বড় বড় কল-কারখানায় প্রচুর পরিমাণ শিল্পজাত দ্রব্য উৎপন্ন হতে থাকে। এইসব পণ্য-সামগ্রী পৃথিবীর সর্বত্র চড়া দামে বিক্রী করে ইংলণ্ড ঐশ্বর্য ও সম্পদে শ্রেষ্ঠ দেশে পরিণত হয়।

শিল্প-বিপ্লবের ফলে লাভবান হয়েছিল অল্পসংখ্যক মানুষ এবং ক্ষতিগ্রস্ত হয়েছিল জনসাধারণের এক বিপুল অংশ। শিল্প-বিপ্লব কল-কারখানার মালিকদের লাভের অঙ্ক বাড়িয়ে দিয়েছিল। তাঁদের একমাত্র উদ্দেশ্য ছিল কিভাবে সর্বোচ্চ মুনাফা লুটা যায়। শ্রমিকদের তাঁরা যথাসম্ভব কম মজুরী দিয়ে যত বেশী পারে খাটিয়ে নিত। শ্রমিকদের তখন জীবিকা নির্বাহের জন্য কারখানা-মালিকদের ওপর নির্ভর করতে হ'ত। অল্প কথায়, শিল্প-বিপ্লবের ফলে সমাজে দুই শ্রেণীর মানুষের সৃষ্টি হয়েছিল যেমন : বিত্তশালী ধনিক এবং বিত্তহীন শ্রমিক।

যন্ত্রচালিত শিল্পোৎপাদন পদ্ধতিতে শ্রমিকের কর্মদক্ষতা ও নিপুণতার তেমন প্রয়োজন হ'ত না বলে বহুসংখ্যক নারী ও অল্প বয়স্ক বালকদের সামান্য মজুরীতে কল-কারখানায় নিয়োগ করা শুরু হয়। নিঃস্ব পিতা-মাতা তাদের অল্প-বয়স্ক বালক-বালিকাদের কল-কারখানার মালিকদের কাছে ভাড়া খাটাবার ফলে প্রাচীন দাস-প্রথারই পুনঃপ্রবর্তন হয়েছিল বলা যেতে পারে।

শিল্প-বিপ্লবের দরুন বহু সংখ্যক কল-কারখানা গড়ে ওঠায় কর্মসংস্থানের সুযোগ হয়েছিল। কিন্তু শ্রমিকরা কারখানা-মালিকের কৃপাপ্রার্থী হবার ফলে যেকোনো অজুহাতে সেই মালিক একজন শ্রমিককে বরখাস্ত করতে পারতো। তাছাড়া ব্যবসা-বাণিজ্যে মন্দা দেখা দিলে যখন উৎপাদনের প্রয়োজন হয় না তখন শ্রমিকদের কর্মহীনতার সম্মুখীন হতে হ'ত।

শিল্প-বিপ্লব ইংলণ্ডে প্রথম হয়েছিল বলে তার কুফলগুলো সেখানেই প্রথম স্পষ্ট হয়ে ওঠে। ক্রমে কতিপয় মানব-দরদী ব্যক্তির উদ্যোগ এবং শ্রমিকদের আন্দোলনের ফলে ব্রিটিশ পার্লামেণ্ট কয়েকটি আইন পাশ করে শ্রমিকদের কতক সুযোগ-সুবিধা দিয়েছিল।

(৪) ফরাসী বিপ্লব : (ক) ফরাসী দার্শনিকদের চিন্তাধারা : অষ্টাদশ শতাব্দীর ইওরোপকে অনেকে জ্ঞানালোক ও যুক্তিবাদের যুগ বলে অভিহিত করেছেন। সেই সময় বেশ কিছু সংখ্যক সমাজবিজ্ঞানী, রাষ্ট্রনীতিবিদ ও অন্যান্য বিষয়ে পণ্ডিত ব্যক্তি আবির্ভূত হয়েছিলেন। এঁরা তাঁদের লেখনীর মাধ্যমে সমাজ ও রাজনীতি সম্পর্কে অনেক জটিল প্রশ্নের বৈজ্ঞানিক সমাধান দিয়েছিলেন।



ভলতেয়ার

ফরাসী লেখকদের মধ্যে সবচেয়ে আগে উল্লেখ করতে হয় ভলতেয়ার-এর নাম। তিনি ছিলেন স্বাধীনতা ও প্রগতির পূজারী। তিনি মানুষের স্বাধীন মতামত প্রকাশের একান্ত পক্ষপাতী ছিলেন। ভলতেয়ারের যাবতীয় রচনায় ফরাসী জীবনযাত্রা, অর্থনীতি, রাজনীতি প্রভৃতি সম্পর্কে চরম আক্রমণ লক্ষ্য করা যায়। তাঁর বিখ্যাত গ্রন্থের নাম 'লেটারস অফ দি ইংলিশ'।



মন্টেস্কু

আর একজন ফরাসী চিন্তাবিদের নাম হল মন্টেস্কু। ইংলণ্ডের গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা মন্টেস্কুকে দারুণভাবে প্রভাবিত করেছিল। তিনি তাঁর 'স্পিরিট অফ্ দি লজ' গ্রন্থে ইংরেজদের শাসন-ব্যবস্থার ভূয়সী প্রশংসা করেছেন। মন্টেস্কু বিজ্ঞানসম্মত পন্থায় রাজনীতিকে ব্যাখ্যা করেছিলেন।



রুশো

ফরাসী লেখকদের মধ্যে সম্ভবতঃ সবচেয়ে প্রভাবশালী ছিলেন রুশো। ফরাসী বিপ্লবের মন্ত্রকার হিসাবে তিনি বন্দিত। রুশো তাঁর 'সোশ্যাল কন্ট্রাক্ট' গ্রন্থে বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যা সমাধানের চেষ্টা করেছেন। তিনি বলেছেন যে, সরকারের ক্ষমতার উৎস হচ্ছে মানুষ এবং মানুষ ইচ্ছামত সেই সরকারের পরিবর্তন করতে পারে।

ফরাসী বিপ্লবের প্রাক্কালে এইসব ফরাসী লেখকের চিন্তাধারা মানুষের শক্তি সম্পর্কে ফরাসীবাসীকে সচেতন করে তুলেছিল। তাছাড়া উৎপীড়িত জনসাধারণের সামনে তাঁরা এক নতুন আশার আলো এবং গণতন্ত্রের এক মহান আদর্শ তুলে ধরেছিলেন।

(খ) ফরাসী বিপ্লবের কারণ ঃ ফরাসী সমাজ ছিল সামন্ততান্ত্রিক আদর্শে গড়া। সমাজ ছিল সাধারণভাবে দুটি শ্রেণীতে বিভক্ত যেমন ঃ 'অধিকারভুক্ত' ও 'অধিকারহীন' শ্রেণী। অভিজাত ও যাজকরা ছিল অধিকার ভুক্ত শ্রেণীর লোক। অর্থাৎ তাঁরাই ছিল সুখ-সম্পদের অধিকারী, রাষ্ট্রের সব রকমের সুযোগ-সুবিধা, অধিকার ও মর্যাদা তাঁরাই ভোগ করতো। অপরদিকে মধ্যবিত্ত, শ্রমিক, কৃষক প্রভৃতি ছিল অধিকারহীন সম্প্রদায়। রাষ্ট্রের কোনো সুযোগ-সুবিধা ভোগ করবার অধিকার তাদের ছিল না। অথচ রাষ্ট্রের সব দায়িত্ব এদের পালন করতে হ'ত।

ফরাসী সমাজের এই বৈষম্য অর্থনৈতিক ক্ষেত্রেও প্রতিফলিত হয়েছিল। 'অধিকারভুক্ত' অভিজাত ও যাজকদের কোনো কর দিতে হ'ত না। সমস্ত করের বোঝা চাপানো হয়েছিল মধ্যবিত্ত, শ্রমিক ও কৃষকদের ওপর। করভারে জর্জরিত সাধারণ মানুষের আর্থিক দুরবস্থা অসহনীয় হয়ে উঠেছিল। রাজা ও অভিজাতদের ঠাটবাট ও আমোদ-প্রমোদের অন্ত ছিল না। আর এসবের জন্য অর্থ জোগাতে হ'ত দেশের দরিদ্র কৃষক ও শ্রমিকদের।

ফরাসীবাসীদের রাজনৈতিক অসন্তোষও নিতান্ত কম ছিল না। বুরবোঁ রাজতন্ত্রের শাসনাধীন ফ্রান্সের শাসন-ব্যবস্থা ছিল পুরোপুরি স্বৈরতান্ত্রিক। রাজার ক্ষমতা ছিল অপ্রতিহত। রাজার নির্দেশই ছিল দেশের আইন। ফরাসী রাজারা 'ঈশ্বর প্রদত্ত ক্ষমতা'য় বিশ্বাসী ছিলেন। অর্থাৎ তাঁরা মনে করতেন যে, ঈশ্বরই তাদের ক্ষমতার উৎস, মানুষ নয়। এই ধরনের শাসন-ব্যবস্থায় স্বভাবতঃই দেশের মানুষের কোনো হাত ছিল না। ইংলণ্ডের পার্লামেন্টের মত ফ্রান্সেও একটি প্রতিনিধি-সভা ছিল, তার নাম 'স্টেটস্ জেনারেল' (বা জাতীয়-সভা)। কিন্তু প্রায় পৌনে দুশো বছরের মধ্যে স্টেটস্ জেনারেলের কোনো সভা ডাকা হয় নি। কারণ স্বৈরাচারী রাজারা জাতীয়-সভার মতামত নিয়ে শাসন পরিচালনা করাকে অপমানজনক বলে মনে করতেন।

এইসব কারণে ফরাসীবাসীদের মনে যখন তীব্র অসন্তোষ দেখা দিয়েছে সেই সময়ে ফরাসী চিন্তাবিদদের লেখনী ও প্রচারকার্য তাদের চিন্তাজগতে এক আলোড়নের সৃষ্টি করেছিল। রুশো, ভলতেয়ার, মন্টেস্কু প্রমুখের বক্তব্য ফরাসীবাসীকে বিপ্লবের অগ্নিমন্ত্রে দীক্ষিত করেছিল। ইতিমধ্যে আমেরিকার স্বাধীনতা-যুদ্ধে যেসব ফরাসী সৈন্যেরা উপনিবেশবাসীদের পক্ষে যোগদান করেছিল তারা দেশে ফিরে এসে ছড়াতে লাগলো মানুষের স্বাধীনতার কথা, মুক্তির বাণী।

ফরাসীরাজদের আড়ম্বরের প্রাচুর্য ও যুদ্ধ-বিগ্রহের জন্য ফ্রান্সের রাজকোষ অর্থশূন্য হয়ে পড়েছিল। অবস্থা বেগতিক দেখে রাজা ষোড়শ লুই ১৭৮৯ খ্রীস্টাব্দে স্টেটস্ জেনারেলের সভা আহবান করেন। জাতীয়-সভার অধিবেশন ডাকাটাই একটা বিপ্লব বলা যেতে পারে। কারণ এর দ্বারা একথাই প্রমাণিত হল যে, রাজার অপ্রতিহত ক্ষমতা থাকা সত্ত্বেও তিনি শেষ পর্যন্ত জনসাধারণের ইচ্ছার দ্বারা রাজকার্য পরিচালনায় বাধ্য হয়েছেন।

(গ) ফরাসী বিপ্লবের অগ্রগতি ঃ ফরাসীরাজ ষোড়শ লুই যে আর্থিক সংকটের সম্মুখীন হয়েছিলেন তা থেকে মুক্তিলাভের উপায় হিসাবে তিনি

১৭৮৯ খ্রীস্টাব্দে জাতীয়-সভা (স্টেটস্-জেনারেল) আহ্বান করেন।* তিনি চেয়েছিলেন জাতীয়-সভার সদস্যদের সমর্থন নিয়ে জনসাধারণের উপর নতুন কর ধার্য করতে, যাতে ফরাসী রাজকোষে বেশী অর্থ সংগৃহীত হয়। কিন্তু জনপ্রতিনিধিরা এতদিন পরে জাতীয়-সভায় মিলিত হবার সুযোগ পেয়ে তাঁদের নানাবিধ অভাব-অভিযোগ ও দাবি-দাওয়া আদায় করতে বদ্ধপরিকর হন। এমতাবস্থায় রাজা যোড়শ লুই ভীতি প্রদর্শনের মাধ্যমে জনপ্রতিনিধিদের বশ করবার চেষ্টা করেন এবং জাতীয়-সভার অধিবেশন বন্ধ করে দেন। কিন্তু এতে ফল হ'ল বিপরীত। সভার সদস্যরা জাতীয়-সভাগৃহের সংলগ্ন টেনিস খেলার মাঠে মিলিত হয়ে এই মর্মে শপথ গ্রহণ করেন যে তাঁরা ফ্রান্সের জন্য একটি শাসনতন্ত্র বা সংবিধান রচনা করবেন। যে নির্দিষ্ট আইন-কানুনের দ্বারা কোনো দেশের শাসন-ব্যবস্থা পরিচালিত হয় তাকে 'শাসনতন্ত্র' বা 'সংবিধান' বলা হয়। যাই হোক, জাতীয়-সভার সদস্যদের এই শপথকে 'টেনিস কোর্টের শপথ' বলে।

এদিকে প্যারি শহরের এক উন্মত্ত জনতা ১৪ই জুলাই (১৭৮৯ খ্রী) তারিখে বাস্তিল দুর্গের কারারুদ্ধ ব্যক্তিদের মুক্ত করে। বাস্তিল দুর্গ ছিল ফ্রান্সের স্বৈরাচারী শাসনের প্রতীক। এখানে হাজার হাজার লোককে বিনা বিচারে আটক রাখা হয়। বাস্তিল দুর্গের পতন তাই ফ্রান্সের স্বৈরাচারী শাসনের পতনকে চিহ্নিত করেছিল। ১৪ই জুলাই-এর এই স্মরণীয় দিনটি আজও ফরাসী বিপ্লবের বাৎসরিক রূপে গণ্য হয়।

স্টেট্স-জেনারেল-এর সদস্যরা যখন সংবিধান রচনার কাজে আত্মনিয়োগ করেন তখন ঐ সভার নতুন নামকরণ হয় 'জাতীয় মহাপরিষদ'। জাতীয় মহাপরিষদের রচিত শাসনতন্ত্রে অভিজাত ও যাজকদের বিশেষ অধিকার লুপ্ত হয়। 'মানুষের অধিকার ঘোষণার পত্র' রচনা মহাপরিষদের অপর কীর্তি। এই ঘোষণাপত্রে মুক্তি, সাম্য ও সখ্যের বাণী গৃহীত হয়। অর্থাৎ তাতে বলা হয় যে, স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার, সকল প্রজা আইনের চোখে সমান এবং সকলেই ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ। অল্প কথায়, শাসনতন্ত্র অনুসারে রাজা তাঁর স্বৈরাচারী ক্ষমতা হারিয়ে রাষ্ট্রের প্রধান কর্মচারীতে পরিণত হন। দেশের প্রভুত্ব রইল নির্বাচিত জনপ্রতিনিধিদের হাতে।

রাজা যোড়শ লুই দুর্ভাগ্যবশতঃ বিপ্লবকে মেনে নিতে পারেন নি। তিনি আইনের বন্ধনে নিজেকে বাঁধতে দিতে রাজী হন নি। তিনি বিদেশী শক্তির সাহায্যে আগেকার মত স্বেচ্ছাচারী ক্ষমতা ফিরে পাবার চেষ্টা করেন। এই উদ্দেশ্যে দেশত্যাগ করতে গিয়ে তিনি ব্যর্থ হন এবং বিপ্লবীদের হাতে রাজা ও রাণী উভয়েই ধরা পড়েন। বলা বাহুল্য, এই ঘটনার ফলে ফরাসীরাজ তাঁর মর্যাদা তো হারালেনই, উপরন্তু বিপ্লবীদের একাংশ এখন রাজাকে অবিশ্বাস করতে লাগলো। তাদের মনে এখন এই ধারণার সৃষ্টি হল যে, রাজা দেশের

* ১৬১৪ খ্রীস্টাব্দের পরে ১৭৫ বছর ফরাসী জাতীয়-সভার কোনো অধিবেশন বসেনি।

মানুষের বিরুদ্ধে বিদেশী শক্তির সাহায্যে ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন। ইতিমধ্যে ইওরোপীয় শক্তিবর্গ ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করায় রাজার প্রতি ফরাসীবাসীদের ঘৃণা আরও বেড়ে গিয়েছিল।

যাই হোক, ১৭৯২ খ্রীস্টাব্দে অস্ট্রিয়া ও প্রাশিয়া যুগ্মভাবে বিপ্লবী ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এদিকে দেশদ্রোহী সন্দেহে রাজা ষোড়শ লুইকে সিংহাসনচ্যুত করা হয়, যার ফলে ফ্রান্সে প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

১৭৯৩-৯৪ খ্রীস্টাব্দে ফরাসী বিপ্লব এক চরম পর্যায়ে উপনীত হয়। ঐ সময়ে রাজতন্ত্রের সমর্থকরা দেশের বিভিন্ন জায়গায় বিদ্রোহ ঘোষণা করে। তাছাড়া বহিঃশত্রুর আক্রমণে ফ্রান্সের অস্তিত্ব বিপন্ন হয়ে পড়ে। এমতাবস্থায় অভ্যন্তরীণ বিদ্রোহ ও বহিরাক্রমণ থেকে দেশকে রক্ষা করবার জন্য ফ্রান্সের চরমপন্থী 'জেকোবিন' দল এক চণ্ডশাসনের প্রবর্তন করে। এই চণ্ডশাসন সাধারণভাবে 'সন্ত্রাসের শাসন' নামে অভিহিত হয়। সন্ত্রাসের শাসনকালেই 'গিলোটিন' নামক হত্যাযন্ত্রে রাজা ষোড়শ লুই ও তাঁর পত্নী মেরী আন্তোনিয়েৎ-এর শিরশ্ছেদ করা হয় (জানুয়ারী, ১৭৯৩)। কেবল তাই নয়, চৌদ্দ মাসের সন্ত্রাসের শাসনে কমপক্ষে ১৭,০০০ ব্যক্তিকে কারণে-অকারণে হত্যা করা হয়েছিল।

ষোড়শ লুই-এর হত্যাকাণ্ডের ফলে সমগ্র ইওরোপে এক প্রবল বিক্ষোভ দেখা দেয়। হল্যাণ্ড, স্পেন, অস্ট্রিয়া, প্রাশিয়া প্রভৃতি দেশ মিলিতভাবে ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। ইতিমধ্যে সন্ত্রাসের শাসনের অন্যতম উদ্যোক্তা রোবস্পীয়র-এর মৃত্যুদণ্ডের ফলে ঐ শাসনের অবসান ঘটে এবং ফ্রান্সে এক নতুন শাসনতন্ত্র রচনার কাজ শুরু হয়। ১৭৯৫ খ্রীস্টাব্দে যে নতুন শাসনতন্ত্র ফ্রান্সে প্রবর্তন করা হয় তার নাম 'ডাইরেক্টরী'।

'ডাইরেক্টরী'র শাসনাধীন ফ্রান্স বহিরাক্রমণ থেকে দেশকে রক্ষার ব্যাপারে বিশেষ তৎপর হয়ে ওঠে এবং এই ব্যাপারে 'ডাইরেক্টরী' বিশেষ সাফল্য অর্জন করে। কারণ নেপোলিয়ান বোনাপার্টির নেতৃত্বে ফরাসী সৈন্যেরা একের পর এক যুদ্ধে শত্রুপক্ষকে পরাজিত করতে সমর্থ হয়েছিল।

(৫) **নেপোলিয়ান বোনাপার্টি ঃ (ক) ফরাসী বিপ্লবের সৈনিক হিসাবে নেপোলিয়ান ঃ** নেপোলিয়ান বোনাপার্টি খুব অল্প বয়সেই ফ্রান্সের সামরিক বাহিনীতে যোগদান করেন। সামরিক দক্ষতা ব্যতীত নেপোলিয়ানের সাহস ও চারিত্রিক দৃঢ়তা ছিল অসাধারণ। ফরাসী দার্শনিকদের রচনার দ্বারা তিনি বিশেষভাবে প্রভাবিত হয়েছিলেন। ফরাসী বিপ্লবকালে ইওরোপীয় শক্তিবর্গ যখন ফ্রান্সের বিরুদ্ধে সামরিক অভিযান শুরু করেছিল তখন তিনি একের পর এক যুদ্ধে তাদের পরাজিত করে অসামান্য সামরিক প্রতিভার পরিচয় দিয়েছিলেন।

নেপোলিয়ানের সামরিক সাফল্যের দরুন তিনি ফরাসীবাসীর কাছে জনপ্রিয়তা অর্জন করেন। ইতিমধ্যে ডাইরেক্টরী শাসন ফ্রান্সে অপ্রিয় হয়ে ওঠে এবং দেশের সর্বত্র চরম বিশৃঙখলা দেখা দেয়। এই সুযোগে নেপোলিয়ান যুদ্ধক্ষেত্র থেকে ফ্রান্সে উপস্থিত হন এবং স্বহস্তে দেশের শাসনভার গ্রহণ

করেন (১৭৯৯ খ্রী)। নেপোলিয়ান ফ্রান্সে যে নতুন শাসনব্যবস্থার প্রবর্তন করেন তা 'কন্সালেট' নামে পরিচিত। 'কন্সালেট' শাসন-ব্যবস্থায় নেপোলিয়ান ছিলেন মুখ্য 'কন্সাল' এবং দেশের সর্বময় কর্তা।



নেপোলিয়ান বোনাপার্ট

কন্সালেট-এর শাসনাধীন ফ্রান্স অভ্যন্তরীণ ও পররাষ্ট্রীয় ক্ষেত্রে গুরুতর সমস্যার সম্মুখীন হয়েছিল। ফ্রান্স তখন ইওরোপের বিভিন্ন শক্তির দ্বারা আক্রান্ত। নেপোলিয়ানের নেতৃত্বে ফরাসী সৈন্যবাহিনী এইবারও সাফল্যের সঙ্গে বিভিন্ন শক্তিকে প্রতিরোধ করতে সমর্থ হয়। পররাষ্ট্রীয় ক্ষেত্রে শান্তি প্রতিষ্ঠিত হওয়ায় নেপোলিয়ান অতঃপর অভ্যন্তরীণ সংস্কারকার্যে মনোনিবেশ করতে পেরেছিলেন। নেপোলিয়ানের সংস্কারকার্যের ফলে ফ্রান্সের সর্বত্র শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়েছিল, অর্থনৈতিক দিক দিয়ে সাচ্ছল্য ফিরে এসেছিল। তাছাড়া আইনবিধির সংস্কার করে তিনি জনসাধারণকে আইনের চোখে সমতা এবং সামাজিক অধিকার দিয়েছিলেন।


১৭৯৯ থেকে ১৮০৪ খ্রীস্টাব্দ পর্যন্ত নেপোলিয়ান বিপ্লবের একজন সৈনিক হিসাবে বিভিন্ন দেশের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়েছিলেন। ফ্রান্সের বিরুদ্ধে যেসব দেশ জোট বেধেছিল ঐগুলির সবকটিই ছিল রাজতন্ত্র-শাসিত। সুতরাং রাজতান্ত্রিক আক্রমণ থেকে ফরাসী বিপ্লবের আদর্শকে রক্ষা করবার জন্য তিনি বদ্ধপরিকর ছিলেন এবং বিভিন্ন দেশে তিনি বিপ্লবের একজন যোদ্ধা এবং মুক্তি, সাম্য ও সখ্যের আদর্শের বাহক হিসাবে উপস্থিত হয়েছিলেন। তাছাড়া অভ্যন্তরীণ সংস্কারের মাধ্যমে তিনি ফরাসী বিপ্লবের আদর্শগুলিকে স্থায়ীভিত্তিতে প্রতিষ্ঠা করেছিলেন। কিন্তু বিপ্লব যখন প্রতিষ্ঠা লাভ করল তখন উচ্চাকাঙ্ক্ষা তাঁকে পেয়ে বসেছিল। ১৮০৪ খ্রীস্টাব্দে তিনি নিজেকে 'ফরাসীদের সম্রাট' বলে ঘোষণা করেন। এই সময় থেকে তিনি দেশ জয় করে সাম্রাজ্য গঠনের কাজে লিপ্ত হন।

(খ) **'সম্রাট' হিসাবে নেপোলিয়ান :** 'সম্রাট' পদ গ্রহণ করবার পরে নেপোলিয়ান আবার ইওরোপীয় শক্তিবর্গের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়েছিলেন। ইতিপূর্বে ইওরোপীয় শক্তিবর্গের সঙ্গে যুদ্ধে তাঁর ভূমিকা ছিল ফরাসী বিপ্লবের রক্ষক, আর এখন তিনি একজন বিজেতা হিসাবে যুদ্ধে লিপ্ত হন।

ইংলণ্ড ছিল ফ্রান্সের চিরশত্রু। জলপথে ইংলণ্ডকে আক্রমণ করতে গিয়ে নেপোলিয়ান পরাজিত হলেন। কিন্তু স্থলযুদ্ধে তিনি ছিলেন অপরাজেয়। তিনি ক্ষিপ্রগতিতে অস্ট্রিয়া, প্রাশিয়া প্রভৃতি দেশকে যুদ্ধে পরাজিত করলে তারা নেপোলিয়ানের সঙ্গে শান্তিচুক্তি স্বাক্ষর করতে বাধ্য হয়। এইসব

দেশকে পরাজিত করে তিনি জার্মানি ও ইতালির অনেকাংশ দখল করেন। আর রাশিয়া নেপোলিয়ানের সঙ্গে মিত্রতাসূত্রে আবদ্ধ হন।

১৮০৫ থেকে ১৮০৮ খ্রীস্টাব্দের মধ্যে নেপোলিয়ান ইওরোপের এক বিস্তীর্ণ এলাকা জুড়ে তাঁর প্রভাব-প্রতিপত্তি বিস্তার করতে সমর্থ হয়েছিলেন। কিন্তু ইংলণ্ডকে তিনি কিছুতেই শিক্ষা দিতে পারছিলেন না। সুতরাং ইংলণ্ডকে পদানত করা তাঁর প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায় এবং সেই চেষ্টা করতে গিয়েই তিনি তাঁর পতন ডেকে এনেছিলেন। তিনি নির্দেশ জারী করে সব দেশের সঙ্গে ইংলণ্ডের ব্যবসা-বাণিজ্য বন্ধ করতে উদ্যোগী হন। কিন্তু তাতে স্পেন ও পর্তুগাল ফ্রান্সের শত্রুতে পরিণত হয়। স্পেন ও পর্তুগালের সঙ্গে



পেনিনসুলার যুদ্ধে নেপোলিয়ান সর্বপ্রথম পরাজয়ের সম্মুখীন হন। তারপরে অস্ট্রিয়া, রাশিয়া ও প্রাশিয়ার সম্মিলিত বাহিনীর কাছেও তাঁকে পরাজয় বরণ করতে হয়েছিল জাতিপুঞ্জের যুদ্ধে। শেষ পর্যন্ত ওয়াটারলু'র যুদ্ধে (১৮১৫ খ্রী) নেপোলিয়ান ইংলণ্ডের কাছে পরাজিত হয়ে আত্মসমর্পণ করতে বাধ্য হন। জীবনের শেষ দিনগুলো তিনি সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত জীবন কাটিয়েছিলেন।

(৬) **ফরাসী বিপ্লবের স্থায়ী ফলাফল :** অষ্টাদশ শতাব্দীর ফরাসী বিপ্লব সাধারণ মানুষের মনে স্বাধীনতার এক নতুন আদর্শ স্থাপন করেছিল। স্বাধীনতা বলতে কেবল রাজনৈতিক স্বাধীনতাই নয়, সামাজিক ও অর্থনৈতিক স্বাধীনতাও বটে। ফরাসী বিপ্লবের আগে জনসাধারণ অভিজাত ও যাজক

সম্প্রদায় কর্তৃক নির্যাতিত ও শোষিত হ'ত। সমাজ ও রাষ্ট্রের সব সুযোগ-সুবিধা ভোগ করতো অভিজাত ও যাজকরা। ফরাসী বিপ্লবের ফলে সেই শোষণ ও নির্যাতনের অবসান ঘটে এবং অভিজাত ও যাজকদের বিশেষ অধিকার লুপ্ত হয়। সমাজে এখন সকলেরই সমান অধিকার। দেশের ধন সম্পদ সকলেরই স্বার্থে সমানভাবে ব্যবহৃত হবার পথ প্রশস্ত হয়। তাছাড়া শাসন পরিচালনা ও আইন-প্রণয়নের ক্ষেত্রেও জনসাধারণের অংশ গ্রহণের অধিকার স্বীকৃত হয়। ফরাসী বিপ্লবের মূল উদ্দেশ্য তাই তিনটি কথায় প্রকাশ করা হয়েছিল ঃ মুক্তি, সাম্য ও সখ্য।

ফরাসী বিপ্লবের মাধ্যমে যে জাতীয়তাবোধ ও দেশপ্রেমের উন্মেষ ঘটেছিল তার প্রভাব পৃথিবীর সর্বত্র অনুভূত হতে থাকে। জাতীয়তাবাদের বৈশিষ্ট্য হ'ল একই ভাষাভাষীর মানুষের একতা, একই রাজনৈতিক আশা-আকাঙ্ক্ষার জাগরণ, নিজ দেশের প্রাচীন ঐতিহ্যের প্রতি গভীর শ্রদ্ধাবোধ প্রভৃতি। ফ্রান্সের নজির থেকে ইওরোপের বিভিন্ন দেশের মানুষের মধ্যে জাতীয়তাবোধ অনেকগুণে বৃদ্ধি পেয়েছিল। ঊনবিংশ শতাব্দীতে তাই জার্মানি, ইতালি প্রভৃতি দেশের মানুষ জাতীয় ঐক্যের মহান স্বপ্ন দেখেছিল।

ফরাসী বিপ্লবের মাধ্যমে সর্বজনীন ভোটাধিকার স্বীকৃতি পেয়েছিল। সাধারণ মানুষের সমর্থন, সহযোগিতা ও আত্মত্যাগের দ্বারাই ফরাসী বিপ্লব সংঘটিত হয়। সেই কারণে ফ্রান্সের ইতিহাসেই সর্বপ্রথম শ্রমিক, কৃষক প্রভৃতি বিত্তহীন লোকেরা ফরাসী প্রজাতন্ত্রে ভোট দেবার সমান অধিকার লাভ করেছিল।

স্মৃতি-সহায়

১. অষ্টাদশ শতাব্দীতে ইওরোপের মানুষের চিন্তাধারা এক নতুন দিকে মোড় নিয়েছিল। তাদের মধ্যে তখন যুক্তির দ্বারা সবকিছুকে বোঝবার, সব কিছুকে যাচাই করবার প্রবণতা দেখা দিয়েছিল। এইজন্য বিবেচ্য সময়কে 'যুক্তিবাদের যুগ' অভিধা দেওয়া হয়ে থাকে।

২. আমেরিকার উপনিবেশবাদীদের প্রতি ইংলন্ডের নানাবিধ অন্যায় আচরণ উপনিবেশবাসীদের বিক্ষুব্ধ করে তুলেছিল। এই বিক্ষোভ ক্রমে স্বাধীনতা যুদ্ধে পরিণত হয়।

৩. ১৭৭৬ খ্রীস্টাব্দে টমাস জেফারসন 'স্বাধীনতা ঘোষণাপত্র' প্রস্তুত করেন। সঙ্গে সঙ্গে ইংরেজদের দেশ থেকে বিতাড়ণের জন্য সৈন্যদলও গঠিত হয়। যুদ্ধে পরাজয়ের ফলে ইংরেজরা আমেরিকাবাসীদের স্বাধীনতা মেনে নিতে বাধ্য হয়েছিল।

৪. অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে ইংলন্ডেই প্রথম 'শিল্প-বিপ্লব' অনুষ্ঠিত হয়। উৎপাদন-পদ্ধতির আমূল পরিবর্তনের ফলে কৃষিপণ্য ও শিল্পজাত দ্রব্যের উৎপাদন অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছিল। শিল্প-বিপ্লবের মূল কথা তা-ই।

৫. ফরাসী বিপ্লবের প্রাক্কালে ভলতেয়ার, মণ্টেস্কু প্রমুখ দার্শনিক তাঁদের রচনার মাধ্যমে সমসাময়িক সমাজ, অর্থনীতি, রাজনীতিকে প্রচন্ডভাবে আক্রমণ করেছিলেন।

৬. ফরাসী বিপ্লবের সূচনা হয় ১৭৮৯ খ্রীস্টাব্দে। বিপ্লব চলাকালীন ফরাসী জাতীয় মহাপরিষদের সদস্যরা 'মানুষের অধিকার ঘোষণার পত্র' জারী করেন। এই ঘোষণাপত্রে মুক্তি, সাম্য ও সখ্যের বাণী গৃহীত হয়েছিল।

৭. অভ্যন্তরীণ বিশৃঙ্খলা ও বহিরাক্রমণজনিত সংকটকালে নেপোলিয়ান বোনাপার্ট ফ্রান্সের রাষ্ট্রক্ষমতা দখল করেছিলেন।

৮. ১৮০৪ খ্রীস্টাব্দ পর্যন্ত নেপোলিয়ান ফরাসী বিপ্লবের একজন সৈনিক হিসাবে কাজ করলেও ঐ বছর তিনি সম্রাট পদ গ্রহণ করে বিজেতার ভূমিকায় অবতীর্ণ হন। ওয়াটারলু'র যুদ্ধে তাঁকে অবশ্য পরাজয় বরণ করতে হয়েছিল ইওরোপের সঙ্ঘবদ্ধ শক্তির কাছে।

অনুশীলনী

১. 'যুক্তিবাদের যুগ' বলতে কি বোঝ তা ব্যাখ্যা কর।
২. আমেরিকার স্বাধীনতা-যুদ্ধের কারণগুলি কি কি?
৩. স্বাধীনতা-যুদ্ধে আমেরিকার উপনিবেশবাসীদের সাফল্যের কারণ কি?
৪. আমেরিকার স্বাধীনতা-যুদ্ধের গুরুত্ব ও ফলাফল আলোচনা কর।
৫. 'শিল্প-বিপ্লব'-এর অর্থ কি তা বুঝিয়ে বল।
৬. 'কৃষি-বিপ্লব' বলতে কি বোঝ?
৭. শিল্প-বিপ্লবের সময় কি কি নতুন যন্ত্রের আবিষ্কার হয়েছিল?
৮. ইংলণ্ডে শিল্প-বিপ্লবের ফলাফল কি হয়েছিল?
৯. দার্শনিকদের চিন্তাধারা কিভাবে ফরাসীবাসীদের বিপ্লবান্দোলনে অনুপ্রাণিত করেছিল?
১০. ফরাসী বিপ্লবের কারণগুলি আলোচনা কর।
১১. ১৭৮৯ থেকে ১৭৯৫ খ্রীস্টাব্দ পর্যন্ত ফরাসী বিপ্লবের অগ্রগতির কাহিনী লিপিবদ্ধ কর।
১২. ফরাসী বিপ্লবের একজন সৈনিক হিসাবে নেপোলিয়ানের পরিচয় দাও।
১৩. 'সম্রাট' হিসাবে নেপোলিয়ানের পরিচয় দাও।
১৪. ফরাসী বিপ্লবের স্থায়ী ফলাফলগুলি আলোচনা কর।
১৫. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

(ক) আমেরিকায় ইংলণ্ড ক'টি উপনিবেশ গড়ে তুলেছিল?

(খ) দু'জন মার্কিন চিন্তাবিদের নাম বল যাঁরা উপনিবেশবাসীদের ইংলণ্ডের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করতে উৎসাহিত করেছিলেন।

(গ) কে আমেরিকাবাসীদের ওপর 'স্ট্যাম্প অ্যাক্ট' জারী করেছিল?

(ঘ) কে আমেরিকাবাসীদের স্বাধীনতার ঘোষণা-পত্র রচনা করেন?

(ঙ) কোন্ সন্ধির দ্বারা ইংলণ্ড আমেরিকাবাসীদের স্বাধীনতা মেনে নেয়?

(চ) কার নেতৃত্বে আমেরিকার সৈন্যদল গঠিত হয়েছিল?

(ছ) 'ফ্লাইং সাটল'-এর আবিষ্কর্তা কে ছিলেন?

(জ) 'স্টীম ইঞ্জিন' কে আবিষ্কার করেন?

(ঝ) কোন্ বছর ফরাসী বিপ্লব অনুষ্ঠিত হয়?

(ঞ) দুজন ফরাসী দার্শনিকের নাম বল।

১৬. নিম্নলিখিত প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও ঃ

(ক) 'জ্ঞানালোক' বলতে কি বোঝ?

(খ) কেন ইংলণ্ড ও ইওরোপের অন্যান্য জায়গা থেকে মানুষ দলে দলে আমেরিকায় গিয়ে বসবাস শুরু করেছিল?

(গ) ইংরেজরা কেন আমেরিকার উপনিবেশকে অনুন্নত রাখতে চেয়েছিল?

(ঘ) আমেরিকার স্বাধীনতা সংগ্রামীদের উপর দার্শনিকরা কি প্রভাব বিস্তার করেছিলেন?

(ঙ) আমেরিকার উপনিবেশবাসীরা 'স্ট্যাম্প অ্যাক্ট'-এর বিরুদ্ধে কিভাবে প্রতিবাদ জানিয়েছিল?

(চ) স্বাধীনতার ঘোষণাপত্রে কি বলা হয়েছিল?

(ছ) 'বোস্টন টী পার্টি' ঘটনাটি কি?

(জ) উৎপাদন পদ্ধতিতে 'গৃহশিল্প' বলতে কি বোঝায়?

(ঝ) 'কারখানা প্রথা' বলতে কি বোঝ?

(ঞ) শিল্প-বিপ্লবের সঙ্গে সঙ্গে 'মেসিনের যুগ' শুরু হয়েছে বলা হয় কেন?

(ট) 'টেনিস কোর্টের শপথ' কাকে বলা হয়?

১৭. বন্ধনীর মধ্যে দেওয়া শব্দগুলো থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে নিম্নলিখিত বাক্যগুলি সম্পূর্ণ কর ঃ

(ক) ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে ইওরোপে মানুষের চিন্তাধারার একমাত্র অবলম্বন ছিল——(বিজ্ঞান/ধর্ম/ঈশ্বর)।

(খ) স্বাধীনতা-যুদ্ধে আমেরিকাবাসীদের—— গণতন্ত্রের পথ সুগম করেছিল (জয়/পরাজয়/ব্যর্থতা)।

(গ) শিল্প-বিপ্লব ——এ প্রথম অনুষ্ঠিত হয় (আমেরিকা/ ইওরোপ/ ইংলন্ড)।

১৮. নিম্নলিখিত বিষয় সম্পর্কে টীকা লেখ ঃ

(ক) 'স্বাধীনতার ঘোষণাপত্র' (খ) টমাস পেইন (গ) ভলতেয়ার (ঘ) মন্টেস্কু (ঙ) রুশো (চ) বাস্তিল দুর্গ (ছ) সন্ত্রাসের শাসন (জ) টেনিস কোর্টের শপথ।



নবম অধ্যায়

ফরাসী বিপ্লবোত্তর ইওরোপ

(১) **উদারনীতি বনাম রক্ষণশীলতা** : উনিশ শতকের প্রথমার্ধে ইওরোপে উদারনৈতিক আদর্শ ও রক্ষণশীলতার মধ্যে অবিরাম সংঘর্ষ চলছিল। 'উদারনীতি' বলতে বোঝায় ফরাসী বিপ্লব প্রসূত গণতন্ত্র ও জাতীয়তাবাদ, আর 'রক্ষণশীলতা' বলতে ফরাসী বিপ্লবের পূর্বেকার অবস্থার পুনঃপ্রবর্তন ও বিপ্লব-বিরোধিতা। এই সংঘাতে শেষ পর্যন্ত অবশ্য জয় হয়েছিল গণতন্ত্র ও জাতীয়তাবাদেরই।

ফরাসী বিপ্লবোত্তর যুগে গণতন্ত্র ও জাতীয়তাবাদ আরও জোরদার হয়ে উঠেছিল। কারণ নেপোলিয়ান ইওরোপের এক বিস্তীর্ণ অঞ্চল জুড়ে যে বিশাল ফরাসী সাম্রাজ্য গড়ে তুলেছিলেন তার ফলে ইওরোপের বিভিন্ন দেশের মানুষ ফরাসী বিপ্লবের আদর্শে অনুপ্রাণিত হয়েছিল। কিন্তু নেপোলিয়ানের পতনের পরে ইওরোপের কর্তৃত্ব যারা গ্রহণ করেছিলেন তাঁরা বিপ্লবের আদর্শের ঘোরতর বিরোধী ছিলেন। তাঁরা চেয়েছিলেন যাতে ইওরোপে গণতন্ত্র ও জাতীয়তাবাদের প্রসার না ঘটে।

ওয়াটারলু'র যুদ্ধে নেপোলিয়ানের পতনের পরে তাঁর আক্রমণে বিধ্বস্ত ইওরোপীয় দেশগুলোর নতুন সীমা নির্ধারণের জন্য ইওরোপের রাষ্ট্রনেতারা ১৮১৫ খ্রীস্টাব্দে এক বৈঠকের আয়োজন করেন। এই বৈঠক 'ভিয়েনা সম্মেলন' নামে খ্যাত। যেসব শাসক ও কূটনীতিবিদ এতে যোগ দিয়েছিলেন তাঁদের প্রায় সবাই নিজ নিজ স্বার্থে যে-কোনো গণতান্ত্রিক আন্দোলনকে অঙ্কুরেই বিনাশ করবার পক্ষপাতী ছিলেন।

ভিয়েনা সম্মেলনে সমবেত রাষ্ট্রনীতিবিদরা যে কয়েকটি নীতির দ্বারা ইওরোপের সমস্যা সমাধানে ব্রতী হন তার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হ'ল 'ন্যায্য-অধিকার নীতি' (ইংরেজীতে 'প্রিন্সিপ্‌ল অফ লেজিটিম্যাসি')। এই নীতির মূল কথা হ'ল, ফরাসী বিপ্লবের পূর্বেকার অবস্থায় ফিরে যাওয়া।

অর্থাৎ ১৭৮৯ খ্রীস্টাব্দে ইওরোপের বিভিন্ন দেশে যেসব রাজবংশ রাজত্ব করছিল তাদের নিজ নিজ রাজ্য ফিরিয়ে দেওয়া। স্পষ্টতঃই এই নীতি ইতিহাসের গতিকে বাধা দিতে চেয়েছিল। কারণ 'ন্যায্য-অধিকার নীতি'কে কার্যকর করতে গিয়ে রাষ্ট্রনীতিবিদরা ইওরোপের মানুষের আশা-আকাঙ্ক্ষাকে সম্পূর্ণভাবে অগ্রাহ্য করেছিলেন। উদাহরণ দিয়ে বলতে গেলে, বেলজিয়াম-এর সঙ্গে হল্যান্ডকে যুক্ত করা হয়েছিল, যদিও ধর্ম, ভাষা, রীতিনীতি কোনোদিক দিয়েই দুই দেশের মানুষের মধ্যে মিল ছিল না। ফ্রান্সে বহু ঘৃণিত বুরবোঁ রাজবংশকে পুনঃপ্রতিষ্ঠিত করা হয়। আবার ইতালি ও জার্মানিতে অস্ট্রিয়ার প্রাধান্য পুনঃপ্রতিষ্ঠিত হয়। এইরকম আরও অনেক ব্যবস্থার মাধ্যমে ইওরোপে প্রাক্-বিপ্লব অবস্থার পুনঃপ্রবর্তন করা হয়েছিল।

ফরাসী বিপ্লবের মন্ত্র যাতে আর ধ্বনিত হতে না পারে সেইজন্য ইও-রোপীয় রাষ্ট্রবিদরা 'চতুঃশক্তি চুক্তি' (ইংরেজীতে 'কোয়াড্রুপল্ এলায়েন্স') গঠন করেছিলেন। অস্ট্রিয়া, রাশিয়া, প্রাশিয়া ও ইংলন্ড এই চারটি দেশের মধ্যে 'চতুঃশক্তি চুক্তি' স্বাক্ষরিত হয়। এই চতুঃশক্তি চুক্তি'র উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছিল যে, এর সভ্যরা মাঝে মাঝে মিলিত হয়ে তাঁদের স্বার্থসংশ্লিষ্ট ব্যাপার গুলো আলোচনা করবেন এবং ইওরোপে শান্তি বজায় রাখতে চেষ্টা করবেন। কিন্তু কার্যক্ষেত্রে এর উদ্দেশ্য হয়ে দাঁড়িয়েছিল ইতিহাসের গতিকে অস্বীকার করে মুক্তিকামী মানুষের বিরোধিতা করা—জাতীয়তাবাদী ও গণতান্ত্রিক আন্দোলনকে স্তব্ধ করে দেওয়া।

সমসাময়িক ইওরোপের রক্ষণশীল কূটনীতিবিদদের মধ্যে সর্বপ্রধান ব্যক্তি ছিলেন অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী প্রিন্স মেটারনিক। তিনি সেই সময় এতই প্রভাবশালী হয়ে উঠেছিলেন যে ১৮১৫ থেকে ১৮৪৮ খ্রীস্টাব্দ পর্যন্ত সময়কে 'মেটারনিক-এর যুগ' বলা হয়। মেটারনিক জানতেন যে, বিভিন্ন জাতি ও ভাষাভাষীর মানুষ নিয়ে গঠিত অস্ট্রিয়া সাম্রাজ্যে যদি গণতান্ত্রিক ও জাতীয়তাবাদী ভাবধারা প্রবল হয়ে ওঠে তাহলে সেই সাম্রাজ্যের আর কোনো অস্তিত্বই থাকবে না। সমগ্র ইওরোপের মধ্যে অস্ট্রিয়াকে আলাদা করে বিপ্লবের প্রভাবমুক্ত রাখা যাবে না বলে তিনি ইওরোপের সর্বত্র তাঁর রক্ষণ-শীল নীতি স্থাপন করতে চেয়েছিলেন। ইওরোপীয় রাজনীতির নিয়ন্তা-স্বরূপ মেটারনিক তাই নানাবিধ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে গণতন্ত্র ও জাতীয়তা-বাদের প্রভাবকে রোধ করতে সচেষ্ট হয়েছিলেন। এইসব ব্যবস্থা সামগ্রিক-ভাবে 'মেটারনিক পদ্ধতি' নামে পরিচিত। এই পদ্ধতির মূল কথা হ'ল ঃ ইওরোপে ফরাসী বিপ্লবের পূর্বেকার রাজনৈতিক ব্যবস্থা বজায় রাখা এবং জাতীয়তাবাদ ও গণতন্ত্রের গতি রোধ করা।

চতুঃশক্তি চুক্তি বা মেটারনিক পদ্ধতি শেষ পর্যন্ত কিন্তু গণতন্ত্র ও জাতীয়তাবাদের দুর্বার গতিকে আটকে রাখতে পারে নি। ঊনবিংশ শতাব্দীতে তাই নানা আন্দোলনের মাধ্যমে ইওরোপে গণচেতনা ও জাতীয়তাবোধের আত্মপ্রকাশ ঘটেছিল।

(২) **ইওরোপে গণতন্ত্র ও জাতীয়তাবাদের** জয় ঃ ভিয়েনা বৈঠকের

পরে ইওরোপের রক্ষণশীল রাষ্ট্রনায়করা ব্যাপক দমননীতির দ্বারা বিভিন্ন দেশের গণতান্ত্রিক ও জাতীয়তাবাদী আন্দোলনের কণ্ঠরোধ করতে চেয়েছিলেন। কিন্তু এই দমননীতি সত্ত্বেও ঊনবিংশ শতাব্দীতে ইওরোপের সর্বত্র উদারপন্থীদের সংখ্যা ক্রমাগত বাড়তে থাকে। উদারপন্থীরা গোপন প্রচারকার্যের দ্বারা গণতান্ত্রিক ও জাতীয়তাবাদী চিন্তাধারাকে আরও জনপ্রিয় করে তোলেন। এই চেতনার দুটো দিক আছে। একদিকে রাজতন্ত্র শাসিত রাষ্ট্র যেমন ঃ ফ্রান্স, অস্ট্রিয়া প্রভৃতির মানুষ চাইছিল গণতান্ত্রিক শাসন-ব্যবস্থার প্রবর্তন করতে, যাতে শাসন ব্যাপারে সাধারণ মানুষ অধিকমাত্রায় অংশ গ্রহণ করতে পারে। অপরদিকে পরাধীন জাতি যেমন জার্মান, ইতালীয়, হাঙ্গেরীয় প্রভৃতি চেয়েছিল ঐক্যবদ্ধ ও স্বাধীন জাতীয়-রাষ্ট্রের প্রতিষ্ঠা করতে।

উদারনীতি ও রক্ষণশীলতার ঘাত-প্রতিঘাতে ইওরোপ চঞ্চল হয়ে উঠেছিল। ১৮১৫ থেকে ১৮৪৮ খ্রীস্টাব্দের মধ্যে ইওরোপের বিভিন্ন দেশে বিক্ষোভ দেখা দিয়েছিল। গণতন্ত্র ও জাতীয়তাবাদের জন্মস্থান ফ্রান্সেই মানুষ নানাবিধ দাবিতে স্বৈরাচারী শাসনের অবসান চেয়েছিল। বেলজিয়ামবাসীরা হল্যান্ডের বিরুদ্ধে স্বাধীনতা-সংগ্রামে লিপ্ত হয়েছিল। অনুরূপভাবে ইতালি, জার্মানি, অস্ট্রিয়া, হাঙ্গেরী এবং ইওরোপের অন্যান্য দেশেও মানুষ বিদ্রোহী হয়ে উঠেছিল। এইসব আন্দোলনের মূল সুর ছিল একই —ভিয়েনা সম্মেলনের প্রতিক্রিয়াশীল সিদ্ধান্তকে ভেঙে চুরমার করে দেওয়া এবং গণতান্ত্রিক ও জাতীয়তাবাদী আদর্শকে জয়যুক্ত করা। এই আন্দোলন থেকেই ইতালি ও জার্মানির মানুষ শুরু করেছিল তাদের ঐক্যের সংগ্রাম।

(ক) **ঐক্যের সন্ধানে ইতালি** ঃ ইওরোপীয় রেনেসাঁস-এর জন্মস্থান ইতালি জাতীয় ঐক্যের ব্যাপারে তেমন অগ্রসর হতে পারেনি। দীর্ঘদিন ধরেই ইতালি বলতে কোনো একটা দেশ বোঝাত না—ইতালি ছিল অনেকগুলো ছোট ছোট রাজ্যে খণ্ড-বিখণ্ড। এইসব রাজ্যের রাজারা সর্বদাই নিজেদের মধ্যে আত্মঘাতী সংঘর্ষে লিপ্ত থাকতেন। অস্ট্রিয়া, ফ্রান্স প্রভৃতি দেশ এই সুযোগে ইতালির বিভিন্ন অঞ্চলে তাদের প্রভাব বিস্তার করতে পেরেছিল।

নেপোলিয়ান ইতালি জয় করে তাকে ফরাসী সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। নেপোলিয়ানের বিজয়ের ফলে ইতালির ছোট ছোট রাজ্যগুলো একই শাসনের আওতায় এসেছিল, ইতালির সর্বত্র একই আইন একই শাসন-ব্যবস্থা প্রচলিত হয়েছিল। নেপোলিয়ানের সাম্রাজ্যাধীন থাকাকালীন ইতালির মানুষ প্রথম বুঝতে পেরেছিল যে, বিচ্ছিন্নভাবে থাকার পরিবর্তে ঐক্যবদ্ধ হলে কি মহান শক্তিতে তারা পরিণত হতে পারে। তাছাড়া নেপোলিয়ানের সাম্রাজ্যভুক্ত থাকা অবস্থায়ই ইতালিবাসী গণতন্ত্র ও জাতীয়তাবাদী আদর্শের সঙ্গে পরিচিত হয়। কিন্তু নেপোলিয়ানের পতনের পরে অনুষ্ঠিত ভিয়েনা সম্মেলন ইতালিবাসীর নবজাগ্রত জাতীয়তাবোধকে সমূলে আঘাত করেছিল।


ভিয়েনা সম্মেলনে গৃহীত 'ন্যায্য-অধিকার' নীতি অনুসারে ইতালিকে আবার খণ্ড-বিখণ্ড করা হয়। প্রাক্-বিপ্লব অবস্থার পুনঃপ্রবর্তন করতে গিয়ে ইওরোপীয় রাষ্ট্রনেতারা ইতালির বিভিন্ন অংশে ইতিপূর্বে যেসব রাজারা



জোসেফ ম্যাৎসিনি



কাউন্ট ক্যামিলো কাভুর



গ্যারিবল্ডী

রাজত্ব করতেন তাঁদের নিজ নিজ রাজত্ব ফিরিয়ে দেন। তাছাড়া ইতালির উত্তরাংশে অস্ট্রিয়ার প্রাধান্য পুনঃপ্রতিষ্ঠিত হয়, আর দক্ষিণ-ইতালিতে ফ্রান্সের। এইভাবে ভিয়েনা কংগ্রেসে ইতালিবাসীর জাতীয়তাবোধকে সম্পূর্ণ অস্বীকার করা হয়েছিল। কিন্তু ইতালিবাসীর জাতীয়তাবাদী আশা-আকাঙ্ক্ষাকে নিবৃত্ত করা সম্ভব হয় নি। ভিয়েনা কংগ্রেসের পরবর্তী কালে ইতালিবাসীর সুপ্ত জাতীয়তাবাদী আশা-আকাঙ্ক্ষা এক ব্যাপক আন্দোলনের রূপ গ্রহণ করেছিল।

ইতালির ঐক্য-আন্দোলন প্রথম দিকে সন্ত্রাসবাদের রূপ নেয়। 'কার্বোনারি' নামে ইতালির এক সন্ত্রাসবাদী দল দেশের সর্বত্র বিদ্রোহের আয়োজন করেছিল। 'কার্বোনারি'রা ধর্মীয় প্রথা অনুসারে কাঠকয়লা পোড়াত বলেই ঐ নামে অভিহিত হ'ত। যাই হোক, কার্বোনারিদের সামরিক ও সাংগঠনিক দুর্বলতা এবং অস্ট্রিয়ার মেটারনিকের ব্যাপক দমননীতির ফলে তাদের বিপ্লব-প্রচেষ্টা ব্যর্থ হয়েছিল।

কার্বোনারি আন্দোলনের পরবর্তী পর্যায়ে ইতালির ঐক্য-আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন জোসেফ ম্যাৎসিনি নামে জনৈক দেশপ্রেমিক। তিনি 'তরুণ ইতালি' (বা 'ইয়ং ইতালি') নামে সংগঠন স্থাপন করে ইতালির যুব সম্প্রদায়কে স্বাধীনতা ও ঐক্যের অগ্নিমন্ত্রে দীক্ষিত করেন। ১৮৪৮ খ্রীস্টাব্দে 'তরুণ ইতালি'র নেতৃত্বে

ইতালিতে এক সর্বাত্মক বিদ্রোহের আয়োজন করা হয়। কিন্তু অস্ট্রিয়ার সামরিক শক্তির কাছে এইবারও বিদ্রোহীরা পরাজিত হয়েছিল। তরুণ ইতালি আন্দোলনের ব্যর্থতার পরে ইতালির ঐক্য-আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন কাউন্ট ক্যামিলো কাভুর নামে জনৈক সুনিপুণ কূটনীতিবিদ। এই প্রসঙ্গে অবশ্য মনে রাখতে হবে যে, ব্যর্থতা সত্ত্বেও ম্যাৎসিনিই প্রথম ইতালিবাসীর মনে ঐক্যের স্পৃহা জাগিয়ে তুলেছিলেন। তাঁর তরুণ ইতালি আন্দোলন হতাশাগ্রস্ত ইতালিবাসীর মনে নতুন উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি করেছিল।

কাভুর ছিলেন ইতালির পীডমন্ট-সার্ডিনিয়া রাজ্যের প্রধানমন্ত্রী। তিনি একজন বাস্তববাদী কূটনীতিবিদ ছিলেন। তিনি মনে করতেন যে, এই পীডমন্ট-সার্ডিনিয়া রাজ্যের নেতৃত্বেই ইতালিকে ঐক্যবদ্ধ করতে হবে। দীর্ঘদিনের অভিজ্ঞতার দ্বারা কাভুর উপলব্ধি করেছিলেন যে বৈদেশিক শক্তির সাহায্য ব্যতীত অস্ট্রিয়ার মত শক্তিশালী দেশকে ইতালি থেকে বিতাড়িত করা যাবে না। আর অস্ট্রিয়াকে ইতালি থেকে বিতাড়িত করতে না পারলে ইতালিকে ঐক্যবদ্ধ করাও সম্ভব হবে না। অল্প কথায়, সামরিক শক্তির সাহায্যে অস্ট্রিয়াকে ইতালি থেকে বিতাড়ন করাই ছিল কাভুরের প্রধান উদ্দেশ্য এবং এই কর্মপন্থা অনুসারেই ইতালিবাসী ঐক্য-আন্দোলনে জয়ী হয়েছিল। কিন্তু ম্যাৎসিনির কর্মপন্থায় বৈদেশিক সাহায্যের কোনো স্থান ছিল না। তিনি ইতালির নিজস্ব শক্তির উপরই আস্থাশীল ছিলেন। এইখানেই কাভুরের সঙ্গে ম্যাৎসিনির কর্মপন্থার পার্থক্য।

যাই হোক, প্রধানমন্ত্রী হিসাবে কাভুর প্রথমে পীডমন্ট-সার্ডিনিয়া রাজ্যে নানাবিধ সংস্কার প্রবর্তন করে তাকে এক আধুনিক রাষ্ট্রে পরিণত করেন যাতে ঐ রাজ্য সমগ্র ইতালির নেতৃত্ব গ্রহণে সমর্থ হয়। তারপরে তিনি ইতালির ঐক্য সমস্যাকে ইওরোপীয় সমস্যায় পরিণত করতে উদ্যোগী হন। কাভুর মনে করতেন, ইওরোপের বিভিন্ন শক্তি যদি ইতালির প্রতি সহানুভূতিসম্পন্ন হয় তাহলে অস্ট্রিয়াকে এক ঘরে করা যাবে, আর তার ফলে ইতালির ঐক্য সুনিশ্চিত হবে। এই উদ্দেশ্যকে সামনে রেখে কাভুর ইংলণ্ড ও ফ্রান্সের সঙ্গে বন্ধুত্ব স্থাপন করেন। ফ্রান্সের সম্রাট তৃতীয় নেপোলিয়ানের কাছ থেকে সহযোগিতার আশ্বাস পেয়ে কাভুর অস্ট্রিয়ার বিরুদ্ধে সমরসজ্জা শুরু করেন। ১৮৫৯ খ্রীস্টাব্দে অস্ট্রিয়ার সঙ্গে পীডমন্ট-সার্ডিনিয়ার যুদ্ধ বাধলে অল্পসময়ের মধ্যে কাভুরের সৈন্যবাহিনী লম্বার্ডি ও মিলান অধিকার করে নেয়।

ইতালি ধাপে ধাপে ঐক্যবদ্ধ হয়েছিল, একই সময়ে গোটা ইতালি ঐক্যবদ্ধ হয় নি। লম্বার্ডি ও মিলান পীডমন্ট-সার্ডিনিয়ার সঙ্গে যুক্ত হবার ফলে ইতালির ঐক্য নিঃসন্দেহে এক ধাপ এগিয়েছিল। এক বছরের মধ্যেই পার্মা মোডেনা ও টাস্কেনির মানুষ এক গণভোটের মাধ্যমে পীডমন্ট-সার্ডিনিয়ার সঙ্গে যুক্ত হবার পক্ষে মত প্রকাশ করে। এই তিনটি রাজ্য পীডমন্ট-সার্ডিনিয়ার সঙ্গে যুক্ত হওয়ায় ইতালির ঐক্য আরও এক ধাপ এগিয়েছিল।

ইতিমধ্যে সিসিলি ও নেপলস্-এ এক গণঅভ্যুত্থান দেখা দিলে গ্যারিবল্ডী নামে জনৈক বীর যোদ্ধা তাঁর এক হাজার 'লাল কোর্তা' বাহিনী নিয়ে সেখানে উপস্থিত হন। সিসিলি ও নেপলস্ জয় করবার পরে গ্যারিবল্ডী ঐ দুটি

রাজ্য পীডমন্ট-সার্ডিনিয়ার রাজা ভিক্টর ইম্যানুয়েলকে অর্পণ করেন। এদিকে কাভুরের সৈন্যবাহিনী মধ্য-ইতালিতে পোপের রাজ্য দখল করায় কেবল রোম শহরই পোপের অধীন রইল। এইভাবে ১৮৬১ খ্রীস্টাব্দের মধ্যে ভেনিশিয়া ও রোম ব্যতীত ইতালির সবটাই পীডমন্ট-সার্ডিনিয়ার নেতৃত্বে ঐক্যবদ্ধ হয়েছিল।

ভেনিশিয়া ও রোমে যথাক্রমে অস্ট্রিয়া ও ফ্রান্সের সৈন্যবাহিনী মোতায়েন থাকবার ফলে ঐ দুই দেশের সঙ্গে যুদ্ধ ব্যতীত ইতালিকে সম্পূর্ণভাবে ঐক্যবদ্ধ করা যাচ্ছিল না। জার্মানির ঐক্য-আন্দোলনের সময় প্রাশিয়া যখন



ঐক্যবদ্ধ ইতালি

অস্ট্রিয়া ও ফ্রান্সের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয় তখন ইতালি প্রাশিয়ার পক্ষ অবলম্বন করেছিল। এই দুটি যুদ্ধেই প্রাশিয়া জয়লাভ করায় অস্ট্রিয়া ও ফ্রান্স যথাক্রমে ভেনিশিয়া ও রোম ইতালিকে দিতে বাধ্য হয়েছিল। এইভাবে ১৮৭০ খ্রীস্টাব্দে ইতালির ঐক্য সম্পূর্ণ হয় এবং এক স্বাধীন ও ঐক্যবদ্ধ ইতালি জন্ম লাভ করে। বলা বাহুল্য, ইতালি ঐক্যবদ্ধ হওয়ায় জয় হয়েছিল জাতীয়তাবাদেরই।

(খ) **ঐক্যের সন্ধানে জার্মানি ঃ** ইতালির মত জার্মানিও দীর্ঘদিন পর্যন্ত অনেকগুলো ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল। জার্মানি বলতে তখন

কোনো একটি দেশ বোঝাত না, বোঝাত তিনশোরও বেশী ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের সমষ্টি। নেপোলিয়ান বোনাপার্টি জার্মানি জয় করবার পরে ঐ তিনশো রাজ্যকে উনচল্লিশটি অপেক্ষাকৃত বৃহৎ রাজ্যে সংগঠিত করেন। নেপোলিয়ানের সাম্রাজ্যাধীন থাকাকালীনই জার্মানরা ফরাসী বিপ্লবের আদর্শে অনুপ্রাণিত হয়েছিল। সেই সময় একই শাসনের অধীন থাকবার ফলে জার্মানরা নিজেদের একই জাতি হিসাবে ভাবতে শিখেছিল, নিজেদের সঙ্ঘবন্ধ হবার প্রয়োজনীয়তা উপলব্ধি করতে পেরেছিল।



ঐক্যবদ্ধ জার্মানি

১৮১৫ খ্রীস্টাব্দের ভিয়েনা সম্মেলন কিন্তু জার্মানদের এই নবজাগ্রত জাতীয়তাবোধকে প্রচণ্ডভাবে আঘাত করেছিল। ভিয়েনা সম্মেলনের সিদ্ধান্ত অনুসারে সেই উনচল্লিশটি জার্মান রাজ্য নিয়ে একটি রাষ্ট্রজোট গঠন করা হয়, এবং এই রাষ্ট্রজোটের কর্তৃত্ব দেওয়া হয় বিদেশী রাষ্ট্র অস্ট্রিয়ার উপর। বলা বাহুল্য, ভিয়েনা সম্মেলনের সিদ্ধান্ত জার্মানদের হতাশ করেছিল। কিন্তু জার্মানদের মধ্যে যে জাতীয়তাবাদী চেতনা জাগ্রত হয়েছিল তা ব্যর্থ হবার নয়। বরঞ্চ ভিয়েনা কংগ্রেসের পরবর্তী কালে বিভিন্ন ধারার আন্দোলনের মাধ্যমে তা উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে।

প্রাশিয়া ছিল জার্মানির মধ্যে সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র। ইতালির ঐক্য-আন্দোলন যেমন পীডমন্ট-সার্ডিনিয়া রাজ্যের নেতৃত্বে শুরু হয়েছিল, তেমনি

জার্মানির ঐক্য-আন্দোলনের নেতৃত্ব দিয়েছিল প্রাশিয়া। জার্মানির জাতীয়তাবাদী আন্দোলনের প্রথম পর্যায়ে 'জোল্‌ভারেন' নামক শুল্কসঙ্ঘের ভূমিকা বিশেষভাবে উল্লেখ্য। প্রাশিয়া ঐ শুল্কসঙ্ঘ স্থাপন করে বেশ কয়েকটি জার্মান রাজ্যকে তার সদস্য করে নেয়। জোল্‌ভারেন-এর সদস্যারা অবাধ-বাণিজ্য নীতি গ্রহণ করেছিল। অর্থাৎ সদস্যারা পরস্পর ব্যবসা-বাণিজ্যে কোনো শুল্ক ধার্য করতো না। এই শুল্ক-সঙ্ঘের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য পরিচালনা করবার ফলে সদস্যদের অর্থনৈতিক উন্নতি যেমন হয়েছিল, পরস্পরের মধ্যে তেমনি একতা বোধও জাগ্রত হয়েছিল। এই শুল্কসঙ্ঘ প্রমাণ করেছিল যে জার্মান রাজ্যগুলো ঐক্যবদ্ধ হলে তবেই সর্বদিক দিয়ে জার্মানদের উন্নতি হতে পারে। তাছাড়া ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে জার্মান অধ্যাপক, কবি, সাহিত্যিক প্রভৃতি তাঁদের রচনার মাধ্যমে জার্মান জাতির মধ্যে ঐক্যের স্পৃহা জাগিয়ে তুলেছিলেন।

গভীর জাতীয়তাবাদী প্রেরণায় জার্মানরা এক এক সময় বিদ্রোহী হয়ে উঠেছিল। কিন্তু অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী মেটারনিকের দমন নীতির ফলে কোনো বিদ্রোহই সাফল্য লাভ করে নি। তবে ১৮৪৯ খ্রীস্টাব্দে জাতীয়তাবাদী জার্মানরা এক বৈপ্লবিক পদক্ষেপ নিয়েছিল। তারা ফ্রাঙ্কফোর্ট নামক স্থানে এক সভার আয়োজন করে। সেখানে বিভিন্ন জার্মান রাজ্যের প্রতিনিধিরা সমবেত হন। এই সভা 'ফ্রাঙ্কফোর্ট পার্লামেন্ট' নামে খ্যাত। সভার সদস্যারা মিলিতভাবে প্রাশিয়ার রাজাকে ঐক্যবদ্ধ জার্মানির নেতৃত্ব গ্রহণের আহ্বান জানান। কিন্তু প্রাশিয়ার তদানীন্তন রাজা প্রথম উইলিয়াম তাতে রাজী হন নি। তিনি বলেছিলেন যে, জার্মানির নেতৃত্ব তিনি নিজ ক্ষমতাবলে দখল করবেন, পুরস্কার হিসাবে তা কারো কাছ থেকে গ্রহণ করবেন না। বাস্তবিকপক্ষে ঊনবিংশ শতাব্দীতে প্রাশিয়ার নেতৃত্বেই জার্মানি ঐক্যবদ্ধ হয়েছিল, আর তার পুরোভাগে ছিলেন প্রাশিয়ার রাজা ও তাঁর প্রধানমন্ত্রী বা চ্যান্সেলার অটো ফন বিসমার্ক।


অটো ফন বিসমার্ক

১৮৬২ খ্রীস্টাব্দে প্রথম উইলিয়াম তাঁর প্রধানমন্ত্রী হিসাবে বিসমার্ককে মনোনীত করেন। বিসমার্ক ছিলেন ঊনবিংশ শতাব্দীর সবচেয়ে ধুরন্দর কূটনীতিবিদ। সমসাময়িক ইওরোপীয় রাজনীতি সম্পর্কে তাঁর সুস্পষ্ট ধারণা ছিল। তাঁর দৃঢ় বিশ্বাস জন্মেছিল যে প্রাশিয়ার সামরিক শক্তি ব্যতীত জার্মানির ঐক্য সম্ভব হবে না। সেইজন্য প্রধানমন্ত্রীত্ব লাভের সময় থেকেই তিনি প্রাশিয়াকে সামরিক দিক দিয়ে শক্তিশালী করে তুলতে উদ্যোগী হয়েছিলেন। বিসমার্ক বলতেন যে, বক্তৃতা ও প্রস্তাব গ্রহণের মাধ্যমে বিশ্বের কোনো জটিল সমস্যার সমাধান সম্ভব নয়—এর জন্য প্রয়োজন 'লৌহ কঠিন দৃঢ়তা ও তরবারির'।

বিসমার্ক ১৮৬৫ থেকে ১৮৭০ খ্রীস্টাব্দের মধ্যে তিনটি বৃহৎ শক্তির সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। আর এই তিনটি যুদ্ধের মাধ্যমেই তিনি জার্মানিকে ঐক্যবদ্ধ করে আধুনিক জার্মান রাষ্ট্রের প্রতিষ্ঠা করেন। প্রথমে তিনি ডেনমার্কের সঙ্গে যুদ্ধ করে শ্লেজভিগ ও হলস্টাইন নামে দুটি জার্মান প্রদেশ দখল করে নেন। তারপরে তিনি কূটনীতির সাহায্যে অস্ট্রিয়ার সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। স্যাডোয়ার যুদ্ধে অস্ট্রিয়া সম্পূর্ণভাবে পরাজিত হওয়ায় (১৮৬৬ খ্রী) জার্মানির উপর তার আর কোনো কর্তৃত্ব থাকল না। ডেনমার্ক ও অস্ট্রিয়ার সঙ্গে যুদ্ধ করে বিসমার্ক উত্তর-জার্মানির সবটা ঐক্যবদ্ধ করেছিলেন। কিন্তু দক্ষিণ জার্মানিতে তখনও ফরাসী প্রভাব অক্ষুণ্ণ থাকায় ফ্রান্সের সঙ্গে প্রাশিয়ার সংঘর্ষ অনিবার্য হয়ে ওঠে।

১৮৭০ খ্রীস্টাব্দে কূটকৌশলের দ্বারা বিসমার্ক ফ্রান্সের সঙ্গে যুদ্ধ বাধান। এই যুদ্ধ 'সেডানের যুদ্ধ' নামে খ্যাত। সেডানের যুদ্ধে ফ্রান্সের সম্রাট তৃতীয় নেপোলিয়ান জার্মান সৈন্যবাহিনীর কাছে পরাজিত হওয়ায় দক্ষিণ জার্মানিও ঐক্যবদ্ধ হয়। এইভাবে তিনটি যুদ্ধের মাধ্যমে বিসমার্ক জার্মানিকে ঐক্যবদ্ধ করেন। ১৮৭১ খ্রীস্টাব্দে প্রাশিয়ার রাজা 'জার্মানির সম্রাট' রূপে অভিষিক্ত হলে জার্মানির ঐক্য সম্পূর্ণ হয়। ঐক্যবদ্ধ জার্মানি অল্পদিনের মধ্যেই বিশ্বের অন্যতম প্রধান শক্তি হিসাবে আত্মপ্রকাশ করেছিল।

(৩) **আমেরিকার গৃহযুদ্ধ** ঃ ইতালি ও জার্মানির মানুষ যখন জাতীয় ঐক্যের পথে দ্রুত এগিয়ে চলেছিল, তখন কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় ঐক্য বিপন্ন হয়ে পড়েছিল। মার্কিন যুক্তরাষ্ট্রে প্রচলিত দাস-প্রথাকে কেন্দ্র করেই সেই জাতীয় সংকট উপস্থিত হয়।


(ক) **গৃহযুদ্ধের কারণ** ঃ প্রাচীন যুগে প্রচলিত দাস-প্রথার কথা কারো অজানা নয়। প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতা দাস-প্রথাকে ভিত্তি করেই গড়ে উঠেছিল। কিন্তু ক্রমে সেই সমাজের ভাঙ্গন শুরু হয়, দাস-প্রথা অচল হতে থাকে। কিন্তু আধুনিক যুগের প্রারম্ভে উৎপাদনের কাজে ক্রীতদাস নিয়োগের প্রথা পুনঃপ্রচলিত হয়। পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে ভৌগোলিক আবিষ্কারের সূত্রে ইওরোপীয় দেশগুলো যখন পৃথিবী জুড়ে উপনিবেশ গড়ে তোলে তখন শুরু হয় ঔপনিবেশিক দাসত্বের যুগ। এই সময় উপনিবেশগুলিতে প্রধানতঃ কৃষিকাজের জন্য ইওরোপীয় দাস-ব্যবসায়ীরা আফ্রিকা থেকে নিগ্রোদের ধরে নিয়ে গিয়ে ক্রীতদাস হিসাবে বিক্রী করতো।

স্বাধীনতা-যুদ্ধের অনেক আগে থেকেই আমেরিকায় ক্রীতদাস-প্রথা প্রচলিত ছিল। এখানে আফ্রিকা থেকে নিগ্রোদের ক্রীতদাস হিসাবে চালান দিয়ে দাস-ব্যবসায়ীরা প্রচুর মুনাফা লুটছিল। কিন্তু ক্রমে ক্রীতদাসদের ব্যবহার আমেরিকার একটি বিশেষ অঞ্চলেই সীমাবদ্ধ হয়ে পড়ে, তা হ'ল দক্ষিণাঞ্চল। এর প্রধান কারণ হিসাবে আমেরিকার অঞ্চল-ভিত্তিক অর্থনৈতিক উন্নতির কথা উল্লেখ করতে হয়।

আমেরিকার উত্তরাঞ্চল ছিল শিল্পপ্রধান, আর দক্ষিণাঞ্চল কৃষিপ্রধান। শিল্পপ্রধান উত্তরাঞ্চলের কল-কারখানায় স্বাধীন শ্রমিকের প্রয়োজন বেশী। আর সেইজন্যই উত্তরাঞ্চলে ক্রীতদাসদের ব্যবহার ক্রমশঃ কমতে থাকে এবং উন-

বিংশ শতাব্দীর গোড়ার দিকে শেষ পর্যন্ত সেখানে ক্রীতদাস-প্রথার সম্পূর্ণ উচ্ছেদ হয়। কিন্তু কৃষিপ্রধান দক্ষিণাঞ্চলে কৃষিকাজের জন্য ব্যাপকভাবে ক্রীতদাস ব্যবহৃত হ'ত। বিশেষতঃ তুলোর আবাদে ক্রীতদাসদের খাটিয়ে যে প্রচুর পরিমাণ তুলো উৎপন্ন হ'ত তা রপ্তানী করে দক্ষিণ আমেরিকার আবাদ-মালিকরা প্রচুর অর্থ উপার্জন করতো। বলা বাহুল্য, দক্ষিণাঞ্চলের অর্থ-নীতির সঙ্গে দাসপ্রথা ঘনিষ্ঠভাবে যুক্ত থাকবার ফলে সেখানে ঐ প্রথার বিলোপের কোনো প্রশ্নই ছিল না।

আমেরিকার ক্রীতদাসদের যে অমানুষিক নির্যাতন সহ্য করতে হ'ত সেকথা বলাই বাহুল্য। ব্যক্তিগত ও পারিবারিক জীবনে ক্রীতদাসদের কোনোই স্বাধীনতা ছিল না। ক্রীতদাসদের আঘাত করলে, এমনকি হত্যা করলেও আইনতঃ তা কোনো দণ্ডনীয় অপরাধ ছিল না। ক্রীতদাসদের লেখা-পড়া শেখবার কোনো অধিকার ছিল না, বাইবেল পড়বার চেষ্টা করলে তাদের সাজা পেতে হ'ত। অল্প কথায় বলতে গেলে, ক্রীতদাসরা ছিল দাসমালিকদের অনেকটা অস্থাবর সম্পত্তির মত।



দাস-প্রথাকে কেন্দ্র করে উত্তরাঞ্চল ও দক্ষিণাঞ্চলের মানুষের মধ্যে মতভেদ তীব্র হয়ে ওঠে। উত্তরাঞ্চলের মানুষরা চাইত, ক্রীতদাস ব্যবহারের ঘৃণ্য প্রথা দেশ থেকে উচ্ছেদ করা হোক। অর্থলোভে একদল মানুষ অপর এক দলকে ক্রীতদাস হিসাবে ব্যবহার করবে উত্তরাঞ্চলের মানুষের কাছে তা এক সামাজিক অন্যায় বলে মনে হয়েছিল। অপরপক্ষে দক্ষিণাঞ্চলের ব্যবসায়ী ও রাজনৈতিক নেতারা দাস-প্রথার অস্তিত্বে লজ্জিত বোধ করার পরিবর্তে ক্রমে এই প্রথার উগ্র সমর্থক হয়ে দাঁড়ালেন। তারা বলতে লাগলেন যে, দাসপ্রথার দ্বারা নিগ্রোদের অনেক উপকার হয়। দাস-প্রথার সমর্থনে তারা প্রচার করতে

থাকেন যে, উত্তরাঞ্চলের মজুরী-প্রথা, অর্থাৎ শ্রমিকদের কাজের পরিবর্তে যে মজুরী দেওয়া হয় তার চেয়ে দাস-প্রথা অনেক মানবিক।

দাস-প্রথার ব্যাপার নিয়ে উত্তর ও দক্ষিণাঞ্চলের মধ্যে যখন তীব্র মতভেদ দেখা দিয়েছে তখন সাহিত্যে তার প্রতিফলন আমেরিকার গৃহবিবাদে এক নতুন ইন্ধন জুগিয়েছিল। হ্যারিয়েট বীচার স্টো নামে জনৈক লেখিকা 'টম কাকার কুটির' (আংকল টমস্ কেবিন) বইতে দাস শ্রমিকদের উপর অত্যাচারের এক করুণ কাহিনী বিবৃত করেন। এই কাহিনী পাঠকদের মধ্যে এক তুমুল আলোড়নের সৃষ্টি করে এবং আমেরিকার উত্তরাঞ্চলের মানুষের মধ্যে প্রবল দাস-বিরোধী মনোভাব জাগ্রত করে।

(খ) আব্রাহাম লিংকনের ভূমিকা : আমেরিকায় দাসপ্রথা-বিরোধী আন্দোলনের সর্বশ্রেষ্ঠ নেতা ছিলেন আব্রাহাম লিংকন। প্রায় পঞ্চাশ বছর বয়সে তিনি রাজনীতিতে প্রবেশ করেন। তিনি বলতেন যে, আমেরিকা যুক্ত-রাষ্ট্রের এক অংশ দাস-প্রথার পক্ষে এবং অপর অংশ দাস-প্রথার বিপক্ষে থাকতে পারে না। অর্থাৎ আমেরিকার সর্বত্র একই ধরনের ব্যবস্থা প্রচলিত হওয়া উচিত। উত্তরাঞ্চলে ইতিমধ্যে যে দাসপ্রথা-বিরোধী 'রিপাবলিকান দল' গঠিত হয় আব্রাহাম লিংকন তার এক-জন সক্রিয় সদস্য ছিলেন। এই দলের প্রাথমিক দাবি ছিল, দাস-প্রথাকে আমেরিকা থেকে নির্মূল করতে হবে। আব্রাহাম লিংকন গণতন্ত্রের পূজারী ছিলেন। তিনি গণতন্ত্রকে 'জনগণের দ্বারা, জনগণের জন্য ও জনগণ কর্তৃক পরিচালিত সরকার' বলে আখ্যা দিয়ে-ছিলেন। ১৮৬০ খ্রীস্টাব্দে তিনি রিপাবলিকান দলের প্রার্থী হিসাবে আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বা-চিত হন।



আব্রাহাম লিংকন

দক্ষিণাঞ্চলের দাস-প্রথার সমর্থকরা আশংকা করেছিল যে, নব নির্বাচিত রাষ্ট্রপতি আইন করে ক্রীতদাসদের মুক্তি দেবেন। এই আশংকা থেকে দক্ষিণা-ঞ্চলের এগারোটি রাজ্য মার্কিন যুক্তরাষ্ট্র থেকে বেরিয়ে এসে নতুন একটি রাষ্ট্র-সংঘ গঠন করে। বলা বাহুল্য, দক্ষিণাঞ্চল বিচ্ছিন্ন হয়ে পড়ায় আমেরিকা যুক্তরাষ্ট্রের ঐক্য বিপন্ন হয়েছিল। এই সময় আব্রাহাম লিংকনের যোগ্য নেতৃত্বে আমেরিকার জাতীয় সংহতি রক্ষা পেয়েছিল।

আমেরিকা যুক্তরাষ্ট্রের ঐক্য বজায় রাখবার সব চেষ্টা যখন ব্যর্থ হয় তখন শুরু হয় উত্তরাঞ্চল ও দক্ষিণাঞ্চলের মধ্যে গৃহযুদ্ধ (১৮৬১ খ্রী)। এই গৃহযুদ্ধ দীর্ঘ চার বছর ধরে চলেছিল। শেষ পর্যন্ত দক্ষিণাঞ্চলের আত্ম-সমর্পণের মাধ্যমে সেই গৃহযুদ্ধের অবসান ঘটে। গৃহযুদ্ধ চলাকালীন রাষ্ট্র-পতি আব্রাহাম লিংকন এক ঘোষণার দ্বারা দক্ষিণাঞ্চলের ক্রীতদাসদের মুক্তি

দিয়েছিলেন (১৮৬৩ খ্রী)। এর ফলে তারা আমেরিকার স্বাধীন নাগরিকের মর্যাদা পেয়েছিল। ক্রীতদাস প্রথার উচ্ছেদ করে আব্রাহাম লিংকন এই সত্য প্রতিষ্ঠা করেছিলেন যে মানুষ মাত্রেরই স্বাধীনভাবে জীবন যাপন করবার অধিকার আছে।

গৃহযুদ্ধের ফলে আমেরিকার ঐক্য রক্ষা পেয়েছিল। দাস-প্রথার উচ্ছেদ হওয়ায় তাঁরা মুক্ত স্বাধীন নাগরিকে পরিণত হয়েছিল। অবশ্য দক্ষিণাঞ্চলে নিগ্রোদের প্রতি বিদ্বেষ আরও দীর্ঘদিন ধরে চলেছিল এবং বর্তমানেও আমেরিকা যে এই বিদ্বেষ থেকে সম্পূর্ণ মুক্ত তা বলা যায় না। আমেরিকার গৃহযুদ্ধ দেশের অর্থনীতিতে এক নতুন অধ্যায় সূচনা করেছিল। যুদ্ধের পরেই আমেরিকায় শিল্প-বিপ্লবের জোয়ার দেখা দেয় এবং আমেরিকার কৃষি-ভিত্তিক অর্থনীতি শিল্পভিত্তিক অর্থনীতিতে রূপান্তরিত হয়।

(৪) **ইওরোপের শিল্পায়ন ঃ** (ক) **ইওরোপে শিল্প-বিপ্লবের বিস্তার ঃ** শিল্প-বিপ্লব ইংলণ্ডে প্রথম দেখা দিয়েছিল। দেখতে দেখতে ইংলণ্ডে বড় বড় কল-কারখানা গড়ে উঠতে লাগল, আর সেই কল-কারখানার তৈরী হতে লাগল নানা ধরনের নিত্যপ্রয়োজনীয় দ্রব্য-সামগ্রী। কারখানায় তৈরী মাল দেখতে যেমন সুন্দর, দামেও তেমনি সস্তা, আবার পাওয়াও যায় প্রচুর পরিমাণে। ইংলণ্ডে প্রস্তুত জিনিসপত্রের চাহিদা তাই ইওরোপের সর্বত্র দেখা দিয়েছিল। এক কথায় বলতে গেলে, ঊনবিংশ শতাব্দীর গোড়ার দিকেই ইংলণ্ড হয়ে উঠেছিল ইওরোপের কারখানা বিশেষ। প্রত্যেক দেশই প্রয়োজনীয় দ্রব্য-সামগ্রীর জন্য কম বেশী ইংলণ্ডের ওপর নির্ভরশীল হয়ে পড়েছিল।

ইওরোপের দেশগুলোর পক্ষে শুধু কৃষিকাজ ও কুটিরশিল্প নিয়ে বসে থাকা লজ্জাকর তো বটেই, বিপজ্জনকও হয়ে দাঁড়ালো। কারণ সব সময়ই ইওরোপের দেশগুলোকে ইংলণ্ডের মুখ চেয়ে বসে থাকতে হ'ত। চিরকাল তো এমনভাবে চলতে পারে না। তাছাড়া নেপোলিয়ানের যুদ্ধ-বিগ্রহের সময় জিনিসপত্রের জন্য ইংলণ্ডের ওপর নির্ভরশীল থাকার বিপদ স্পষ্ট হয়ে উঠেছিল। নেপোলিয়ান ইংলণ্ডের বিরুদ্ধে যখন অস্ত্র ধারণ করেন তখন তিনি ইংলণ্ডের ইওরোপ-জোড়া ব্যবসা-বাণিজ্যে আঘাত করবার জন্য সবকটি বন্দর অবরোধ করেছিলেন। তাতে ইওরোপের দেশগুলোর খুবই অসুবিধে হয়েছিল। যাই হোক, শিল্পজাত দ্রব্যের জন্য ইংলণ্ডের ওপর এই নির্ভরশীলতা কাটিয়ে উঠতে ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয় দশকে, নেপোলিয়ানের পতনের পরে, ইওরোপের বিভিন্ন দেশ নিজ নিজ শিল্পায়ন শুরু করে।

দেখতে দেখতে বেলজিয়াম নতুন নতুন শিল্প গড়ে তোলার কাজে নেমে পড়ে। ফরাসীবাসীর গণতান্ত্রিক আন্দোলনের জন্য ফ্রান্স একটু অসুবিধের পড়েছিল। সেখানে ১৮৫০ খ্রীস্টাব্দের পরেই রীতিমত শিল্প গড়ে উঠতে থাকে। ফ্রান্সে লোহা ও কয়লার অসুবিধে থাকা সত্ত্বেও লৌহ শিল্প গড়ে তোলা হয়েছিল। তাছাড়া ফ্রান্সের কারখানায় উন্নত মানের রেশম, লিনেন ও সুগন্ধি দ্রব্য উৎপন্ন হতে থাকে।

বিভক্ত থাকা অবস্থায়ই জার্মানিতে ইস্পাত শিল্প বেশ সুনাম অর্জন করে-

ছিল। অল্পদিনের মধ্যেই জার্মানি এই শিল্পে দ্বিতীয় স্থান অধিকার করতে সমর্থ হয়। তবে ঐক্যবদ্ধ হবার পরে জার্মানির শিল্পোৎপাদন দ্রুত গতিতে এগিয়ে চলে এবং এই ব্যাপারে সে ইংলণ্ডের প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে। রাশিয়ায় শিল্প-বিপ্লব শুরু হয়েছিল অনেক দেরীতে। রাশিয়াতে প্রচুর খনিজ সম্পদ থাকা সত্ত্বেও পুঁজি ও স্বাধীন শ্রমিকের অভাবে সেখানে অনেকদিন পর্যন্ত কল-কারখানা গড়ে উঠতে পারেনি। ১৮৬১ খ্রীস্টাব্দের পরে বিদেশী শিল্পপতিদের উদ্যোগেই রাশিয়ায় প্রথম শিল্পায়ন শুরু হয়। তবে রাশিয়ায় প্রকৃত শিল্প-বিপ্লব দেখা দিয়েছিল ১৯১৭ খ্রীস্টাব্দের রুশ-বিপ্লবের পরে। এইভাবেই ইওরোপের বিভিন্ন দেশে শিল্পায়ন হয়। ইতিমধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছিল বলে শিল্প-বিপ্লব ইওরোপের সীমানা পেরিয়ে ছড়িয়ে পড়েছিল পৃথিবীর অন্যান্য দেশেও।

(খ) **শিল্প-বিপ্লবের ফলাফল** ঃ শিল্প-বিপ্লবের আগে পৃথিবীর মোট জনসংখ্যার অধিকাংশই গ্রামাঞ্চলে বসবাস করতো এবং কৃষিকাজই ছিল তাদের জীবিকা নির্বাহের প্রধান উপায়। শিল্প-বিপ্লবের ফলে এই অবস্থার আমূল পরিবর্তন ঘটল। বড় বড় কল-কারখানার সঙ্গে সঙ্গে যে নতুন শিল্প-নগরী গড়ে উঠতে থাকে জনসংখ্যার এক বিপুল অংশ এখন সেখানে এসে বসবাস করতে লাগল। কারখানায় মজুর খাটাই ছিল এদের প্রধান জীবিকা। স্বভাবতঃই গ্রামের পরিবর্তে নগরগুলিই হয়ে দাঁড়িয়েছিল মানুষের অর্থনৈতিক জীবনের মূল কেন্দ্র। বর্তমানে ইওরোপের যে-কোনো শিল্পোন্নত দেশে শতকরা কুড়িজনের বেশী মানুষ জমির সঙ্গে যুক্ত নয়। এক কথায় বলতে গেলে, শিল্প-বিপ্লবের ফলে গ্রামগুলো তার আগেকার গুরুত্ব হারায় এবং নগরগুলোই মানুষের কাছে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে।

শিল্প-বিপ্লবের সঙ্গে সঙ্গে রেলপথ, স্টীমার প্রভৃতি আবিষ্কৃত হওয়ায় যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার খুবই উন্নতি হয়। এক দেশের সঙ্গে অপর দেশের ব্যবসা-বাণিজ্য জোর কদমে চলতে থাকে। আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্যের ফলে সারা দুনিয়ার অর্থনৈতিক জীবন একই সূত্রে গ্রথিত হয়। শিল্পোৎপাদনে পারস্পরিক নির্ভরশীলতার জন্যও ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি পায়। অর্থাৎ কোনো দেশেই নিজের প্রয়োজনীয় সবকিছু তৈরী হয় না, সুতরাং প্রত্যেক দেশকেই অন্য দেশের ওপর নির্ভর করতে হয়। আর তার ফলে বাণিজ্যিক আদান-প্রদান বৃদ্ধি পায়।

শিল্প-বিপ্লবের ফলে ইওরোপের বিভিন্ন দেশে প্রচুর পরিমাণ পণ্য-সামগ্রী উৎপন্ন হতে থাকে। পণ্য-সামগ্রী উৎপাদনের জন্য প্রয়োজন হ'ল কাঁচামালের, আর পণ্য-সামগ্রী বিক্রী করবার জন্য প্রয়োজন দেখা দিল বাজারের। কাঁচামাল আমদানি ও পণ্য-সামগ্রী রপ্তানীর জন্য তাই ইওরোপীয় দেশগুলো এশিয়া, আফ্রিকা ও দক্ষিণ-আমেরিকার বিভিন্ন দেশকে আয়ত্ত করবার প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হয়। এইভাবেই 'সাম্রাজ্যবাদ'-এর সৃষ্টি হয়েছিল। 'সাম্রাজ্যবাদ' বলতে কোনো দেশ বা জাতিকে ছলে-বলে-কৌশলে নিজ আয়ত্তে রেখে তার সম্পদকে নিজে নিয়ন্ত্রণ করা বোঝায়। ইওরোপীয় দেশগুলোর মধ্যে পরস্পর প্রতিদ্বন্দ্বিতা খুবই বিপজ্জনক হয়ে দাঁড়িয়েছিল। কারণ ইতিমধ্যে

বিজ্ঞানের কল্যাণে শিল্পোন্নত দেশগুলো কতকগুলি মারাত্মক মারণাস্ত্র আবিষ্কার করতে পেরেছিল।

(গ) **মেহনতী মানুষ ঃ মার্কস্ ও এঙ্গেলস্ ঃ** শিল্প-বিপ্লবের ফলে এক বিশাল সংখ্যক মেহনতী মানুষ বা শ্রমিক শ্রেণীর সৃষ্টি হয়েছিল যারা কল-কারখানার মালিকের কাছে কাজ করে তাদের জীবিকা অর্জন করতো। কল-কারখানার মালিকেরা মনে করতো মেসিনের জন্য তারা অনেক টাকা খরচ করেছে সুতরাং যতবেশী সময় মেশিনকে চালু রাখা যাবে ততই লাভ, কারণ তাতে বেশী উৎপাদন হবে। সেই কারণে শ্রমিককে খাটতে হয় বেশী সময়, কিন্তু তারা মজুরী পায় নাম-মাত্র। নানা অজুহাতে মজুরী আবার কমিয়েও দেওয়া হয়। শিশুরা ও মেয়েরা মেশিন চালাতে পারে, আর তাদের মজুরীও কম, তাই কল-কারখানা বা খনিতে শিশু এবং মেয়েদেরও কাজে লাগানো হ'ত। আজকের দিনে এ-সব যতই আজগুবি মনে হোক না কেন শিল্পযুগের প্রথম দিকে এটাই ছিল রীতি। কিন্তু বেশীদিন এভাবে চলতে পারে না। শ্রমিকরা প্রথমে সংগ্রাম শুরু করল খাটুনি কমাবার জন্য। শিল্প-বিপ্লব ইংলণ্ডে প্রথম হয়েছিল বলে এই ধরনের আন্দোলন ইংলণ্ডেই প্রথম শুরু হয়েছিল।



কার্ল হাইন্‌রিখ মার্কস্

কল-কারখানায় এক সঙ্গে বহু শ্রমিক কাজ করবার ফাঁকে ফাঁকে তারা নিজেদের সুযোগ-সুবিধে নিয়ে আলোচনা করতো। ক্রমে তারা উপলব্ধি করল যে শ্রমিকদের নিজস্ব সংগঠন ছাড়া মালিকদের কাছ থেকে সুবিচার পাওয়া যাবে না। বেতন বৃদ্ধি ও অন্যান্য সুযোগ-সুবিধা আদায়ের জন্য শ্রমিকরা যে সংগঠন গড়ে তুলেছিল তাকে বলা হয় 'ট্রেড ইউনিয়ন'। ট্রেড ইউনিয়নের মাধ্যমে শ্রমিকরা মালিকদের উপর যে চাপ সৃষ্টি করেছিল তার ফলে শ্রমিকরা কিছু কিছু সুযোগ-সুবিধা আদায় করতে পেরেছিল। শ্রমিকরা তাদের মজুরী বাড়াতে পেরেছিল, তাদের খাটুনির সময় কমিয়ে এনেছিল। এইসব সত্ত্বেও শ্রমিকদের দারিদ্র্য দূর করা যায় নি।



ফ্রেডারিক এঙ্গেলস্

শ্রমিকদের দুঃখ ও দুর্গতি চিন্তাবিদদের ভাবিয়ে তুলেছিল। ধনিক শিল্পপতিদের পাশাপাশি শ্রমিক-মজুরদের দারিদ্র্যের কথা চিন্তা করে এই ধনবৈষম্য দূর করবার জন্যে যে মতবাদের সৃষ্টি হয় তার নাম 'সমাজতন্ত্র'। মোটামুটিভাবে সমাজতন্ত্র বলতে যা বোঝায় তাহ'ল ঃ সব রকমের সম্পদের মালিক হবে গোটা সমাজ বা রাষ্ট্র। দেশের প্রত্যেক মানুষ ভিন্ন ভিন্ন ক্ষেত্রে কাজ করে যাবে। এর বিনিময়ে রাষ্ট্র যোগাবে তার ভরণ-পোষণ।

সমাজতন্ত্রবাদকে যিনি বৈজ্ঞানিক ভিত্তিতে প্রতিষ্ঠিত করেছিলেন তাঁর নাম কার্ল হাইন্‌রিখ মার্কস্। তিনি ও তাঁর সহযোগী ফ্রেডারিক এঙ্গেলস্ ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে বৈজ্ঞানিক সমাজতন্ত্র বা সাম্যবাদ (ইংরেজীতে কমিউনিজম্)-এর তত্ত্ব আবিষ্কার ও বিকাশ করেন। এই তত্ত্বের আবিষ্কর্তার নাম অনুসারে একে 'মার্কস্‌বাদ' নামেও অভিহিত করা হয়। ১৮৪৮ খ্রীস্টাব্দে মার্কস্-এঙ্গেলস্ 'সাম্যবাদী ইস্তাহার' (কমিউনিস্ট মেনিফেস্টো)-এ সমাজতন্ত্র সম্পর্কে তাঁদের ধারণা ফুটিয়ে তুলেছেন। পরবর্তী কালে 'দ্য ক্যাপিটাল' গ্রন্থে মার্কস্ তাঁর সাম্যবাদের তত্ত্ব আরও বিশদভাবে ব্যাখ্যা করেন। এই গ্রন্থকে সমাজতান্ত্রিক আন্দোলনের 'বাইবেল' বলা হয়। কার্ল মার্কস্ তাঁর গ্রন্থে এক দ্বন্দ্বের কাহিনী দেখিয়েছেন। এই দ্বন্দ্ব হ'ল শোষক আর শোষিতের মধ্যে। 'শোষক' বলতে তিনি বুঝিয়েছেন পুঁজিপতিদের, আর 'শোষিত' বলতে শ্রমিক, অর্থাৎ বিত্তহীনদের। তিনি শ্রমিক-মজুরদের বলপ্রয়োগের মাধ্যমে বর্তমান সমাজ-ব্যবস্থার উচ্ছেদ করে ক্ষমতা দখল করবার ইঙ্গিত দিয়েছেন।

স্মৃতি-সহায়

১. ফরাসী বিপ্লবোত্তরযুগে রক্ষণশীলতার দ্বারা ফরাসী বিপ্লব প্রসূত জাতীয়তাবাদ ও গণতন্ত্রকে রুদ্ধ করবার চেষ্টা হয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত জয় হয় জাতীয়তাবাদ ও গণতন্ত্রেরই।

২. শতধা বিভক্ত ইতালি ম্যাৎসিনি, কাভুর ও গ্যারিবল্ডীর প্রচেষ্টায় ঐক্যবদ্ধ হয়েছিল। ১৮৭০ খ্রীস্টাব্দে ইতালির ঐক্য সম্পূর্ণ হয়।

৩. বিসমার্কের নেতৃত্বে জার্মানি ঐক্যবদ্ধ হয়েছিল। ঐক্যবদ্ধ জার্মানি ইওরোপের অন্যতম একটি শক্তিশালী দেশে পরিণত হয়েছিল।

৪. দাসপ্রথাকে কেন্দ্র করে আমেরিকার উত্তরাঞ্চল ও দক্ষিণাঞ্চলের মধ্যে যুদ্ধ বেধে গিয়েছিল। এই গৃহযুদ্ধে আব্রাহাম লিংকন অসমসাহসিকতার পরিচয় দিয়েছিলেন। যার ফলে আমেরিকার ঐক্য রক্ষা পেয়েছিল।

৫. শিল্প-বিপ্লব ইংলণ্ডে প্রথম হলেও ক্রমে তার ঢেউ অপরাপর দেশে এসে পৌঁছেছিল। তবে ইওরোপের বিভিন্ন দেশে শিল্পায়ন আরও একশো-দেড়শো বছরের আগে সম্ভব হয় নি।

৬. শ্রমিক শ্রেণীর দুঃখ-দুর্দশা নিরসনে কার্ল মার্কস ও তাঁর সহযোগী ফ্রেডারিক এঙ্গেলস্ বৈজ্ঞানিক সমাজতন্ত্র বা সাম্যবাদের আদর্শ তুলে ধরেছিলেন।

অনুশীলনী

১. ফরাসী বিপ্লবোত্তর যুগে ইওরোপে উদারনীতি ও রক্ষণশীলতার মধ্যে যে অবিরাম সংঘর্ষ চলেছিল তা ব্যাখ্যা করে বল।

২. 'মেটারনিক পদ্ধতি' কাকে বলে? মেটারনিকের রক্ষণশীলতা কি শেষ পর্যন্ত জয়ী হয়েছিল?

৩. ইতালির ঐক্য-আন্দোলনের কাহিনী সংক্ষেপে বিবৃত কর।

৪. ইতালির ঐক্য-আন্দোলনে কাউন্ট কাভুরের অবদান কি?

৫. জার্মানির ঐক্য-আন্দোলনের কাহিনী সংক্ষেপে লেখ।

৬. বিসমার্ক কিভাবে জার্মানিকে ঐক্যবদ্ধ করেন?

৭. আমেরিকার গৃহযুদ্ধের কারণ কি?

৮. আমেরিকার গৃহযুদ্ধে আব্রাহাম লিংকন কি ভূমিকা নিয়েছিলেন?

৯. ইওরোপের শিল্পায়নের কারণ কি? কিভাবে শিল্প-বিপ্লব ইওরোপে বিস্তার লাভ করেছিল?

১০. ইওরোপে শিল্প-বিপ্লবের ফলাফল কি হয়েছিল?

১১. মেহেনতী মানুষের ওপর শিল্প-বিপ্লব কি প্রভাব বিস্তার করেছিল?

১২. কার্ল মার্কস্ ও ফ্রেডারিক এঙ্গেলস্ সম্পর্কে কি জান?

১৩. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] ভিয়েনা কংগ্রেস কোন্ বছর অনুষ্ঠিত হয়?
[খ] কোন্ সময়কে 'মেটারনিকের যুগ' আখ্যা দেওয়া হয়?
[গ] 'তরুণ ইতালি' আন্দোলনের স্রষ্টা কে ছিলেন?
[ঘ] ইতালির ঐক্য-আন্দোলনের দু'জন নেতার নাম কর।
[ঙ] কোন্ বছর ইতালির ঐক্য সম্পূর্ণ হয়?
[চ] কোন্ বছর 'ফ্রাঙ্কফোর্ট পার্লামেণ্ট' আহূত হয়?
[ছ] কোন্ কোন্ দেশের সঙ্গে যুদ্ধ করে জার্মানিকে ঐক্যবদ্ধ করা হয়?
[জ] 'টম কাকার কুটির' গ্রন্থের প্রণেতার নাম বল।
[ঝ] কোন্ বছর আমেরিকার গৃহযুদ্ধ শুরু হয়?
[ঞ] কে কোন্ বছর 'সাম্যবাদী ইস্তাহার' প্রকাশ করেন?
[ট] 'দ্য ক্যাপিটাল' গ্রন্থের রচয়িতার নাম বল।

১৪. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] 'উদারনীতি' ও 'রক্ষণশীলতা' বলতে কি বোঝ?
[খ] 'ন্যায্য-অধিকার নীতি' বলতে কি বোঝ?
[গ] 'চতুঃশক্তি চুক্তি'র উদ্দেশ্য কি ছিল?
[ঘ] 'মেটারনিক পদ্ধতি' কি?
[ঙ] 'কাবোনারি' আন্দোলন সম্পর্কে কি জান?
[চ] 'তরুণ ইতালি' আন্দোলন সম্পর্কে যা জান লেখ।
[ছ] ম্যাৎসিনি ও কাভুরের কর্মপন্থার পার্থক্য কি ছিল?
[জ] জার্মানির ঐক্য আন্দোলনে 'জোল্‌ভারেন'-এর ভূমিকা কি ছিল?
[ঝ] 'ফ্রাঙ্কফোর্ট পার্লামেণ্ট' সাফল্য লাভ করেছিল কি?
[ঞ] স্যাডোয়া ও সেডানের যুদ্ধে কি হয়েছিল?
[ট] আমেরিকার গৃহযুদ্ধের ফলাফল কি হয়েছিল?
[ঠ] কোন্ সময় থেকে এবং কেন ইওরোপে শিল্পায়ন শুরু হয়?

[ছ] কিভাবে 'সাম্রাজ্যবাদ'-এর সৃষ্টি হয়?

[ঢ] 'সমাজতন্ত্রবাদ' বলতে কি বোঝ?

১৫. নিম্নলিখিত বিষয় সম্পর্কে টীকা লেখ।

(ক) মেটারনিক (খ) গ্যারিবল্ডী (গ) ম্যাৎসিনি (ঘ) কাভুর (ঙ) বিসমার্ক (চ) আব্রাহাম লিংকন।

১৬. নিম্নলিখিত বক্তব্যগুলির মধ্যে যেটি সঠিক এবং যেটি সঠিক নয় তা যথাক্রমে (√) এবং (×) চিহ্ন দিয়ে নির্দেশ কর ঃ

[ক] ভিয়েনা কংগ্রেসে সমবেত কূটনীতিবিদরা গণতন্ত্র ও জাতীয়তাবাদের সমর্থক ছিলেন ( )।

[খ] ইতালির ঐক্য আন্দোলন প্রথম দিকে সন্ত্রাসবাদের রূপ নেয় ( )।

[গ] বিসমার্ক শান্তিপূর্ণভাবে জার্মানিকে ঐক্যবদ্ধ করেছিলেন ( )।

[ঘ] দাস-প্রথার ব্যাপার নিয়ে আমেরিকার উত্তরাঞ্চল ও দক্ষিণাঞ্চলের মধ্যে গৃহবিবাদ শুরু হয় ( )।

[ঙ] রাশিয়ায় শিল্প-বিপ্লব অনেক আগে থেকে শুরু হয়েছিল ( )।

[চ] 'সাম্যবাদী ইস্তাহার'কে সমাজতান্ত্রিক আন্দোলনের 'বাইবেল' বলা হয় ( )।



দশম অধ্যায়

চীন ও জাপান

ইওরোপে শিল্প-বিপ্লবের ফলে সাম্রাজ্যবাদের এক নতুন অধ্যায় সূচিত হয়। ঊনবিংশ শতাব্দীতে ইওরোপের শিল্পোন্নত দেশগুলো উপনিবেশ দখল করবার জন্য উঠে পড়ে লেগেছিল। এশিয়া ও আফ্রিকাই ছিল সেই সময় উপনিবেশ স্থাপনের প্রশস্ত জায়গা। সেখানকার অনুন্নত দেশগুলো থেকে কাঁচামাল সংগ্রহ করা যেত, আবার তা থেকে নতুন জিনিস তৈরী করে সেখানেই চড়া দামে বিক্রী করে মুনাফা লুটার সুযোগ ছিল। সেইজন্যই বিভিন্ন ইওরোপীয় দেশ এশিয়া ও আফ্রিকার উপনিবেশগুলো নিজেদের মধ্যে ভাগ-বাঁটোয়ারা করে নেয়। এশিয়া ও আফ্রিকাতে তখন স্বৈরাচারী রাজারা রাজত্ব করতেন। জনসাধারণের সঙ্গে তাঁদের কোনো যোগাযোগ ছিল না। যার ফলে দেশের সব মানুষ মিলে সাম্রাজ্যবাদী দেশগুলোকে তাঁরা বাধা দিতে পারেন নি। এশিয়ায় ভারতবর্ষের মত চীন দেশও সাম্রাজ্যবাদের শিকার হয়েছিল।

(১) **চীন দেশে সাম্রাজ্যবাদ** : ১৮৪০ খ্রীস্টাব্দে অনুষ্ঠিত 'অহিফেন যুদ্ধ'র সময় থেকেই চীন দেশে ইওরোপীয় শক্তির সাম্রাজ্যবাদের সূচনা হয়। এর আগে বিশাল চীন দেশের মাত্র দুটো বন্দর, ম্যাকাও ও ক্যান্টন থেকে ইওরোপীয় ব্যবসায়ীদের ব্যবসা চালাবার অনুমতি দেওয়া হয়। ইওরোপীয় ব্যবসায়ীদের নানা বিধি-নিষেধের মধ্যে চীনদেশে ব্যবসা-বাণিজ্য চালাতে হ'ত। চীন দেশীয় রাজারা বিদেশী ব্যবসায়ীদের ভাল চোখে দেখতেন না। তাছাড়া বিদেশী জিনিসের চাহিদাও চীনাদের মধ্যে তেমন ছিল না। এইসব কারণে চীন দেশে বিদেশী ব্যবসা-বাণিজ্যের সুযোগ ছিল খুবই সীমিত। যাই হোক, চীন দেশের মানুষ আফিং সেবন করতে ভালবাসত বলে ইংরেজরা ভারত থেকে প্রচুর পরিমাণে আফিং চালান দিয়ে অনেক মুনাফা লুটতো। চীন দেশের

মাঞ্চু সরকার চীনাদের মধ্যে আফিং সেবনের কু-অভ্যাস বন্ধ করবার জন্য আফিংয়ের ব্যবসার ওপর নিষেধাজ্ঞা জারী করলে চীনা সরকারের সঙ্গে ইংরেজদের সংঘর্ষ বাধে।

চীনা সরকারের নিষেধাজ্ঞা সত্ত্বেও ইংরেজ ব্যবসায়ীরা চোরাপথে আফিং পাচার করতে থাকে। চীনা রাজার নির্দেশে তাই জনৈক রাজকর্মচারী বিশ হাজার বাক্স ভর্তি আফিং ধ্বংস করেন এবং ভবিষ্যতে যাতে আর আফিং আমদানি না করা হয় তার ব্যবস্থা করেন। ইংরেজ নৌ-বাহিনী চীনদেশ আক্রমণ করে এই ঘটনার প্রতিশোধ নিয়েছিল। চীনা ও ইংরেজদের মধ্যে এই সংঘর্ষ 'অহিফেন যুদ্ধ' (১৮৪০ খ্রী) নামে খ্যাত। যুদ্ধে পরাজিত হয়ে চীন সম্রাট 'নানকিং-এর সন্ধি' স্বাক্ষর করতে বাধ্য হন (১৮৪২ খ্রী)। সন্ধির শর্ত অনুসারে চীনা সরকার ইংরেজ ব্যবসায়ীদের অনেক টাকা ক্ষতিপূরণ দিতে রাজী হয়। সবচেয়ে বড় কথা হ'ল, এই সন্ধির দ্বারা চীনা সরকার ইংরেজদের বসবাস ও ব্যবসা-বাণিজ্যের জন্য পাঁচটি বন্দর উন্মুক্ত করেছিল। এই পাঁচটি 'সন্ধি বন্দর' হ'ল : ক্যান্টন, সাংহাই, আময়, নিংপো ও ফুচু। পাঁচটি বন্দরে ব্যবসা করবার সুযোগ থেকে অবশ্য অপরাপর ইওরোপীয় দেশও বঞ্চিত হয় নি।

'নানকিং-এর সন্ধি'র দ্বারা ইংরেজ বণিকদের যেসব সুযোগ-সুবিধা দেওয়া হয়েছিল এক বছরের মধ্যে একটা নতুন সন্ধির মাধ্যমে তা আরও বহুগুণে বৃদ্ধি করা হয়। কেবল তাই নয়, এই সময় ইংরেজরা চীনা সরকারের কাছ থেকে অতি-রাষ্ট্রিক অধিকার আদায় করেছিল।* এই বিধান মত ঠিক হয় যে, চীনদেশে কোনো ইংরেজ অভিযুক্ত হলে তার বিচার ইংরেজরাই করবে, চীনা আদালতে তার বিচার হবে না। বলা বাহুল্য, বিদেশীদের এই অধিকার চীনদেশের স্বাধীনতাকেই বিপন্ন করে তুলেছিল।

'নানকিং-এর সন্ধি'ও বিদেশীদের সন্তুষ্ট করতে পারে নি। ঐ সন্ধির পরবর্তী কয়েক বছর আপাতদৃষ্টিতে শান্তি বিরাজ করলেও বিদেশী বণিকদের সঙ্গে চীনাদের বিবাদ-বিসংবাদ ক্রমাগত চলছিল। বিদেশীরা চীনদেশে তাদের ব্যবসা-বাণিজ্যের সুযোগ বাড়াবার জন্য সব সময়ই গোলযোগ বাধাতো। ১৮৫৬ খ্রীস্টাব্দে চীনারা ব্রিটিশ পতাকার অপমান করেছে এই অজুহাতে ইংরেজরা চীনদেশের উপর আক্রমণ চালায়। একই সময়ে চীনদেশের কোনো এক জায়গায় ফরাসী মিশনারীকে (ধর্মপ্রচারক) হত্যা করা হয়েছে সেই অভিযোগে ফ্রান্স ইংরেজদের সঙ্গে যুগ্মভাবে চীন-এর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এই যুদ্ধ 'দ্বিতীয় অহিফেন যুদ্ধ' নামেও পরিচিত। এই যুদ্ধেও চীনারা পরাজিত হয় এবং ইংলণ্ড ও ফ্রান্সের সঙ্গে 'টিয়েনসিন সন্ধি' স্বাক্ষর করে (১৮৫৮ খ্রী)। সন্ধির শর্ত অনুসারে ইংলণ্ড ও ফ্রান্স যুদ্ধের ক্ষতিপূরণ বাবদ প্রচুর অর্থ আদায় করে। চীনা সরকার আরও এগারোটি বন্দর

* 'বগ্-এর সন্ধি'র দ্বারা ইংরেজরা চীনা সরকারের কাছ থেকে অতি-রাষ্ট্রিক অধিকার আদায় করে (১৮৪৩ খ্রী) Rise of Modern China : পৃঃ ২৪৩।

বিদেশীদের কাছে মুক্ত করে দেয়। তাছাড়া এখন থেকে খ্রীস্টান মিশনারীরা চীনদেশের যেখানে খুশী বসবাস করবার অধিকার পায়।

চীনদেশে সাম্রাজ্যবাদের পরবর্তী পর্যায় শুরু হয় জাপানী আক্রমণের সময় থেকে। ১৮৯৪ খ্রীস্টাব্দে কোরিয়ার ব্যাপার নিয়ে চীন-জাপান যুদ্ধ বাধে। এই যুদ্ধে দুর্বল চীন জাপানের কাছে পরাজিত হয়ে যুদ্ধের ক্ষতি-পূরণ বাবদ অর্থ এবং ফরমোজা সমেত কয়েকটি দ্বীপের অধিকার জাপানকে ছেড়ে দিতে বাধ্য হয়।

জাপানের হাতে চীনের শোচনীয় পরাজয়ে উৎসাহিত হয়ে ইওরোপের সাম্রাজ্যবাদী শক্তিগুলো এইবার চীনের শবদেহকে ছিড়ে টুকরো টুকরো করবার কাজে লেগে পড়ে। সত্যি কথা বলতে কি, ইওরোপীয় দেশগুলো চীন-জাপান যুদ্ধের পর চীনদেশে যে কার্যকলাপ শুরু করেছিল তা একটা নির্লজ্জ লুটের ব্যাপার হয়ে দাঁড়িয়েছিল। প্রত্যেক ইওরোপীয় শক্তি চীনদেশে একটা করে নিজস্ব এলাকা রাখতে চাইছিল যেখানে তারা নির্বিবাদে শোষণ চালাতে পারে, ধনসম্পদ লুট করতে পারে। এই উদ্দেশ্যকে সামনে রেখে ফ্রান্স, রাশিয়া, ইংলণ্ড ও জার্মানি চীনের সম্রাটের ওপর চাপ সৃষ্টি করে এক একটা এলাকা দখল করে নেয়।

ফ্রান্স কুয়াং-চৌ উপসাগরের ইজারা পেল, আর লাভ করল দক্ষিণ চীনের কয়েকটি প্রদেশ। রাশিয়া অধিকার করল লিয়াওটাং ও মাঞ্চুরিয়া। ইংলণ্ড পঁচিশ বছরের জন্য ওয়েই-হেই-ওয়েই ও হংকং-এর চারপাশের ভূখণ্ড ইজারা গ্রহণ করল। জার্মানি পেল কিয়াচাও এবং সানটুং ও হোয়াং-হো উপত্যকার ওপর একচ্ছত্র অধিকার। বলা বাহুল্য, এইসব অন্যায্য অধিকার চীন স্বেচ্ছায় দান করেনি। প্রত্যেকবারই বিদেশী শক্তির যুদ্ধ-জাহাজ গোলাবর্ষণের হুমকি দিয়ে চীনদেশের কাছ থেকে সুবিধা আদায় করেছিল। একটা পাকা তরমুজকে কেটে ফালি করে যেমন খাওয়া হয়, তেমনি ইওরোপীয় শক্তিরা যেন চীন-দেশকে কেটে ফালি করে এক এক অংশ নিজেরা আত্মসাৎ করেছিল।

আমেরিকা যুক্তরাষ্ট্র এতদিন পর্যন্ত প্রত্যক্ষভাবে চীনের ব্যাপারে নাক গলায় নি। কিন্তু সে যখন দেখল যে, চীনদেশের পুরোটাই প্রায় ইওরোপীয় শক্তি আত্মসাৎ করছে আমেরিকার পররাষ্ট্র-সচিব স্যার জন হে চীনদেশের প্রতি তখন 'উন্মুক্ত দ্বার' নীতি ঘোষণা করেন (১৯০১ খ্রী)। এই নীতির মূল কথা ছিল ঃ চীনদেশের যে-কোনো জায়গায় প্রত্যেক দেশের ব্যবসা-বাণিজ্য চালাবার সমান অধিকার থাকবে। এই 'উন্মুক্ত দ্বার' নীতির ফলে চীনদেশ আমেরিকাকে সমবেদনশীল বন্ধু বলে মনে করেছিল, যার দরুন পরবর্তী পঞ্চাশ বছর আমেরিকার সঙ্গে চীনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় ছিল।

(২) **ইওরোপীয় সাম্রাজ্যবাদের বিরুদ্ধে চীনাদের প্রতিক্রিয়া ঃ (ক) তাইপিং বিদ্রোহ ঃ** আহিফেন যুদ্ধের সময় থেকে চীনদেশে বিদেশীদের কার্য-কলাপ চীনাদের মনে তীব্র অসন্তোষের সৃষ্টি করেছিল। বিদেশীদের হাতে চীনাদের লাঞ্ছনা মাঞ্চু শাসকদের অপ্রিয় করে তুলেছিল এবং বিদেশীরা হয়ে উঠেছিল চীনাদের চক্ষুশূল।

আহিফেন যুদ্ধে মাঞ্চু সরকার যেভাবে বিদেশীদের কাছে আত্মসমর্পণ

করেছিল তাতে চীনাদের মনে এই ধারণা বদ্ধমূল হয়েছিল যে, মাঞ্চু রাজারা দেশ শাসনে ব্যর্থ হয়েছেন। কেবল তাই নয়, অনেকের মধ্যে তখন এই মনোভাবেরও সৃষ্টি হয়েছিল যে, দেশরক্ষার জন্য মাঞ্চু শাসনের উচ্ছেদ একান্ত প্রয়োজনীয়। ১৮৫১ খ্রীস্টাব্দে অনুষ্ঠিত তাইপিং বিদ্রোহ এই মনোভাবেরই বহিঃপ্রকাশ বলা যেতে পারে।

'তাইপিং' বিদ্রোহের সৃষ্টিকর্তা ছিলেন হুং সিউ-চুয়ান নামে জনৈক ব্যক্তি। তিনি খ্রীস্টান ধর্মগ্রন্থ 'বাইবেল' পাঠ করে সেই ধর্মীয় আদর্শের দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন। সিউ-চুয়ান বাইবেল অবলম্বনে এক নতুন ধর্মমত গঠন করেন এবং সেই নতুন ধর্মে দেশবাসীকে দীক্ষিত করতে থাকেন। এই ধর্মকে তাই 'তাইপিং' খ্রীস্টানধর্ম' বলা হয়। তাইপিং শব্দটির অর্থ 'পরম শান্তি'।

তাইপিং আন্দোলন প্রথম থেকেই বিদ্রোহের রূপ গ্রহণ করে নি। এর উদ্দেশ্য ছিল ধর্মপ্রচার এবং চীনাদের এই ধর্মে দীক্ষিত করা। কিন্তু মাঞ্চু সরকার যখন আন্দোলনকারীদের দমন করতে উদ্যোগী হন তখন সেই আন্দোলন বিদ্রোহের রূপ নিয়েছিল। তাইপিং বিদ্রোহীরা এই সময় থেকে সৈন্যসামন্ত জোগাড় করে মাঞ্চু সৈন্যবাহিনীর সঙ্গে সামরিক সংঘর্ষে লিপ্ত হয়। এমনকি, তাইপিংরা নানকিং দখল করে সেখানে একটা নতুন রাজধানী স্থাপন করে এবং হুং সিউ-চুয়ান সেখানে নিজেকে 'স্বর্গীয় রাজা' বলে ঘোষণা করেন। তাইপিং বিদ্রোহ ধর্মযুদ্ধ হিসাবে শুরু হলেও বিদ্রোহীদের কার্যকলাপ সমসাময়িক চীনদেশের সমাজ, ধর্ম, রাজনীতি, অর্থনীতি, সবকিছুকে প্রচণ্ডভাবে আঘাত করেছিল। তাইপিং সম্প্রদায় আফিং সেবন, মদ্যপান প্রভৃতি নিষিদ্ধ করে এবং ধর্মীয় কুসংস্কারগুলিকে বর্জন করে চীনদেশে প্রচলিত সামাজিক ব্যাধি ও ধর্মান্ধতার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছিল। তাইপিং বিদ্রোহীরা ছিল কৃষক ও কারিগর শ্রেণীর মানুষ, গ্রাম্য জনসাধারণ ও দরিদ্র ভদ্রলোক। এরা ধনী কৃষক, বণিক সম্প্রদায় ও বিত্তশালী ভদ্রলোকদের বিরুদ্ধে সংগ্রাম চালিয়েছিল। তাছাড়া তাইপিংরা ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বিলি করবার যে কর্মসূচী নিয়েছিল তা নিঃসন্দেহে এক বৈপ্লবিক পদক্ষেপ।

তাইপিং বিদ্রোহ সাফল্য লাভ করে নি। চীনের মাঞ্চু সরকার বিদেশীদের সহায়তায় বিদ্রোহীদের দমন করতে সমর্থ হয়েছিল। চীনের রক্ষণশীল সমাজ ও বৌদ্ধধর্মাবলম্বীদের বিরোধিতাও তাইপিংদের ব্যর্থতার অন্যতম কারণ। তাইপিং বিদ্রোহ ব্যর্থ হলেও তা পরবর্তী কালে মাঞ্চু সরকারের উচ্ছেদ ও বৃহত্তর সংগ্রামের পথ প্রশস্ত করেছিল।

(খ) 'শত দিবসের সংস্কার' ও 'মুষ্টিযোদ্ধা (বক্সার) হাঙ্গামা': চীন-জাপান যুদ্ধে (১৮৯৪ খ্রী) ক্ষুদ্র জাপানের কাছে চীনের পরাজয় দেশের কতিপয় চিন্তাশীল ব্যক্তির চিন্তাধারায় পরিবর্তন এনেছিল। বিদেশীদের হাতে চীনের ক্রমাগত লাঞ্ছনা এবং তার পাশাপাশি ক্ষুদ্র জাপানের শক্তি অর্জনের কথা চিন্তা করে তাঁদের বুঝতে বাকি রইল না যে, চীনদেশের সবকিছুর যদি আমূল সংস্কার না করা যায় তাহ'লে দেশের অস্তিত্বই বিপন্ন

হয়ে পড়বে। ঠিক সেই সময় ক্যাং ইউ ওয়েই নামে জনৈক চিন্তাবিদ ও দেশ-প্রেমিক দেশে যে আধুনিক সংস্কারের কতখানি প্রয়োজন সেকথা জানিয়ে তদানীন্তন চীন সম্রাটকে এক আবেদনপত্র পাঠান। এইভাবে ঊনবিংশ শতাব্দীর শেষভাগে চীনদেশে এক সংস্কারপন্থী দলের সৃষ্টি হয়েছিল। তদানীন্তন চীন সম্রাট কুয়াং-সু নিজেও সংস্কারপন্থীদের একজন সমর্থক ছিলেন।

সম্রাট কুয়াং-সু ১৮৯৮ খ্রীস্টাব্দে সংস্কারপন্থীদের সাহায্য নিয়ে কতকগুলি সংস্কারের কথা ঘোষণা করেন। এই সংস্কারগুলো একশো দিন ধরে ক্রমাগত ঘোষিত হয়েছিল বলে তা 'শত দিবসের সংস্কার' নামে অভিহিত।* চীন সম্রাট যেসব বিষয়ে সংস্কারের প্রবর্তন করেছিলেন তা অল্প কথায় বলতে গেলে এই রকম ঃ সরকারী কর্মচারীদের নিয়োগের জন্য অনুষ্ঠিত পরীক্ষার রদ বদল ; জ্ঞান-বিজ্ঞান চর্চার জন্য পাশ্চাত্য পদ্ধতিতে নতুন বিদ্যালয় স্থাপন ; সামরিক ও নৌ-বাহিনীর পুনর্গঠন ; সংবাদপত্রের স্বাধীনতা দান ; এবং অর্থ-নৈতিক পুনরুজ্জীবনের জন্য কৃষিকাজ, শিল্প প্রভৃতির উন্নতি বিধান। এইভাবে সময়োপযোগী কয়েকটি সংস্কারের মাধ্যমে চীনের সম্রাট দেশের অবস্থা ফেরাতে সচেষ্ট হয়েছিলেন। কিন্তু এই সামান্য ক'টি ব্যবস্থাই চীনের পুরাতনপন্থীদের বিচলিত করে তুলল। এরা তখন রাজমাতা জু-সি'র শরণাপন্ন হলেন। কারণ জু-সি নিজেও ছিলেন একজন পুরাতনপন্থী এবং সংস্কার-বিরোধী। তিনি প্রাচীনপন্থা অনুসারেই চলবার পক্ষপাতী ছিলেন। তার ওপর জু-সি ছিলেন পরম শক্তিময়ী নারী। তিনি এইবার পুরাতনপন্থীদের পক্ষ নিয়ে সম্রাট কুয়াং-সু ও তাঁর প্রবর্তিত সংস্কারের বিরোধিতা করতে লাগলেন। এমনকি, সম্রাটের প্রগতিশীল সংস্কার বন্ধ করবার জন্য তিনি নিজের হাতে শাসনভার পর্যন্ত গ্রহণ করেন। শাসনভার নিজের হাতে নিয়ে প্রথমেই তিনি সম্রাটকে বন্দী করেন এবং তারপরে সংস্কার-বিধানগুলো প্রত্যাহার করে নেন। এইভাবে চীনদেশের শাসন-ব্যবস্থার উন্নয়নে সংস্কার-পন্থীদের প্রচেষ্টা ব্যর্থ হয়েছিল।

'শত দিবসের সংস্কার' ব্যর্থ হলেও চীনদেশের সাধারণ মানুষ এক মুহূর্তের জন্য ভুলতে পারেনি যে, বিদেশীদের কবল থেকে দেশকে মুক্ত করতে না পারলে তাদের উন্নতির কোনো সম্ভাবনা নেই। ইতিমধ্যে দেশের অর্থনীতিও দিন দিন খারাপ হচ্ছিল। সেই সময় আবার দুর্ভিক্ষের দরুন দেশে খাদ্যাভাব চরমে পৌঁছেছিল। এই কারণে মানুষের অসন্তোষ দিন দিনই বাড়ছিল। এই পরিস্থিতিতে বিদেশীদের বিতাড়নের জন্য দেশের সর্বত্র গুপ্ত-সমিতি গড়ে উঠতে থাকে।

১৮৯৭ খ্রীস্টাব্দে প্রথম হাঙ্গামার সূচনা হয়, ক্রমে সেই হাঙ্গামা ব্যাপক আকার ধারণ করে। চীনে এই হাঙ্গামার উদ্যোক্তা ছিল 'ই হো তুয়ান' বা 'ন্যায়ের সুসমঞ্জস মুষ্টি' নামে একটি সমিতি। এই সমিতির উদ্যোগে

* The Rise of Modern China : Immanuel C. Y. Hsu : পৃঃ ৪৫৬

১৮৯৯—১৯০০ খ্রীস্টাব্দে চীনের সর্বত্র যে বিদ্রোহের আয়োজন করা হয় তা মুষ্টিযোদ্ধা হাঙ্গামা' বা 'বক্সার বিদ্রোহ' নামে পরিচিত। সমিতির সদস্যরা শরীর রক্ষার জন্য ব্যায়াম অনুশীলন করতো এবং তা থেকেই 'মুষ্টিযোদ্ধা' (ইংরেজীতে 'বক্সার') নামের সৃষ্টি। মুষ্টিযোদ্ধারা রব তুলেছিল : দেশ রক্ষা কর, বিদেশীদের ধ্বংস কর।

প্রথম দিকে বক্সার বিদ্রোহীরা মাঞ্চু রাজবংশ এবং বিদেশী উভয়ের বিরুদ্ধেই খড়্গহস্ত হয়েছিল। কিন্তু সাম্রাজ্ঞী জু-সি সুযোগ বুঝে বিদ্রোহীদের সমর্থন করেন এবং বিদেশীদের বিরুদ্ধে তাদের প্ররোচিত করেন। এর ফলে বক্সার বিদ্রোহীদের আক্রমণের প্রধান লক্ষ্য হয়ে দাঁড়িয়েছিল খ্রীস্টান মিশনারী এবং বিদেশীরা। বক্সার বিদ্রোহীদের আক্রমণে চীনদেশে ক্ষয়-ক্ষতি হয় প্রচুর। অনেক বিদেশী হতাহতও হয়েছিল। এই পরিস্থিতিতে ইংলন্ড, ফ্রান্স, রাশিয়া, জার্মানি, জাপান প্রভৃতি দেশের সৈন্যবাহিনী চীন-দেশে বসবাসকারী বিদেশীদের রক্ষা করবার জন্য চীন আক্রমণ করে বসে। বিদেশী সৈন্যেরা প্রচণ্ড নৃশংসতার সঙ্গে বক্সার বিদ্রোহীদের দমন করেছিল। এইভাবে বক্সার বিদ্রোহের পরিসমাপ্তি ঘটেছিল।

১৯০৪-০৫ খ্রীস্টাব্দে রুশ-জাপান যুদ্ধে রাশিয়ার মত শক্তিশালী দেশ জাপানের কাছে পরাজিত হয়। এতে চীনদেশের মানুষ আবার বুঝতে পারল যে, আধুনিক কায়দায় শাসন-কাঠামো থেকে শুরু করে সবকিছু পরিবর্তন করতে না পারলে দেশের উন্নতি সম্ভব নয়। মাঞ্চু সরকারও এইবার তা উপলব্ধি করে। কেবল তাই নয়, এখন অনেক পুরাতনপন্থীরাও সংস্কারের সমর্থক হয়ে ওঠে। যাই হোক, ১৯০৫-০৬ খ্রীস্টাব্দে মাঞ্চু সরকার চীনে শাসনসংস্কার পুনঃপ্রবর্তনের আদেশপত্র বের করে। দেশের সর্বত্র আফিং সেবন নিষিদ্ধ করা হয়, আধুনিক প্রণালীতে শিক্ষাদানের ব্যবস্থা করা হয়। সামরিক বাহিনীকে নতুনভাবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া হয়। তাছাড়া মাঞ্চু সরকার দেশের প্রচলিত আইন ও শাসনবিধির পরিবর্তন করতেও উদ্যোগী হয়।

এইসব মামুলি সংস্কার করে কিন্তু চীনের অবস্থা ফেরানো আর সম্ভব-পর ছিল না। অভ্যন্তরীণ দিক দিয়ে চীন তখন এমন এক অবস্থায় এসে পেঁছেছিল যখন সম্পূর্ণ নতুন করে দেশ গঠন ব্যতীত আর গত্যন্তর ছিল না। আর এই দেশ গঠনের কাজ যে মাঞ্চু রাজাদের নেতৃত্বে সম্ভব নয় তা-ও চীনাদের বুঝতে বাকী ছিল না। অল্পদিনের মধ্যে তাই চীনের মানুষ মাঞ্চু বংশের উচ্ছেদ করে চীনদেশে এক প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করে।

(গ) **মাঞ্চু রাজবংশের উচ্ছেদ : প্রজাতান্ত্রিক চীন :** ১৯০৮ খ্রীস্টাব্দে সাম্রাজ্ঞী জু-সি'র মৃত্যু হলে মাঞ্চু রাজবংশের পতন অবশ্যম্ভাবী হয়ে উঠেছিল। তাঁর মৃত্যুর পরে যে নাবালক সম্রাট চীনের সিংহাসনে আরোহণ করেন তাঁর পক্ষে দেশের বহুমুখী সমস্যার সমাধান সম্ভবপর ছিল না। ইতিমধ্যে সান ইয়াৎ সেন নামে জনৈক দেশপ্রেমিক ও জাতীয়তাবাদী নেতা 'তুং মেং হুই' নামে এক জাতীয়তাবাদী দল গঠন করে চীনদেশের সর্বত্র জাতীয়তাবাদ, প্রজাতন্ত্র ও আধুনিক সংস্কারের বাণী ছড়াতে থাকেন।

১৯১১ খ্রীস্টাব্দে জাতীয়তাবাদী আদর্শে উদ্‌বুদ্ধ সেনাদলের একাংশ মাঞ্চু সরকারের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করলে ক্রমে তা চীনের সর্বত্র ছড়িয়ে পড়ে। বিদ্রোহীরা অল্পদিনের মধ্যেই নানকিং শহর দখল করে সেখানে এক অস্থায়ী প্রজাতান্ত্রিক সরকার গঠন করে। সান ইয়াৎ সেনকে সেই প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি বলে ঘোষণা করা হয়।

বিপ্লবীদের দ্বারা প্রজাতান্ত্রিক সরকার গঠিত হওয়ায় মাঞ্চু সরকার প্রমাদ গুনল। মাঞ্চু রাজবংশকে পুনরুজ্জীবিত করবার জন্য ইউয়ান সি-কাই নামে জনৈক সমর নায়ককে মাঞ্চুরা প্রধানমন্ত্রী পদে নিয়োগ করে। এই সময় চীনদেশ এক গৃহযুদ্ধের সম্মুখীন হয়। কারণ দক্ষিণাংশ তখন প্রজাতান্ত্রিক সরকারের অধীন, আর উত্তরাঞ্চল মাঞ্চু সরকারের পক্ষে ইউয়ান সি-কাই-এর অধীন। এমতাবস্থায় সান ইয়াৎ সেন ও ইউয়ান সি-কাই গৃহযুদ্ধ এড়াতে এক সমঝোতায় পৌঁছান। ঠিক হ'ল সান ইয়াৎ সেন রাষ্ট্রপতির পদ ছেড়ে দেবেন এবং ইউয়ান সি-কাই চীন প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হবেন। আর ইউয়ান সি-কাই মাঞ্চু সম্রাটকে পদত্যাগ করতে বাধ্য করবেন। সেই অনুসারে শেষ মাঞ্চু সম্রাট পদত্যাগ করলে ইউয়ান সি-কাই চীন প্রজাতন্ত্রের প্রথম রাষ্ট্রপতি হন (১৯১২ খ্রী)।

ইউয়ান সি-কাই চীন প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হলেও তিনি মোটেই প্রজাতন্ত্রের সমর্থক ছিলেন না। তিনি মনে মনে সম্রাট হবার আশা পোষণ করতেন। তিনি স্বেচ্ছাচারীর মত কার্যকলাপ করতে লাগলে সান-ইয়াৎ সেন-এর জাতীয়তাবাদী দল ইউয়ান-এর বিরুদ্ধে আন্দোলনে নেমেছিল।

(৩) জাপানের উত্থান : (ক) মেইজি পুনঃপ্রতিষ্ঠা : জাপানের নবযুগ : চীনদেশের মত জাপানও ঊনবিংশ শতাব্দীতে ইওরোপীয় সাম্রাজ্যবাদের শিকার হয়েছিল। তবে চীনদেশে ইওরোপীয় শক্তিরা যতটা সুবিধে করতে পেরেছিল, জাপানে তারা তা করতে পারে নি। এর প্রধান কারণ হ'ল এই যে, চীনের মাঞ্চু রাজারা নিজেদের দুর্বলতা কাটিয়ে উঠে দেশকে পুনর্গঠিত করতে সমর্থ হন নি। কিন্তু জাপানের সম্রাট সময়োপযোগী সংস্কার প্রবর্তন করে দেশকে শক্তিশালী করে তুলেছিলেন।

ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত জাপানে সামন্ততন্ত্র প্রচলিত ছিল। 'মিকাডো', অর্থাৎ জাপানের সম্রাট সামন্তপ্রভুদের হাতের পুতুল ছিলেন। সম্রাটকে যবনিকার অন্তরালে ফেলে 'সোগান' বা প্রধান সামন্তপ্রভু দেশের সর্বেসর্বা হয়ে উঠেছিলেন। প্রায় সাতশো বছর ধরে এইভাবে সোগানরা সম্রাটের ক্ষমতাকে কুক্ষিগত করে রেখেছিল। আমেরিকা, ফ্রান্স, ইংলণ্ড প্রভৃতি দেশ জোর করে যখন জাপানের কয়েকটি বন্দর উন্মুক্ত করে তখন জাপানীরা সোগানদের ওপর বীতশ্রদ্ধ হয়ে পড়ে। সোগান-বিরোধীরা তখন দাবি জানাতে থাকে যে, সোগানরা সম্রাটকে তাঁর ক্ষমতা ফিরিয়ে দিক, কারণ তারা দেশ শাসনে ব্যর্থ হয়েছে। শেষ পর্যন্ত জাপানে সোগান-বিরোধী ও স্বেচ্ছায় পদত্যাগ করলে জাপানের সম্রাট আবার তাঁর ক্ষমতা ফিরে পান। ১৮৬৭ খ্রীস্টাব্দে সম্রাট সোগানদের হাত থেকে মুক্ত হয়েছিলেন। এই ঘটনায় সোগান সমর্থকদের মধ্যে এক গৃহযুদ্ধ বেধে যায়। বেগতিক দেখে সোগান

ইতিহাসে 'মেইজি পুনঃপ্রতিষ্ঠা' নামে অভিহিত। 'মেইজি' কথাটির অর্থ 'উন্নত রাজত্ব'। মেইজি পুনঃপ্রতিষ্ঠার সময় পনেরো বছর বয়স্ক মুৎসোহিতো ছিলেন জাপানের সম্রাট। মুৎসোহিতোর শাসনকাল 'মেইজি শাসনের যুগ' নামেও খ্যাত। এই সময় জাপানের ইতিহাসে এক নবযুগের সূচনা হয়েছিল বলা যেতে পারে। কারণ সম্রাট মুৎসোহিতো এখন পাশ্চাত্য পদ্ধতিতে সংস্কার প্রবর্তনের মাধ্যমে জাপানকে শক্তিশালী করে তোলবার কাজে আত্মনিয়োগ করেন।



ইওরোপীয় জ্ঞান-বিজ্ঞানের প্রয়োজনীয়তা জাপানীরা উপলব্ধি করেছিল। তারা দেখেছিল যে, পাশ্চাত্যের শক্তিশালী দেশগুলোর কাছে প্রায় গোটা পৃথিবী পদানত হয়েছে। সুতরাং পাশ্চাত্যের অনুকরণে দেশ গঠন করতে পারলে তবেই দেশের শক্তি বাড়ানো সম্ভব, আর তা-ই হ'ল দেশের স্বাধীনতা ও সম্পদ রক্ষার একমাত্র উপায়। তাছাড়া জাপানীরা তাদের সম্রাটকে শ্রদ্ধার চোখে দেখত। যেহেতু সম্রাটের নেতৃত্বেই জাপানের পাশ্চাত্যকরণ অনুষ্ঠিত হয়েছিল সেইহেতু এই পরিবর্তনকে তারা সহজেই মেনে নিতে পেরেছিল। যাই হোক, পাশ্চাত্যের অনুকরণে নানাবিধ সংস্কার প্রবর্তিত হওয়ায় জাপান অল্প সময়ের মধ্যেই এশিয়ার সবচেয়ে শক্তিশালী দেশ হিসাবে আত্মপ্রকাশ

করে। জাপানের রাজনীতি, সমাজ, অর্থনীতি, সামরিক ব্যবস্থা সবকিছুকেই সংস্কারের আওতায় আনা হয়েছিল।

জাপানে দীর্ঘদিন ধরে প্রচলিত সামন্তপ্রথার অবসান ঘটিয়ে কেন্দ্রীভূত শাসন-ব্যবস্থার প্রবর্তন করাই ছিল শাসন-সংস্কারের প্রধান লক্ষ্য। সেইমত সামন্তপ্রভুদের জমি ক্ষতিপূরণ দিয়ে কেড়ে নেওয়া হয়। দেশের শাসন-ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়। মুৎসোহিতো মন্ত্রিসভা ও জাতীয় প্রতিনিধি-সভা গঠন করে শাসন-ব্যবস্থার গণতন্ত্রীকরণও করেছিলেন। তিনি প্রাশিয়ার অনুকরণে জাপানে একটি নতুন শাসনতন্ত্রেরও প্রবর্তন করেন।

অর্থনৈতিক উন্নতি ব্যতীত কোনো দেশই সত্যিকারের বড় হতে পারে না। জাপানের ক্ষেত্রে শিল্পোন্নয়ন এবং কৃষি-কাজের উন্নতির মাধ্যমে অর্থনৈতিক কাঠামোকে নতুনভাবে গড়ে তোলা হয়। দেখতে দেখতে জাপানের সর্বত্র নতুন নতুন কল-কারখানা গড়ে উঠতে থাকে। শিল্পোন্নতির সঙ্গে সঙ্গে পরিবহন-ব্যবস্থায়ও পরিবর্তন আনা হয়। রেলপথ নির্মাণ করা হয় এবং নতুন নতুন রাস্তা তৈরী করে দেশের বিভিন্ন অংশের মধ্যে যোগাযোগ সহজ করা হয়। বলা বাহুল্য, এর ফলে ব্যবসা-বাণিজ্যের প্রভূত উন্নতি হয়েছিল। কৃষিকাজে আধুনিক পদ্ধতির সাহায্যে উৎপাদন বাড়ানো হয়।

পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞানের সঙ্গে যাতে দেশবাসীর প্রত্যক্ষ যোগাযোগ ঘটে সেই উদ্দেশ্যে কারিগরী বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। তাছাড়া বহুসংখ্যক ইংরেজী বিদ্যালয় স্থাপন করে সেখানে ইংরেজী ভাষা শিক্ষাকে আবশ্যিক করা হয়। শিক্ষা-দীক্ষায় নারীরাও যাতে পিছিয়ে না থাকে তার জন্যও যথা-যোগ্য ব্যবস্থা করা হয়েছিল।

জাপান তার সামরিক সংস্কারের ক্ষেত্রে জার্মানি ও ইংলণ্ডের দৃষ্টান্ত অনুসরণ করেছিল। আগেকার সামুরাই যোদ্ধাদের সামরিক মর্যাদা ও অধি-কারের অবসান ঘটিয়ে জার্মানির অনুকরণে দেশের প্রত্যেক যুবককে সামরিক বাহিনীতে যোগদান বাধ্যতামূলক করা হয়। তাছাড়া শক্তিশালী নৌ-বাহিনী গড়ে তোলার উদ্দেশ্যে জাহাজ-নির্মাণ কারখানা স্থাপন করা হয়। এইভাবে জাপান পাশ্চাত্যকরণের মাধ্যমে এশিয়ার অন্যতম প্রধান শক্তিতে পরিণত হয়েছিল।

(খ) **সাম্রাজ্যবাদী শক্তিরূপে জাপানের উত্থান ঃ** মেইজি পুনঃপ্রতিষ্ঠার পরবর্তী কালে জাপানের উন্নতি এত দ্রুতগতিতে অনুষ্ঠিত হয়েছিল যে খুবই অল্প সময়ের মধ্যে সে ইওরোপীয় শক্তিগুলোর সমকক্ষ হয়ে ওঠে। জাপানের ব্যবসা-বাণিজ্য চল্লিশ বছরের মধ্যে প্রায় সাতাশ গুণ বেড়ে গিয়েছিল। জাপানের জনসংখ্যাও বেড়ে যায় অনেক। জাপানের বাড়তি জনসংখ্যা ও শিল্পজাত জিনিসপত্রের জন্য এখন তার প্রয়োজন হ'ল উপনিবেশের। বিচক্ষণতা ও কূটনীতির সাহায্যে জাপান নিজেকে বিদেশী প্রভাব থেকে মুক্ত করে শুরু করল বিশ্বরাজনীতিতে অংশ গ্রহণ করতে। চীনের দুর্বলতার সুযোগে জাপান সেই দেশের ওপরই প্রথম তার সাম্রাজ্যবাদী মনোভাব চরিতার্থ করতে উদ্যোগী হয়েছিল। বাস্তবিকপক্ষে চীনদেশের উপর জাপানের আক্রমণের সময় থেকেই জাপানী সাম্রাজ্যবাদের সূচনা হয়েছে।

শক্তি সঞ্চয়ের সঙ্গে সঙ্গেই জাপান চীনের সঙ্গে নানা অজুহাতে গোলমাল বাধাতে থাকে। শেষ পর্যন্ত দুই দেশের মধ্যে সংঘর্ষ উপস্থিত হ'ল কোরিয়া নিয়ে। সপ্তদশ শতাব্দীতে কোরিয়া চীন সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। ঊনবিংশ শতাব্দীতে চীনের দুর্বলতার ফলে কোরিয়ায় চীনের শাসন শিথিল হয়ে পড়ে এবং সেখানে নানা গোলযোগ দেখা দেয়। কোরিয়া জাপানের অনতিদূরে অবস্থিত। কোরিয়া যদি কোনো ইওরোপীয় শক্তির কবলিত হয় তাহ'লে জাপানের নিরাপত্তার পক্ষে তা বিপজ্জনক হবে, এই ভেবে জাপান আগে থেকেই সেখানে প্রাধান্য বিস্তারে উদ্যোগী হয়। যাই হোক, কোরিয়ায় এক বিদ্রোহ দেখা দিলে চীন সেখানে তার সৈন্যবাহিনী পাঠিয়েছিল। চীন এককভাবে কেন সৈন্য পাঠিয়েছে সেই অজুহাতে জাপানও কোরিয়ায় তার সৈন্যবাহিনী পাঠায়। এইভাবে চীন-জাপান যুদ্ধ শুরু হয়ে যায় (১৮৯৪ খ্রী)। চীন-জাপান যুদ্ধ মাত্র নয় মাস স্থায়ী হয়েছিল। চীন এই যুদ্ধে পরাজিত হয়ে জাপানের সঙ্গে 'শিমনোশেকি'র সন্ধি' (১৮৯৫ খ্রী) স্বাক্ষর করে। সন্ধির শর্ত অনুসারে চীনকে ক্ষতিপূরণ স্বরূপ প্রচুর অর্থ এবং চীনদেশে ইওরোপীয় শক্তিরা যেসব সুযোগ-সুবিধা পেয়ে আসছিল জাপানকে তা দেওয়া হয়। তাছাড়া চীন জাপানকে ফরমোজা, লিয়াও-টুঙ এবং আরও কয়েকটি দ্বীপ ছেড়ে দেয়। চীন কোরিয়াকে একটি স্বাধীন রাষ্ট্র বলে মেনেও নিয়েছিল।

চীনদেশে জাপানের আধিপত্য বিস্তার রাশিয়া সহ্য করতে পারে নি। কারণ রাশিয়া অনেকদিন থেকেই মাঞ্চুরিয়া দখল করবার পরিকল্পনা করছিল। ইংলণ্ডও আবার রাশিয়ার ভয়ে ভীত ছিল এইজন্য যে, সে যে-কোনো সময় আফগানিস্তানের মধ্যে দিয়ে ভারত-সাম্রাজ্যের নিরাপত্তা ক্ষুন্ন করতে পারে। এমতাবস্থায় রাশিয়াকে প্রতিহত করতে ১৯০২ খ্রীস্টাব্দে ইংলণ্ড ও জাপানের মধ্যে এক মৈত্রীচুক্তি সম্পাদিত হয়। 'ইঙ্গ-জাপান মৈত্রীচুক্তি' জাপানের শক্তি ও মর্যাদা দুইই যথেষ্ট পরিমাণে বৃদ্ধি করেছিল।

এইভাবে জাপান নিজেকে শক্তিশালী করে তুলে রাশিয়ার সঙ্গে শক্তি পরীক্ষায় নামতে প্রস্তুত হয়। এদিকে রাশিয়া মাঞ্চুরিয়াকে নিজ আয়ত্তাধীনে আনবার উদ্দেশ্যে সেখানে সৈন্যবাহিনী পাঠিয়েছে। জাপান এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েও কোনো ফল হয় নি। জাপানের আশঙ্কা ছিল যে, মাঞ্চুরিয়া থেকে রাশিয়া কোরিয়ার দিকে হাত বাড়াবে। সুতরাং নিজ নিরাপত্তার প্রয়োজনে জাপান চাইছিল যাতে রাশিয়া মাঞ্চুরিয়া থেকে সৈন্য সরিয়ে নেয়। এই পরিস্থিতিতে রুশ-জাপান যুদ্ধ (১৯০৪-০৫ খ্রী) অনিবার্য হয়ে ওঠে।

রুশ-জাপান যুদ্ধে জাপান স্থল ও নৌ-যুদ্ধে রাশিয়াকে সম্পূর্ণভাবে পরাজিত করে। শেষ পর্যন্ত আমেরিকার প্রেসিডেন্ট থিয়োডোর রুজভেল্ট -এর মধ্যস্থতায় উভয়ের মধ্যে 'পোর্টস্‌মাউথের সন্ধি' স্বাক্ষরিত হয় (১৯০৫ খ্রী)। এই সন্ধির শর্ত অনুসারে কোরিয়ার উপর জাপানের কর্তৃত্ব রাশিয়া মেনে নিতে বাধ্য হয়। তাছাড়া মাঞ্চুরিয়ার কতকাংশেও জাপানের কর্তৃত্বকে রাশিয়া মেনে নেয়। সবচেয়ে বড় কথা হ'ল, রাশিয়ার মত শক্তিশালী দেশ

জাপানের কাছে পরাজিত হবার ফলে জাপানের মর্যাদা অনেকখানি বেড়ে গিয়েছিল।

কোরিয়ার উপর জাপানের যে প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছিল তাতেও জাপান সন্তুষ্ট হয় নি। জাপান নানা অজুহাতে কোরিয়ার রাজার উপর ক্রমাগত চাপ সৃষ্টি করে চলেছিল। তাছাড়া জাপানী সৈন্যের মধ্যে একাংশ সেই সময় কোরিয়া জয় করবার পক্ষপাতী ছিল। এই পরিস্থিতিতে কোরিয়ায় অবস্থিত জাপানী রেসিডেন্ট-জেনারেল কাউন্ট ইটো জনৈক কোরিয়াবাসী কর্তৃক নিহত হলে জাপান এই অজুহাতে কোরিয়াকে জাপান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করে নেয় (আগস্ট, ১৯১০)।

রুশ-জাপান যুদ্ধে জাপানের কাছে রাশিয়ার শোচনীয় পরাজয় জাপানের সাম্রাজ্যবাদী স্পৃহা বহুগুণে বৃদ্ধি করেছিল, জাপান তার শক্তি সম্পর্কে অধিকতর সচেতন হয়ে উঠেছিল। যাই হোক, ইতিমধ্যে ১৯১৪ খ্রীস্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হলে জাপান অভ্যন্তরীণ কলহে জর্জরিত চীনদেশের ওপর 'একুশ দফা দাবি' পেশ করে (১৯১৫ খ্রী)। স্বাধীনতা হরণ করে চীনদেশকে জাপানের তাঁবেদার রাষ্ট্রে পরিণত করাই ছিল এই একুশ দফা দাবির প্রকৃত উদ্দেশ্য। 'একুশ দফা দাবি' পাঁচটি অংশে বিভক্ত ছিল। এই বিভাগগুলির মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হ'ল চতুর্থ ও পঞ্চমটি। চতুর্থ ভাগে যেসব শর্তের কথা বলা হয়েছিল তার উদ্দেশ্য ছিল, সমগ্র চীনে জাপানী আধিপত্য প্রতিষ্ঠা করা। আর পঞ্চম ভাগের শর্তগুলির দ্বারা চীনদেশে জাপানের স্বার্থ ও প্রভুত্বকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠার ব্যবস্থা ছিল। যাই হোক, প্রচণ্ড প্রতিবাদ সত্ত্বেও দুর্বল চীনের পক্ষে জাপানের দাবিগুলি শেষ পর্যন্ত না মেনে উপায় ছিল না।

স্মৃতি-সহায়

১. ইওরোপের বিভিন্ন দেশের শিল্পায়ন সাম্রাজ্যবাদের এক নতুন অধ্যায় সূচিত করেছিল। সাম্রাজ্যবাদের শিকার থেকে চীন ও জাপান রেহাই পায় নি।

২. ১৮৪০ খ্রীস্টাব্দে অনুষ্ঠিত 'অহিফেন যুদ্ধ' থেকে চীনদেশে ইওরোপীয় সাম্রাজ্যবাদের সূচনা।

৩. চীনদেশে সাম্রাজ্যবাদী কার্যকলাপের প্রতিক্রিয়া হিসাবে সেখানে বিদ্রোহ অনুষ্ঠিত হয়েছিল। বিদ্রোহীদের চাপে পড়ে চীনদেশীয় সরকার কিছু সংস্কার কাজে অগ্রণী হয়েছিল।

৪. মাঞ্চু শাসকবংশের বিরুদ্ধে চীনাদের আন্দোলন তীব্রতর হয়ে উঠলে শেষ পর্যন্ত ১৯১৯ খ্রীস্টাব্দে ঐ রাজবংশের উচ্ছেদ ঘটে চীনদেশে প্রজাতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়।

৫. ১৮৬৭ খ্রীস্টাব্দে জাপানের সম্রাট 'সোগান'দের প্রভাব থেকে মুক্ত হয়ে স্বমহিমায় পুনঃপ্রতিষ্ঠিত হন। এই ঘটনা 'মেইজি পুনঃপ্রতিষ্ঠা' নামে অভিহিত।

৬. মেইজি পুনঃপ্রতিষ্ঠার পরবর্তীকালে জাপান দ্রুতগতিতে উন্নতির পথে এগিয়ে চলেছিল। ক্রমে জাপান একটি সাম্রাজ্যবাদী শক্তি হিসাবে আত্মপ্রকাশ করেছিল।

অনুশীলনী

১. চীন দেশে ইওরোপীয় শক্তির সাম্রাজ্যবাদের পরিচয় দাও।
২. চীন দেশের ওপর জাপান কিভাবে প্রাধান্য বিস্তার করে?
৩. চীনাদের ওপর ইওরোপীয় সাম্রাজ্যবাদের প্রতিক্রিয়া কি হয়েছিল?
৪. 'তাইপিং' বিদ্রোহ সম্পর্কে যা জান লেখ।
৫. চীন দেশে 'মুষ্টিযোদ্ধা হাঙ্গামা' সম্পর্কে যা জান লেখ।
৬. কিভাবে চীন দেশে মাঞ্চু রাজবংশের উচ্ছেদ ঘটে?
৭. জাপানে 'মেইজি পুনঃপ্রতিষ্ঠা' বলতে কি বোঝ?
৮. মেইজি শাসনের যুগে জাপানের উন্নতির পরিচয় দাও।
৯. সাম্রাজ্যবাদী শক্তি হিসাবে জাপানের কার্যকলাপ বিবৃত কর।
১০. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ
[ক] অহিফেন যুদ্ধ পরিসমাপ্তিতে কোন্ সন্ধি স্বাক্ষরিত হয়?
[খ] দ্বিতীয় অহিফেন যুদ্ধ কবে শুরু হয়েছিল?
[গ] কোন্ বছর চীন-জাপান যুদ্ধ অনুষ্ঠিত হয়?
[ঘ] 'উন্মুক্ত দ্বার' নীতি কে কবে ঘোষণা করেন?
[ঙ] 'তাইপিং' কথাটির অর্থ কি? তাইপিং বিদ্রোহের সৃষ্টিকর্তার নাম কি?
[চ] 'মুষ্টিযোদ্ধা হাঙ্গামা'র উদ্যোক্তা কে ছিলেন?
[ছ] কবে প্রজাতান্ত্রিক চীন প্রতিষ্ঠিত হয়? কে চীনের প্রথম রাষ্ট্রপতি ছিলেন?
[জ] 'মেইজি' কথাটির অর্থ কি?
[ঝ] 'শিমনোশেকির' সন্ধি কবে কাদের মধ্যে স্বাক্ষরিত হয়?
[ঞ] 'ইঙ্গ-জাপান মৈত্রীচুক্তি' কবে স্বাক্ষরিত হয়েছিল?
[ট] কোন্ যুদ্ধের পরে 'পোর্টস্‌মাউথ-এর সন্ধি' স্বাক্ষরিত হয়?
[ঠ] কে কার ওপর 'একুশ দফা দাবি' পেশ করেছিল?
১১. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ
[ক] অহিফেন যুদ্ধের কারণ কি?
[খ] দ্বিতীয় অহিফেন যুদ্ধ কেন বেঁধেছিল?
[গ] পাঁচটি সন্ধি-বন্দরের নাম কর।
[ঘ] 'উন্মুক্ত দ্বার' নীতি ঘোষণা কে কেন করেছিল?
[ঙ] চীনকে 'তরমুজের ফালির মত' কারা কেটে নিয়েছিল?
[চ] তাইপিং বিদ্রোহ সম্পর্কে কি জান?
[ছ] তাইপিং বিদ্রোহ ব্যর্থ হয়েছিল কেন?
[জ] 'শত দিবসের সংস্কার' বলা হয় কেন?
[ঝ] 'বক্‌সার বিদ্রোহ' বলা হয় কেন তা বুঝিয়ে বল।
[ঞ] 'তুং মিং হুই' দল সম্পর্কে যা জান লেখ।
[ট] জাপানের 'মিকাডো' কিভাবে তাঁর ক্ষমতা ফিরে পান?
[ঠ] চীন-জাপান যুদ্ধের কারণ কি?
[ড] ইঙ্গ-জাপান মৈত্রীচুক্তির ফলে কি হয়েছিল?
[ঢ] রুশ-জাপান যুদ্ধের কারণ কি?
[ণ] 'একুশ দফা দাবি' বলতে কি বোঝ?

১২. বন্ধনীর মধ্যে দেওয়া শব্দগুলো থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর :—

[ক] চীনদেশের দুর্বলতার সুযোগে ইওরোপীয় দেশগুলোর সঙ্গে সঙ্গে —ও সেখানে আধিপত্য বিস্তারে উদ্যোগী হয় (জাপান/ইংলণ্ড/আমেরিকা)।

[খ] জাপান —র ওপর নিজ আধিপত্য বিস্তার করতে চেয়েছিল (মাঞ্চুরিয়া/কোরিয়া/ক্যাণ্টন)।

[গ] — স্বেচ্ছায় পদত্যাগ করলে জাপানের সম্রাট আবার তাঁর ক্ষমতা ফিরে পান (মিকাডো/সোগান/সামুরাই)।

[ঘ] — খ্রীস্টাব্দে ইংলণ্ড ও জাপানের মধ্যে মৈত্রীচুক্তি সম্পাদিত হয় (১৯০৪/১৯০২/১৯১১)।

—



একাদশ অধ্যায়

ব্রিটিশরাজের অধীন ভারত

(১) **নতুন শাসনব্যবস্থা** ঃ ১৮৫৭ খ্রীস্টাব্দে অনুষ্ঠিত মহাবিদ্রোহের পরবর্তী কালে ভারতে ইংরেজ শাসনের এক নতুন অধ্যায় সূচিত হয়েছিল। এই নতুন শাসনব্যবস্থা ভারতীয় রাজনীতি, সমাজ, অর্থনীতি ও অপরাপর ক্ষেত্রে এক গুরুতর পরিবর্তন এনেছিল। আর এই পরিবর্তন থেকেই জন্ম নিয়েছিল ভারতবাসীর জাতীয়তাবোধ, যা নাকি ক্রমে ইংরেজ-বিরোধী জাতীয় আন্দোলনের রূপ গ্রহণ করেছিল।

১৮৫৮ খ্রীস্টাব্দে ইংলন্ডের ব্রিটিশ পার্লামেন্ট এক নতুন আইন পাশ করে। এই আইন অনুসারে ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটেছিল। ব্রিটিশ সরকার এখন সরাসরিভাবে ভারতের শাসন-দায়িত্ব গ্রহণ করে। ভারতের গভর্ণর-জেনারেল এখন নতুন নামে পরিচিত হন। তাঁর নাম হ'ল 'ভাইসরয়' বা ব্রিটিশরাজের প্রতিনিধি। লর্ড ক্যানিং ভারতের প্রথম ভাইসরয় ছিলেন।

ইংলন্ডের তদানীন্তন রাণী ভিক্টোরিয়া তাঁর এক ঘোষণায় ভারতে ব্রিটিশ সরকারের উদ্দেশ্যগুলি স্পষ্ট ভাষায় ব্যক্ত করেছিলেন। এই ঘোষণাগুলি 'মহারাণীর সনদ'-এ সন্নিবিষ্ট হয়। রাণী ভিক্টোরিয়া বলেছিলেন যে, ইংরেজরা এদেশে আর রাজ্যবিস্তার করবে না ; ভারতবাসীর প্রচলিত সামাজিক রীতি-নীতি ও প্রাচীন প্রথাকে মর্যাদা দেবে ; ভারতবাসীকে শাসনকার্যে অংশ গ্রহণের অধিকতর সুযোগ দেওয়া হবে। এইভাবে মহারাণীর ঘোষণা ভারতবর্ষে এক নতুন যুগের সূচনা করেছিল বলা যেতে পারে। কারণ দেশীয় নৃপতিরা আশ্বস্ত হয়েছিলেন এই ভেবে যে, ভবিষ্যতে তাঁদের রাজ্য আর ইংরেজরা কেড়ে নেবে না। দেশের মধ্যবিত্ত ও শিক্ষিত শ্রেণীর মানুষ আশা করেছিল যে, এখন থেকে ইংরেজ শাসন দেশবাসীর সর্বাঙ্গীণ উন্নতি সাধনের

উদ্দেশ্যে পরিচালিত হবে। কিন্তু প্রকৃতপক্ষে এই নতুন শাসনব্যবস্থা ব্রিটিশ সাম্রাজ্যবাদের এক নতুন দিক খুলে দিয়েছিল।

ভারতের শাসনব্যবস্থা নিয়ন্ত্রণের দায়িত্ব ব্রিটিশ সরকার এখন সরাসরি-ভাবে গ্রহণ করবার ফলে ভারতের স্বার্থহানি ঘটেছিল। শিল্প-বিপ্লবের ফলে যে ব্রিটিশ সাম্রাজ্যবাদের জন্ম হয়েছিল ভারত নতুন করে এবার তার শিকার হয়েছিল। ইংরেজরা এশিয়া ও আফ্রিকার বিভিন্ন জায়গায় যে সাম্রাজ্য-বাদী বিস্তার নীতি গ্রহণ করেছিল তাতে ভারতের অর্থ, সম্পদ ও লোকবল যথেচ্ছভাবে ব্যবহৃত হতে থাকে। বলা বাহুল্য, তাতে ভারত তথা ভারত-বাসী সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছিল।

ভারতের প্রাচীন রীতিনীতি ও চিরাচরিত প্রথা বজায় রাখবার যে নতুন নীতি ইংরেজরা গ্রহণ করেছিল তা কার্যতঃ প্রতিক্রিয়াশীলতায় পর্যবসিত হয়। আগেকার মত ইংরেজরা এদেশে আর সামাজিক সংস্কার সাধনে আগ্রহী হয়নি। তাদের উদ্দেশ্য ছিল, ভারতবাসীকে কুসংস্কারে নিমজ্জিত রাখা যাতে তাদের অধঃপতন হয়। আর সেই সুযোগে ইংরেজরা চেয়েছিল এদেশে তাদের শাসনে ক্ষমতা বজায় রাখতে।

এদেশে সামাজিক ন্যায় প্রতিষ্ঠা ও শাসনকার্যে ভারতীয়দের অংশ গ্রহণের সুযোগের যে কথা বলা হয়েছিল তা কেবল ঘোষণার পর্যায়েই রয়ে গিয়েছিল, বাস্তবে রূপায়িত হয় নি। ভারতবাসীর এই হতাশা তাদের ইংরেজদের প্রতি বিক্ষুব্ধ করে তুলেছিল। আর তা থেকেই জন্ম নিয়েছিল ভারতবাসীর ইংরেজ-বিরোধিতা।

(ক) **সাম্রাজ্যিক বিস্তারনীতি ঃ** উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে ইওরোপীয় দেশগুলো যে সাম্রাজ্যবাদী বিস্তারনীতি গ্রহণ করেছিল তা আগেও বলেছি। ঐ সময়ে ইওরোপের বিভিন্ন দেশ উপনিবেশ বিস্তার নিয়ে পরস্পরের মধ্যে যে প্রতিযোগিতায় লিপ্ত হয় তা থেকে শুরু হয় ঔপনিবেশিক সংঘর্ষ। শিল্পোন্নত দেশ ইংলণ্ড সেই প্রতিযোগিতায় এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

আলোচ্য সময়ে রাশিয়া মধ্য-এশিয়ায় তার প্রভাব-প্রতিপত্তি বিস্তারে উদ্যোগী হলে ইংরেজ সরকার আতঙ্কিত হয়েছিল। রাশিয়াকে বাধা দানের জন্য ভারতের ইংরেজ সরকার আফগানিস্তানের ওপর প্রাধান্য স্থাপনে সচেষ্ট হয়। ইংরেজদের উদ্দেশ্য ছিল, আফগানিস্তানে তারা যদি একটা সামরিক ঘাঁটি করতে পারে তাহ'লে রাশিয়া মধ্য-এশিয়ায় আর তেমন সুবিধে করতে পারবে না। যাই হোক, ১৮৭৮ খ্রীস্টাব্দে আফগানিস্তানের অভ্যন্তরীণ দুর্বলতার সুযোগে ইংরেজরা সেই দেশের ওপর আক্রমণ চালায়। কিছু-দিনের মধ্যে সেখানে শান্তি স্থাপিত হলেও স্বাধীনচেতা আফগানরা ইংরেজ-দের প্রভুত্ব সহজে মেনে নেয়নি, তারা ক্রমাগত গোলযোগ সৃষ্টি করে চলে-ছিল। বলা বাহুল্য, এই আফগান-যুদ্ধে ইংরেজরা যে লড়াই চালিয়েছিল তার সব খরচ-খরচাই বহন করতে হয়েছিল ভারতবাসীকে। কেবল আফ-গানিস্তান নয়, আরও বেশ কয়েকটি দেশের সঙ্গে ইংরেজ সরকার যুদ্ধে জড়িয়ে

পড়ায় ভারতের প্রভূত পরিমাণ অর্থ ব্যয়িত হয়, আর তার ফলে ভারতবাসীর দারিদ্র্য ক্রমাগত বাড়তে থাকে।

রুশ-আতঙ্ক যেমন ইংরেজদের আফগানিস্তানে প্রাধান্য বিস্তার করতে প্ররোচিত করেছিল তেমনি ফরাসী-আতঙ্ক ব্রহ্মদেশে অধিকারের ক্ষেত্র প্রস্তুত করেছিল। ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে ফ্রান্স দক্ষিণ-পূর্ব এশিয়ায় নিজ প্রভাব-প্রতিপত্তি বাড়াতে উদ্যত হলে ইংরেজ সরকার ভারত-সাম্রাজ্যের নিরাপত্তার কথা ভেবে আতঙ্ক বোধ করেছিল। ইংরেজরা সেই সময় ব্রহ্মদেশের রাজাকে তাদের প্রাধান্য মেনে নেবার জন্য নানাভাবে চাপ সৃষ্টি করতে থাকে। ব্রহ্মরাজ এই প্রস্তাব মানতে অস্বীকৃত হওয়ায় ১৮৮৫ খ্রীস্টাব্দে ইংরেজ সৈন্যবাহিনী ব্রহ্মদেশ আক্রমণ করে বসে এবং শেষ পর্যন্ত তা জয় করে নেয়। ব্রহ্মদেশ সেই সময় থেকে ইংরেজদের ভারত-সাম্রাজ্যের একটি অংশে পরিণত হয়। উপরে বর্ণিত দেশগুলো ছাড়া সীমান্তবর্তী মণিপুর, ভূটান, সিকিম, উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চল প্রভৃতিও একে একে ইংরেজরা ভারত-সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেছিল। এইভাবে ইংরেজ সরকার ১৮৫৭ খ্রীস্টাব্দের পরবর্তী কালে দেশীয় রাজ্যগুলির পরিবর্তে সীমান্তবর্তী দেশগুলোকে গ্রাস করবার নীতি গ্রহণ করেছিল।

(খ) **ঊনবিংশ শতাব্দীতে সমাজ-সংস্কার** : ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে ভারতের সর্বত্র ব্যাপক সমাজ-সংস্কার আন্দোলন শুরু হয়। প্রচলিত সামাজিক কুসংস্কার থেকে মুক্তিলাভ না করলে কোনো জাতিই যে নিজের পায়ে দাঁড়াতে পারে না, উন্নতি করতে পারে না, তা উপলব্ধি করে দেশবরেণ্য নেতারা সমাজ-সংস্কার আন্দোলনে আত্মনিয়োগ করেছিলেন।

১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহের আগে যে সমাজ-সংস্কার আন্দোলন শুরু হয় নি তা নয়। সেই সময় রামমোহন রায় ও অপরাপর নেতা ভারত-হিতৈষী ইংরেজদের সমর্থনে সমাজ-সংস্কারের প্রচেষ্টা চালিয়েছিলেন। এইসব সমাজ-সংস্কারকরা ইংরেজ সরকারের সমর্থন ও সহযোগিতা লাভেও সমর্থ হয়েছিলেন। একথা নিঃসন্দেহে বলা যায় যে, ইংরেজ শাসকদের সমর্থন ছিল বলেই সতীদাহ-প্রথাকে আইন করে নিষিদ্ধ করা সম্ভব হয়েছিল। মহাবিদ্রোহের পরে এদেশে যখন নতুন শাসনব্যবস্থা প্রচলিত হয় তখন থেকে ইংরেজ শাসকরা কিন্তু সমাজ সংস্কারের ব্যাপারে সম্পূর্ণ নির্লিপ্ত থাকেন। বাস্তবিকপক্ষে ১৮৫৭ খ্রীস্টাব্দের পরবর্তী কালে সমাজ-সংস্কার আন্দোলন কেবল ভারতীয় উদ্যোগেই অনুষ্ঠিত হয়, এই ব্যাপারে ইংরেজদের কোনো সমর্থন বা সহযোগিতা ছিল না। বরঞ্চ কোনো কোনো ক্ষেত্রে আন্দোলনকারীদের সরকারী বাধারও সম্মুখীন হতে হয়েছিল।

রামমোহন রায়ের প্রতিষ্ঠিত (১৮২৮ খ্রী) ব্রাহ্ম-সমাজ ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে সমাজ-সংস্কার আন্দোলনের পুরোভাগে এসে দাঁড়িয়েছিল। কেশবচন্দ্র সেন-এর নেতৃত্বে স্ত্রী-শিক্ষা, শ্রমজীবী শিক্ষা, নারীকল্যাণ প্রভৃতি সৎকার্যে ব্রাহ্ম-সমাজ ছিল অগ্রণী। কেশবচন্দ্রের যুক্তিবাদী ও উদারনৈতিক চিন্তাধারা কেবল বাংলারই নয়, ভারতের যুবসমাজে এক নতুন প্রাণ চাঞ্চল্য ও আলোড়ন সৃষ্টি করেছিল। ব্রাহ্ম-সমাজের আদর্শকে জনপ্রিয় করে

তোলবার জন্য কেশবচন্দ্র সেন উত্তর ও দক্ষিণ-ভারতের বিভিন্ন জায়গা পরিভ্রমণ করেন। এর ফলশ্রুতি হিসাবে ব্রাহ্ম-সমাজের আদর্শে মাদ্রাজে 'বেদ-সমাজ' (১৮৬৪ খ্রী) এবং বোম্বাইয়ে 'প্রার্থনা-সমাজ' (১৮৬৬ খ্রী) প্রতিষ্ঠিত হয়।

বেদ-সমাজ শ্রীধরলু নাইড়ু'র নেতৃত্বে দক্ষিণ-ভারতে যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছিল। তিনি তামিল ও তেলেগু ভাষায় অনেক ব্রাহ্ম পুস্তক অনুবাদ করেন। এক সময় তিনি বেদ-সমাজ-এর নাম ব্রাহ্ম-সমাজে পরিবর্তন করেছিলেন। প্রার্থনা-সমাজের প্রতিষ্ঠাতা রাণাডে স্ত্রী-শিক্ষা, বিধবা-বিবাহ প্রভৃতি সমাজ-সংস্কারের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছিলেন। রাণাডে ভারতের তদানীন্তন সামাজিক সমস্যা আলোচনার জন্য 'ভারতীয় জাতীয় সামাজিক সম্মেলন' নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করেন।

ব্রাহ্ম-সমাজ, বেদ-সমাজ ও প্রার্থনা-সমাজ-এর পাশাপাশি আর্য-সমাজের উদ্যোগে সমাজ-সংস্কার প্রচেষ্টা (১৮৭৫ খ্রী) উল্লেখের দাবি রাখে। কয়েকটি ব্যাপারে ব্রাহ্ম-নেতাদের সঙ্গে আর্য-সমাজীদের মতৈক্য থাকলেও তারা ছিলেন সম্পূর্ণ ভিন্ন গোত্রের মানুষ। আর্য-সমাজের প্রতিষ্ঠাতা দয়ানন্দ সরস্বতী জাতিভেদ প্রথা ও বাল্য-বিবাহের ঘোরতর বিরোধী ছিলেন। সমুদ্রযাত্রা করলে জাতিনাশ হবে একথা তিনি বিশ্বাস করতেন না।

রামকৃষ্ণ পরমহংসদেবের প্রধান শিষ্য স্বামী বিবেকানন্দ ছিলেন সেই যুগের নতুন আদর্শের মূর্ত প্রতীক। তিনি উপলব্ধি করেছিলেন যে, দেশবাসীকে কুসংস্কারমুক্ত করতে না পারলে তাদের উন্নতির কোনো সম্ভাবনা নেই। তিনি ছিলেন সাম্যের প্রচারক ও অত্যাচারীর বিরুদ্ধে খড়্গহস্ত। শিক্ষা-সংস্কৃতির সাহায্যে নতুন জীবন গড়ে তোলাই ছিল বিবেকানন্দের উদ্দেশ্য। বিবেকানন্দের মৃত্যুর পরে রামকৃষ্ণ-বিবেকানন্দ আন্দোলনকে এগিয়ে নিয়ে যায় রামকৃষ্ণ মিশন।

ঊনবিংশ শতাব্দীতে মুসলিম সমাজকে কুসংস্কারমুক্ত করতে এগিয়ে এসেছিলেন স্যার সৈয়দ আহম্মদ খাঁয়ের মত কয়েকজন সমাজ-সংস্কারক। তিনি মুসলিমদের আধুনিক দৃষ্টিভঙ্গী গ্রহণের পরামর্শ দিয়েছিলেন এবং পর্দা-প্রথা, বহু-বিবাহ প্রভৃতি সামাজিক ব্যাধি থেকে মুক্তিলাভের জন্য আবেদন জানিয়েছিলেন। আলোচ্য সময়ে হিন্দু ও মুসলমান ব্যতীত পার্সী, শিখ প্রভৃতি সম্প্রদায়ের মধ্যেও সামাজিক অন্যায়ের বিরুদ্ধে তীব্র আন্দোলন শুরু হয়েছিল।

(গ) **জাতীয়তাবোধের বিকাশ** : একটা নির্দিষ্ট ভৌগোলিক অঞ্চলের মানুষ যখন তাদের আশা-আকাঙ্ক্ষা ও উদ্দেশ্য একই বলে ভাবতে থাকে তখন সেই জনসমাজে জাতীয়তাবোধ জাগ্রত হয়েছে বলা যেতে পারে। আধুনিক যুগের অন্যতম বৈশিষ্ট্য হ'ল জাতীয়তাবোধের বিকাশ। ঊনবিংশ শতাব্দীতে ইওরোপের বিভিন্ন দেশে যে জাতীয়তাবাদী আন্দোলন শুরু হয়েছিল সেকথা আগেই বলেছি। সেই সময় আমাদের দেশেও ধীরে ধীরে জাতীয়তাবাদী চেতনার সৃষ্টি হতে থাকে।

ভারতবাসীর মধ্যে জাতীয়তাবাদের বিকাশে ইংরেজ শাসনের প্রতি বিক্ষোভের সূচনা হয়েছিল। এদেশে ইংরেজদের অনুসৃত নীতি সব শ্রেণীর

মানুষের মধ্যে ক্ষোভের সঞ্চার করেছিল। নতুন ভূমি-রাজস্ব নীতির ফলে কৃষকরা হয়েছিল সর্বস্বান্ত আর অর্থনৈতিক নীতির দরুন বণিক সম্প্রদায় ও ছোট ছোট ব্যবসায়ীরা নিদারুনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে শিক্ষিত যুব সম্প্রদায়ের বিক্ষোভ সম্ভবতঃ ছিল সবচেয়ে বেশী। কর্মহীনতার সম্মুখীন হয়েছিল তাঁরা, আর যাঁরা চাকরী পেল তাঁরা দেখল যে, ইংরেজদের তুলনায় সব ব্যাপারে তাঁদের নিকৃষ্ট বলে গণ্য করা হচ্ছে। এইভাবে সব সম্প্রদায়ের মানুষই ক্রমশঃ উপলব্ধি করতে পেরেছিল যে, ব্রিটিশ শাসন তাদের স্বার্থের পরিপন্থী এবং ঐ শাসনের অবসান ঘটাতে না পারলে তাদের উন্নতির কোনো আশা নেই। এই চিন্তাধারা ভারতবাসীকে জাতীয়তা-বোধে উদ্বুদ্ধ করে তুলেছিল।

দেশ শাসনে ইংরেজদের একমাত্র লক্ষ্য ছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদী স্বার্থে এদেশের ঐশ্বর্য ও সম্পদকে কাজে লাগানো। ভারতবাসীর স্বার্থের প্রতি তারা ছিল সম্পূর্ণ উদাসীন। ইংরেজ শাসকবর্গের উদাসীনতার জন্য একাধিক দুর্ভিক্ষে হাজার হাজার মানুষ প্রাণ হারিয়েছিল। আর অর্থনৈতিক শোষণের ফলে ভারতবাসী দরিদ্র থেকে দরিদ্রতর হচ্ছিল। ব্রিটিশ শিল্পপতি-দের স্বার্থে ইংরেজরা এদেশের কুটির শিল্পকে সম্পূর্ণভাবে ধ্বংস করেছিল। এইসব অভিজ্ঞতা থেকে ভারতবাসীর মনে এই ধারণা বদ্ধমূল হয়েছিল যে, ব্রিটিশ শাসনে ভারতবাসীর দারিদ্র ক্রমাগত বাড়তেই থাকবে। এই উপলব্ধি থেকে ভারতীয়দের জাতীয়তাবোধ প্রবল হয়ে ওঠে এবং ইংরেজ-বিরোধী আন্দোলনের সৃষ্টি হয়।

ভারতবাসীর মধ্যে জাতীয়তাবোধের স্ফূরণে ইংরেজী শিক্ষার অবদান নিতান্ত কম নয়। পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞান, ইতিহাস, দর্শন প্রভৃতির সঙ্গে পরিচিত হবার ফলে ভারতবাসীর দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ঘটেছিল। টমাস পেইন, রুশো, ভলতেয়ার প্রমুখের চিন্তাধারা ভারতবাসীকে গভীরভাবে প্রভাবিত করেছিল—ভারতবাসীর স্বদেশের প্রতি অনুরাগ এবং ইংরেজদের প্রতি বিরাগের গভীর অনুভূতি জাগ্রত হয়েছিল। আর এইসব কারণের সমষ্টিগত ফল হিসাবেই ভারতবাসীর মধ্যে জাতীয়তাবোধের বিকাশ ঘটেছিল যা থেকে জন্ম নিয়েছিল ব্রিটিশ-বিরোধী এক জাতীয় আন্দোলন।

(২) **ভারতীয় জাতীয় কংগ্রেস ঃ** ভারতবাসীর জাতীয়তাবোধ জাগরণের সঙ্গে সঙ্গে সুগঠিত রাজনৈতিক আন্দোলনের উদ্ভব ও বিকাশ ঘটেছিল। উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে একাধিক রাজনৈতিক সভা-সমিতি গড়ে উঠেছিল যেগুলোর মাধ্যমেই এদেশে প্রথম রাজনৈতিক কার্যকলাপ শুরু হয়।

১৮৮৫ খ্রীস্টাব্দে অ্যালেন অক্টেভিয়ান হিউম নামে জনৈক অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী (বা সিভিলিয়ান) 'ভারতীয় জাতীয় কংগ্রেস' নামে একটি সর্বভারতীয় সংস্থা গঠন করেন। ঐ বছর ডিসেম্বর মাসে বোম্বাই শহরে ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। বাংলার প্রখ্যাত ব্যারিস্টার উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ('ডব্লু. সি. ব্যানার্জী' নামে সমধিক প্রসিদ্ধ) ঐ অধিবেশনের সভাপতি নির্বাচিত হন। এই অধিবেশনে ভারতের

বিভিন্ন প্রান্ত থেকে প্রতিনিধিরা এসে যোগদান করছিলেন। সেখানে কোনো বিশেষ ধর্মীয় সম্প্রদায়, জাতি বা ভারতের কোনো বিশেষ অঞ্চল সম্পর্কে নয়, জাতি-ধর্ম-নির্বিশেষে সমগ্র ভারতবাসীর সমস্যা সম্পর্কেই আলোচনা করা হয়েছিল। এইভাবে জাতীয় কংগ্রেস সব অর্থে প্রকৃতই একটা সর্বভারতীয় সংগঠন হিসাবে গড়ে উঠেছিল।

ভারতীয় জাতীয় কংগ্রেস গোড়ার দিকে কয়েক বছর রাজনৈতিক কর্মপন্থায় অত্যন্ত ধীর গতিতে এগিয়েছিল। সেই সময়কার নেতৃবর্গ আইন বাঁচিয়ে, শৃঙ্খলা বজায় রেখে ভারতবাসী রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নতি সাধন করতে চেয়েছিলেন। তাঁরা মনে করতেন, যে, ইংরেজ সরকারকে যদি ভারতবাসীর অভাব-অভিযোগ সম্পর্কে অবহিত করা যায় তাহ'লে তারা নিশ্চয়ই সেগুলো মিটিয়ে দেবে। ইংরেজদের সততা ও ন্যায়বোধের ওপর তখনকার কংগ্রেস নেতাদের অবিচল বিশ্বাস ছিল। তাঁরা তাই আবেদন-নিবেদনের মাধ্যমে ইংরেজ সরকারের কাছ থেকে দাবি-দাওয়া আদায়ের কর্মসূচী নিয়েছিলেন। বিভিন্ন সভায় তাঁরা ইংরেজ সরকারের অনুসৃত নীতির সমালোচনা করে দেখাবার চেষ্টা করতেন যে ঐগুলো ভারতবাসীর কতখানি ক্ষতি করছে। এইভাবে ইংরেজ সরকার এবং ব্রিটিশ জনমতকে প্রভাবিত করে তাঁরা সংস্কার ও পরিবর্তনের পথ সুগম করতে চেয়েছিলেন। এই ধরনের কর্মপন্থার জন্য আদিপর্বের জাতীয় কংগ্রেস নেতারা 'নরমপন্থী' আখ্যা প্রাপ্ত হন। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, দাদাভাই নৌরজী, বদরুদ্দীন তয়াবজী প্রমুখ ছিলেন জাতীয় কংগ্রেসের কয়েকজন নরমপন্থী নেতা।

(৩) **উগ্র জাতীয়তাবাদী আন্দোলন** ঃ বিংশ শতাব্দীর সূচনায় ভারতের জাতীয় আন্দোলন এক নতুন ধারায় বইতে শুরু করেছিল। সেই সময় জাতীয় কংগ্রেসের নরমপন্থা মানুষের মনে আর তেমন সাড়া জাগাতে পারছিল না। কারণ জাতীয় নেতাদের সংস্কার-আন্দোলন ইংরেজ শাসকদের বিন্দুমাত্র বিচলিত করতে পারে নি। এমতাবস্থায় সেই সময় এমন এক শ্রেণীর জাতীয়তাবাদী নেতা ভারতীয় রাজনীতিতে আবির্ভূত হয়েছিলেন যাঁদের দাবি ছিল আরও চরম এবং যাদের কর্মপন্থা ছিল আরও উগ্র। জাতীয় আন্দোলনের ইতিহাসে তাঁরা 'চরমপন্থী' বা 'উগ্রপন্থী' নামে অভিহিত।

চরমপন্থীদের নেতৃত্বে উগ্র জাতীয়তাবাদী আন্দোলনের পেছনে রয়েছে ইংরেজ সরকারের এমন কতকগুলো কার্যকলাপ যা নাকি ভারতবাসীর মনকে তাদের প্রতি বিষিয়ে তুলেছিল। ভাইসরয় লর্ড কার্জন একের পর এক আইন জারী করে ভারতবাসীর অধিকারগুলোকে খর্ব করে চলেছিলেন। তারপর তিনি বাংলা দেশকে দ্বিখণ্ডিত করে বাংলা তথা ভারতবাসীর ঐক্যবোধকে আঘাত করেছিলেন। জাতীয়তাবাদী নেতাদের বুঝতে বাকী রইল না যে বঙ্গভঙ্গের মাধ্যমে ইংরেজ সরকার হিন্দু-মুসলমানের মধ্যে সাম্প্রদায়িকতার বীজ বপন করতে উদ্যত হয়েছে। যাতে ভারতবাসী দুর্বল হয়ে পড়ে, তাদের জাতীয় আন্দোলন ব্যাহত হয়। এই উপলব্ধি উগ্র জাতীয়তাবাদী ভাবধারা বিকাশে বিশেষ সাহায্য করেছিল। সমসাময়িক আন্তর্জাতিক ঘটনা

যেমন, জাপানের হাতে শক্তিশালী রাশিয়ার পরাজয় উগ্রপন্থীদের চিন্তাধারাকে উদ্দীপিত করে তুলেছিল।

উগ্র জাতীয়তাবাদী নেতাদের মধ্যে বাল গঙ্গাধর তিলক, লালা লাজপৎ রায়, বিপিন চন্দ্র পাল ও অরবিন্দ ঘোষ-এর নাম সর্বাগ্রে উল্লেখ্য। তিলক প্রমুখ নেতার জাতীয় কংগ্রেসের নরমপন্থীদের কার্যকলাপের ওপর কোনো আস্থা ছিল না। তারা বলতেন যে, ইংরেজদের শুভবুদ্ধির উপর নির্ভর না করে নিজ শক্তি ও সামর্থ্যের দ্বারা তাদের কাছ থেকে অধিকার আদায় করতে হবে। ইংরেজদের প্রতি তীব্র ঘৃণা জাগিয়ে তোলা এবং তাদের অপশাসন থেকে ভারতকে মুক্ত করে 'স্বরাজ', অর্থাৎ স্বাধিকার অর্জনই ছিল উগ্রপন্থীদের উদ্দেশ্য।

বঙ্গভঙ্গের প্রতিবাদে ভারতের সর্বত্র ইংরেজদের বিরুদ্ধে প্রত্যক্ষ সংগ্রাম শুরু হয়েছিল। আন্দোলনকারীদের অস্ত্র ছিল দুটি—'বয়কট' ও 'স্বদেশী'। 'বয়কট' বলতে বিদেশী দ্রব্য বর্জন এবং 'স্বদেশী' বলতে দেশীয় পণ্য-সামগ্রীর উৎপাদন ও ব্যবহার। স্বদেশী ও বয়কট আন্দোলন ছাত্র ও যুব সম্প্রদায়ের মধ্যে এক প্রচণ্ড আলোড়নের সৃষ্টি করেছিল।

স্বদেশী আন্দোলনকে কেন্দ্র করে কংগ্রেসের নরমপন্থী ও চরমপন্থীদের মধ্যে বিরোধ চরমে উঠেছিল। চরমপন্থীরা এই সময় ইংরেজদের সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করে ঐ শাসনের উচ্ছেদ ঘটাতে চাইছিলেন। অন্যদিকে নরমপন্থীরা মনে করতেন যে, ব্রিটিশ শাসনের উচ্ছেদ ঘটানোর সময় এখনও আসে নি। যাই হোক, ১৯০৭ খ্রীস্টাব্দে সুরাট-এ অনুষ্ঠিত জাতীয় কংগ্রেসের অধিবেশনে নরমপন্থী ও চরমপন্থীদের মধ্যে বিচ্ছেদ সম্পূর্ণ হয়। চরমপন্থীরা সাময়িকভাবে কংগ্রেস সংগঠন থেকে বেরিয়ে এসেছিলেন।

জাতীয় কংগ্রেসে এই নরমপন্থী ও চরমপন্থী বিভেদের সুযোগে ইংরেজ সরকার নরমপন্থীদের কাছে টেনে চরমপন্থীদের দূরে ঠেলবার নীতি গ্রহণ করেছিল। চরমপন্থী বা উগ্রপন্থী আন্দোলনকারীদের উপর সরকারী দমননীতি চূড়ান্ত পর্যায়ে পেঁাছেছিল। ঐ সময়ে লালা লাজপৎ রায়, তিলক প্রমুখ নেতাকে ইংরেজরা কারারুদ্ধ করলে চরমপন্থী আন্দোলনে ভাঁটা পড়েছিল। সেই সময় একদল বেপরোয়া যুবক সন্ত্রাসবাদের দ্বারা ইংরেজ সরকারের বিরুদ্ধে সংগ্রাম শুরু করে। বাংলা, পাঞ্জাব ও মহারাষ্ট্রের সন্ত্রাসবাদী দলের মধ্যে বাংলার 'অনুশীলন সমিতি' এবং মহারাষ্ট্রের 'অভিনব ভারত' বিশেষ উল্লেখযোগ্য। আর সন্ত্রাসবাদী যুবকদের মধ্যে বাংলার ক্ষুদিরাম বসু, প্রফুল্ল চাকী, বারীন্দ্রকুমার ঘোষ ; পাঞ্জাবের অজিত সিং, অম্বা প্রসাদ ; এবং মহারাষ্ট্রের সাভারকার ভাই পরমানন্দ, ডাঃ মুঞ্জে প্রমুখের কার্যকলাপ উল্লেখের দাবি রাখে। তরুণ সন্ত্রাসবাদীরা দেশব্যাপী সহিংস বিপ্লব সংগঠনের কোনো চেষ্টা করেননি। তাঁরা ভেবেছিলেন যে, গুপ্তহত্যার মাধ্যমে শাসকদের মধ্যে ত্রাসের সঞ্চার করে তাদের দেশ ছেড়ে যেতে বাধ্য করবেন। কিন্তু সন্ত্রাসবাদীদের এইসব পরিকল্পনা ব্যর্থ হয়েছিল, যদিও তাঁদের ব্যক্তিগত বীরত্ব এবং আত্মত্যাগের আদর্শ মুক্তিকামী দেশবাসীর কাছে গভীর প্রেরণার উদ্দীপক হয়ে উঠেছিল।

স্মৃতি-সহায়

১. ১৮৫৭ খ্রীস্টাব্দের মহাবিদ্রোহ ব্যর্থ হলেও তার কতকগুলো সুফল দেখা দিয়েছিল। ভারতবর্ষে ইস্ট ইণ্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটেছিল। ইংলণ্ডের ব্রিটিশ সরকার সরাসরিভাবে ভারতের শাসন-দায়িত্ব গ্রহণ করেছিল।

২. শাসন-দায়িত্ব গ্রহণ করবার পরে ভারতের ব্রিটিশ সরকার সীমান্তবর্তী অঞ্চলে রাজ্যবিস্তার নীতি গ্রহণ করেছিল।

৩. ১৮৫৭ খ্রীস্টাব্দের পরবর্তীকালে ভারতের সমাজ-সংস্কার আন্দোলন মুখ্যতঃ ভারতীয় মনীষীদের উদ্যোগেই অনুষ্ঠিত হচ্ছিল। ইংরেজ সরকার এতে সামিল হয় নি।

৪. পাশ্চাত্ত্য শিক্ষার সংস্পর্শে এসে ভারতীয় জনমানসে এক সুদূরপ্রসারী পরিবর্তন ঘটেছিল। পাশ্চাত্ত্য শিক্ষার প্রভাবেই ভারতবাসীর স্বদেশানুরাগ ও ইংরেজ-দের প্রতি বিরাগের অনুভূতি জেগেছিল।

৫. ভারতবাসীর রাজনৈতিক কার্যকলাপের সূচনা ভারতীয় জাতীয় কংগ্রেসকে কেন্দ্র করে। এই প্রতিষ্ঠান ১৮৮৫ খ্রীস্টাব্দে জন্ম গ্রহণ করে।

৬. ভারতের উগ্র জাতীয়তাবাদী নেতৃবর্গের মধ্যে বাংলার অরবিন্দ ঘোষ ও বিপিনচন্দ্র পাল; পাঞ্জাবের লালা লাজপৎ রায় এবং মহারাষ্ট্রের বাল গঙ্গাধর তিলক-এর নাম বিশেষভাবে স্মরণীয়।

অনুশীলনী

১. ইংরেজ সরকারের প্রবর্তিত নতুন শাসনব্যবস্থা কিভাবে ভারতের ইতিহাসে এক নতুন অধ্যায় সূচিত করেছিল?

২. ভারতে ইংরেজ সরকারের সাম্রাজ্যিক বিস্তারনীতির পরিচয় দাও।

৩. ইংরেজ সরকার কেন আফগানিস্তান জয়ে প্রবৃত্ত হয়েছিল?

৪. ব্রহ্মদেশ অধিকার করতে ইংরেজ সরকার উদ্যোগী হয়েছিল কেন?

৫. উনবিংশ শতাব্দীতে ভারতীয়দের উদ্যোগে সমাজ-সংস্কারের পরিচয় দাও।

৬. ব্রাহ্মসমাজ, বেদ-সমাজ ও প্রার্থনা সমাজের উদ্যোগে সমাজ-সংস্কার আন্দোলনের পরিচয় দাও।

৭. ভারতবাসীর জাতীয়তাবোধ বিকাশের কারণগুলি নিরূপণ কর।

৮. ইংরেজ শাসনের প্রতি ভারতবাসীর বিক্ষোভ কিভাবে জাতীয়তাবোধের বিকাশ ঘটাতে সাহায্য করেছিল?

৯. ভারতীয়দের মধ্যে জাতীয়তাবোধের স্ফুরণে ইংরেজী শিক্ষার প্রসার ও ইংরেজ সরকারের অনুসৃত অর্থনৈতিক নীতির ভূমিকা কি?

১০. ভারতীয় জাতীয় কংগ্রেসের রাজনৈতিক কার্যকলাপের স্বরূপ কি ছিল?

১১. উগ্র জাতীয়তাবাদী আন্দোলনের প্রেরণাগুলি সংক্ষেপে আলোচনা কর।


১২. ইংরেজ সরকার কর্তৃক উগ্রপন্থী আন্দোলন দমন করবার পরিণতি কি হয়েছিল?

১৩. নিম্নলিখিত প্রশ্নগুলির মৌখিক উত্তর দাও :

[ক] ১৮৫৮ খ্রীস্টাব্দের পরবর্তীকালে ইংরেজ সরকার দেশীয় রাজ্যগুলো গ্রাস করবার পরিবর্তে কি নীতি গ্রহণ করেছিল? [খ] কোন্ বছর আফগানিস্তানের ওপর ইংরেজ সরকার আক্রমণ চালিয়েছিল? [গ] ব্রাহ্ম-সমাজ কে কবে প্রতিষ্ঠা করেন? [ঘ] আর্য সমাজের প্রতিষ্ঠাতা কে ছিলেন? কবে তা প্রতিষ্ঠিত হয়? [ঙ] উগ্র-জাতীয়তাবাদী দু'জন নেতার নাম কর।

১৪. নিম্নলিখিত প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও :

[ক] ১৮৫৭ খ্রীস্টাব্দের পরবর্তীকালে সমাজ-সংস্কারের ব্যাপারে সরকারী ক্ষেত্রে কি পরিবর্তন ঘটেছিল? [খ] সম্ভাব্য রুশ-আক্রমণে ভীত হয়ে ইংরেজ সরকার কি করেছিল? [গ] ঊনবিংশ শতাব্দীতে মুসলিম সমাজে যে সংস্কার আন্দোলন শুরু হয় সে সম্পর্কে কি জান? [ঘ] ইংরেজ সরকারের অনুসৃত ভূমি-রাজস্ব নীতির ফলাফল কি হয়েছিল?



দ্বাদশ অধ্যায়

প্রথম বিশ্বযুদ্ধ ও তার ফলাফল
ভারতের জাতীয় আন্দোলন

(১) **প্রথম বিশ্বযুদ্ধ : (ক) যুদ্ধের কারণ :** ১৯১৪ খ্রীস্টাব্দে এক মহাসমর পৃথিবীকে পরিব্যাপ্ত করেছিল। এই মহাসমর 'প্রথম বিশ্বযুদ্ধ' নামে অভিহিত, কারণ ইতিপূর্বে আর কোনো যুদ্ধই এত ব্যাপক আকার ধারণ করে নি, বিশ্বময় ছড়িয়ে পড়ে নি। কোনো মহাযুদ্ধ, রাজনৈতিক অভ্যুত্থান বা অর্থনৈতিক বিপ্লব আকস্মিকভাবে, কোনো একটা কারণে সংঘটিত হতে পারে না। এর পেছনে থাকে দীর্ঘদিনের প্রস্তুতি। প্রথম বিশ্বযুদ্ধের ক্ষেত্রেও এই নিয়মের ব্যতিক্রম ঘটেনি। ঊনবিংশ শতাব্দীর শেষভাগে আন্তর্জাতিক পরিস্থিতিতে যে সঙ্কট দেখা দিয়েছিল তার পরিণতি হিসাবেই অনুষ্ঠিত হয় প্রথম বিশ্বযুদ্ধ।

১৮১৫ খ্রীস্টাব্দের ভিয়েনা বৈঠকে জাতীয়তাবাদকে অস্বীকার করা হয়েছিল। বিভিন্ন দেশের জাতীয়তাবাদী আশা-আকাঙ্ক্ষা ধূলায় লুণ্ঠিত হয়েছিল। এরপর থেকে তাই ইওরোপের সর্বত্র জাতীয়তাবাদী আন্দোলন প্রবল হয়ে ওঠে। বিভিন্ন জাতির দমিত জাতীয়তাবোধ প্রতিশোধের আশায় দিন গুণতে থাকে। ক্রমে ঊনবিংশ শতাব্দীর শেষভাগে কয়েকটি জাতির মধ্যে সেই জাতীয়তাবোধ উগ্র বা চরম আকার ধারণ করেছিল। উদাহরণ হিসাবে বলা যেতে পারে যে, জার্মানরা চেয়েছিল জার্মানির বাইরেও যেসব জার্মান ভাষাভাষীর মানুষ আছে তাদের ঐক্যবদ্ধ করতে। আবার ইতালির মানুষ উগ্র জাতীয়তাবাদের প্রভাবে অস্ট্রিয়াতে ইতালীয় ভাষাভাষীর মানুষকে মুক্ত করতে চেয়েছিল। এইভাবে উগ্র জাতীয়তাবাদ বিভিন্ন জাতির মধ্যে সম্প্রসারণের মনোভাব সৃষ্টি করে, এবং তা থেকে ইওরোপ হয়ে ওঠে অশান্ত।

ঊনবিংশ শতাব্দীতে ইওরোপের বিভিন্ন শিল্পোন্নত দেশগুলোর মধ্যে শুরু হয় তীব্র বাণিজ্যিক ও ঔপনিবেশিক প্রতিদ্বন্দ্বিতা। প্রত্যেক দেশ

চাইছিল অন্যান্য দেশের ওপর প্রভাব বিস্তার করতে যাতে নিজ নিজ দেশে প্রস্তুত পণ্য-সামগ্রী সেখানে সহজে বিক্রী করা যেতে পারে। এই প্রতিদ্বন্দ্বিতা থেকে শুরু হয় পরস্পরের মধ্যে সংঘর্ষ। সেই সময় উন্নত বিজ্ঞানের সাহায্যে নানা ধরনের মারণাস্ত্র তৈরী হবার দরুন শেষ পর্যন্ত ঔপনিবেশিক প্রতিদ্বন্দ্বিতা এক রক্তক্ষয়ী যুদ্ধের দিকে ধাবিত হয়।

ঐক্যবদ্ধ হওয়ার পরবর্তী কালে জার্মানি এক শক্তিশালী দেশ হিসাবে আত্মপ্রকাশ করে। শিল্পোন্নয়নে জার্মানি সেই সময় অসাধারণ উন্নতি করেছিল। এমনকি, শিল্পোৎপাদনে অল্প সময়ের মধ্যেই জার্মানি ইংলণ্ডের প্রতিদ্বন্দ্বী হয়ে উঠেছিল। পণ্য উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে জার্মানির প্রয়োজন হ'ল উপনিবেশের, যেখান থেকে সে সহজে কাঁচামাল আনতে পারবে, আর তৈরী মাল বিক্রী করতে পারবে। ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি দেশ ইতিমধ্যেই এশিয়া ও আফ্রিকার বিভিন্ন জায়গায় উপনিবেশ গড়ে তুলেছে। এবার জার্মানি যখন উপনিবেশ স্থাপন করতে চাইল তখন স্বভাবতঃই ইংলণ্ড ও ফ্রান্স জার্মানিকে তাদের প্রতিদ্বন্দ্বী বলে মনে করল। এমতাবস্থায় ইওরোপীয় দেশগুলো নিজ নিজ সামরিক শক্তি বৃদ্ধি করতে উদ্যোগী হয়। এক কথায় বলতে গেলে, উনবিংশ শতাব্দীর শেষভাগে ইওরোপের বিভিন্ন দেশের মধ্যে ঔপনিবেশিক প্রতিদ্বন্দ্বিতা তাদের মধ্যে সামরিক প্রতিদ্বন্দ্বিতার সৃষ্টি করেছিল। ইংলণ্ড এতদিন পর্যন্ত ছিল নৌ-শক্তিতে শ্রেষ্ঠ। জার্মানিও এবার নিজের নৌ-শক্তি বাড়াতে শুরু করে। নতুন নতুন শক্তিশালী নৌবহর নির্মাণ করে অল্পদিনের মধ্যেই জার্মানি ইংলণ্ডের প্রধান প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে।

বিংশ শতাব্দীর গোড়ার দিকে ইওরোপীয় রাজনীতিতেও যুদ্ধের অনুকূল পরিস্থিতির সৃষ্টি হয়েছিল। কারণ ইওরোপ তখন দুটি পরস্পর-বিরোধী শিবিরে বিভক্ত হয়ে পড়েছে। একদিকে ছিল জার্মানি-ইতালি-অস্ট্রিয়া'র মিলিত শক্তিজোট 'ট্রিপল্ এলায়েন্স'; অপর দিকে ফ্রান্স-রাশিয়া-ইংলণ্ডের 'ট্রিপল্ আঁতাত' শক্তিজোট। এই পরস্পর-বিরোধী শক্তিজোট গড়ে ওঠার পেছনে ছিল বিভিন্ন শক্তির পরস্পর বিদ্বেষ ও আক্রমণের ভীতি।

উপরে বর্ণিত কারণে আন্তর্জাতিক পরিস্থিতি যখন উত্তপ্ত হয়ে উঠেছে তখন ইওরোপের বলকান অঞ্চলের ঘটনাবলীকে কেন্দ্র করে শেষ পর্যন্ত যুদ্ধ শুরু হয়ে যায়। বাস্তবিকপক্ষে অস্ট্রিয়া ও সার্বিয়া'র মধ্যে প্রতিদ্বন্দ্বিতাই ছিল প্রথম বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ কারণ। সার্বিয়ার অধিবাসীরা ছিল জাতিতে 'শ্ল্যাভ্'। অস্ট্রিয়ার দক্ষিণাঞ্চলে বেশ কিছু সংখ্যক শ্ল্যাভ্ জাতির লোক বসবাস করতো। এইসব লোকেরা অস্ট্রিয়ার অধীনতা থেকে মুক্ত হবার জন্য তুমুল আন্দোলন শুরু করে। সার্বিয়া আন্দোলনকারীদের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মদত দিত। অস্ট্রিয়ার যুবরাজ ফ্রান্সিস ফার্ডিনান্ড (অস্ট্রিয়ার একটি প্রদেশ) বস্নিয়া'র রাজধানী সারাজেভো শহরে যখন সপত্নীক ভ্রমণ করছিলেন তখন জনৈক সার্ব সন্ত্রাসবাদীর দ্বারা তিনি নিহত হন। এই ঘটনা ইতিহাসে 'সারাজেভো হত্যাকাণ্ড' নামে পরিচিত।

অস্ট্রিয়ার সরকার এই ঘটনার জন্য সার্বিয়াকে সরাসরিভাবে দায়ী করে। অস্ট্রিয়া সন্দেহ করেছিল যে, সার্বিয়ার প্ররোচনাতেই এই হত্যাকাণ্ড অনুষ্ঠিত

হয়েছে। কয়েকদিন পরে অস্ট্রিয়া সার্বিয়াকে এক চরমপত্র পাঠায় এবং আট-চল্লিশ ঘন্টার মধ্যে তার উত্তর দাবি করে। কিন্তু সার্বিয়ার উত্তরে অস্ট্রিয়া সন্তুষ্ট না হওয়ায় সে সার্বিয়ার ওপর আনুষ্ঠানিকভাবে যুদ্ধ ঘোষণা করে (২৮শে জুলাই, ১৯১৪ খ্রী)। এই আক্রমণের অল্পদিনের মধ্যেই একে একে প্রায় সব ইওরোপীয় শক্তি যুদ্ধে জড়িয়ে পড়েছিল। এইভাবেই প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়েছিল। যুদ্ধ যখন শুরু হয় তখন ইংলন্ড, ফ্রান্স, রাশিয়া ও জাপান ছিল একদিকে। এই রাষ্ট্রজোট 'মিত্রশক্তি' নামে পরিচিত হয়। অপরদিকে ছিল জার্মানি, অস্ট্রিয়া, তুরস্ক প্রভৃতি দেশ, যাদের নাম হয় 'কেন্দ্রীয় শক্তি'।

(খ) **প্রথম বিশ্বযুদ্ধের ব্যাপকতা ও ফলাফল ঃ** সুদীর্ঘ চার বছর ধরে চলেছিল প্রথম বিশ্বযুদ্ধ। লক্ষ লক্ষ লোক যুদ্ধক্ষেত্রে হারিয়েছিল প্রাণ। আর যারা আহত হয়েছিল তাদের অনেকেই সারা জীবনের জন্য পঙ্গু হয়ে পড়েছিল। পৃথিবীর ইতিহাসে এই যুদ্ধই ছিল প্রথম সর্বাত্মক যুদ্ধ। ইতিপূর্বে আর কোনো যুদ্ধই এত ব্যাপকতা লাভ করে নি। প্রথম বিশ্ব-যুদ্ধে যে পরিমাণ মারণাস্ত্র ব্যবহৃত হয়েছিল তা যেমন ছিল অভূতপূর্ব, তেমনি ছিল ভয়াবহ।

ঐতিহাসিক দিক দিয়ে প্রথম বিশ্বযুদ্ধের গুরুত্ব অপরিসীম। এই যুদ্ধের ফলে ইওরোপের মানচিত্র পরিবর্তিত হয়েছিল। জার্মান, রুশ, তুর্কী ও অস্ট্রিয়া এই চারটি সাম্রাজ্যের ধ্বংসস্তূপের ওপর জন্ম নেয় অনেক নতুন নতুন রাষ্ট্র যেমন ঃ চেকোশ্লোভাকিয়া, যুগোশ্লাভিয়া প্রভৃতি। আবার পুরানো রাষ্ট্রগুলোর আয়তনেরও পরিবর্তন ঘটেছিল প্রথম বিশ্বযুদ্ধের ফলে।

প্রথম বিশ্বযুদ্ধের সবচেয়ে গুরুত্বপূর্ণ ফলাফল হল গণতন্ত্র ও জাতীয়তা-বাদের প্রসার। ইওরোপ, এশিয়া, ও আফ্রিকার বিভিন্ন দেশে জাতীয়তাবাদী আন্দোলন জোরদার হয়ে ওঠে। তাছাড়া যুদ্ধের ফলে যেসব নতুন রাষ্ট্রের পত্তন হয়েছিল সেখানে প্রতিষ্ঠিত হয় গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা। প্রসঙ্গতঃ উল্লেখ্য, যেসব দেশে গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা বিফল হয়েছিল সেখানে দেখা দিয়েছিল একক অধিনায়কত্ব, যেমন ঃ জার্মানির নাৎসিবাদ এবং ইতালির ফ্যাসিবাদ।

প্রথম বিশ্বযুদ্ধোত্তরকালে শ্রমিক শ্রেণী তাদের অধিকার সম্পর্কে খুবই সচেতন হয়ে উঠেছিল। ফলে বিভিন্ন দেশে ট্রেড-ইউনিয়ান আন্দোলন শক্তি সঞ্চয় করতে থাকে। শ্রমিকদের দক্ষতা ও প্রভাব বৃদ্ধির সঙ্গে সঙ্গে শ্রমিক উন্নয়নমূলক ব্যবস্থা অপরিহার্য হয়ে ওঠে। বিভিন্ন দেশে শ্রমিকদের দাবি মেটানোর জন্য শ্রমিক-কল্যাণমূলক আইন বিধিবদ্ধ করা হয়।

প্রথম বিশ্বযুদ্ধের পরিণতি হিসাবে পৃথিবীব্যাপী যে অর্থসঙ্কট দেখা দেয় তার দরুন বিশ্বের সর্বত্র দারিদ্র্য ও বেকারত্ব প্রকট হয়ে ওঠে। এই অর্থ-নৈতিক দুর্দশা থেকে শুরু হয় বিভিন্ন দেশের মধ্যে বিবাদ-বিসংবাদ যা থেকে পৃথিবী আবার অশান্ত হয়ে ওঠে।

যুদ্ধের ফলে আন্তর্জাতিকতার প্রসার ঘটেছিল। প্রায় দেশই আন্ত-র্জাতিক সমবায় ও সহায়তা বৃদ্ধির ব্যাপারে উৎসাহী হয়ে উঠেছিল। আর তা থেকেই জন্ম নিয়েছিল 'লীগ অফ নেশনস্' নামে আন্তর্জাতিক সংস্থা।

(২) **ভারতের জাতীয় আন্দোলন (১৯১৪—১৯১৮ খ্রী) : (ক) ভারত ও ভারতবাসীর ওপর প্রথম বিশ্বযুদ্ধের প্রতিক্রিয়া :** প্রথম বিশ্বযুদ্ধে ব্রিটেন জার্মানির বিরুদ্ধে সংগ্রামে লিপ্ত হয়েছিল। ব্রিটেনের অধীনস্থ দেশ হিসাবে ইংরেজরা ভারতবর্ষকেও যুদ্ধে জড়িয়ে ফেলেছিল, যাতে এদেশের অর্থ, সম্পদ ও লোকবল এই যুদ্ধের কাজে যথেচ্ছভাবে ব্যবহার করা যায়। যুদ্ধে জড়ানোর ব্যাপারে ভারতবাসীর মতামত গ্রহণের কোন প্রয়োজনীয়তা ব্রিটিশ সরকার অনুভব করেনি। তবে যুদ্ধের উদ্দেশ্য সম্পর্কে নানা গালভরা প্রচার করতে ইংরেজরা কসুর করেনি। জনসমর্থন লাভের আশায় ব্রিটিশ সরকার প্রথম বিশ্বযুদ্ধকে 'গণতন্ত্র রক্ষার সংগ্রাম' বলে অভিহিত করে। এমন কথাও তাঁরা বলেছিল যে, সব দেশের মানুষের স্বায়ত্তশাসনাধিকার রক্ষায় ইংরেজরা দৃঢ়প্রতিজ্ঞ। অল্প কথায়, 'স্বায়ত্তশাসনাধিকার' বলতে শাসন সংক্রান্ত বিষয়ে দেশবাসীর পূর্ণ নিয়ন্ত্রণাধিকার বোঝায়।

যাই হোক, ইংরেজদের প্রচার ও আশ্বাসবাণী ভারতবাসীর মনে গভীর জাতীয়তাবাদী প্রেরণা জাগিয়ে তুলেছিল। ভারতীয় নেতারাও ইংরেজদের সংগ্রামকে সমর্থন করেছিলেন। যুদ্ধ চলাকালীন ভারত থেকে সংগৃহীত হয়েছিল প্রচুর পরিমাণ খাদ্য-শস্য, কাঁচামাল ইত্যাদি। ইংরেজদের জন্য যুদ্ধে হাজার হাজার ভারতীয় সৈন্য প্রাণ দিয়েছিল। ভারতবাসীর আশা ছিল, যুদ্ধে ইংরেজদের সাহায্য ও সহযোগিতা করলে পুরস্কার পাওয়া যাবে। যুদ্ধ সমাপ্তিতে ব্রিটিশ সরকার ভারতীয়দের আশা-আকাঙ্ক্ষা পূরণে উদ্যোগী হবে। কিন্তু যুদ্ধের শেষ দিকে ইংরেজদের কার্যকলাপ ভারতবাসীর মনে সন্দেহ জাগিয়ে তুলেছিল।

এদিকে প্রথম বিশ্বযুদ্ধের পরিণতি হিসাবে দেশব্যাপী খাদ্যাভাব দেখা দিয়েছিল। উপরন্তু দ্রব্যমূল্য বৃদ্ধির দরুন সেই সময় ভারতবাসীর আর্থিক দুর্দশা চরমে পৌঁছেছিল। যুদ্ধের খরচ সংকুলানের জন্য ইংরেজরা যে বিপুল পরিমাণ ভারতীয় সম্পদ সংগ্রহ করেছিল তাতে এদেশের প্রত্যেক শ্রেণীর মানুষই কম বেশী ক্ষতিগ্রস্থ হয়। তবে যুদ্ধের অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে দেশব্যাপী যে অর্থনৈতিক সঙ্কট উপস্থিত হয়েছিল তাতে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্থ হয় এদেশের কৃষক ও কারিগর সম্প্রদায়। আলোচ্য সময়ে পাট, তুলো ও অন্যান্য কারিগরী শস্যের রপ্তানী অস্বাভাবিকভাবে কমে যাওয়ায় কৃষক সম্প্রদায়ের দুর্দশার সীমা-পরিসীমা ছিল না। উপরন্তু খাজনা ও করের বোঝা তাদের নিষ্পিষ্ট করছিল। অর্থনৈতিক চাপে পড়ে অনেকে জমি বিক্রী করতে বাধ্য হয়, অন্যেরা চড়া সুদে ঋণ গ্রহণ করে। এইভাবে তারা আর্থিক দিক দিয়ে বিপর্যস্ত হয়ে পড়ছিল। আবার ব্যবসা-বাণিজ্যে মন্দার ফলে কুটিরশিল্প আঘাত প্রাপ্ত হয়, আর তাতে সর্বনাশাগ্রস্ত হয় কারিগর সম্প্রদায় ও ছোট ব্যবসায়ীরা। ভারতের বিভিন্ন জায়গায় শ্রমিক-অসন্তোষের চিহ্নও দেখা দিতে থাকে। ১৯১৮ খ্রীস্টাব্দে বোম্বে, মাদ্রাজ, কানপুর ও আমেদাবাদের শ্রমিকরা ধর্মঘটের মাধ্যমে প্রতিবাদ জানিয়েছিল কর্মী-ছাঁটাই ও তাদের আর্থিক দুরবস্থার বিরুদ্ধে। এইসব শ্রমিক ধর্মঘট জাতীয় আন্দোলনের ভিত্তিকে যে আরও সুদৃঢ় করেছিল তা বলাই বাহুল্য।

(খ) ভারত ও বহির্ভারতে বিপ্লবী কার্যকলাপ ঃ প্রথম বিশ্বযুদ্ধে ইংরেজদের বেকায়দার সুযোগে ভারতের কিছু বেপরোয়া যুবক পরাধীন ভারতকে মুক্ত করতে উদ্যোগী হয়েছিলেন। এইসব বিপ্লবীদের কর্মপ্রচেষ্টা কেবল ভারতবর্ষেই সীমাবদ্ধ ছিল না। বহির্ভারতের বিভিন্ন জায়গায়ও তাঁরা বিপ্লবের কেন্দ্র গড়ে তুলেছিলেন। তাঁদের পরিকল্পনা ছিল, বিদেশ থেকে অস্ত্রশস্ত্র আমদানি করে সশস্ত্র অভ্যুত্থানের দ্বারা এদেশ থেকে ইংরেজদের বিতাড়িত করা।

যুদ্ধে বিব্রত ইংরেজদের ওপর চরম আঘাত হানবার জন্য সেই সময় ভারতবর্ষে যে বিপ্লব-প্রচেষ্টা শুরু হয় যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়, রাসবিহারী বসু ও নরেন্দ্রনাথ ভট্টাচার্য তার নেতৃত্ব দিয়েছিলেন। বাংলা দেশ ও উত্তর-ভারতের বিভিন্ন জায়গায় এঁদের কর্মক্ষেত্র ছড়িয়ে ছিল। যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় ওরফে 'বাঘা-যতীন' বিদেশ থেকে অস্ত্র-শস্ত্র আমদানি করে ইংরেজদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম চালাবার এক পরিকল্পনা করেন। এই উদ্দেশ্যে তিনি জার্মানির ন্যাশন্যাল পার্টির সঙ্গে যোগাযোগ স্থাপন করেন এবং নরেন্দ্রনাথ ভট্টাচার্যকে বাটাভিয়ায় প্রেরণ করেন। বাঘা-যতীন তাঁর সহকর্মীদের নিয়ে বালেশ্বরের কাছাকাছি অপেক্ষা করছিলেন, কারণ এখানেই অস্ত্র বোঝাই করা জার্মান জাহাজ এসে পৌঁছাবার কথা ছিল। কিন্তু ইংরেজ পুলিশ এঁদের সন্ধান পেয়ে যায়। বুড়িবালামের তীরে বাঘা-যতীনের দলের সঙ্গে পুলিশের যে সংঘর্ষ হয় ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে তা আজও স্মরণীয় হয়ে আছে। বাঘা-যতীন লড়াই করতে করতে প্রাণ হারিয়েছিলেন।

বাঘা-যতীনের নেতৃত্বে বাংলা দেশে যখন বিপ্লবী কার্যকলাপ চলছে তখন উত্তর-ভারতে রাসবিহারী বসু ইংরেজদের বিরুদ্ধে এক সশস্ত্র অভ্যুত্থানের আয়োজন করেন। তাঁর অক্লান্ত পরিশ্রমে দিল্লী, লাহোর প্রভৃতি জায়গায় বিপ্লবী গুপ্ত-সমিতি গড়ে উঠেছিল। অবশ্য ইতিপূর্বেই লালা লাজপৎ রায়, অজিত সিং, অম্বাপ্রসাদ প্রমুখের নেতৃত্বে পাঞ্জাবে সন্ত্রাসবাদী বিপ্লবীরা কর্মতৎপরতা শুরু করেছেন। যাই হোক, উত্তর-ভারতের বিভিন্ন বিপ্লবী গোষ্ঠীর সঙ্গে আলাপ-আলোচনা করে রাসবিহারী বসু ১৯১৫ খ্রীস্টাব্দের ২১শে ফেব্রুয়ারী এক সশস্ত্র অভ্যুত্থানের দিন ধার্য করেন। কিন্তু ইংরেজ পুলিশের কাছে এই ষড়যন্ত্রের খবর আগেই ফাঁস হয়ে যাওয়ায় তারা উত্তর-ভারতের সর্বত্র ব্যাপকভাবে ধর-পাকড় শুরু করে। রাসবিহারী বসু সেই সময় 'পি. ঠাকুর' ছদ্মনামে জাপানে পাড়ি দেন। বাঘা-যতীন ও রাসবিহারী বসুর বিপ্লব-প্রচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হওয়ায় ভারতে বিপ্লব-আন্দোলনের প্রথম পর্যায়ের পরিসমাপ্তি ঘটেছিল বলা যেতে পারে।

প্রথম বিশ্বযুদ্ধের সময় বিদেশে ভারতীয় বিপ্লবীদের কার্যকলাপ ভারতের স্বাধীনতা সংগ্রামের এক গৌরবোজ্জ্বল অধ্যায়। ইতিমধ্যে বিপ্লবীদের অনেকে বিদেশ পাড়ি দিয়েছিলেন সেখানে বিপ্লবী সংগঠন গড়ে তুলবেন বলে। প্রবাসী ভারতীয় ছাত্র, শ্রমিক প্রভৃতি থেকে সদস্য বেছে নিয়ে বিপ্লবী সংগঠনের কাজ চলতে থাকে। ইওরোপ, আমেরিকা, মধ্যপ্রাচ্য ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন জায়গায় ভারতীয় বিপ্লবের কেন্দ্র গড়ে উঠেছিল।

জার্মানিতে বসবাসকারী ভারতীয়দের নিয়ে বার্লিনে যে কমিটি গঠিত হয়

পরবর্তী কালে তার নামকরণ করা হয়েছিল ভারতীয় স্বাধীনতা কমিটি। বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ছিলেন এই কমিটির সম্পাদক। এই কমিটির উদ্যোগে বাগদাদ, ইস্তানবুল প্রভৃতি জায়গায় বিপ্লব-কেন্দ্র গড়ে উঠেছিল। ইতিমধ্যে আমেরিকায়ও ভারতীয় বিপ্লবীদের কর্মতৎপরতা শুরু হয়েছে। সেখানে গড়ে ওঠা 'গদর পার্টি'র নেতৃত্ব দিয়েছিলেন হরদয়াল ও সোহন সিং ভকনা। 'গদর' কথাটির অর্থ বিদ্রোহ। এই পার্টির প্রধান কর্মকেন্দ্র ছিল সানফ্রান্সিসকো শহর। অল্পদিনের মধ্যেই মেক্সিকো, জাপান, চীন, ইন্দো-চীন ও আফ্রিকার বিভিন্ন জায়গায় গদর পার্টির শাখা প্রতিষ্ঠিত হয়। গদর পার্টির সদস্যদের মুখ্য কর্মসূচী ছিল সাম্রাজ্যবাদ-বিরোধী প্রচার এবং ভারতে ইংরেজদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম। প্রথম বিশ্বযুদ্ধ শুরু হবার সঙ্গে সঙ্গে গদর পার্টি আমেরিকা থেকে অনেক ভারতীয়দের এদেশে পাঠিয়েছিল যাঁরা এখানকার গুপ্ত-সমিতিগুলোর সঙ্গে যোগাযোগ স্থাপন করেন।

(গ) **জাতীয় আন্দোলনের অগ্রগতি** ঃ সন্ত্রাসবাদী আন্দোলনের পাশাপাশি কংগ্রেসের নেতৃত্বে জাতীয় আন্দোলন মন্থর গতিতে অগ্রসর হলেও একেবারে স্তব্ধ হয়নি। একথা অবশ্যই মনে রাখতে হবে যে ১৯০৭ খ্রীস্টাব্দে জাতীয় কংগ্রেসে নরমপন্থী ও চরমপন্থী বিচ্ছেদের পরবর্তী কালে সেই সংগঠনের নেতৃত্বে জাতীয় আন্দোলন দেশের সাধারণ মানুষের মধ্যে তেমন সাড়া জাগাতে পারেনি। তবে প্রথম বিশ্বযুদ্ধের সময় কংগ্রেস সংগঠনে আবার প্রাণের স্পন্দন দেখা দিয়েছিল। যুদ্ধের শুরুতে ব্রিটিশ সরকারের আশ্বাসবাণী জাতীয় নেতৃবর্গের মনে প্রত্যাশা জাগিয়ে তুলেছিল—হয়তো বা ভারতবাসীকে ইংরেজরা যথোপযুক্তভাবে পুরস্কৃত করবে। কিন্তু যুদ্ধ চলাকালীন শাসকবর্গের কার্যকলাপে ভারতবাসীর মোহভঙ্গ হল। নেতারাও বুঝতে পারলেন যে ভারতবাসীর সহযোগিতার কোন মূল্যই ইংরেজ সরকার দেবে না। এমতাবস্থায় ভারতবাসী সংগ্রামের মধ্যে দিয়ে সরকারকে সমুচিত জবাব দিতে প্রস্তুত হয়।

১৯১৫ খ্রীস্টাব্দে শ্রীমতী অ্যানি বেসান্ত, তিলক প্রমুখ দেশ জুড়ে শুরু করেন 'হোমরুল আন্দোলন'। 'হোমরুল' কথাটির অর্থ স্বায়ত্তশাসনাধিকার। হোমরুল অন্দোলন অল্পদিনের মধ্যেই জনপ্রিয় হয়ে উঠেছিল। এই সময়েই তিলকের বিখ্যাত উক্তি ঃ 'স্বরাজ আমার জন্মগত অধিকার, আমি তা লাভ করবই' দিকে দিকে প্রতিধ্বনিত হচ্ছিল। ইংরেজ শাসকবর্গ হোমরুল আন্দোলনকারীদের স্বায়ত্তশাসনের দাবিকে বরদাস্ত করেনি। তাঁরা হোমরুল আন্দোলন দমনের উদ্দেশ্যে অ্যানি বেসান্ত ও তিলককে গ্রেপ্তার করতেও দ্বিধাবোধ করেনি।

হোমরুল আন্দোলনের উত্তেজনায় জাতীয় কংগ্রেসও তখন মানসিকভাবে সংগ্রামের জন্য প্রস্তুত। ইতিমধ্যে ১৯১৬ খ্রীস্টাব্দে জাতীয় কংগ্রেসের লক্ষ্ণৌ অধিবেশনে আবার নরমপন্থী ও চরমপন্থীদের মিলনের মধ্যে দিয়ে স্বায়ত্তশাসনাধিকারের দাবি জোরদার হয়ে ওঠে। ঐ বছর জাতীয় কংগ্রেস ও মুসলিম লীগের মিলন জাতীয় আন্দোলনের ইতিহাসে এক নতুন অধ্যায় সূচিত করেছিল। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯০৬ খ্রীস্টাব্দে মুসলিম লীগ প্রতিষ্ঠার সময় থেকে ভারতের মুসলিম সম্প্রদায়ের এক অংশ জাতীয় আন্দোলনের মূল ধারার

সঙ্গে অনেক ক্ষেত্রে যুক্ত হতে চায়নি। আর এই বিভেদের সুযোগে ইংরেজ শাসকবর্গ সাম্রাজ্যবাদী দমন নীতি ও নিষ্পেষণ চালাতে কসুর করেনি। কিন্তু এই সময় ভারতের প্রধান দুটি দলের মিলনের ফলে ভারতবাসী তাদের সম্মিলিত দাবি পেশ করতে পেরেছিল ইংরেজ সরকারের কাছে। উভয়ের যৌথ আন্দোলন শাসকবর্গকে বিচলিতও করে তুলেছিল।

ভারতবাসীর দাবি-দাওয়া সম্পর্কে সরকারী নীতি কি হবে তার ইঙ্গিত পাওয়া গেল 'মন্টেগু-চেমসফোর্ড রিপোর্ট'-এ। ভারত-সচিব মন্টেগু এবং ভাইসরয় চেমসফোর্ড যৌথভাবে ১৯১৮ খ্রীস্টাব্দে ভারতে শাসনসংস্কারের যে প্রস্তাব পেশ করেন তা-ই মন্টেগু চেমসফোর্ড (বা সংক্ষেপে মন্টফোর্ড) রিপোর্ট নামে খ্যাত। এই প্রস্তাবে ভারতীয়দের হাতে শাসন ক্ষমতা ছেড়ে দেবার কোন কথা বলা হয়নি। কিছু কিছু কাজের মাধ্যমে ভারতবাসীকে খুশি করবার ব্যবস্থা হয়েছিল মাত্র।

পরিতাপের বিষয় এই যে, মুখে যখন ইংরেজ সরকার সংস্কারের কথা বলছেন তখন সাম্রাজ্যবাদ-বিরোধী আন্দোলনের কণ্ঠরোধ করবার জন্য সরকারী প্রচেষ্টার অন্ত ছিল না। ১৯১৯ খ্রীস্টাব্দে রাওলাট আইন প্রবর্তনের মাধ্যমে ইংরেজ শাসকবর্গ সরকার-বিরোধী ভারতীয় বিক্ষোভকারীদের দমন করতে উদ্যোগী হয়। এই আইন অনুসারে সরকার-বিরোধী কার্যকলাপে লিপ্ত ব্যক্তিদের বিনা বিচারে আটক করা যেত। বিচারকের দণ্ডাদেশের বিরুদ্ধে আপীলের কোন সুযোগ ছিল না। তাছাড়া সরকার-বিরোধী যে-কোন প্রচার-পত্র রাখা আইনতঃ দণ্ডনীয় বলে ঘোষিত হয়। রাওলাট আইন ভারতবাসীর চোখ খুলে দিয়েছিল। জাতীয় নেতৃবর্গ উপলব্ধি করেন যে, ইংরেজ সরকার এইবার ভারতবাসীর কণ্ঠরোধ করবার নীতি গ্রহণ করেছে। এই আইন শেষ পর্যন্ত ভারতবাসীর জাতীয় সংগ্রামকে এক নতুন পথে চালিত করেছিল।

রাওলাট আইনের বিরুদ্ধে দেশব্যাপী তুমুল আন্দোলন শুরু হয়। ভারতবাসীর বিক্ষোভ কোন কোন অঞ্চলে দাঙ্গা-হাঙ্গামার রূপও গ্রহণ করেছিল। ইতিমধ্যে ঘটল সেই কুখ্যাত জালিয়ানওয়ালাবাগের ঘটনা যেখানে ইংরেজ পুলিশ গুলিবর্ষণ করে হত্যা করেছিল হাজার হাজার নিরস্ত্র মানুষকে। জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ভারতবাসীর মনে গভীর ক্ষতের সৃষ্টি করেছিল। সাম্রাজ্যবাদী ইংরেজদের একের পর এক আক্রমণে ভারতবাসী যখন হতাশায় মুহ্যমান সেই সময় ভারতীয় রাজনীতিতে মহাত্মা গান্ধীর আবির্ভাব ভারতের জাতীয় আন্দোলনে এক নতুন দিগন্ত উন্মোচিত করেছিল। ইতিমধ্যে তিলকের মৃত্যুর ফলে জাতীয় নেতৃত্বে যে শূন্যতা দেখা দিয়েছিল মহাত্মা গান্ধীর উত্থানে সেই অভাব পূরণ করা সম্ভব হয়।

১৯১৯ খ্রীস্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধ সমাপ্ত হয়েছে। ব্রিটিশের হাতে অন্যান্য শক্তির মত তুরস্কের নিরাপত্তা বিপন্ন হওয়ায় ভারতের মুসলিম সমাজ বিক্ষুব্ধ হয়ে উঠেছে। এমতাবস্থায় মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতের হিন্দু-মুসলমান-নির্বিশেষে আপামর জনসাধারণ ঝাঁপিয়ে পড়েছিল ইংরেজদের বিরুদ্ধে অহিংস অসহযোগ আন্দোলনে।

স্মৃতি-সহায়

১. ১৯১৪ খ্রীস্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধের সূচনা হয় এবং ১৯১৯ খ্রীস্টাব্দে স্বাক্ষরিত ভার্সাই ও প্যারিসের সন্ধির মাধ্যমে উহার পরিসমাপ্তি ঘটে।

২. 'মিত্রশক্তি' এবং 'কেন্দ্রীয় শক্তি'র মধ্যে প্রথম বিশ্বযুদ্ধ অনুষ্ঠিত হয়। 'মিত্র-শক্তি'র মধ্যে ছিল ইংলন্ড, ফ্রান্স, জাপান, রাশিয়া প্রভৃতি দেশ; এবং জার্মানি, অষ্ট্রিয়া, তুরস্ক প্রভৃতি ছিল 'কেন্দ্রীয় শক্তি'র অন্তর্ভুক্ত দেশসমূহ।

৩. ১৯১৪ খ্রীস্টাব্দের মহাসমরই ছিল বিশ্বের প্রথম সর্বাত্মক যুদ্ধ।

৪. প্রথম বিশ্বযুদ্ধের ফলে বিশ্বব্যাপী গণতন্ত্র ও জাতীয়তাবাদের প্রসার ঘটে-ছিল। সেই সময় ভারতের স্বাধীনতা আন্দোলনও এক নতুন পর্যায়ে উপনীত হয়েছিল।

৫. প্রথম বিশ্বযুদ্ধে ইংরেজদের বেকায়দার সুযোগে ভারতের কিছু বেপরোয়া যুবক বহির্ভারতে বিপ্লবী কার্যকলাপ চালিয়েছিলেন। ইওরোপ, আমেরিকা, মধ্য-প্রাচ্য ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় বিপ্লবের কেন্দ্র স্থাপিত হয়েছিল।

৬. দেশের অভ্যন্তরে অ্যানি বেশান্ত, তিলক প্রমুখের নেতৃত্বে শুরু হয়েছিল 'হোমরুল আন্দোলন' (১৯১৫ খ্রীঃ)।

অনুশীলনী

১. প্রথম বিশ্বযুদ্ধের কারণগুলি বিবৃত কর।

২. জার্মানির উগ্র জাতীয়তাবাদ ও শিল্পোন্নত দেশগুলির ঔপনিবেশিক প্রতিদ্বন্দ্বিতা প্রথম বিশ্বযুদ্ধ ঘটাতে কিভাবে সাহায্য করেছিল?

৩. 'সারাজেভো হত্যাকাণ্ড' ঘটনাটি কি?

৪. প্রথম বিশ্বযুদ্ধের বিশেষত্ব কি?

৫. প্রথম বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ কারণ কি?

৬. প্রথম বিশ্বযুদ্ধের ফলাফল নিরূপণ কর।

৭. ভারত ও ভারতবাসীর ওপর প্রথম বিশ্বযুদ্ধের প্রতিক্রিয়া কি হয়েছিল?

৮. প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন ভারত ও বহির্ভারতে বিপ্লবী কার্যকলাপের বিবরণ দাও।

৯. 'হোমরুল আন্দোলন'-এর সংক্ষিপ্ত বিবরণ দাও।

১০. প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন ভারতের জাতীয় আন্দোলনের ইতিহাস সংক্ষেপে বিবৃত কর।

১১. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :—

[ক] ঊনবিংশ শতাব্দীর শেষভাগ থেকে জার্মানরা কি চেয়েছিল?

[খ] বিংশ শতাব্দীর শুরুতে ইওরোপীয় দেশগুলো নিজ নিজ সামরিক শক্তি বৃদ্ধি করতে উদ্যোগী হয়েছিল কেন?

[গ] শ্লাভ্ জাতির লোকেরা আন্দোলন শুরু করেছিল কেন?

[ঘ] প্রথম বিশ্বযুদ্ধের ফলে কোন্ চারটি সাম্রাজ্য ভেঙে পড়েছিল?

[ঙ] প্রথম বিশ্বযুদ্ধ কিভাবে গণতন্ত্র ও জাতীয়তাবাদের প্রসার ঘটায়?

[চ] প্রথম বিশ্বযুদ্ধের ফলে যে আন্তর্জাতিকতার প্রসার ঘটেছিল তার প্রমাণ কি?

[ছ] যুদ্ধের শুরুতে ইংরেজরা ভারতবাসীকে কি আশ্বাস দিয়েছিল?

[জ] প্রথম বিশ্বযুদ্ধ কিভাবে ভারতীয় কৃষক সমাজের সর্বনাশ সাধন করে?

[ঝ] 'বাঘা-যতীন' কে ছিলেন?
[ঞ] 'গদর পার্টি' সম্পর্কে কি জান?
[ট] 'হোমরুল' কথাটির অর্থ কি?
[ঠ] 'রাওলাট আইন'-এ কি বলা হয়েছিল?

১২. নিম্নলিখিত শূন্যস্থানগুলি সঠিক শব্দ বসিয়ে পূরণ কর :

[ক] উনবিংশ শতাব্দীতে ইওরোপের শিল্পোন্নত দেশগুলোর মধ্যে তীব্র — ও — প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়।

[খ] শিল্পোৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে জার্মানির প্রয়োজন হয় —।

[গ] — খ্রীস্টাব্দে অস্ট্রিয়া সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিল।

[ঘ] প্রথম বিশ্বযুদ্ধে কেন্দ্রীয় শক্তির সঙ্গে —র লড়াই হয়।

[ঙ] প্রথম বিশ্বযুদ্ধের মাধ্যমে —, — প্রভৃতি দেশ জন্মলাভ করেছিল।

[চ] — খ্রীস্টাব্দে বোম্বে, মাদ্রাজ, কানপুর ও আমেদাবাদের শ্রমিকরা ধর্মঘট করেছিল।

[ছ] বাঘা-যতীন—কে বাটাভিয়ায় পাঠিয়েছিলেন বিদেশ থেকে অস্ত্রশস্ত্র আনবার জন্য।

[জ] 'গদর' কথাটির অর্থ —।



রুশ বিপ্লব ও তার প্রভাব

(১) **প্রাক্-বিপ্লব যুগে রাশিয়া** ঃ ১৯১৭ খ্রীস্টাব্দের রুশ বিপ্লব আধুনিক পৃথিবীর ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ঘটনা। এই বিপ্লবের মাধ্যমে দীর্ঘদিনের অন্যায় ও অবিচারের বিরুদ্ধে রুশবাসীদের বিক্ষোভ প্রকাশ পেয়েছিল। আর এই বিপ্লবের ফলেই রাশিয়ায় স্বেচ্ছাচারী জারতন্ত্রের উচ্ছেদ ঘটে জন্ম নেয় **সমাজতান্ত্রিক রাশিয়া।**

ঊনবিংশ শতাব্দীতে জাতীয়তাবাদী ও গণতান্ত্রিক আন্দোলনের ফলে ইওরোপের বিভিন্ন দেশে যে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক রূপান্তর ঘটেছিল তা কোনোভাবেই রাশিয়াকে স্পর্শ করতে পারে নি। রাশিয়ার 'জার'* তাঁদের সাম্রাজ্যে স্বৈরাচারী শাসন অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়েছিলেন। এমনকি, বিংশ শতাব্দীর গোড়ার দিকে বিপ্লবের আগে পর্যন্ত অবিচ্ছিন্নভাবে সেই স্বৈরাচারী শাসন রাশিয়ায় বিদ্যমান ছিল।

রাশিয়ার স্বেচ্ছাচারী জারেরা যুগের সঙ্গে তাল রেখে সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তন সাধনে আগ্রহী ছিলেন না। জার দ্বিতীয় আলেকজাণ্ডার রাশিয়ায় মধ্যযুগীয় ভূমিদাস-প্রথার অবসান ঘটান (১৮৬১ খ্রী), কিন্তু তাতে কৃষকদের অবস্থার তেমন কোনো উন্নতি ঘটেনি। ঊনবিংশ শতাব্দীতে ইওরোপের বিভিন্ন দেশে মধ্যবিত্ত সম্প্রদায়ের উদ্যোগে যেমন শিল্পোন্নতি ঘটেছিল, রাশিয়াতে তা-ও সম্ভব হয় নি। কারণ রুশ সমাজ-ব্যবস্থায় ইওরোপের মত কোনো মধ্যবিত্ত সম্প্রদায়ই গড়ে ওঠে নি। রাশিয়ার সমাজ ছিল দু-ভাগে বিভক্ত ঃ শ্রমিক-কৃষক ও অভিজাত সম্প্রদায়। অভিজাত সম্প্রদায়ের

* রাশিয়ার সম্রাটকে 'জার' এবং সম্রাজ্ঞীকে 'জারিণা' বলা হ'ত।

স্বার্থপরতা দেশের দুর্দিন ডেকে এনেছিল। উপরন্তু অভিজাতরা দেশের রাজনৈতিক ক্ষমতাকে কুক্ষিগত করে রেখেছিল বলে দেশের উন্নতির সম্ভাবনা ছিল সুদূর পরাহত। সরকারী কর্মচারীদের যোগ্যতার ভিত্তিতে নিয়োগ করা হ'ত না বলে শাসনব্যবস্থার রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকেছিল। জার-এর নিয়ন্ত্রণাধীন বিচার-ব্যবস্থায় স্বাধীন ও নিরপেক্ষ বিচারের কোনো সুযোগ ছিল না। আইনের চোখে সমাজের বিভিন্ন সম্প্রদায়ের মানুষ সমান মর্যাদা পেত না। এইভাবে জারদের অত্যাচারী শাসন, সামাজিক অন্যায়, সাধারণ মানুষের অর্থনৈতিক দুর্দশা প্রভৃতির ফলে প্রাক্-বিপ্লব যুগে রাশিয়া এক অধঃপতিত দেশে পরিণত হয়েছিল।

(২) **রুশ বিপ্লবের কারণ : (ক) জারতন্ত্রের দুর্বলতা :** ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকেই রাশিয়ায় স্বৈরাচারী জারতন্ত্রের দুর্বলতাগুলো স্পষ্ট হয়ে উঠেছিল। কিন্তু সেই দুর্বলতা কাটিয়ে উঠে দেশকে নতুনভাবে গড়ে তোলবার ইচ্ছা বা চেষ্টা কোনোটাই তখনকার জারদের ছিল না। সেই আমলে রাশিয়ায় স্বার্থপর অভিজাত সম্প্রদায় খুবই শক্তিশালী হয়ে উঠেছিল। তাঁরা দেশের সব রকমের সুযোগ-সুবিধা ভোগ করতো, কিন্তু দেশের প্রতি কোনো দায়িত্ব তাঁরা পালন করতো না। জারেরা অভিজাত সম্প্রদায়ের এই বিশেষ অধিকারের অবসান ঘটিয়ে সাধারণ মানুষের অর্থনৈতিক ও সামাজিক উন্নতি সাধনে মোটেই আগ্রহী ছিলেন না। উপরন্তু সাধারণ মানুষের ওপর অমানুষিক অত্যাচার এবং উদারনৈতিক আদর্শে বিশ্বাসী ব্যক্তিদের ওপর নির্যাতনের ফলে দেশের সর্বত্র এক গভীর অসন্তোষের সৃষ্টি হয়েছিল।

জারতন্ত্রের শাসন পরিচালনার অক্ষমতা স্পষ্ট হয়ে ওঠে জার দ্বিতীয় নিকোলাস-এর আমলে। তিনি ছিলেন স্বেচ্ছাচারী, কিন্তু ভীরু প্রকৃতির মানুষ। স্বৈরাচারী ক্ষমতা বজায় রাখাকে তিনি জারদের পবিত্র কর্তব্য বলে মনে করতেন। কিন্তু ঐ ক্ষমতা বজায় রাখবার মত শক্তি, সামর্থ্য বা ব্যক্তিত্ব তাঁর ছিল না। দ্বিতীয় নিকোলাস ছিলেন মহিষী আলেকজান্দ্রা এবং রাসপুটিন নামে জনৈক ধর্মযাজকের হাতের পুতুল। আলেকজান্দ্রা ও রাসপুটিনের নির্দেশেই দেশের শাসনব্যবস্থা পরিচালিত হ'ত। এঁদের নিয়ন্ত্রণাধীন জারতন্ত্র একটি দমনমূলক যন্ত্রে পরিণত হয়েছিল। রাসপুটিনের ওপর বীতশ্রদ্ধ হয়ে রাশিয়ার এক সন্ত্রাসবাদী দল তাঁকে হত্যা করেছিল। এই হত্যাকাণ্ডের পরেও দ্বিতীয় নিকোলাসের সম্বিৎ ফেরেনি। তিনি জনসাধারণের অসন্তোষকে প্রশমিত করবার কোনো চেষ্টাই করেন নি। এমতাবস্থায় রুশবাসী বিপ্লবের মাধ্যমে জারতন্ত্রের পতন ঘটাতে দৃঢ়প্রতিজ্ঞ হয়।

(খ) **রুশবাসীর সামাজিক অধঃপতন :** রাশিয়ার সামাজিক অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। রুশ সমাজে মধ্যবিত্ত শ্রেণীর অস্তিত্ব প্রায় ছিল না বললেও চলে। সমাজের এক বিশাল অংশ ছিল শ্রমিক-কৃষক, আর অল্পসংখ্যক অভিজাত সম্প্রদায়ের মানুষ। সমসাময়িক ইওরোপে অশিক্ষিতদের সংখ্যা রাশিয়াতেই ছিল সবচেয়ে বেশী। রাশিয়ার জারেরা জনসাধারণের মধ্যে শিক্ষা বিস্তারের কোনো প্রয়োজনীয়তা অনুভব করেন নি। অশিক্ষিত দেশবাসীর মধ্যে খুব স্বাভাবিক কারণেই নানা ধরনের কু-অভ্যাস ব্যাপকভাবে

প্রচলিত ছিল। সামাজিক দিক দিয়ে অধঃপতিত রুশবাসীরা যখন হতাশায় মুহ্যমান তখন রুশ সাহিত্যসেবীদের প্রচারকার্য তাদের প্রাণে এক নতুন প্রেরণা জাগিয়ে তুলেছিল। রুশবাসীকে বিপ্লবের দিকে ঠেলে দিয়েছিল।

(গ) **কৃষক-শ্রমিক শ্রেণীর দুর্দশা** ঃ রাশিয়ার জনসাধারণ বলতে কৃষক ও শ্রমিকদেরই বোঝাত। দ্বিতীয় আলেকজান্ডার কৃষকদের ব্যক্তিগত স্বাধীনতা ও জমির মালিকানা-স্বত্ব দিয়েছিলেন। কিন্তু তাতে কৃষকদের অবস্থার উন্নতি ঘটানো সম্ভব হয় নি। কারণ এখন তারা 'মির' নামে গ্রাম্য-সমিতির দ্বারা অত্যাচারিত হচ্ছিল। আর্থিক দিক দিয়ে দুর্দশাগ্রস্ত কৃষকরা নিজেদের জমি বিক্রী করতে বাধ্য হয় এবং এর ফলে তারা দরিদ্র থেকে দরিদ্রতর হতে থাকে। রাশিয়ার শ্রমিকদের অবস্থা কৃষক অপেক্ষা কোনোভাবেই উন্নত ছিল না। বিদেশী শিল্পপতিরা রাশিয়ায় যে কল-কারখানা গড়ে তুলেছিল সেখানে শ্রমিকদের নানা অসুবিধার মধ্যে কাজ করতে হ'ত। আবার শ্রমিকদের মজুরীও ছিল কম। আন্দোলনের মাধ্যমে কৃষক-শ্রমিকদের অভাব-অভিযোগ মেটানোর কোনো উপায় রাশিয়ায় ছিল না বলে তারা শেষ পর্যন্ত বিপ্লবের পথে অগ্রসর হয়।

(ঘ) **রুশ সাহিত্যসেবীদের প্রভাব** ঃ ফরাসী দার্শনিকরা যেমন ফরাসী বিপ্লবের জন্য ফরাসীবাসীকে মানসিক দিক দিয়ে প্রস্তুত করেছিলেন তেমনি রুশ সাহিত্যসেবীরা মানসিক প্রস্তুতির কাজ করেছিলেন তাঁদের লেখনীর মাধ্যমে। প্রাক্-বিপ্লব যুগের রুশ সাহিত্যিকদের মধ্যে গোর্কী, ডস্টিয়েভস্কি, তুর্গেনিভ, আইভান প্যাভলভ প্রমুখ ছিলেন অসাধারণ প্রতিভাবান ব্যক্তি। এঁরা তাঁদের রচনার মাধ্যমে রুশবাসীদের মনে এক উন্নত জীবন যাপনের আদর্শ তুলে ধরেছিলেন। তাছাড়া বুকানিন্-এর রচনা ও কার্ল মার্কস্-এর সবরকমের শোষণমুক্ত সমাজের আদর্শ রুশবাসীদের মনে স্বৈরাচারী জারতন্ত্রের প্রতি এক দারুণ ঘৃণার উদ্রেক করে। জাতি-ধর্ম-নির্বিশেষে সব মানুষের মধ্যে তখন জারতন্ত্রের অবসানের প্রতি আগ্রহ দেখা দেয়।

এইভাবে বিপ্লবের প্রস্তুতি যখন প্রায় সম্পূর্ণ হয়েছিল তখন প্রথম বিশ্বযুদ্ধে রাশিয়ার অংশ গ্রহণ রুশ-বিপ্লবের প্রত্যক্ষ কারণ হয়ে দাঁড়িয়েছিল। অভ্যন্তরীণ দিক দিয়ে দুর্বল রাশিয়া প্রথম বিশ্বযুদ্ধে যোগ দেবার ফলে রুশবাসীদের আর্থিক দুর্দশা চরমে পৌঁছেছিল। জার্মান সৈন্যের আক্রমণে হাজার হাজার রুশ সেনাকে প্রাণ দিতে হয়েছিল। জোর করে সৈন্য সংগ্রহ করবার ফলে জনসাধারণ হয়ে উঠেছিল বিক্ষুব্ধ। তার ওপর কৃষিকাজ, শিল্প ও ব্যবসা-বাণিজ্য দারুণভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে মানুষের দুঃখ-দুর্দশার আর সীমা পরিসীমা ছিল না। রুশবাসী এমতাবস্থায় জারের স্বৈরাচারী শাসনকে তাদের দুর্গতির একমাত্র কারণ বলে চিহ্নিত করে বিক্ষোভে ফেটে পড়লে বিপ্লবের চরম মুহূর্ত উপস্থিত হয় (১৯১৭ খ্রী)।

(৩) **রুশ বিপ্লবের সূচনা ঃ সমাজতান্ত্রিক রাশিয়ার প্রতিষ্ঠা** ঃ উনবিংশ শতাব্দীর শেষভাগে রাশিয়ার কল-কারখানার শ্রমিকরা নিজেদের সংগঠন গড়ে তুলতে থাকে। এইসব শ্রমিক সংগঠন কার্ল মার্কস্-এর সমাজতান্ত্রিক আদর্শের দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়। জর্জ প্লেখানভ্ নামে মার্কস্-

এর জনৈক অন্গামী রাশিয়ায় 'স্যোসাল ডেমোক্রেটিক পার্টি' গঠন করেন; তার কয়েক বছর পরে ভ্লাডিমির ইলিচ উলিয়ানভ লেনিন-এর নেতৃত্বে সেন্ট পিটারস্‌বার্গে একটি সংগ্রাম-সঙ্ঘ প্রতিষ্ঠিত হয়। ১৮৯৮ খ্রীস্টাব্দে রাশিয়ার বিভিন্ন সমাজতান্ত্রিক দল 'রাশিয়ান স্যোসাল ডেমোক্রেটিক লেবার পার্টি'র মাধ্যমে ঐক্যবদ্ধ হয়। ক্রমে এই সংগঠনের মধ্যে দ্টি উপদলের সৃষ্টি হয়—লেনিনের অন্গামী 'বলশেভিক' উপদল এবং অন্য 'মেনশেভিক' উপদল। লেনিনের নেতৃত্বাধীন বলশেভিকরা এমন একটি সংগঠন গড়ে তুলতে চেয়েছিল যার সদস্যরা সব সময় দলের নির্দেশ মেনে চলবে এবং বিপ্লবের পথে দেশকে এগিয়ে নিয়ে যাবে। বাস্তবিকপক্ষে মার্কস্‌ ও এঙ্গেলস্‌-এর পরবর্তী কালে লেনিনই ছিলেন সমাজতান্ত্রিক আন্দোলনের সবচেয়ে বড় প্রবক্তা। রাশিয়ার সমাজতান্ত্রিক বিপ্লবের সঙ্গে তাঁর নাম ওতপ্রোতভাবে জড়িত।


লেনিন

১৯০৪-০৫ খ্রীস্টাব্দে র্শ-জাপান য্দ্ধে রাশিয়ার পরাজয়ের পরে দেশের সর্বত্র যখন চরম বিশৃঙ্খলা ও মান্ষের দ্র্গতি দেখা দিয়েছিল তখন রাশিয়ায় বিপ্লবের প্রথম স্যোগ উপস্থিত হয়। কিন্তু এই বিপ্লব-প্রচেষ্টা ব্যর্থ হয়। বিপ্লবের ব্যর্থতা সত্ত্বেও লেনিন এই সময় পার্টি সংগঠনকে বাঁচিয়ে রাখেন এবং দলের সদস্যদের মার্কসবাদে শিক্ষিত করে তোলেন। ১৯১২ খ্রীস্টাব্দে তিনি স্বতন্ত্র 'বলশেভিক দল' গঠন করেন। এই সময় থেকে শ্রমিক প্রতিনিধিদের নিয়ে রাশিয়ার সর্বত্র 'সংগ্রাম-পরিষদ' বা 'সোভিয়েট' গড়ে উঠতে থাকে। কৃষকদেরও অন্র্পভাবে 'সোভিয়েট' গঠন করা হয়। ১৯১৭ খ্রীস্টাব্দের বিপ্লবে এই 'সোভিয়েট'গ্লি গ্র্ত্বপ্র্ণ ভূমিকা নিয়েছিল।

১৯১৪ খ্রীস্টাব্দে রাশিয়া বিশ্বয্দ্ধে যোগদান করায় দেশের পরিস্থিতি যা দাঁড়িয়েছিল তাতে জার সরকারের উচ্ছেদ একরকম অবশ্যম্ভাবী হয়ে পড়েছিল। ১২ই মার্চ (১৯১৭ খ্রী) এক শ্রমিক ধর্মঘটের মধ্যে দিয়ে রাশিয়ায় বিপ্লবের স্চনা হয়। বিপ্লবীরা মস্কো শহর অধিকার করায় জার দ্বিতীয় নিকোলাস পদত্যাগ করেন। সঙ্গে সঙ্গে বিপ্লবীরা একটি অস্থায়ী সরকার গঠন করে। এই সরকার রাশিয়াকে একটি 'প্রজাতান্ত্রিক রাষ্ট্র' বলে ঘোষণা করে।

রাশিয়ার প্রজাতান্ত্রিক সরকার জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা নিবৃত্ত করতে পারে নি। কয়েক মাসের মধ্যেই সেই সরকার জনপ্রিয়তা হারাতে থাকে। দেশ আবার অশান্ত হয়ে ওঠে। সমাজতান্ত্রিক আদর্শে বিশ্বাসী লেনিন উপলব্ধি করেন যে, এইবার গণতান্ত্রিক বিপ্লব থেকে সমাজতান্ত্রিক বিপ্লবে পৌঁছাবার স্বর্ণ স্যোগ উপস্থিত হয়েছে। লেনিনের নেতৃত্বাধীন

বলশেভিক দল এই সময় রাষ্ট্রের সর্বময় কর্তৃত্ব শ্রমিক ও কৃষকদের সংগ্রাম-পরিষদ বা সোভিয়েটের হাতে তুলে নেবার আহ্বান জানান। ৭ই নভেম্বর (১৯১৭ খ্রী) তারিখে বলশেভিকরা প্রজাতান্ত্রিক সরকারকে পদচ্যুত করে ক্ষমতা দখল করে নেয়। এই বিপ্লবের মাধ্যমে সমাজতান্ত্রিক রাশিয়া প্রতিষ্ঠা লাভ করেছিল। রাশিয়ার এই মহান 'নভেম্বর বিপ্লব' ৭ই নভেম্বর (১৯১৭ খ্রী) অনুষ্ঠিত হলেও রাশিয়ায় প্রচলিত পুরানো দিনপঞ্জী অনুসারে তা অনুষ্ঠিত হয় ২৫শে অক্টোবর। কারণ রাশিয়ার দিনপঞ্জীর সঙ্গে সাধারণ প্রচলিত দিনপঞ্জীর ১৩ দিনের তফাৎ আছে। সেইজন্য 'নভেম্বর বিপ্লব', 'অক্টোবর বিপ্লব' নামেও পরিচিত।

(৪) **ইওরোপ ও বিশ্বে রুশ-বিপ্লবের প্রভাব ঃ** রাশিয়ার 'নভেম্বর বিপ্লব' ছিল এক সম্পূর্ণ নতুন ধরনের বিপ্লব। এই বিপ্লবের মাধ্যমে রাশিয়ায় এক নতুন সমাজ-ব্যবস্থা জন্ম লাভ করে যার নাম 'সমাজতন্ত্র'। এই সমাজতন্ত্র পশ্চিমী দেশগুলোর সমাজ-ব্যবস্থা 'পুঁজিবাদ' বা ধনতন্ত্রের সম্পূর্ণ বিরোধী। একই পৃথিবীতে দুই ধরনের সমাজ-ব্যবস্থার উপস্থিতির ফলে ইতিহাসের গতি এই সময় থেকে নিয়ন্ত্রিত হতে লাগল উপরি-উক্ত দুই ব্যবস্থার সংগ্রামের মধ্য দিয়ে।

রাশিয়ায় শ্রমিক শ্রেণীর অভ্যুত্থানের ফলে যে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয় তার প্রভাবে ইওরোপের ধনতান্ত্রিক দেশগুলো শ্রমিক-কল্যাণ ও জনকল্যাণ সম্পর্কে অধিকতর সচেতন হয়। কয়েকটি ক্ষেত্রে আবার সমাজতান্ত্রিক বিপ্লবের বিরুদ্ধে রক্ষাকবচ হিসাবে গণতন্ত্র-বিরোধী প্রতিক্রিয়াশীল সরকারের উদ্ভব ঘটেছিল, যেমন ঃ জার্মানির নাৎসিবাদ এবং ইতালির ফ্যাসিবাদ।

রুশ বিপ্লবের সাফল্যের মাধ্যমে সমাজতান্ত্রিক আদর্শ জয়যুক্ত হওয়ায় ইওরোপের ধনতান্ত্রিক দেশগুলো গণতন্ত্রের পুনর্মূল্যায়ন শুরু করেছে। গণতান্ত্রিক সরকারগুলো ক্রমশঃ উপলব্ধি করতে থাকে যে, জনসাধারণের সামাজিক ও অর্থনৈতিক সমতা ব্যতীত রাজনৈতিক স্বাধীনতা ও অধিকার অর্থহীন। এই উপলব্ধির ফলে ইওরোপের গণতান্ত্রিক সরকারসমূহ অর্থ-নৈতিক পরিকল্পনা ও আইন-প্রণয়নের মাধ্যমে জনসাধারণের সর্বাঙ্গীণ উন্নতি সাধনে ব্রতী হয়েছে।

রাশিয়ার 'নভেম্বর বিপ্লব' পৃথিবীর পরাধীন জাতিসমূহের মনে এক উন্মাদনার সৃষ্টি করেছিল। লেনিন ঘোষণা করেন যে, সোভিয়েট সমাজ-তান্ত্রিক প্রজাতন্ত্র বিশ্বের সর্বত্র নবজাগরিত জাতিকে ঐক্যবদ্ধ করবে এবং তাদের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম চালাতে সাহায্য করবে। লেনিনের এই আশ্বাস এশিয়া ও আফ্রিকার মুক্তিকামী দেশগুলোর জাতীয় মুক্তি-আন্দোলন তীব্রতর করে তোলে। ভারতের স্বাধীনতা আন্দোলনেও রুশ-বিপ্লবের প্রভাব নিতান্ত কম নয়।

রাশিয়ার সমাজতান্ত্রিক বিপ্লবের সাফল্য আন্তর্জাতিক সমাজতান্ত্রিক বিপ্লবের পথ সুগম করে তুলেছে। পৃথিবীর প্রায় প্রত্যেক দেশেই কমিউনিস্ট পার্টি গড়ে উঠেছে। কমিউনিস্ট পার্টি ব্যতীত অপরাপর অনেক দলই সমাজতান্ত্রিক আদর্শে যথেষ্ট আস্থাশীল।

স্মৃতি-সহায়

১. উনবিংশ শতাব্দীর শেষ ভাগ থেকে স্বেচ্ছাচারী জারতন্ত্রের দুর্বলতাগুলো স্পষ্ট হয়ে উঠছিল। রাশিয়ায় সর্বশ্রেণীর মানুষের মধ্যে জারের প্রতি ঘৃণা ও বিদ্বেষ পুঞ্জীভূত হচ্ছিল।

২. ১৯১৭ খ্রীস্টাব্দে রাশিয়াতে জারের শাসনের অবসান ঘটে প্রথমে প্রজাতান্ত্রিক রাশিয়ার সৃষ্টি হয়।

৩. ১৯১৭ খ্রীস্টাব্দেই আবার লেনিনের নেতৃত্বে অনুষ্ঠিত এক বিপ্লবে প্রজাতান্ত্রিক সরকারের পতন ঘটে সমাজতান্ত্রিক রাশিয়া জন্ম নেয়।

৪. রাশিয়ায় সমাজতান্ত্রিক বিপ্লবের সাফল্য বিশ্বের পরাধীন জাতিসমূহের মনে এক নতুন আশার সঞ্চার করেছিল।

অনুশীলনী

১. প্রাক্-বিপ্লব যুগে রাশিয়ার অবস্থা কিরূপ ছিল তা বুঝিয়ে বল।

২. রুশ-বিপ্লবের কারণগুলি সংক্ষেপে বিবৃত কর।

৩. রাশিয়ার জারতন্ত্রের বিরুদ্ধে রুশবাসী বিক্ষুব্ধ হয়ে উঠেছিল কেন?

৪. প্রাক্-বিপ্লব যুগে রাশিয়ার কৃষক-শ্রমিক শ্রেণীর দুর্দশার বর্ণনা দাও।

৫. রুশ-বিপ্লবে রুশ সাহিত্যসেবীদের অবদান কি?

৬. কিভাবে সমাজতান্ত্রিক রাশিয়ার জন্ম হয়?

৭. ইওরোপ ও বিশ্বে রুশ-বিপ্লব কি প্রভাব বিস্তার করেছিল?

৮. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] কে কোন্ বছর রাশিয়ায় মধ্যযুগীয় ভূমিদাস-প্রথার উচ্ছেদ করেছিলেন? [খ] প্রাক্-বিপ্লব যুগে রাশিয়ায় কারা সব রকমের সুযোগ-সুবিধা ভোগ করবার অধিকারী ছিল? [গ] দ্বিতীয় নিকোলাস যে ধর্মযাজকের হাতের পুতুল ছিলেন তার নাম বল। [ঘ] কোন্ বছর রুশ-বিপ্লব অনুষ্ঠিত হয়? [ঙ] বলশেভিকরা কার নেতৃত্বাধীন ছিল? [চ] 'সোভিয়েট' বলতে কি বোঝায়?

৯. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] প্রাক্-বিপ্লব যুগে রাশিয়া একটি অধঃপতিত দেশে পরিণত হয়েছিল কেন? [খ] রাসপুটিনকে কেন হত্যা করা হয়েছিল? [গ] প্রথম বিশ্বযুদ্ধের ফলে রুশ বিপ্লব ত্বরান্বিত হয়েছিল কি? [ঘ] রুশ-জাপান যুদ্ধে রাশিয়ার পরাজয়ের ফল কি হয়েছিল? [ঙ] রাশিয়ার 'নভেম্বর বিপ্লব'কে 'অক্টোবর বিপ্লব' ও বলা হয় কেন? [চ] রুশ বিপ্লবের সাফল্য ধনতান্ত্রিক দেশে কি পরিবর্তন সূচিত করেছিল?

১০. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত বাক্যগুলি সম্পূর্ণ কর ঃ

[ক] প্রাক্-বিপ্লব যুগে রাশিয়ায় —— সম্প্রদায়ের কোনো অস্তিত্ব ছিল না। [খ] রাশিয়ার কৃষকরা '——' নামক গ্রাম্য-সমিতির দ্বারা অত্যাচারিত হ'ত। [গ] —— নামে কার্ল মার্কস্-এর জনৈক অনুগামী রাশিয়ায় 'সোস্যাল ডেমোক্রেটিক পার্টি' গঠন করেন। [ঘ] রাশিয়ায় যখন বিপ্লব শুরু হয় তখন জার —— রাজত্ব করছিলেন। [ঙ] ধর্মঘটের মধ্যে দিয়ে রাশিয়ায় বিপ্লবান্দোলনের সূচনা হয়। [চ] রাশিয়ার 'নভেম্বর বিপ্লব', '—— বিপ্লব' নামেও পরিচিত।



চতুর্দশ অধ্যায়

দুই বিশ্বযুদ্ধের অন্তর্বর্তীকালে ইওরোপ

(১) প্রথম বিশ্বযুদ্ধাবসানে শান্তি প্রচেষ্টা ঃ ইওরোপের পুনর্গঠন ঃ বহু ক্ষয়ক্ষতির ভেতর দিয়ে ১৯১৮ খ্রীস্টাব্দের নভেম্বর মাসে প্রথম বিশ্বযুদ্ধের অবসান ঘটেছিল। ইতিমধ্যে জার্মানি ও তার সহযোগী রাষ্ট্রগুলো একে একে মিত্র শক্তিবর্গের কাছে আত্মসমর্পণ করেছে। পরের বছর যুদ্ধে অংশগ্রহণকারী ৩২টি দেশের প্রতিনিধি শান্তিচুক্তি সম্পাদনের জন্য প্যারিস শহরে সমবেত হন (১৯১৯ খ্রী)। প্যারিস সম্মেলনে বিপ্লবী রাশিয়া এবং জার্মানি সহ অপরাপর পরাজিত দেশের কোনো প্রতিনিধিকে যোগদানের জন্য আহবান জানানো হয় নি। বৈঠকের কর্ণধার ছিলেন চারজন ঃ ফ্রান্সের প্রধানমন্ত্রী ক্লেমেসোঁ, ইংলন্ডের প্রধানমন্ত্রী লয়েড জর্জ, ইতালির প্রধানমন্ত্রী অর্লেন্ডো এবং আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন।

বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীর সমস্যা সমাধান করা সহজসাধ্য ছিল না। ইওরোপে চারটি বড় বড় সাম্রাজ্য ভেঙে পড়ায় নতুন নতুন রাষ্ট্রের গঠন ও ঐগুলির সীমানা নির্ধারণ এক জটিল সমস্যারূপে দেখা দিয়েছিল। তার ওপর আবার ছিল পরাজিত দেশগুলো সম্পর্কে ব্যবস্থা গ্রহণ ও যুদ্ধের ক্ষতিপূরণ সমস্যা। এইভাবে প্যারিস শান্তি সম্মেলন নানা গুরুত্বপূর্ণ সমস্যার সম্মুখীন হয়েছিল।

রাষ্ট্রপতি উড্রো উইলসন সম্মেলনের উদ্দেশ্য ও আদর্শ ব্যাখ্যা করতে গিয়ে বলেছিলেন ঃ "জনমতের ভিত্তিতে আইনসম্মত শাসন প্রতিষ্ঠা করাই আমাদের উদ্দেশ্য"। এই উদ্দেশ্যকে কার্যকর করবার জন্য তিনি তাঁর বিখ্যাত 'চৌদ্দ দফা প্রস্তাব' পেশ করেন। প্রস্তাবগুলির মাধ্যমে তিনি যুদ্ধের সম্ভাব্য পাঁচটি কারণ নির্ধারণ করে সেইগুলো দূর করবার ওপর গুরুত্ব আরোপ করেন, যাতে সমগ্র বিশ্বে স্থায়ী শান্তি প্রতিষ্ঠিত হয়। তাছাড়া

ন্যায়, সততা ও উদারতার ভিত্তিতে ইওরোপীয় দেশসমূহের পুনর্গঠন করবার আহ্বানও জানিয়েছিলেন তিনি ঐ চৌদ্দ দফা প্রস্তাবে। কিন্তু প্যারিস সম্মেলনে সমবেত রাষ্ট্রনেতাদের অনেকে উইলসনের উদার ও আদর্শবাদী প্রস্তাবগুলি নিজেদের স্বার্থের পরিপন্থী বলে মনে করেছিলেন। তাঁরা পরাজিত জার্মানির ওপর প্রতিশোধপরায়ণ হয়ে ওঠেন। এই মনোভাবের দরুন উইলসনের উচ্চ আদর্শবাদিতা পরিত্যক্ত হয়—গৃহীত হয় পরাজিত জার্মানিকে হীনবল করবার নীতি, পরাজিত দেশগুলোর ওপর প্রতিশোধ গ্রহণের নীতি। এইভাবে প্যারিস সম্মেলনে দুটি পরস্পর-বিরোধী আদর্শের সংঘাত লক্ষ্য করা যায়। একদিকে উড্রো উইলসনের আদর্শবাদ, ন্যায় ও সততার ভিত্তিতে ইওরোপের পুনর্গঠন ; আর অন্যদিকে বিজয়ী রাষ্ট্রবর্গের প্রতিশোধপরায়ণ মনোভাব ও স্বার্থপরতা। এই দ্বন্দ্বে অবশ্য শেষ পর্যন্ত জয় হয়েছিল স্বার্থপর নীতি ও প্রতিক্রিয়াশীলতারই।

প্যারিস শান্তি সম্মেলনে স্বাক্ষরিত হয় জার্মানির সঙ্গে 'ভার্সাই-এর সন্ধি', অস্ট্রিয়ার সঙ্গে 'সেন্ট জার্মেন-এর সন্ধি', হাঙ্গেরীর সঙ্গে 'ট্রিয়ানন-এর সন্ধি', বুলগেরিয়ার সঙ্গে 'নিউলি'র সন্ধি', এবং তুরস্কের সঙ্গে 'সেভ্রের সন্ধি'।

ভার্সাই সন্ধি জার্মানির ওপর এক রকম জোর করে চাপিয়ে দেওয়া হয়েছিল। এই সন্ধির শর্ত অনুসারে আলসেস্ ও লোরেন জার্মানি থেকে বিচ্ছিন্ন করে ফ্রান্সের সঙ্গে যুক্ত করা হয়। বাল্টিক সাগরের তীরে অবস্থিত মেমেল ও ডান্‌জিগ বন্দর দুটিও জার্মানির হস্তচ্যুত হয়। তাছাড়া আফ্রিকা, প্রশান্ত মহাসাগর ও চীনদেশে জার্মানির যত উপনিবেশ ছিল সেগুলোও কেড়ে নেওয়া হয়। জার্মানিকে কেবল যে রাজ্যখণ্ড ও উপনিবেশ হারাতে হয়েছিল তা-ই নয়, জার্মানি ভবিষ্যতে যাতে আবার শক্তিশালী হয়ে উঠে বিশ্বশান্তি বিঘ্নিত করতে না পারে সেইজন্য তার সামরিক ও আর্থিক ব্যবস্থাকে কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়েছিল। বিশ্বযুদ্ধের জন্য জার্মানিকে দায়ী করা হয় এবং তাকে প্রচুর অর্থ ক্ষতিপূরণ হিসাবে দিতে বাধ্য করা হয়।

ভার্সাই সন্ধিকে জার্মানরা প্রথম থেকেই মনেপ্রাণে মেনে নিতে পারে নি। কারণ যেসব শর্ত জার্মানির ওপর চাপিয়ে দেওয়া হয়েছিল তার একমাত্র উদ্দেশ্য ছিল জার্মানদের চিরতরে পঙ্গু করে রাখা। তাছাড়া বিজয়ী দেশগুলো জার্মানির প্রতি যে প্রতিশোধপরায়ণ হয়ে উঠেছিল ভার্সাই সন্ধির শর্তগুলি তার প্রকৃষ্ট প্রমাণ। বলা বাহুল্য, ভার্সাই সন্ধি জার্মানির স্বার্থ ও মর্যাদায় আঘাত করে গভীর ক্ষতের সৃষ্টি করেছিল। পরবর্তী কালে তাই জার্মানির অন্যতম লক্ষ্য হয়ে দাঁড়িয়েছিল ভার্সাই সন্ধির অমর্যাদা-সূচক শর্তগুলিকে নাকচ করে দিয়ে ইওরোপের শ্রেষ্ঠ শক্তি হিসাবে নিজেকে প্রতিষ্ঠা করা। জার্মানির এই প্রচেষ্টা থেকেই ইওরোপ আবার অশান্ত হয়ে উঠেছিল। সেই কারণেই বলা হয় যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের বীজ ভার্সাই সন্ধির মধ্যেই নিহিত ছিল।

সেন্ট জার্মেন-এর সন্ধিতে অস্ট্রিয়া সাম্রাজ্যকে ছিন্ন-ভিন্ন করা হয়। অস্ট্রিয়া সাম্রাজ্য ভেঙে দেবার ফলে জন্মলাভ করেছিল অনেকগুলো ক্ষুদ্র

ক্ষুদ্র স্বাধীন রাজ্য যেমন ঃ যুগোশ্লাভিয়া, পোল্যান্ড, চেকোশ্লোভাকিয়া প্রভৃতি। ট্রিয়ানন-এর সন্ধির দ্বারা হাঙ্গেরীকে অস্ট্রিয়া থেকে বিচ্ছিন্ন করে পৃথক একটি রাষ্ট্রে পরিণত করা হয়। নিউলির সন্ধির শর্ত অনুসারে বুলগেরিয়ার কিছু অংশ গ্রীস ও যুগোশ্লাভিয়ার মধ্যে ভাগ করে দেওয়া হয়।

পরাজিত তুরস্ক ও বিজয়ী মিত্রশক্তিবর্গের মধ্যে সেভ্রে'র সন্ধি স্বাক্ষরিত হয়েছিল। এই সন্ধির শর্ত অনুসারে তুরস্ক সাম্রাজ্য বলতে আর কিছু রইল না। তুরস্ক সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চল বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় তুরস্ক এশিয়া-মাইনরের মধ্যবর্তী একটি ক্ষুদ্রায়তন দেশে পরিণত হয়। কিন্তু কামাল পাশার নেতৃত্বে তুরস্কের জাতীয়তাবাদীরা সেভ্রে'র সন্ধির শর্তগুলির তীব্র বিরোধিতা শুরু করলে মিত্রশক্তিরা ঐ সন্ধির শর্তগুলি পরিবর্তন করে এক নতুন চুক্তি সম্পাদন করতে বাধ্য হয়।

এইভাবে দেখা যায় যে, প্যারিসের শান্তি সম্মেলন ইওরোপের দেশগুলোর পুনর্বিন্যাস করেছিল ; যার ফলে জার্মান, অস্ট্রিয়া-হাঙ্গেরী, তুরস্ক ও রুশ সাম্রাজ্যের অবসান ঘটে এবং এদের প্রত্যেকটি আয়তনে কমে যায়। আবার এদের ধ্বংসস্তূপের ওপর গড়ে উঠেছিল একাধিক নতুন রাষ্ট্র যেমন ঃ চেকো-শ্লোভাকিয়া, যুগোশ্লাভিয়া প্রভৃতি। রুশ সাম্রাজ্যের আয়তন যথেষ্ট হ্রাস পায়। ফিনল্যান্ড, এস্তোনিয়া, ল্যাটভিয়া প্রভৃতি রাজ্য রুশ শাসন থেকে মুক্ত হয়ে সম্পূর্ণ স্বাধীনতা লাভ করে।

(২) **ইওরোপে একনায়কতন্ত্রের উদ্ভব** ঃ প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী কালে ইওরোপের বিভিন্ন দেশে অভ্যন্তরীণ বিশৃঙ্খলা ও অর্থনৈতিক সমস্যা দেখা দিয়েছিল। এই রকম জটিল পরিস্থিতির সমাধান করা ইওরোপে প্রতিষ্ঠিত গণতান্ত্রিক সরকারগুলির পক্ষে অনেক ক্ষেত্রেই সম্ভবপর হয় নি। এর পরিণতি হিসাবে বিভিন্ন দেশে শ্রমিক-আন্দোলন তীব্র হয়ে উঠেছিল, জনসাধারণের অসন্তোষ প্রকাশ পাচ্ছিল বিভিন্ন আন্দোলনের মাধ্যমে। এই পরিস্থিতিতে কয়েকটি পুঁজিবাদী দেশ গণতান্ত্রিক পদ্ধতিতে রাষ্ট্রশক্তি করায়ত্ত রাখা অসম্ভব বলে মনে করায় নগ্ন স্বৈরাচারী ব্যবস্থা প্রতিষ্ঠা করে-ছিল। এইভাবেই ইতালি ও জার্মানিতে একনায়কতন্ত্রের (ইংরেজীতে 'ডিক্টেটরশিপ') উদ্ভব ঘটেছিল।

(ক) **ইতালিতে ফ্যাসিবাদ** ঃ ইতালি প্রথম বিশ্বযুদ্ধে মিত্রপক্ষে যোগ-দান করেছিল। ইতালি তাই ছিল বিজয়ী দেশগুলোর অন্যতম। কিন্তু প্যারিসের সম্মেলন ইতালিবাসীকে হতাশ করেছিল। ইতালির আশা ছিল যে, সে প্যারিস সম্মেলনের মাধ্যমে আরও কিছু জায়গা দখল করতে পারবে, আরও কিছু উপনিবেশ তার অধিকারে আসবে। কিন্তু ইতালিকে নিরাশ হতে হয়েছিল। বিক্ষুব্ধ ইতালির প্রধানমন্ত্রী অর্লেন্ডো তাই প্যারিস সম্মেলন

প্যারিস সম্মেলনে তেমন সুবিধা করতে না পারায় তদানীন্তন ইতালির গণতান্ত্রিক সরকার দেশবাসীর আস্থা হারিয়েছিল। এদিকে যুদ্ধের পরিণতি হিসাবে ইতালিতে তখন চরম দুরবস্থা দেখা দেয়। দুঃখ-দারিদ্র্য, মূল্য-

ত্যাগ করেছিলেন।

বৃদ্ধি, কর্মহীনতা প্রভৃতির ফলে দেশের সর্বত্র মানুষের বিক্ষোভ এক চরম আকার ধারণ করে। অভ্যন্তরীণ এই অবস্থার মধ্যে ইতালিতে সমাজতান্ত্রিকরা আন্দোলন শুরু করেছিল। ধর্মঘট ও শ্রমিক অশান্তির ফলে দেশে অচলাবস্থার সৃষ্টি হয়। ইতালির গণতান্ত্রিক সরকার এই অর্থনৈতিক বিপর্যয় ঠেকাতে এবং অরাজকতার অবসান ঘটাতে ব্যর্থ হয়েছিল। একদিকে গণতান্ত্রিক সরকারের ব্যর্থতা এবং অন্যদিকে সমাজতান্ত্রিক আন্দোলনের তীব্রতা যখন দেশে এক চরম বিশৃঙ্খলার সৃষ্টি করে তখন ইতালিতে গণতন্ত্র ও সমাজতন্ত্র-বিরোধী 'ফ্যাসিবাদ'-এর উদ্ভব ঘটেছিল।

'ফ্যাসিস্ট' শব্দ রোমান 'ফ্যাসিও' বা আঁটি কথাটি থেকে উদ্ভূত। ইতালির ফ্যাসিস্টরা প্রাচীন রোমানদের মত শক্তি ও কর্তৃত্বের প্রতীক হিসাবে কয়েকটি দণ্ডের একটি আঁটি বহন করতো। তাছাড়া কালো পোষাক পরে ফ্যাসিস্টরা আধা-সামরিক কায়দায় কুচ্‌কাওয়াজ করতো। ফ্যাসিবাদের মূলসূত্র ছিল তিনটি ঃ রাষ্ট্র-পূজা, দলনেতার হাতে সব ক্ষমতা তুলে দেওয়া এবং সমরায়োজন। ফ্যাসিস্টরা গণতন্ত্র ও সমাজতন্ত্রের ঘোরতর বিরোধী ছিল।

বেনিটো মুসোলিনি'র নেতৃত্বাধীন ইতালির ফ্যাসিস্টরা এক অপ্রতিহত শক্তিতে পরিণত হয়েছিল। ১৯১৯ সালে মিলান শহরে ফ্যাসিস্ট দলের একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে মাত্র সতেরো হাজার সদস্য যোগদান করে। সেই সময় থেকে ফ্যাসিস্টদের সভ্যসংখ্যা ক্রমাগত বাড়তে থাকে এবং তিন বছরের মধ্যে তা লক্ষে গিয়ে পৌঁছায়। দেশের সর্বত্র দ্রুত ফ্যাসিস্ট সংগঠন গড়ে উঠতে থাকে।

১৯২২ খ্রীস্টাব্দে ফ্যাসিস্ট নেতা মুসোলিনি এক অভ্যুত্থানের মাধ্যমে ইতালির সরকারী ক্ষমতা দখল করেন। ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে মুসোলিনি দেশে আইন-শৃঙ্খলা ফিরিয়ে আনেন এবং অর্থনৈতিক পুনরুজ্জীবনের জন্য কতকগুলি বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেন। অভ্যন্তরীণ উন্নয়নের মাধ্যমে শক্তিশালী দেশ গঠন করাই ছিল তাঁর উদ্দেশ্য। আর পররাষ্ট্রীয় ক্ষেত্রে তিনি চেয়েছিলেন প্রাচীন রোমের মত বিশাল ইতালীয় সাম্রাজ্য গড়ে তুলতে। ইতালির সামরিক শক্তি বৃদ্ধি করে তিনি একে একে দেশ অধিকার করতে লাগলে ইংলন্ড, ফ্রান্স প্রভৃতি দেশ আতঙ্কিত হয়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে মুসোলিনি জার্মানির হিটলার-এর সঙ্গে মিত্রতা স্থাপন করেন।



মুসোলিনি

(খ) জার্মানির নাৎসিবাদ ঃ ইতালির ফ্যাসিবাদের সঙ্গে জার্মানির নাৎসিবাদ অঙ্গাঙ্গিভাবে জড়িত। ফ্যাসিস্টদের মত নাৎসীরাও ছিল গণতন্ত্র ও সমাজতন্ত্র-বিরোধী। বিশাল জার্মান সাম্রাজ্য গঠনের স্বপ্ন, জার্মান জাতির

শ্রেষ্ঠত্ব ও ইহুদীদের প্রতি ঘৃণা—এই কটি মূল নীতির ভিত্তিতে গড়ে উঠেছিল এডলফ্ হিটলার-এর নাৎসিবাদ।

প্রথম বিশ্বযুদ্ধে পরাজিত জার্মানি সবদিক দিয়েই দুর্বল হয়ে পড়েছিল। ভার্সাই সন্ধির শর্ত অনুসারে তার ওপর চাপিয়ে দেওয়া হয় প্রচুর ক্ষতিপূরণের বোঝা। জার্মানির সামরিক শক্তিকে ভেঙ্গে চুরমার করে দেওয়া হয়। তাছাড়া জার্মানির কতকাংশ তো কেড়ে নেওয়া হয়েইছিল। এইসব কারণে জার্মানদের দুর্গতির সীমা-পরিসীমা ছিল না। ইতিমধ্যে জার্মানিতে রাজতন্ত্রের উচ্ছেদ হয়ে প্রজাতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু জার্মানিতে কমিউনিস্ট দলও নিতান্ত কম শক্তিশালী ছিল না। এই সময় তারা রাশিয়ার বলশেভিকদের মত সব ক্ষমতা শ্রমিকদের হাতে নেবার ধ্বনি তোলে। প্রজাতান্ত্রিক সরকার কমিউনিস্টদের দমনে সমর্থ হলেও জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা পূরণে সমর্থ হয় নি। কেবল তাই নয়, এই সময় মিত্রশক্তিকে ক্ষতিপূরণ বাবদ প্রচুর অর্থ দেবার ফলে জার্মানির অর্থনৈতিক অবস্থাও শোচনীয় হয়ে পড়েছিল। জার্মানদের মধ্যে চরম হতাশার দিনগুলিতে হিটলার 'ন্যাশন্যাল স্যোসালিস্ট' সংক্ষেপে 'নাৎসী' দলকে সংগঠিত করেন। ফ্যাসিবাদের মত নাৎসিবাদও **গণতন্ত্র ও সমাজতন্ত্র-বিরোধী উগ্র জাতীয়তাবাদী দল** হিসাবে গড়ে উঠেছিল।



হিটলার

হিটলারের আত্মজীবনী 'আমার সংগ্রাম' ('মাইন ক্যাম্ফ') গ্রন্থে নাৎসীদের রাজনৈতিক চিন্তাধারা ও কর্মসূচীর পরিচয় পাওয়া যায়। নাৎসী দল কমিউনিস্ট ও ইহুদীদের ঘোরতর বিরোধী ছিল। দেশের হৃতগৌরব ফিরিয়ে এনে জার্মানদের পৃথিবীর শ্রেষ্ঠ জাতিতে পরিণত করবার জন্য হিটলার সমগ্র জার্মান জাতিকে এক পতাকাতলে সমবেত করতে উদ্যোগী হন। স্বদেশের মহিমা কীর্তন করা এবং যে-কোনো উপায়ে দেশের প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি করাই তাঁর প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায়। হিটলারের অনুসৃত এইসব নীতি সাধারণভাবে 'নাৎসিবাদ' নামে অভিহিত হয়।

হিটলারের আমলে জার্মানির অভ্যন্তরীণ ও পররাষ্ট্রনীতিতে আমূল পরিবর্তন ঘটেছিল। অভ্যন্তরীণ ক্ষেত্রে একে একে সব দলই নির্বাসিত হ'ল, দেশে থাকল কেবল একটি দল, নাৎসীরা। নাৎসীরা মনে করতো যে পৃথিবীতে জার্মানরাই সর্বশ্রেষ্ঠ জাতি। ইহুদীদের ওপর তাই শুরু হ'ল চরম নির্যাতন। লক্ষ লক্ষ ইহুদীকে হত্যা করা হ'ল। নাৎসী-শাসনে অবশ্য দেশের অর্থনৈতিক উন্নতি সাধিত হয়েছিল। জার্মানিকে যাতে কোনো জিনিসের জন্য পরমুখাপেক্ষী হয়ে না থাকতে হয় সেইজন্য সব রকমের জিনিস তৈরী করবার মত কল-কারখানা গড়ে তোলা হ'ল। এইভাবে জার্মানিকে

শক্তিশালী করে নিয়ে হিটলার পররাষ্ট্রীয় ক্ষেত্রে আক্রমণাত্মক ভূমিকা নিলেন। পররাষ্ট্রীয় ক্ষেত্রে তাঁর উদ্দেশ্য ছিল, ভার্সাই চুক্তিতে জার্মানদের প্রতি যে অন্যায় করা হয়েছে তার প্রতিশোধ নেওয়া, বিশাল জার্মান সাম্রাজ্য গঠন এবং জার্মানিকে পৃথিবীর শ্রেষ্ঠ শক্তিতে পরিণত করা। এই উদ্দেশ্যকে সামনে রেখে তিনি একে একে দেশ জয় করতে লাগলে ইওরোপে এক ত্রাসের সঞ্চার হয়। আর তা থেকেই শুরু হয়ে যায় দ্বিতীয় বিশ্বযুদ্ধ।

(৩) **জাতিসংঘ বা লীগ অফ নেশনস্ ঃ (ক) গঠন ও উদ্দেশ্য ঃ** প্রথম বিশ্বযুদ্ধের ভয়াবহতা দেখে অনেকেই ভাবতে লাগলেন কিভাবে যুদ্ধকে এড়ানো যায়, কিভাবে ভবিষ্যৎ বংশধরদের যুদ্ধ থেকে বাঁচানো যায়। এই চিন্তা-ভাবনা থেকেই জন্ম নিয়েছিল একটি বিশ্বসংস্থা যার নাম দেওয়া হয় 'লীগ অফ নেশনস্' বা 'জাতিসংঘ'। এই ধরনের সংস্থা গঠনের কথা ইতিপূর্বে কেউ যে চিন্তা করেন নি, এমন নয়। নেপোলিয়ানের যুদ্ধের পরেও ইওরোপে শান্তি রক্ষার জন্য সংগঠন গড়ে তোলা হয়েছিল। তবে আন্তর্জাতিক ভিত্তিতে বিশ্বশান্তি রক্ষার জন্য সংগঠন স্থাপনের চেষ্টা প্রথম বিশ্বযুদ্ধের পরেই শুরু হয়।

আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন বিশ্বশান্তি রক্ষার জন্য যে 'চৌদ্দ দফা প্রস্তাব' পেশ করেছিলেন তাতেই একটি বিশ্বসংস্থা গঠনের কথা ছিল। সেই অনুসারে প্রস্তাবিত বিশ্বসংস্থার একটি শাসনবিধি রচিত হয় এবং প্যারিসের শান্তি সম্মেলনে তা বিভিন্ন রাষ্ট্রের অনুমোদন লাভ করে। ১৯২০ খ্রীস্টাব্দের ১০ই জানুয়ারী আনুষ্ঠানিকভাবে 'জাতিসংঘ' প্রতিষ্ঠিত হয়। সুইজারল্যাণ্ডের জেনেভা শহরে জাতিসংঘের সদর দপ্তর অবস্থিত ছিল।

জাতিসংঘের উদ্দেশ্য সম্পর্কে শাসনবিধিতে বলা হয় যে, আন্তর্জাতিক কোনো সমস্যা দেখা দিলে বিশ্বসংস্থাই তার সমাধান করবে। বিশ্বের জাতিগুলোর মধ্যে পরস্পর সহযোগিতায় মনোভাব সৃষ্টি করার জন্য বিশ্বসংস্থার সদস্য-রাষ্ট্রগুলি সচেষ্ট হবে। সদস্য-রাষ্ট্র কোনো সমস্যার শান্তিপূর্ণ সমাধানের জন্য যথেষ্ট সময় অপেক্ষা না করে যুদ্ধে প্রবৃত্ত হবে না।

জাতিসংঘের শাসনব্যবস্থায় পাঁচটি অংশ ছিল ঃ সাধারণ-সভা, কাউন্সিল, সেক্রেটারিয়েট বা দপ্তর, আন্তর্জাতিক বিচারালয় এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা। সাধারণ-সভা গঠিত হয়েছিল সদস্য-রাষ্ট্রগুলোর প্রতিনিধিদের নিয়ে। জাতিসংঘ শুরু হয়েছিল ৩২টি রাষ্ট্রের সদস্যকে নিয়ে। পরবর্তীকালে সদস্য-রাষ্ট্রের সংখ্যা ৬২-তে বৃদ্ধি পেয়েছিল। কাউন্সিল-এ ছিলেন বিশ্বের প্রধান শক্তিবর্গের প্রতিনিধিরা। আন্তর্জাতিক বিরোধের মীমাংসা করা ছিল কাউন্সিলের প্রাথমিক কাজ। সেক্রেটারিয়েট বা দপ্তরের কাজ ছিল দলিলপত্র হেফাজত করা, তথ্যাদি সংগ্রহ ও সরবরাহ করা। আন্তর্জাতিক বিচারালয়ের কাজ ছিল কোনো দেশ আন্তর্জাতিক বিরোধের ব্যাপারে বিচার প্রার্থনা করলে তার বিচার করা। আন্তর্জাতিক শ্রম-সংস্থা শ্রমজীবীদের কাজের সময়, পরিবেশ ও জীবনযাত্রার মান উন্নয়ন সম্পর্কে বিভিন্ন দেশে কাজ করতো।

(খ) জাতিসংঘের সাফল্য ও ব্যর্থতা : যুদ্ধের সম্ভাবনা দূর করে পৃথিবীতে নিরবচ্ছিন্ন শান্তি প্রতিষ্ঠা করতে না পারলেও কোনো কোনো ক্ষেত্রে যুদ্ধকে এড়াতে বিশ্বসংস্থাটি এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। একথা স্বীকার করতেই হবে যে, জাতিসংঘ অন্ততঃ কিছুদিনের জন্য হলেও বিশ্ববাসীকে শান্তি ও নিরাপত্তার আলো দেখাতে পেরেছিল। এর প্রকৃষ্ট প্রমাণ হ'ল এই যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরেও প্রকৃত শক্তিশালী একটি বিশ্ব সংস্থা গঠনের জন্য বিভিন্ন দেশ উদ্‌গ্রীব হয়েছিল। এই আগ্রহ থেকেই জন্মলাভ করেছিল 'রাষ্ট্রপুঞ্জ' নামে অপর একটি বিশ্বসংস্থা যা বর্তমানেও টিকে রয়েছে।

জাতিসংঘ বিভিন্ন দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করতে বিশেষভাবে সাহায্য করেছিল। বিভিন্ন দেশ বুঝতে পেরেছিল যে, আন্তর্জাতিক সমস্যা সমাধানের জন্য সব সময়ই যুদ্ধ-বিগ্রহের প্রয়োজন হয় না। শান্তিপূর্ণ উপায়ে পরস্পর আলোচনার মাধ্যমেও বিরোধের নিষ্পত্তি করা যে সম্ভব এই ধারণা সৃষ্টি হবার ফলে বিশ্বসংস্থার ওপর মানুষের আস্থা গভীর হতে থাকে।

জাতিসংঘের নানা দুর্বলতা থাকা সত্ত্বেও বিভিন্ন রাষ্ট্রের মধ্যে সীমান্ত-বিরোধ ও অন্যান্য বিরোধ মেটাতে সে সমর্থ হয়েছিল। তাছাড়া প্রথম বিশ্ব-যুদ্ধোত্তর পৃথিবীকে পুনর্গঠিত করতে জাতিসংঘ নানাভাবে চেষ্টা চালিয়ে-ছিল। বিভিন্ন দেশের অর্থনীতি ও জন-স্বাস্থ্য উন্নয়ন, শ্রম-সমস্যার সমাধান ও শিক্ষা-সংস্কৃতির প্রসারে জাতিসংঘের প্রচেষ্টা প্রশংসার দাবি রাখে।

উপরে বর্ণিত কৃতিত্ব সত্ত্বেও জাতিসংঘ ব্যর্থ হয়েছিল। ঐ সংস্থার পক্ষে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষার মহান দায়িত্ব পালন করা সম্ভব হয় নি। এর কারণ হিসাবে জাতিসংঘের কতকগুলো গুরুতর ত্রুটির কথা উল্লেখ করা যেতে পারে। কয়েকটি প্রধান প্রধান রাষ্ট্র জাতিসংঘের বাইরে থাকবার ফলে কোনো সময়ই তা একটি প্রকৃত বিশ্বসংস্থায় পরিণত হতে পারে নি। সবচেয়ে বড় কথা হ'ল, জাতিসংঘের শাসনবিধি অনুসারে যে-কোনো ব্যাপারে সিদ্ধান্ত নিতে গেলে বৃহৎ শক্তিবর্গের সম্মতি প্রয়োজন হ'ত। একজন সদস্য গররাজী হলেই সেই সিদ্ধান্তকে কার্যকর করা যেত না। এর ফলে জাতিসংঘ প্রয়োজনের সময় দৃঢ়তার সঙ্গে কাজ করতে পারত না। তাছাড়া জাতিসংঘের সিদ্ধান্তকে কার্যকর করবার জন্য প্রয়োজনবোধে বলপ্রয়োগ করবার কোনো সুযোগ ছিল না। এর ফলে আক্রমণকারী বা আন্তর্জাতিক নিয়ম ভঙ্গকারী দেশের বিরুদ্ধে জাতিসংঘের তেমন কিছু করবারও ছিল না।

স্মৃতি-সহায়

১. প্রথম বিশ্বযুদ্ধ সমাপ্তিতে বিশ্বে যে শান্তি প্রচেষ্টা চলেছিল তাতে আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন এক উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছিলেন।

২. প্রথম বিশ্বযুদ্ধোত্তর যুগে ইওরোপের ইতালি ও জার্মানিতে একনায়কতন্ত্রের উদ্ভব ঘটেছিল।

৩. ইতালিতে একনায়কতন্ত্রের প্রতিষ্ঠাতা ছিলেন মুসোলিনি; এবং জার্মানিতে হিটলার। ইতালির 'ফ্যাসিবাদ' এবং জার্মানির 'নাৎসীবাদ'-এর মধ্যে গুরুতর পার্থক্য কিছু নেই। উভয় মতবাদই একনায়কতন্ত্রের ওপর প্রতিষ্ঠিত।

৪. 'জাতিসংঘ' বা 'লীগ অফ নেশনস্' আনুষ্ঠানিকভাবে সৃষ্টি হয়েছিল ১৯২০ খ্রীষ্টাব্দে। এই বিশ্বজনীন প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য ছিল আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা বজায় রাখা।

অনুশীলনী

১. প্রথম বিশ্বযুদ্ধাবসানে কিসের ভিত্তিতে ইওরোপের পুনর্গঠন করা হয়?

২. মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন প্যারিস সম্মেলনের উদ্দেশ্য ও আদর্শ সম্পর্কে কি মত পোষণ করতেন?

৩. ভার্সাই সন্ধি জার্মানির ওপর চাপিয়ে দেওয়া হয়েছিল কি?

৪. প্রথম বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে একনায়কতন্ত্রের উদ্ভব কিভাবে ঘটেছিল?

৫. ইতালিতে ফ্যাসিবাদের উত্থানের কাহিনী বিবৃত কর।

৬. জার্মানিতে কিভাবে নাৎসিবাদের উদ্ভব ঘটেছিল?

৭. জাতিসংঘের উৎস কি?

৮. জ্যাতিসংঘের গঠন সংক্ষেপে বিবৃত কর।

৯. জাতিসংঘের সাফল্যের মূল্যায়ন কর।

১০. জাতিসংঘের ব্যর্থতার কারণগুলি কি কি?

১১. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] 'চৌদ্দ দফা প্রস্তাব'-এর রচয়িতা কে ছিলেন? [খ] প্যারিস শান্তি সম্মেলনে কোন্ কোন্ দেশের সঙ্গে কি কি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল? [গ] প্রথম বিশ্বযুদ্ধোত্তর যুগে গড়ে ওঠা দুটি রাষ্ট্রের নাম বল। [ঘ] ইতালিতে ফ্যাসিবাদের নায়ক কে ছিলেন? [ঙ] জার্মানির নাৎসিবাদের নায়কের নাম কি? [চ] কবে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়? তার সদর দপ্তর কোথায় অবস্থিত ছিল?

১২. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

[ক] উড্রো উইলসন তাঁর চৌদ্দ দফা প্রস্তাবের মাধ্যমে কি করতে চেয়েছিলেন? [খ] বিজয়ী রাষ্ট্রগুলোর উদ্দেশ্য ও লক্ষ্য কি ছিল? [গ] "ভার্সাই সন্ধির মধ্যেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের বীজ নিহিত আছে"—কথাটির তাৎপর্য বুঝিয়ে বল। [ঘ] 'ফ্যাসিস্ট' শব্দটির উৎস কি? [ঙ] 'নাৎসিবাদ' বলতে কি বোঝ? [চ] জাতিসংঘের উদ্দেশ্য কি ছিল? [ছ] আন্তর্জাতিক বিচারালয়-এর কাজ কি ছিল? [জ] জাতিসংঘের সাফল্যের প্রমাণ কি?

১৩. নিম্নলিখিত শূন্যস্থানগুলি সঠিক শব্দ বসিয়ে পূরণ কর :

[ক] আমেরিকার —— উড্রো উইলসন বিখ্যাত চৌদ্দ দফা প্রস্তাবের রচয়িতা ছিলেন। [খ] তুরস্কের জাতীয়তাবাদী নেতা —— সেভ্রের সন্ধি মেনে নেননি। [গ] ফ্যাসিস্ট ও নাৎসীরা —— ও ——র ঘোরতর বিরোধী ছিল। [ঘ] জাতিসংঘ শুরু হয়েছিল——টি রাষ্ট্রের সদস্যকে নিয়ে। পরে তার সংখ্যা——তে বৃদ্ধি পেয়েছিল।

১৪. নিম্নলিখিত বিষয় সম্পর্কে টীকা লেখ :

(ক) ভার্সাই সন্ধি, (খ) ফ্যাসিবাদ, (গ) নাৎসিবাদ, (ঘ) জাতিসংঘ।



পঞ্চদশ অধ্যায়

দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও তার ফলাফল

(১) **দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণ :** প্রথম বিশ্বযুদ্ধের মাত্র বিশ বছর পরেই আরও একটা বিশ্বযুদ্ধ পৃথিবীকে গ্রাস করেছিল। এই দ্বিতীয় বিশ্বযুদ্ধ প্রথম বিশ্বযুদ্ধের তুলনায় ছিল অনেক ব্যাপক এবং তার ক্ষয়ক্ষতির পরিমাণও ছিল অনেক বেশী। দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য নানাবিধ কারণ দায়ী ছিল।

১৯১৯ খ্রীস্টাব্দে স্বাক্ষরিত ভার্সাই সন্ধির দ্বারা প্রথম বিশ্বযুদ্ধের অবসান ঘটলেও ঐ সন্ধি ইওরোপে প্রকৃত শান্তি প্রতিষ্ঠা করতে পারে নি। ভার্সাই সন্ধিতে জার্মানির ওপর খুবই অবিচার করা হয়েছিল। বিজয়ী মিত্রশক্তিবর্গ জার্মানির প্রতি উদারনীতি তো গ্রহণ করেনই নি, বরঞ্চ তাকে চিরদিনের জন্য পঙ্গু করে রাখবার ব্যবস্থা করেছিলেন। বলা বাহুল্য, ভার্সাই সন্ধিকে জার্মানরা মনে প্রাণে মেনে নিতে পারেনি। সেই কারণে হিটলার যখন ভার্সাই সন্ধির বিরোধিতা ও জার্মানির মর্যাদা পুনরুদ্ধার করাকে তাঁর প্রধান উদ্দেশ্য বলে ঘোষণা করেন তখন সমগ্র জার্মান জাতি তাঁকে সমর্থন করেছিল, তাঁকে স্বাগত জানিয়েছিল। সুতরাং একথা নিঃসন্দেহে বলা যেতে পারে যে, প্রথম বিশ্বযুদ্ধের পরে পরাজিত জার্মানির প্রতি মিত্রশক্তিবর্গের অনুসৃত নীতি অপর একটি বিশ্বযুদ্ধের পথ সুগম করে তুলেছিল।

প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী কালে জার্মানি, ইতালি প্রভৃতি দেশে যে নানাবিধ সমস্যা দেখা দিয়েছিল গণতান্ত্রিক সরকারগুলি তা সমাধান করতে পারেনি। এর ফলে ঐসব দেশে জন্ম নিয়েছিল উগ্র জাতীয়তাবাদ যার একমাত্র লক্ষ্য হয়ে দাঁড়িয়েছিল যেকোনো উপায়ে নিজ জাতির শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠা করা। বাস্তবিকপক্ষে জার্মানিতে নাৎসিবাদ এবং ইতালিতে ফ্যাসিবাদের উদ্ভব দ্বিতীয় বিশ্বযুদ্ধের অন্যতম প্রধান কারণ বলে বিবেচনা করা যেতে

পারে। জার্মানির হিটলার ও ইতালির মুসোলিনি সাম্রাজ্যবাদী নীতিতে বিশ্বাসী ছিলেন। তাঁদের উদ্দেশ্যকে কার্যকরী করতে গেলে বলপ্রয়োগ ব্যতীত গত্যন্তর ছিল না। আর তা করবার ফলেই সারা বিশ্ব যুদ্ধে জড়িয়ে পড়েছিল।

জার্মানির হিটলার ক্ষমতাসীন হওয়ার পরে যে আগ্রাসী নীতি গ্রহণ করেছিলেন ইংলণ্ড ও ফ্রান্সের মত শক্তিশালী দেশ তাকে প্রতিহত করবার কোনো চেষ্টা করে নি। ক্ষমতালাভের পরে হিটলার কেবল জার্মানদের এক সশস্ত্র জাতিতেই পরিণত করেন নি, তিনি একের পর এক দেশ অধিকার করে চলেছিলেন। ভার্সাই সন্ধিকে তিনি ছেড়া কাগজের মত ছুড়ে ফেলে দিয়েছিলেন। এই সময় ইংলণ্ড ও ফ্রান্স নীরব দর্শকের ভূমিকায় অবতীর্ণ হয়ে হিটলারকে তোষণ করবার নীতি গ্রহণ করে। এর ফলে হিটলারের রাজ্য-জয়ের স্পৃহা ক্রমাগত বিপজ্জনকভাবে বাড়তে থাকে এবং তা থেকেই শেষ পর্যন্ত বেধে যায় দ্বিতীয় মহাসমর।

গণতান্ত্রিক দেশগুলোর সমাজতান্ত্রিক রাশিয়ার প্রতি সন্দেহ ও বিদ্বেষ থাকায় সবাই মিলিতভাবে হিটলারের আক্রমণাত্মক নীতিকে প্রথম থেকেই বাধা দিতে সমর্থ হয় নি। হিটলার ক্রমাগত যখন রাশিয়ার বিরুদ্ধে বিষোদ্গার করছিলেন তখন ইংলণ্ড ও ফ্রান্স ভেবেছিল যে, জার্মানির প্রধান আক্রমণের লক্ষ্য রাশিয়া। গণতান্ত্রিক ইংলণ্ড ও ফ্রান্সের কমিউনিস্ট-ভীতির দরুন রাশিয়ার বিরুদ্ধে উভয়েই হিটলারকে শক্তিবৃদ্ধি করবার সুযোগ দিয়েছিল। কেবল তাই নয়, সোভিয়েট রাশিয়ার অনুরোধ সত্ত্বেও ইংলণ্ড ও ফ্রান্স তার সঙ্গে মৈত্রীচুক্তি সম্পাদন করে হিটলারকে প্রতিহত করতে রাজী হয় নি। এমতাবস্থায় রাশিয়া আত্মরক্ষার উপায় হিসাবে জার্মানির সঙ্গে 'অনাক্রমণ-চুক্তি' (১৯৩৯ খ্রী) স্বাক্ষর করতে বাধ্য হয়। এই চুক্তি স্বাক্ষরের ফলে হিটলারের শক্তি নিঃসন্দেহে অনেক বেড়ে গিয়েছিল। এরই পরিণতি হিসাবে হিটলার ইংলণ্ড ও ফ্রান্সের সঙ্গে যুদ্ধ বাধাতে দ্বিধাবোধ করেন নি।

জার্মানি ও ইতালির সঙ্গে সঙ্গে সুদূর-প্রাচ্যে জাপানের সাম্রাজ্যবাদী কার্যকলাপও দ্বিতীয় বিশ্বযুদ্ধের অন্যতম কারণ হিসাবে বিবেচ্য। ১৯৩১ খ্রীস্টাব্দে জাপান মাঞ্চুরিয়া আক্রমণ করে তা অধিকার করে নেয়। এই রাজ্য অধিকার করতে গিয়ে জাপানকে কোনো শক্তির বিরোধিতার সম্মুখীন হতে হয় নি। এতে উৎসাহিত হয়ে জাপান আন্তর্জাতিক রীতি-নীতিকে অগ্রাহ্য করে তার আগ্রাসী নীতিকে কার্যকর করতে উদ্যোগী হয়েছিল। বলা বাহুল্য, এর ফলে বিশ্বে শান্তি রক্ষার প্রচেষ্টা বিশেষভাবে ব্যাহত হয়েছিল।

জাপান, জার্মানি ও ইতালির সাম্রাজ্যবাদী কার্যকলাপ প্রতিরোধ করতে জাতিসংঘ সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল। সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার হল, জাপান জাতিসংঘের একজন সদস্য হওয়া সত্ত্বেও যেভাবে সে আক্রমণকারীর ভূমিকায় অবতীর্ণ হয়েছিল তাতে জাতিসংঘের প্রতি বিভিন্ন দেশের আর কোনো আস্থা ছিল না। একে একে বিভিন্ন দেশ জাতিসংঘের সদস্যপদ ত্যাগ করায় বিশ্বসংস্থার আর কোনো অস্তিত্বই রইল না।

১৯৩৯ খ্রীস্টাব্দের ১লা সেপ্টেম্বর জার্মানি পোল্যাণ্ড আক্রমণ করলে

আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূত্রপাত ঘটেছিল। এর ঠিক দু'দিন পরেই ইংলণ্ড ও ফ্রান্স জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে একদিকে ছিল ইতালি, জার্মানি ও জাপানকে নিয়ে গঠিত 'রোম-বার্লিন-টোকিও অক্ষশক্তি', আর অন্যদিকে ছিল ইংলণ্ড, ফ্রান্স, রাশিয়া প্রভৃতি 'মিত্রশক্তিবর্গ'। যুদ্ধচলাকালীন আমেরিকা যুক্তরাষ্ট্র মিত্রশক্তিবর্গের পক্ষে যোগদান করেছিল।

(২) **দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফল** ঃ প্রথম বিশ্বযুদ্ধের তুলনায় দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরও ব্যাপক অঞ্চলে ছড়িয়ে পড়েছিল। এই যুদ্ধে যে ধরনের মারাত্মক সামরিক অস্ত্র-শস্ত্র ব্যবহৃত হয়েছিল তাকে এক কথায় অভূতপূর্ব বলা যেতে পারে। যুদ্ধের একেবারে শেষ দিকে পারমাণবিক বোমাও ব্যবহৃত হয়েছিল। আমেরিকা যুক্তরাষ্ট্র জাপানের হিরোশিমা ও নাগাসাকি শহরের উপর পারমাণবিক বোমা নিক্ষেপ করেছিল। ১৯৪৫ খ্রীস্টাব্দের ২রা সেপ্টেম্বর জাপান বিনাসর্তে আত্মসমর্পণ করায় দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান ঘটে। জার্মানি ও ইতালি অবশ্য ইতিপূর্বেই যুদ্ধে পরাজিত হয়ে আত্মসমর্পণ করতে বাধ্য হয়।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফল যেমন ছিল গুরুত্বপূর্ণ তেমনি ছিল সুদূরপ্রসারী। এই যুদ্ধের মাধ্যমে জন্মলাভ করেছিল দু'টি চরম শক্তি যেমন ঃ ইউনাইটেড স্টেটস্ অব আমেরিকা ও ইউনিয়ান অব সোভিয়েট স্যোসালিস্ট রিপাব্লিকস্। ইংলণ্ড, ফ্রান্স, ইতালি প্রভৃতি দেশের আন্তর্জাতিক গুরুত্ব আগেকার তুলনায় অনেকখানি হ্রাস পেয়েছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে সমাজতান্ত্রিক আদর্শ প্রসার লাভ করেছিল। ঐ যুদ্ধের আগে কেবল সোভিয়েট রাশিয়াতেই সমাজতান্ত্রিক রাষ্ট্র-ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়। কিন্তু যুদ্ধের পরে পোল্যাণ্ড, চেকোশ্লোভাকিয়া, পূর্ব জার্মানি প্রভৃতি দেশেও সমাজতন্ত্র প্রতিষ্ঠা লাভ করে। কয়েক বছর পরে চীনদেশও একটি সমাজতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়। গণতান্ত্রিক দেশ-গুলোতেও সমাজতান্ত্রিক চিন্তাধারা যথেষ্ট প্রসার লাভ করেছিল। বিভিন্ন দেশে কমিউনিস্ট পার্টি গড়ে উঠেছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ নিয়ে এসেছিল সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বিদ্রোহের ধারা। সভ্যতা বিস্তারের নামে ইওরোপীয় দেশসমূহ এশিয়া ও আফ্রিকায় যে আধি-পত্য প্রতিষ্ঠা করেছিল তার দিন এখন ফুরিয়ে আসে। বিভিন্ন দেশে শুরু হয় জাতীয়তাবাদী আন্দোলন। আন্দোলনের মাধ্যমে পরাধীন দেশগুলোর অনেকেই স্বাধীনতা লাভ করেছিল। এইসব দেশের মধ্যে ভারত ছিল অন্যতম।

প্রথম বিশ্বযুদ্ধের পরে বিভিন্ন দেশ যেমন শান্তির জন্য ব্যাকুল হয়েছিল, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরেও সেই ব্যাকুলতা দেশে দেশে লক্ষ্য করা যায়। আর তা থেকেই জন্মলাভ করেছে 'ইউনাইটেড নেশনস্' বা রাষ্ট্রপুঞ্জ নামে বিশ্ব-সংস্থা। সবশেষে বলা যেতে পারে যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়াবহতা মানুষের মনে গভীর প্রভাব বিস্তার করেছে। প্রত্যেক দেশ পরস্পর সহ-যোগিতার ভিত্তিতে নিজ নিজ পররাষ্ট্রনীতি পরিচালনায় উদ্যোগী হয়েছে।

স্মৃতি-সহায়

১. ঐতিহাসিকমাত্রেই স্বীকার করেন যে, প্রথম বিশ্বযুদ্ধ সমাপ্তিতে স্বাক্ষরিত ভার্সাইয়ের শান্তিচুক্তির মধ্যেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের বীজ নিহিত ছিল।

২. দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য জাতিসংঘের ব্যর্থতা, জাপান, জার্মানি ও ইতালির সাম্রাজ্যবাদী কার্যকলাপকে দায়ী করা হয়ে থাকে।

৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয় ১৯৩৯ খ্রীষ্টাব্দে, আর তার সমাপ্তি ঘটেছিল ১৯৪৫ খ্রীষ্টাব্দে জাপানের আত্মসমর্পণে।

৪. দ্বিতীয় বিশ্বযুদ্ধের এক পক্ষে ছিল 'রোম-বার্লিন-টোকিও অক্ষশক্তি'। আর অপর পক্ষে ছিল ইংলন্ড, ফ্রান্স, রাশিয়া প্রভৃতি 'মিত্রশক্তিবর্গ'।

অনুশীলনী

১. দ্বিতীয় বিশ্বযুদ্ধ কি কি কারণে সংঘটিত হয়েছিল?

২. ভার্সাই সন্ধি (১৯১৯) ইওরোপে প্রকৃত শান্তি প্রতিষ্ঠায় সমর্থ হয়নি কেন?

৩. জার্মানি ও ইতালির সাম্রাজ্যবাদী নীতি কিভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য দায়ী ছিল?

৪. ইওরোপীয় দেশসমূহ হিটলারের বিরুদ্ধে সঙ্ঘবদ্ধ হতে পারেনি কেন?

৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্ববর্তীকালে জাতিসংঘ জাপান, জার্মানি ও ইতালির সাম্রাজ্যবাদী কার্যকলাপ প্রতিরোধ করতে পেরেছিল কি?

৬. দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফলগুলি আলোচনা কর।

৭. নিম্নলিখিত প্রশ্নগুলির মৌখিক উত্তর দাও :


[ক] কবে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়েছিল? [খ] কাদের নিয়ে 'অক্ষশক্তি' গড়ে উঠেছিল? [গ] দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে যে বিশ্বসংস্থা গড়ে উঠেছে তার নাম বল। [ঘ] দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে কোন্ দুটি 'চরম শক্তি' জন্মলাভ করেছিল?

৮. সংক্ষেপে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও :—

[ক] উগ্র জাতীয়তাবাদ কিভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য দায়ী ছিল?
[খ] হিটলারের রাজ্যজয়ের স্পৃহা বেড়ে গিয়েছিল কেন?
[গ] রাশিয়া কেন হিটলারের সঙ্গে 'অনাক্রমণ চুক্তি' স্বাক্ষর করে?
[ঘ] জাপানের আগ্রাসী নীতি কিভাবে বিশ্বশান্তি বিঘ্নিত করেছিল?
[ঙ] দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে কিভাবে সমাজতান্ত্রিক আদর্শ প্রসার লাভ করেছিল?
[চ] দ্বিতীয় বিশ্বযুদ্ধ কিভাবে বিশ্বসংস্থা গঠনে সাহায্য করেছিল?

৯. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলো পূরণ কর :

[ক] প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তীকালে জার্মানি, ইতালি প্রভৃতি দেশে যে নানাবিধ সমস্যা দেখা দিয়েছিল —— সরকারগুলি তার সমাধান করতে পারেনি। [খ] রাশিয়া জার্মানির সম্ভাব্য আক্রমণ থেকে আত্মরক্ষার উপায় হিসাবে ১৯৩৯ খ্রীস্টাব্দে '——' স্বাক্ষর করেছিল। [গ] ——এর ব্যর্থতা দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য দায়ী ছিল। [ঘ] আমেরিকা যুক্তরাষ্ট্র দ্বিতীয় বিশ্বযুদ্ধে ——'র পক্ষ নিয়েছিল।



ষোড়শ অধ্যায়

মুক্তির সন্ধানে ভারত

(১) প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী কালে ভারতের জাতীয় আন্দোলন : অহিংস অসহযোগ আন্দোলন : ১৯১৯ খ্রীস্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে। ব্রিটেন ও তার সহযোগী মিত্রশক্তি এই যুদ্ধে জয়লাভ করেছিল। কিন্তু সাম্রাজ্যবাদী ইংরেজ যুদ্ধে ভারতবাসীর সহযোগিতার কোন মূল্যাই দিল না। তারা বেমালুম ভুলে গেল তাদের প্রতিশ্রুতির কথা। ভারতবাসীর প্রতিবাদ সত্ত্বেও মন্টেগু-চেমসফোর্ড প্রস্তাবিত সংস্কারকে আইনের রূপ দেওয়া হল। ব্রিটিশ সরকার পাশ করল 'ভারত শাসন আইন, ১৯১৯'।

নতুন শাসন-সংস্কারে ভারতবাসীর প্রতি ইংরেজ শাসকবর্গের হৃদয় পরিবর্তনের কোন লক্ষণ দেখা যায়নি। মন্টেগু-চেমসফোর্ড সংস্কার ভারতবাসীকে রাজনৈতিক অধিকার দানের ভান করলেও শাসন ব্যাপারে প্রকৃত ক্ষমতা ইংরেজদের হাতেই থেকে যায়। বলা বাহুল্য, এই সংস্কার ভারতবাসীকে হতাশ করেছিল। তার ওপর নতুন নতুন আইন জারী করে বিদেশী শাসকবর্গ যখন ভারতবাসীকে আঘাত করতে উদ্যত হয় তখন তারা বিক্ষোভে ফেটে পড়ে।

ইতিমধ্যে সংঘটিত কতকগুলি আন্তর্জাতিক ঘটনা যেমন : চীন দেশের জাতীয়তাবাদী আন্দোলন ও ৪ঠা মে আন্দোলন, রাশিয়ায় সমাজতান্ত্রিক আন্দোলন প্রভৃতি ভারতীয়দের জাতীয়তাবাদী প্রেরণাকে আরও প্রবল করে তুলেছিল। ঠিক সেই সময় মোহনদাস করমচাঁদ গান্ধী যখন ভারতবাসীকে নেতৃত্ব দিতে এগিয়ে এলেন তখন দ্বিগুণ উৎসাহে তারা নতুন সংগ্রামের পথে অগ্রসর হয়।

মোহনদাস করমচাঁদ গান্ধী গুজরাটের পোরবন্দর-এ ১৮৬৯ খ্রীস্টাব্দের ২রা অক্টোবর জন্মগ্রহণ করেন। এদেশে শিক্ষা সমাপ্তির পরে তিনি আইন অধ্যয়ন করতে ইংলণ্ডে যান। দেশে ফিরে এসে তিনি বোম্বাই শহরে আইন

ব্যবসা শুরু করেন। মামলা সংক্রান্ত কাজের দায়িত্ব নিয়ে তিনি আফ্রিকা রওয়ানা হন। দক্ষিণ-আফ্রিকা থেকে তিনি ১৯১৫ খ্রীস্টাব্দে ভারতবর্ষে প্রত্যাবর্তন করেন। দক্ষিণ-আফ্রিকায় ইংরেজ শাসকবর্গের বৈষম্যমূলক আচরণ, বর্ণবৈষম্য ও নির্যাতনের বিরুদ্ধে সংগ্রামে নেতৃত্ব দিয়ে তিনি ইতি-মধ্যেই বিশ্বজোড়া খ্যাতি অর্জন করেছেন। গান্ধীজীর নেতৃত্ব গ্রহণের সঙ্গে সঙ্গে ভারতের জাতীয় আন্দোলনের চরিত্রটাই পাল্টে গিয়েছিল। এতদিন পর্যন্ত দেশের অতি সাধারণ মানুষের সঙ্গে জাতীয় আন্দোলনের যোগসূত্র ছিল খুবই কম। কিন্তু এখন কৃষক, শ্রমিক ও সমাজের অবহেলিত মানুষের প্রত্যক্ষ অংশ গ্রহণের ফলে ভারতের জাতীয় আন্দোলন সত্যিকারের গণ-আন্দোলনে পরিণত হয়।

মহাত্মা গান্ধী চিরদিনই বিনা প্রতিবাদে অন্যায়কে মেনে নেবার ঘোরতর বিরোধী ছিলেন। রাওলাট আইনের দ্বারা ইংরেজ সরকার ভারতীয়দের চরম অবমাননা করেছে বলে তিনি মনে করেন। এর প্রতিবাদে তিনি সত্যাগ্রহ আন্দোলন শুরু করবার কথা ঘোষণা করেন। গান্ধীজি বলতেন, 'সত্যাগ্রহ', হ'ল প্রেম ও ভালবাসার শক্তি এবং এই শক্তির উৎস সত্য ও অহিংসা। ন্যায় ও সত্যের মর্যাদা রক্ষার জন্য তিনি কখনোই প্রতিপক্ষকে আঘাত করবার নীতিতে বিশ্বাসী ছিলেন না। তাঁর দৃঢ় প্রত্যয় ছিল যে, নিজে দুঃখ বরণের মধ্যে দিয়েই অন্যায়কারী বা অত্যাচারীর মনের পরিবর্তন ঘটান যায়। ইতি-মধ্যেই গান্ধীজি সত্যাগ্রহ পদ্ধতি একাধিক জায়গায় প্রয়োগ করে সাফল্য লাভ করেছিলেন। বিহারের চম্পারণে নীল-চাষী এবং গুজরাটের কইরা জেলার কৃষকদের আন্দোলনে তিনি তাঁর সত্যাগ্রহের অস্ত্রটি সাফল্যের সঙ্গে প্রয়োগ করেছিলেন। এবার তিনি রাওলাট আইনের বিরোধিতায় নামলেন সত্যাগ্রহের মাধ্যমে।

গান্ধীজি 'সত্যাগ্রহ-সভা' গঠন করেন এবং রাওলাট আইন অমান্য করে মানুষকে কারাবরণে উৎসাহিত করতে থাকেন। রাওলাট আইনের বিরুদ্ধে দেশব্যাপী যখন তীব্র আন্দোলন শুরু হয়েছে তখন ঘটল জালিয়ানওয়ালা-বাগের মর্মান্তিক ঘটনা। অমৃতসর শহরের জালিয়ানওয়ালাবাগ নামে এক উদ্যানে সমবেত নিরস্ত্র জনতার ওপর ইংরেজ পুলিশ অফিসার জেনারেল ডায়ার চালালেন বেপরোয়া গুলি। তাতে নিহত হ'ল প্রায় চারশো জন লোক, আর আহতের সংখ্যা প্রায় হাজারেরও বেশী। রবীন্দ্রনাথ ঠাকুর জালিয়ান-ওয়ালাবাগের ঘটনার প্রতিবাদেই ইংরেজদের দেওয়া 'নাইট' উপাধি বর্জন করে-ছিলেন। এই হত্যাকাণ্ড ভারতবাসীর সামনে এক বৃহত্তর সংগ্রামের পথ খুলে দিয়েছিল। অল্পদিনের মধ্যেই গান্ধীজি শুরু করেন অহিংস অসহ-যোগ আন্দোলন।

গান্ধীজি যখন ইংরেজদের বিরুদ্ধে অহিংস অসহযোগ আন্দোলনের জন্য প্রস্তুত হচ্ছিলেন ঠিক সেই সময়ে হিন্দু-মুসলমান মিলনের এক অপূর্ব সুযোগ উপস্থিত হয়েছিল। এই প্রসঙ্গে মনে রাখা ভাল যে, ইংরেজ সরকার গোড়া থেকেই চেয়েছিল এদেশের বিভিন্ন সম্প্রদায়ের মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করে নিজেদের শাসন কর্তৃত্ব কায়েম রাখতে। এই উদ্দেশ্যেই তারা

বঙ্গভঙ্গের ব্যবস্থা করেছিল যাতে ভারতীয় হিন্দু-মুসলমানের মধ্যে বিভেদ সৃষ্টি করা যায়। ইংরেজদের উদ্দেশ্য যে কতকাংশে সফল হয়নি এমন কথা অবশ্য বলা যায় না। যাই হোক, প্রথম বিশ্বযুদ্ধ সমাপ্তিতে ভারতীয় মুসলমানরা এদেশে খিলাফৎ আন্দোলন শুরু করে। খিলাফৎ আন্দোলন সংক্ষেপে এই রকম ঃ তুরস্কের সুলতান ছিলেন সারা মুসলিম জগতের 'খলিফা' বা ধর্মগুরু। প্রথম বিশ্বযুদ্ধে তুরস্ক জার্মানির পক্ষে যোগদান করে মিত্রশক্তিবর্গের কাছে পরাজিত হয়। এরপরে বিজয়ী ইংলন্ড ও তার সহযোগী দেশগুলো পরাজিত তুরস্কের সুলতানের স্বাধীনতা খর্ব করে এবং তুরস্ক সাম্রাজ্যের অধিকাংশই কেড়ে নেয়। 'খলিফা'র এই অপমানে ইংরেজরা যে ভূমিকা নিয়েছিল তার প্রতিবাদে ভারতীয় মুসলিম সমাজ আন্দোলনে নেমে পড়ে। খলিফার সম্মান পুনঃপ্রতিষ্ঠার দাবিতে ভারতীয় মুসলিম সমাজের ইংরেজ-বিরোধী আন্দোলনই 'খিলাফৎ আন্দোলন' নামে পরিচিত। মহাত্মা গান্ধী খিলাফৎ আন্দোলনকে তাঁর প্রস্তাবিত অসহযোগ আন্দোলনের সঙ্গে যুক্ত করে এক সর্বাত্মক আন্দোলন গড়ে তুলতে চেয়েছিলেন। গান্ধীজি তাই অসহযোগ আন্দোলনের মাধ্যমে তিনটি দাবি তুলে ধরেছিলেন ঃ জালিয়ান-ওয়ালাবাগ হত্যাকান্ডের প্রতিকার, খলিফার সম্মান পুনঃপ্রতিষ্ঠা এবং স্বরাজ্য প্রতিষ্ঠা। ভারতের জাতীয় কংগ্রেস গান্ধীজির প্রস্তাবিত আন্দোলনকে সমর্থন জানায় এবং তাতে যোগদান করে।

১৯২০ খ্রীস্টাব্দের ১লা আগস্ট অসহযোগ আন্দোলন শুরু হয়। গান্ধীজি স্বয়ং ইংরেজদের দেওয়া 'কাইজার-ই-হিন্দ' খেতাব বর্জন করে অসহ-যোগ আন্দোলনের সূচনা করেন। তাঁর আহ্বানে আসমুদ্রহিমাচল ভারতের জনগণের মধ্যে প্রবল উত্তেজনা দেখা দেয়। হাজার হাজার মানুষ সরকারী অফিস-আদালত, স্কুল-কলেজ ছেড়ে জাতীয় আন্দোলনে যোগ দেয়।

গান্ধীজি অসহযোগ আন্দোলনের সাফল্যে উৎসাহিত হয়ে গুজরাটের বরদৌলি তালুকেই সর্বপ্রথম আইন-অমান্য আন্দোলনের পরীক্ষা আরম্ভ করেন। আইন-অমান্য আন্দোলনের এই অভিজ্ঞতার ভিত্তিতে দেশের সর্বত্র ব্যাপক আন্দোলন গড়ে তোলবার কথা ছিল। কিন্তু ঠিক সেই সময় চৌরিচৌরা ঘটনার পরিপ্রেক্ষিতে গান্ধীজি বরদৌলির আন্দোলন বন্ধ করে দেন। চৌরি-চৌরা ঘটনাটি এই রকম ঃ বিহারের অন্তর্গত গোরক্ষপুরের কাছে চৌরি-চৌরাতে ইংরেজ পুলিসদের অত্যাচারের প্রতিবাদে একদল বিক্ষুব্ধ জনতা একটি থানা আক্রমণ করে তাতে অগ্নিসংযোগ করে। এতে বেশ কয়েকজন সিপাহীর মৃত্যু হয়েছিল। গান্ধীজি এই ঘটনায় মর্মাহত হয়েছিলেন। কারণ গান্ধীজির অসহযোগ আন্দোলনের মূল কথা ছিল অহিংসা—হিংসাকে বর্জন করাই ছিল এই আন্দোলনের ভিত্তি। অসহযোগ আন্দোলন হিংসাত্মক রূপ গ্রহণ করেছে বলেই তিনি আন্দোলন প্রত্যাহার করে নেন। তিনি ঘোষণা করেন যে, সত্যাগ্রহ ও অসহযোগ আন্দোলনের পথে অভীষ্ট ফল লাভ করতে গেলে দেশবাসীকে প্রথম অহিংসার মন্ত্রে দীক্ষিত হতে হবে এবং তার অনু-শীলন করতে হবে। তিনি সেই সময় ভারতবাসীকে আন্দোলনের পরিবর্তে ধৈর্যশক্তির অনুশীলন, চরকার প্রচলন, জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠা প্রভৃতি গঠন-

মূলক কাজে আত্মনিয়োগ করবার আহ্বান জানান। ইতিমধ্যে তুরস্কে কামাল পাশার নেতৃত্বে সেখানে সংস্কার আন্দোলন শুরু হওয়ায় খিলাফৎ আন্দোলনের আর কোনো অর্থই রইল না। সেই কারণে খিলাফৎ আন্দোলনও প্রত্যাহার করে নেওয়া হয়।

(২) কৃষক ও শ্রমিক শ্রেণীর আন্দোলন : অসহযোগ আন্দোলনের যুগে ভারতের কৃষক ও শ্রমিক সম্প্রদায় শুরু করেছিল আন্দোলনের মাধ্যমে তাদের নানাবিধ অসন্তোষকে ব্যক্ত করতে। তাদের আন্দোলন প্রমাণ করেছিল যে, গ্রাম ও শহরাঞ্চলের মেহনতী মানুষের শক্তি কি প্রবল হতে পারে, আর এই শক্তিকে ঠিক ঠিক মত কাজে লাগাতে পারলে বিদেশী ইংরেজদের শাসনকে টলানো মোটেই একটা শক্ত ব্যাপার নয়।

১৯২০ খ্রীস্টাব্দে যখন অসহযোগ আন্দোলন শুরু হয়েছে ঠিক সেই সময় আন্দোলন ছড়িয়ে পড়েছিল গ্রামাঞ্চলের মানুষের মধ্যে। উত্তর প্রদেশের রায় বেরিলী এবং ফৈজাবাদে প্রথম কৃষক-আন্দোলন শুরু হয়। সেখানকার ভাড়াটিয়া কৃষকরা বিক্ষোভে ফেটে পড়ে এবং বে-আইনী খাজনা দেওয়া বন্ধ করে দেয়। এর ফলে জমিদার, সুদখোর মহাজন এবং পুলিশ বাহিনীর সঙ্গে তাদের সংঘর্ষ অনিবার্য হয়ে ওঠে। এই সংঘর্ষকে কেন্দ্র করে আবার উত্তেজিত জনতা শুরু করল অফিস-আদালত আক্রমণ করতে। উত্তর প্রদেশের এই কৃষক-আন্দোলন থেকে আবির্ভূত হয়েছিলেন কয়েকজন কৃষক নেতা। কৃষকদের মধ্যে ব্যাপক গণজাগরণের উদ্দেশ্যে এইসব কৃষক নেতা গ্রামে গ্রামে ঘোরবার সময় ভারতের প্রাচীন বীরদের আখ্যান অবলম্বনে যাত্রা, চারণ-গান ও কবিতা পাঠ করতেন।

উত্তর প্রদেশের অযোধ্যায় কৃষক-আন্দোলন এক বিশিষ্ট রূপ গ্রহণ করেছিল। আলোচ্য সময়ে সেখানে 'এক' নামে একটি কৃষক দল খুবই তৎপর হয়ে উঠেছিল। বিপ্লবী কৃষকেরা পাসী মাদারি এবং সাহ্‌রেব-এর নেতৃত্বে সেখানকার তালুকদারদের ভূ-সম্পত্তি দখল করে নিয়েছিল।

উত্তর প্রদেশ ব্যতীত সেই সময় বিহার, উড়িষ্যা, বাংলা, পাঞ্জাব ও দক্ষিণ-ভারতের বিভিন্ন জায়গায়ও অনুরূপ কৃষক-আন্দোলন শুরু হয়েছিল। এইসব কৃষক-আন্দোলনের মধ্য দিয়ে কোনো কোনো জায়গায় কৃষক সংগঠন গড়ে উঠতে থাকে, যা থেকেই জন্ম নিয়েছিল পরবর্তী কালের কিষাণ-সভা।

গ্রামাঞ্চলের কৃষকদের সঙ্গে সঙ্গে শহরাঞ্চলের শ্রমিকদের মধ্যেও তখন আন্দোলনের উৎসাহ দেখা দিয়েছিল। ১৯২০-২১ খ্রীস্টাব্দে প্রায় চার থেকে ছয় লক্ষ শ্রমিক ও কারিগর বোম্বাই, জামসেদপুর ও অপরাপর অঞ্চলের কল-কারখানায় ধর্মঘট পালন করেছিল। ধর্মঘট কেবল শহরাঞ্চলের কল-কারখানায়ই সীমিত থাকে নি, ছড়িয়ে পড়েছিল আসামের চা-বাগান অঞ্চলে। প্রধান প্রধান কোলিয়ারিগুলোতেও ধর্মঘট শুরু হয়। শ্রমিক-কৃষক যোগদানের ফলে অসহযোগ আন্দোলনের শক্তি যে অনেকখানি বেড়ে গিয়েছিল তা বলাই বাহুল্য।

শ্রমিকরা সেই সময় মজুরী বৃদ্ধি, কাজের সুযোগ-সুবিধা বাড়ানো প্রভৃতির দাবি জানিয়েছিল। এইসব শ্রমিক আন্দোলনের মধ্য দিয়ে শ্রমিক সংগঠন গড়ে উঠতে থাকে। এই অবস্থায় 'নিখিল ভারত ট্রেড ইউনিয়ান কংগ্রেস'-এর প্রতিষ্ঠা ভারতে শ্রমিক-আন্দোলনে নতুন অধ্যায় সূচিত করে। ১৯২০ খ্রীস্টাব্দের ৩১শে ডিসেম্বর বোম্বাই শহরে ঐ সংগঠনের ভিত্তি স্থাপিত হয়। 'নিখিল ভারত ট্রেড ইউনিয়ান কংগ্রেস' (অল ইণ্ডিয়া ট্রেড ইউনিয়ান কংগ্রেস) সংক্ষেপে 'এ. আই. টি. ইউ. সি'র প্রথম অধিবেশনে লালা লাজপৎ রায়কে সভাপতি পদে নির্বাচিত করা হয়। এই ঘটনার পরে ভারতের বিভিন্ন অঞ্চলে ঐ শ্রমিক সংগঠনের শাখা গড়ে উঠতে থাকে।

(৩) অসহযোগ আন্দোলনের পরবর্তী কালে জাতীয় আন্দোলন ঃ সন্ত্রাসবাদী আন্দোলনের দ্বিতীয় পর্ব ঃ চৌরিচৌরা ঘটনার পরিপ্রেক্ষিতে গান্ধীজি অসহযোগ আন্দোলন প্রত্যাহার করে নেওয়ায় জাতীয় আন্দোলনে ভাঁটা পড়েছিল। কিছুটা হতাশাজনিত মনোভাব থেকে অনেকের মনেই তখন সত্যাগ্রহের কার্যকারিতা সম্পর্কে প্রশ্ন উঠেছিল। তাদের মনে এই সন্দেহও দেখা দিয়েছিল যে, ভারতের বিশাল জনসমাজকে অহিংসার মন্ত্রে দীক্ষিত করা আদৌ সম্ভব হবে কি না। যাই হোক, এদিকে গান্ধীজি সহ অধিকাংশ জাতীয় নেতাকে ইংরেজ সরকার অন্তরীণ করে রাখবার ফলে দেশবাসী নেতৃত্বের অভাবে দিশাহারা হয়ে পড়েছিল। এই সংকট মুহূর্তে জাতীয় আন্দোলনের পুরোভাগে এসে দাঁড়ান চিত্তরঞ্জন দাশ, মতিলাল নেহরু প্রমুখ নেতা। এঁরা জাতীয় কংগ্রেসের মধ্যেই একটি নতুন দল গঠন করেন যার নাম 'স্বরাজ্য দল' (১৯২২ খ্রী)। স্বরাজ্য দল তাদের কার্যকলাপের মাধ্যমে ভারতবাসীর মনে তেমন দাগ কাটতে পারে নি। তবে সেই সময় সমাজতান্ত্রিক ভাবধারার প্রসার এবং জওহরলাল নেহরু ও সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে যুব-আন্দোলন ভারতের জাতীয় আন্দোলনে এক নতুন সুর এনেছিল।

রাশিয়ায় সমাজতন্ত্রের সাফল্যে অনুপ্রাণিত হয়ে জওহরলাল নেহরু ও সুভাষচন্দ্র বসু দেশের সর্বত্র সাম্রাজ্যবাদ ও ধনতন্ত্রের বিরুদ্ধে সমাজতন্ত্রের আদর্শকে জনপ্রিয় করে তুলতে উদ্যোগী হন। তাছাড়া তাঁদের প্রচেষ্টায় দেশের সর্বত্র যুব সংগঠন গড়ে উঠতে থাকে। সেই সময় অনেকে আবার গান্ধীজির কর্মপন্থা ও রাজনৈতিক আদর্শের প্রতি বীতশ্রদ্ধ হয়ে সমাজ-তান্ত্রিক কর্মপন্থার দিকে ঝুকে পড়েন। মুজফ্ফর আহম্মেদ ও এস. এ. ডাঙ্গে'র উদ্যোগে ইতিমধ্যেই কোলকাতা, বোম্বে ও মাদ্রাজে ছোট ছোট কমিউ-নিস্ট দল গড়ে উঠেছিল। ১৯২৫ খ্রীস্টাব্দে ঐগুলোকে একত্রিত করে 'সর্ব-ভারতীয় কমিউনিস্ট পার্টি' গঠিত হয়। কানপুরে প্রথম ঐ দলের সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

জাতীয় আন্দোলনে যে নতুন ভাবাদর্শ অনুপ্রবিষ্ট হয়েছিল তার প্রতি-ফলন দেখা যায় সমসাময়িক সন্ত্রাসবাদীদের মধ্যেও। অসহযোগ আন্দোলনের ব্যর্থতার পরে ভারতের এক শ্রেণীর যুবকের মধ্যে বিপ্লবের আগুন আবার

জ্বলে উঠেছিল। সন্ত্রাসবাদের এই পর্যায়ে উত্তর-ভারতের 'হিন্দুস্থান সোস্যালিস্ট রিপাব্লিকান এ্যাসোসিয়েশন' নামে সংগঠন ও বাংলার 'বেঙ্গল ভলান্টিয়ার্স' (সংক্ষেপে 'বি. ভি') দলের কার্যকলাপ বিশেষভাবে স্মরণীয়।

১৯২৮ খ্রীস্টাব্দে সমাজতান্ত্রিক ভাবাদর্শে বিশ্বাসী চন্দ্রশেখর আজাদ 'হিন্দুস্থান সোস্যালিস্ট রিপাব্লিকান এ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা করেন। এই সংগঠনের সদস্যরা বিশ্বাস করতেন যে, বিপ্লবের মধ্যে দিয়ে পরাধীনতার শৃঙ্খল থেকে দেশ তথা দেশবাসীকে মুক্ত করা সম্ভব। গ্রামবাসীদের মধ্যে রাজনৈতিক প্রচার তাঁদের অন্যতম উদ্দেশ্য ছিল। ব্যক্তিগত সাহস ও আত্মত্যাগের দৃষ্টান্ত দিয়ে জনসাধারণকে বৈপ্লবিক কার্যকলাপে উৎসাহিত করা যায় বলেও তাঁরা মনে করতেন। যাই হোক, এই দলের অন্যতম সদস্য ভগৎ সিং লালা লাজপৎ রায়-এর হত্যাকারী স্ন্ডার্সকে হত্যা করেছিলেন। এর-পরে ভগৎ সিং ও বটুকেশ্বর দত্ত জনবিরোধী দুটো আইনের প্রতিবাদে দিল্লীর আইনসভার দর্শকের আসন থেকে বোমা নিক্ষেপ করেন। দুজনই স্বেচ্ছায় পুলিশের কাছে ধরা দিয়েছিলেন।

সন্ত্রাসবাদের এই পর্যায়ে বাংলা দেশে ঢাকা ও চট্টগ্রাম ছিল বিপ্লবী কার্য-কলাপের দুটি প্রধান কেন্দ্র। চট্টগ্রামের জনপ্রিয় শিক্ষক সূর্য সেন 'মাস্টার-দা' নামেই সমধিক প্রসিদ্ধ ছিলেন। ১৯৩০ খ্রীস্টাব্দে তাঁর নেতৃত্বে লোকনাথ বল, গণেশচন্দ্র ঘোষ প্রমুখ চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন করে ইংরেজদের বিরুদ্ধে সংগ্রাম শুরু করেন। চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন দেশব্যাপী যখন এক আলোড়ন সৃষ্টি করেছে ঠিক সেই সময় ঢাকার বেঙ্গল ভলান্টিয়ার্স দলের তিনজন বিপ্লবী—বিনয় বসু, বাদল গুপ্ত ও দীনেশ গুপ্ত কুখ্যাত সিম্পসন সাহেবকে হত্যা করতে গিয়ে কোলকাতার রাইটার্স বিল্ডিংস্-এ পুলিশের সঙ্গে যুদ্ধে নিজেদের প্রাণ বিসর্জন দিয়েছিলেন।

(৪) **আইন-অমান্য আন্দোলন** ঃ ভারতের জাতীয় আন্দোলনের ইতি-হাসে ১৯২৯ খ্রীস্টাব্দে লাহোর-এ অনুষ্ঠিত জাতীয় কংগ্রেসের অধিবেশনটি বিশেষ গুরুত্বপূর্ণ। কারণ এই অধিবেশনেই প্রথম জাতীয় কংগ্রেস পূর্ণ স্বাধীনতার দাবি জানিয়েছিল। একথা অস্বীকার করবার উপায় নেই যে, এই দাবি ভারতীয়দের মধ্যে এক অভূতপূর্ব সাড়া জাগিয়ে তুলেছিল। দেশের প্রায় সব মানুষই এই দাবি আদায়ের জন্য ঐক্যবদ্ধ হয়েছিল। গান্ধীজির নেতৃত্বে আইন-অমান্য আন্দোলনের জন্য সবাই প্রস্তুত হচ্ছিল।

আইন-অমান্য আন্দোলনের প্রস্তুতি পর্বে মহাত্মা গান্ধী তদানীন্তন বড়লাট লর্ড আরউইন-এর কাছে প্রেরিত এক পত্রে তাঁর আঠারো দফা দাবি পেশ করেন। রাজবন্দীদের মুক্তি ব্যতীত এই পত্রে মাদকদ্রব্য বর্জন, খাজনার পরিমাণ কমানো প্রভৃতি দাবির উল্লেখ ছিল। ইংরেজ সরকার এইসব দাবি মানতে অস্বীকৃত হওয়ায় গান্ধীজি আনুষ্ঠানিকভাবে আইন-অমান্য আন্দো-

লনে দেশবাসীকে যোগদান করবার আহবান জানান। অহিংসাই ছিল গান্ধীজির আন্দোলনের মূল ভিত্তি। তিনি ঘোষণা করেছিলেন যে, দেশের স্বাধীনতা অর্জনের জন্য অহিংস পন্থায় বিশ্বাসী ব্যক্তিরাই কেবল এই আন্দোলনে অংশ গ্রহণ করবে। আইন-অমান্য আন্দোলনের স্বরূপ বর্ণনা করতে গিয়ে তিনি দেশবাসীকে ইংরেজ সরকারের ঘোষিত আইনকে সম্পূর্ণভাবে অস্বীকার করে বিনা দ্বিধায় কারাবরণের আহবান জানান।

অবশেষে এল সেই আন্দোলনের দিন। মহাত্মা গান্ধী ঠিক করলেন যে, তিনি লবণ তৈরী করে সরকারী আইন ভঙ্গ করবার জন্য রওয়ানা হবেন। প্রসঙ্গতঃ সেই সময় আইন ছিল যে সরকার ব্যতীত কোনো ব্যক্তি লবণ তৈরী করতে পারবে না। ১৯৩০ খ্রীস্টাব্দের ১২ই মার্চ তারিখে গান্ধীজি তাঁর কয়েকজন অনুগামীকে নিয়ে সবরমতী আশ্রম থেকে পায়ে হেঁটে রওয়ানা হলেন সমুদ্র তীরে অবস্থিত দন্ডীতে। গান্ধীজির এই 'দন্ডী-যাত্রা' দেশের সর্বত্র এক অভূতপূর্ব সাড়া জাগিয়ে তুলেছিল। দেখতে দেখতে অনেক জায়গাতেই মানুষ লবণ তৈরী করে সরকারী আইন ভাঙতে লাগল। তাছাড়া সরকারী লবণের গুদামে হানা দেওয়া, কর বন্ধ, মাদক দ্রব্যের দোকানের সামনে পিকেটিং প্রভৃতিও সমানে চলতে লাগলো। যেখানে লবণ-আইন ভাঙবার সুযোগ নেই সেখানে বিলাতী দ্রব্য বর্জন, নিষিদ্ধ রাজনৈতিক বই বিক্রী প্রভৃতির মাধ্যমেও আইন-অমান্য চলতে থাকে। গান্ধীজির আহবানে সাড়া দিয়ে ভারতের নারী সমাজ ঘরের কাজ ছেড়ে বিদেশী পণ্যের দোকানে এবং সরকারী সংস্থায় ধরণা দিতে শুরু করেন। প্রথমে নারীদের সংখ্যা ছিল অল্প। কিন্তু দিন দিন তাঁদের সংখ্যা বাড়তে থাকে এবং শত শত মহিলা আন্দোলনে অংশ গ্রহণ করে কারাবরণ করতে থাকেন।

গান্ধীজির আহবানে ভারতের সর্বত্র আইন-অমান্য আন্দোলন ছড়িয়ে পড়েছিল। সুদূর সীমান্ত অঞ্চলের পাঠান নেতা খান আব্দুল গফ্ফর খান-এর নেতৃত্বে পাঠানরা মহাত্মা গান্ধীর অহিংস নীতি ও মানব-সেবার আদর্শে অনুপ্রাণিত হয়ে ভারতের স্বাধীনতা আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিল। চরম দুঃখ-কষ্ট ও সরকারী নিপীড়নের সম্মুখেও গফ্ফর খানের 'খোদাই খিদ্‌মদ্‌গার' বাহিনী মাতৃভূমির শৃঙ্খল মোচনের জন্য তাদের সংগ্রাম চালিয়েছিল।

ইংরেজ সরকার প্রথম দিকে আইন-অমান্যকারীদের উপর চরম নির্যাতন চালিয়ে আন্দোলনকে স্তব্ধ করতে চেষ্টা করে। নিরস্ত্র ও অহিংস আন্দোলন-কারীদের ওপর অত্যাচারের সঙ্গে সঙ্গে গ্রেপ্তার করা হ'ল একে একে সব নেতাদের। কিন্তু তাতে আন্দোলন প্রশমিত তো হ'লই না, বরঞ্চ তা আরও ব্যাপক আকার ধারণ করেছিল।

আইন-অমান্য আন্দোলনের পাশাপাশি পূর্ববঙ্গের (বর্তমান বাংলাদেশ) চট্টগ্রাম অঞ্চলে সূর্য সেনের নেতৃত্বে সন্ত্রাসবাদী আন্দোলনের কথা ইতিপূর্বেই বলা হয়েছে। সেই সময় আবার শুরু হয় কৃষক-বিদ্রোহ এবং তাদের কর না দেওয়ার আন্দোলন। অযোধ্যা, বেরার ও পূর্ববঙ্গের কিশোরগঞ্জ অঞ্চলের কৃষকরা বিদ্রোহী হয়ে ওঠেন এবং সরকারকে খাজনা দিতে অস্বীকার করেন। কোনো কোনো জায়গায় বিদ্রোহী কৃষকরা মহাজন ও জমিদারদের অত্যাচারের বিরুদ্ধেও রুখে দাঁড়িয়েছিলেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য, কৃষকদের এই সংগ্রাম সর্বক্ষেত্রে গান্ধীজির অহিংস নীতির ভিত্তিতে গঠিত হয়নি, কোথাও কোথাও তা হিংসাত্মক রূপও গ্রহণ করেছিল।

যাই হোক, আন্দোলনের তীব্রতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে দেখে ইংরেজ সরকার গান্ধীজির সঙ্গে আপস-আলোচনায় রাজী হয় এবং লবণ-আইন সহ কয়েকটি দমনমূলক আইন প্রত্যাহার করে নিতে স্বীকৃত হয়। গান্ধীজি এই সময়ে সাময়িকভাবে আইন-অমান্য আন্দোলন স্থগিত রেখে লন্ডনে অনুষ্ঠিত দ্বিতীয় 'গোলটেবিল বৈঠক'-এ* যোগদান করেন (১৯৩১ খ্রী)। গোলটেবিল বৈঠক ব্যর্থ হয়েছিল। গান্ধীজি রিক্ত হাতে দেশে ফিরে এলে আবার আইন-অমান্য আন্দোলন শুরু হয়।

১৯৩৫ খ্রীস্টাব্দে ইংলণ্ডের ব্রিটিশ সরকার ভারতের জন্য এক নতুন শাসনতন্ত্র রচনা করে। এই শাসনতন্ত্র 'ভারত শাসন আইন' নামে পরিচিত। 'ভারত শাসন আইন' ভারতীয়দের জাতীয়তাবাদী আশা-আকাঙ্ক্ষা পূরণে সমর্থ হয় নি। ভারতবর্ষে তখনও বিদেশী শাসন অব্যাহত ছিল। কেবল প্রাদেশিক শাসন-ব্যবস্থায় ভারতীয় নির্বাচিত প্রতিনিধিদের অংশ গ্রহণের সুযোগ দেওয়া হয়েছিল। এই অধিকারকে কেন্দ্র করে সাম্প্রদায়িক বিভেদ-নীতি মাথা চাড়া দিয়ে উঠেছিল। সাম্প্রদায়িক কোনো কোনো দল এমন পর্যন্ত বলতে লাগল যে, ভারতীয়রা এক জাতি নয়। ইতিহাসের বিকৃত ব্যাখ্যা করে তারা বললো যে হিন্দু ও মুসলমান দুটো পৃথক জাতি নিয়ে ভারতীয় জনসমাজ গঠিত এবং এই দুই জাতির আদর্শ ও লক্ষ্য সম্পূর্ণ আলাদা। এমনকি, ১৯৪০ খ্রীস্টাব্দে মুসলিম লীগের লাহোর অধিবেশনে মহম্মদ আলি জিন্নাহ্ মুসলমানদের জন্য পৃথক 'পাকিস্তান' রাষ্ট্র গঠনের দাবিও জানান। তাসত্ত্বেও মুসলিম সমাজের একটা বিরাট অংশ পৃথক রাষ্ট্র গঠনের বিরোধিতা করেছিল এবং জাতীয় আন্দোলনের মূল ধারার সঙ্গে তারা সর্বদাই জড়িত ছিল।

---

* যে বৈঠকে উপস্থিত সকলের সমমর্যাদা থাকে তাকে 'গোলটেবিল বৈঠক' বলা হয়।

(৫) দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও ভারতের জাতীয় আন্দোলন : (ক) 'ভারত ছাড়ো' আন্দোলন : দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ও ভারতবর্ষ পরাধীন দেশ। ইংরেজরা নিজেদের তখনও ভারতবাসীর প্রভু বলে মনে করত। ব্রিটিশ সরকার যখন দ্বিতীয় বিশ্বযুদ্ধে যোগ দিল তখন সে ভারতবর্ষকেও যুদ্ধে জড়িয়ে ফেললো। এই ব্যাপারে ভারতবাসীর মতামত গ্রহণ করবার কোনো প্রয়োজনীয়তা তারা অনুভব করেনি। ব্যাপারটা অনেকটা যেন কর্তার ইচ্ছায় কর্ম। ইংরেজরা ভারতের প্রভু তাই তাদের ইচ্ছাই ভারতবাসীর ইচ্ছা বলে তারা ধরে নিত।



মহাত্মা গান্ধী

যুদ্ধ শুরু হবার পরে ভারতীয় জাতীয় কংগ্রেস জার্মানির নেতৃত্বে নাৎসিবাদ-এর বিরুদ্ধে সংগ্রামরত দেশগুলোর প্রতি সমর্থন জানায়। সঙ্গে সঙ্গে ব্রিটিশ সরকারের কাছে এই মর্মে প্রতিশ্রুতিও দাবি করে যে, ইংরেজরা যুদ্ধ পরিসমাপ্তিতে ভারতের স্বাধীনতা মেনে নিয়ে দেশ ছেড়ে চলে যাবে। তদানীন্তন ব্রিটিশ সরকার এতে রাজী হয়নি। বরঞ্চ তদানীন্তন ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল ঘোষণা করেন যে, ব্রিটিশের ভারত-সাম্রাজ্য অটুট থাকবে। ব্রিটিশ প্রধানমন্ত্রীর ঘোষণা থেকে ইংরেজ সরকারের মনোভাব বুঝতে আর কারো অসুবিধে হ'ল না।



সুভাষচন্দ্র বসু

ইংলণ্ড ও অপরাপর মিত্রশক্তি দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথম দিকে তেমন সুবিধে করে উঠতে পারছিল না। কয়েকটি রণাঙ্গনে তাদের পরাজয়ও ঘটেছিল। উপরন্তু জাপান সেই সময় জার্মানির পক্ষে যুদ্ধ ঘোষণা করলে ইংরেজরা খুবই মুশকিলে পড়েছিল। জাপান, সিঙ্গাপুর ও ব্রহ্মদেশে ইংরেজদের সামরিক ঘাঁটি দখল করে নেওয়ায় ব্রিটিশ সরকার প্রমাদ গুণেছিল। এই পরিস্থিতিতে ইংরেজরা কিভাবে ভারতবাসীর কাছ থেকে আরও



জওহরলাল নেহরু

সহযোগিতা লাভ করতে পারে তা নিয়ে আলাপ-আলোচনার জন্য ইংলণ্ডের ব্রিটিশ সরকার স্ট্যাফোর্ড ক্রিপস্ নামে জনৈক বিশিষ্ট কূটনীতিককে এদেশে প্রেরণ করে। স্ট্যাফোর্ড ক্রিপস্-এর দৌত্য (১৯৪২ খ্রী) 'ক্রিপস্ মিশন' নামেও পরিচিত। ভারতীয় সমস্যা সমাধানে ক্রিপস্-এর প্রস্তাব মনঃপূত না হওয়ায় ভারতবাসী তা প্রত্যাখ্যান করে।

ক্রিপস্-এর দৌত্য ব্যর্থ হওয়ায় সারা দেশ ক্রোধে ফেটে পড়ে। গান্ধীজি এই সময়ে দেশব্যাপী 'ভারত ছাড়ো' আন্দোলন শুরু করবার প্রস্তুতি নেন। গান্ধীজির নির্দেশে জাতীয় কংগ্রেস একটি প্রস্তাব গ্রহণ করে। তাতে ব্রিটেনকে জানানো হয় যে, তারা যেন ভারতবাসীর ওপর ক্ষমতা হস্তান্তর করে দেশ ছেড়ে চলে যায়। এই প্রস্তাবটি বিখ্যাত 'ভারত ছাড়ো প্রস্তাব' নামে অভিহিত। আর তাকে কার্যকরী করবার জন্য দেশ জুড়ে যে আন্দোলন শুরু হয় তা 'ভারত ছাড়ো আন্দোলন' নামে খ্যাত। আগস্ট মাসে (১৯৪২ খ্রী) ঐ আন্দোলন শুরু হয়েছিল বলে তাকে 'আগস্ট বিপ্লব'ও বলা হয়।

ভারত ছাড়ো আন্দোলন শুরু হবার সময়ই জাতীয় নেতাদের সবাইকে ইংরেজ সরকার গ্রেপ্তার করবার ফলে নেতৃত্বহীন অবস্থায় জনসাধারণের অসন্তোষ স্বতঃস্ফূর্ত বিদ্রোহের মাধ্যমে প্রকাশ পেয়েছিল। এই বিদ্রোহের পুরোভাগে ছিলেন ছাত্র, শ্রমিক ও কৃষক। স্কুল-কলেজ ও কারখানায় ধর্মঘট শুরু হ'ল। ঐ সময়ে সারা ভারতে ধর্মঘটে যোগদানকারী শ্রমিকের সংখ্যা সাত লক্ষ ছাড়িয়ে গিয়েছিল। গ্রামাঞ্চলে কৃষকদের মধ্যেও দেখা দিয়েছিল নিদারুণ উৎসাহ। বিহার, উড়িষ্যা, নাগপুর ও মাদ্রাজে কৃষক অভ্যুত্থান দেখা দেয়। অনেক জায়গায় আবার কৃষকরা নিজেরাই বিকল্প শাসন প্রতিষ্ঠা করেছিল। এই স্বতঃস্ফূর্ত বিদ্রোহ দমন করবার জন্য ইংরেজরা হিংস্র দমননীতির আশ্রয় নিয়েছিল। প্রায় লক্ষাধিক লোককে গ্রেপ্তার করা হয়েছিল, আর নিহতের সংখ্যা দশ হাজারের কম ছিল না। সরকারী দমননীতির ফলে আগস্ট বিপ্লব অল্পদিনের মধ্যেই স্তব্ধ হয়ে গিয়েছিল। তবে হাজার হাজার মানুষ কারাবরণ ও মৃত্যুবরণ করে প্রমাণ করেছিল যে, স্বাধীনতার জন্য দেশবাসী যেকোনো মূল্য দিতে প্রস্তুত।

(খ) আজাদ হিন্দ বাহিনী ও সর্বাত্মক বিদ্রোহ : আগস্ট বিদ্রোহ দমনের পর থেকে ১৯৪৫ খ্রীস্টাব্দে দ্বিতীয় বিশ্বযুদ্ধ সমাপ্তি পর্যন্ত ভারতের স্বাধীনতা সংগ্রাম মন্থর গতিতে চলছিল। ইতিমধ্যে ভারতের বীর সন্তান নেতাজী সুভাষচন্দ্র বসু দেশত্যাগ করে বিদেশে চলে গিয়েছেন। মহাত্মা গান্ধীর সঙ্গে মত পার্থক্য হওয়ার দরুন তিনি ইতিপূর্বেই কংগ্রেস দল ত্যাগ করে 'ফরওয়ার্ড ব্লক' নামে নতুন একটি দল গড়ে তুলেছিলেন।

যাই হোক, ১৯৪১ খ্রীস্টাব্দে সুভাষচন্দ্র বসু ছদ্মবেশে দেশত্যাগ করে বহু কষ্টে প্রথমে রাশিয়া গিয়ে পৌঁছান। তাঁর ইচ্ছা ছিল ভারতের মুক্তি-সংগ্রামে রাশিয়ার সাহায্যের ব্যবস্থা করা। কিন্তু রাশিয়া যখন ইংলণ্ডের পক্ষ নিয়ে যুদ্ধে নামল তখন তিনি চলে যান জার্মানিতে। জার্মানদের কাছ থেকে সাহায্যের আশ্বাস পেয়ে তিনি উপস্থিত হন জাপানে ভারতের মুক্তি আন্দোলন গড়ে তুলতে। ইতিমধ্যে দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাপানী আক্রমণের

সময় ভারতীয় সেনাবাহিনীর যেসব অফিসার ও সৈনিকদের ইংরেজরা ফেলে এসেছিল তাদের নিয়ে গড়ে উঠেছিল বিশাল 'ভারতীয় জাতীয় বাহিনী' (আজাদ হিন্দ ফৌজ বা 'ইণ্ডিয়ান ন্যাশনাল আর্মি', সংক্ষেপে 'আই. এন. এ')। মোহন সিং ছিলেন সেই বাহিনীর সংগঠক। নেতাজী সুভাষ চন্দ্র বসু এই বাহিনীর সর্বাধিনায়কের পদ গ্রহণ করেন। তারপরে তিনি সিংগাপুরে একটি অস্থায়ী 'আজাদ হিন্দ সরকার' গঠন করে (২১শে অক্টোবর, ১৯৪৩ খ্রী) আনুষ্ঠানিকভাবে ব্রিটেন ও আমেরিকার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন।

পরের বছর জানুয়ারী মাসে 'দিল্লী চলো' ডাক দিয়ে আজাদ হিন্দ ফৌজের এক বিশাল সৈন্যবাহিনী নিয়ে সুভাষচন্দ্র বসু ভারত অভিমুখে রওয়ানা হন। গভীর দেশপ্রেমে উদ্‌বুদ্ধ আজাদ হিন্দ বাহিনীর সৈন্যদের স্বপ্ন ছিল তাঁরা দেশে মুক্তিযোদ্ধা হিসাবে প্রবেশ করে দেশ থেকে ইংরেজদের বহিষ্কার করবে। বাস্তবিকপক্ষে ইম্ফলের সমতলভূমি ও আরাকানের পার্বত্য অঞ্চলে আজাদ হিন্দ সেনারা ইংরেজদের বিরুদ্ধে অসামান্য বীরত্ব দেখিয়েছিল। ভারতের মাটিতে তারাই প্রথম জাতীয় পতাকা উড়িয়েছিল। এই সময়ে জাপানের পরাজয়ে আজাদ হিন্দ বাহিনীর পরিকল্পনা অপূর্ণ থেকে যায়। নানা বাধা-বিঘ্নের দরুন আজাদ হিন্দ বাহিনীকে ইংরেজদের কাছে আত্মসমর্পণ করতে হয়েছিল।

আজাদ হিন্দ বাহিনী ভারতবর্ষকে ইংরেজ শাসনমুক্ত করতে না পারলেও সুভাষচন্দ্র বসু ও তাঁর জাতীয় বাহিনী যে স্বদেশপ্রেমের দৃষ্টান্ত স্থাপন করেছিলেন তা যেমন মহৎ তেমনি প্রেরণাদায়ক। তাই দেখা যায়, ইংরেজ সরকার যখন রাজদ্রোহের অপরাধে আজাদ হিন্দ বাহিনীর কয়েকজন অফিসারকে সাজা দেবে বলে ঘোষণা করল তখন দেশের সর্বত্র গণবিক্ষোভ দেখা দেয়। সবাই একযোগে দাবি করল তাঁদের নিঃশর্ত মুক্তি। সেই সময় বিক্ষোভ প্রদর্শন, হরতাল পালন প্রভৃতির মাধ্যমে গণবিক্ষোভ এক সর্বাত্মক রূপ গ্রহণ করেছিল ; এবং তা প্রমাণ করেছিল যে ভারতের জনসাধারণ সরকারী দমন নীতি আর কিছুতেই মেনে নেবে না। উপরন্তু বিদ্রোহ ভারতীয় নৌ-সেনা ও বিমান বাহিনীর মধ্যে ছড়িয়ে পড়ায় ইংরেজদেরও বুঝতে বাকী রইল না যে এদেশে তাদের শাসন কায়েম রাখা আর আদৌ সম্ভব নয়। এই পরিস্থিতিতে তদানীন্তন ব্রিটিশ প্রধানমন্ত্রী ক্লীমেন্ট এট্‌লী ভারতীয়দের হাতে শাসন-ক্ষমতা হস্তান্তরের কথা ঘোষণা করেন।

(ঙ) **ক্ষমতা হস্তান্তর ও স্বাধীনতা লাভ :** ক্লীমেন্ট এট্‌লীর ঘোষণা অনুসারে ব্রিটিশ সরকার ভারতীয়দের হাতে শাসন-ক্ষমতা অর্পণের কাজ দ্রুত সম্পন্ন করবার জন্য লর্ড মাউন্টব্যাটেনকে ভারতবর্ষে প্রেরণ করেন (১৯৪৭ খ্রী)। মাউন্টব্যাটেন ভারতীয় জাতীয় কংগ্রেস ও মুসলিম লীগের সংগে দীর্ঘ আলাপ-আলোচনা করে বুঝতে পারেন যে, উভয়ের মধ্যে আপোস-রফার কোনো সম্ভাবনা নেই। কারণ মুসলিম লীগ ভারতীয় মুসলমানদের জন্য পৃথক 'পাকিস্তান' রাষ্ট্র গঠনের সিদ্ধান্তে অটল ছিল। তাছাড়া সেই সময়ে ভারতের সর্বত্র হিন্দু-মুসলমান সাম্প্রদায়িক দাংগা এক ভয়াবহ আকার ধারণ করেছিল। এমতাবস্থায় মাউন্টব্যাটেন নিজেই ক্ষমতা হস্তান্তর সম্পর্কে

একটি পরিকল্পনা প্রস্তুত করেন। এই পরিকল্পনা 'মাউন্টব্যাটেন পরিকল্পনা' নামে পরিচিত। এতে তিনি ঘোষণা করেন যে, 'ভারতবর্ষ' ও 'পাকিস্তান' নামে দুটি পৃথক রাষ্ট্র গঠন করা হবে। ভারতের মুসলমান সংখ্যাগরিষ্ঠ অঞ্চল নিয়েই 'পাকিস্তান' গঠিত হবে। মাউন্টব্যাটেনের পরিকল্পনা দেশের পরিস্থিতি বিবেচনায় জাতীয় কংগ্রেস মেনে নিতে বাধ্য হয়। আর 'পাকিস্তান' গঠনের প্রস্তাব মুসলিম লীগও স্বাগত জানিয়েছিল।

১৯৪৭ খ্রীস্টাব্দে ব্রিটিশ পার্লামেন্ট 'ভারতের স্বাধীনতা আইন' প্রণয়নের মাধ্যমে ঘোষণা করে যে, ঐ বছর ১৫ই আগস্ট তারিখে ভারতে ইংরেজ রাজত্বের অবসান ঘটবে এবং 'ভারতবর্ষ' ও 'পাকিস্তান' নামে দুটো দেশ আত্মপ্রকাশ করবে। সেই অনুসারে ১৯৪৭ খ্রীস্টাব্দের ১৫ই আগস্ট তারিখে ভারতবর্ষ ইংরেজ শাসনমুক্ত একটি স্বাধীন রাষ্ট্র হিসাবে জন্ম নেয়।

স্মৃতি-সহায়

১. মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতের স্বাধীনতা আন্দোলন এক নতুন দিকে মোড় নিয়েছিল।

২. ১৯২০ খ্রীস্টাব্দে মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতব্যাপী ইংরেজদের বিরুদ্ধে অহিংস অসহযোগ আন্দোলন শুরু হয়।

৩. অহিংস অসহযোগ-আন্দোলন চলাকালীন ভারতের কৃষক ও শ্রমিকরাও তাতে ঝাঁপিয়ে পড়েছিল। ১৯২০ খ্রীস্টাব্দে বোম্বাই শহরে 'নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস' গঠিত হয়। লালা লাজপৎ রায় তার প্রথম নির্বাচিত সভাপতি ছিলেন।

৪. অহিংস অসহযোগ-আন্দোলন প্রত্যাহৃত হওয়ার পরে 'স্বরাজ্য দল' ভারতের স্বাধীনতা-সংগ্রামে এক নতুন জোয়ার এনেছিল।

৫. ১৯৩০ খ্রীস্টাব্দে মহাত্মা গান্ধীর নেতৃত্বে আইন-অমান্য আন্দোলন শুরু হয়েছিল।

৬. দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন ভারতের স্বাধীনতা সংগ্রাম আরও তীব্র হয়ে ওঠে। ১৯৪২ খ্রীস্টাব্দে শুরু হয় ইংরেজদের বিরুদ্ধে 'ভারত ছাড়ো' আন্দোলন।

৭. ১৯৪১ খ্রীস্টাব্দে নেতাজী সুভাষচন্দ্র বোস ইতিপূর্বে গঠিত আজাদ হিন্দ ফৌজের দায়িত্বভার গ্রহণ করে ভারতে ইংরেজ সরকারের বিরুদ্ধে আক্রমণের প্রস্তুতি নেন।

৮. সর্বস্তরের ভারতবাসীর আন্দোলনের চাপে বিভ্রান্ত হয়ে ইংরেজরা অবশেষে ভারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তরের সিদ্ধান্ত নেয়; এবং এই উদ্দেশ্যে লর্ড মাউন্টব্যাটেনকে 'ভাইসরয়' হিসাবে এদেশে প্রেরণ করে।

৯. ১৯৪৭ খ্রীস্টাব্দে ব্রিটিশ পার্লামেন্ট 'ভারতের স্বাধীনতা আইন' পাশ করে সিদ্ধান্ত নেয় যে ১৫ই আগস্ট ভারতবর্ষে ইংরেজ শাসনের অবসান ঘটবে।

১০. ১৯৪৭ খ্রীস্টাব্দের ১৫ই আগস্ট ভারতবর্ষ ইংরেজ শাসনমুক্ত একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করে।

অনুশীলনী

১. মহাত্মা গান্ধী 'রাউলাট আইন'-এর বিরুদ্ধে কিভাবে প্রতিবাদ জানিয়েছিলেন?

২. 'খিলাফৎ আন্দোলন' কি তা বুঝিয়ে বল।

৩. গান্ধীজি অসহযোগ আন্দোলন শুরু করেছিলেন কেন? তিনি ঐ আন্দোলন আকস্মিকভাবে প্রত্যাহার করে নেন কেন?

৪. অসহযোগ আন্দোলনের সমসাময়িক ভারতে কৃষক ও শ্রমিক আন্দোলনের পরিচয় দাও।

৫. প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তীকালে ভারতীয় সন্ত্রাসবাদীদের মধ্যে কি নতুন ভাবধারা লক্ষ্য করা যায়? এই পর্বে সন্ত্রাসবাদীদের কার্যকলাপের পরিচয় দাও।

৬. গান্ধীজির নেতৃত্বে আইন-অমান্য আন্দোলনের পরিচয় দাও।

৭. আইন-অমান্য আন্দোলনে পাঠানরা কি ভূমিকা নিয়েছিল?

৮. কি রাজনৈতিক পরিপ্রেক্ষিতে ভারত-ছাড়ো আন্দোলন শুরু হয়?

৯. 'ভারত ছাড়ো প্রস্তাব'টি কি? ভারত-ছাড়ো আন্দোলনের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

১০. ভারতের মুক্তি-সংগ্রামে নেতাজী সুভাষচন্দ্র বসু ও আজাদ হিন্দ বাহিনীর ভূমিকা আলোচনা কর।

১১. কি রাজনৈতিক পরিপ্রেক্ষিতে এবং কিভাবে ব্রিটিশ সরকার ভারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তর করেছিল?

১২. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] 'মন্টেগু চেমস্‌ফোর্ড সংস্কার' কবে ঘোষিত হয়? [খ] জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে রবীন্দ্রনাথ ঠাকুর কি করেছিলেন? [গ] কে কবে অসহযোগ আন্দোলন শুরু করেন? [ঘ] কবে 'নিখিল ভারত ট্রেড ইউনিয়ান কংগ্রেস' গঠিত হয়? এর প্রথম অধিবেশনের সভাপতি কে ছিলেন? [ঙ] কারা কবে 'স্বরাজ্য দল' গঠন করেন? [চ] কবে 'সর্বভারতীয় কমিউনিস্ট পার্টি' গঠিত হয়েছিল? [ছ] লবণ-আইন ভঙ্গ করতে সবরমতী আশ্রম থেকে কে কবে রওয়ানা হয়েছিলেন? [জ] কে ভারতীয় মুসলমানদের জন্য পৃথক 'পাকিস্তান' রাষ্ট্র গঠনের দাবি জানান? [ঝ] ১৯৪২ সালে ব্রিটিশ সরকার ভারতীয় নেতৃবর্গের সঙ্গে আলাপ-আলোচনার জন্য কাকে পাঠিয়েছিল? [ঞ] কে কবে অস্থায়ী 'আজাদ হিন্দ সরকার' গঠন করেন?

১৩. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

[ক] 'মন্টেগু চেমস্‌ফোর্ড সংস্কার' ভারতবাসীকে সন্তুষ্ট করেছিল কি? [খ] 'জালিয়ানওয়ালাবাগ' ঘটনাটি কি তা বল। [গ] চৌরিচৌরা ঘটনাটি বিবৃত কর। [ঘ] ১৯২০ খ্রীস্টাব্দে উত্তর-প্রদেশের কৃষক-আন্দোলনের পরিচয় দাও। [ঙ] ভারতীয় মুক্তি-সংগ্রামে 'হিন্দুস্তান সোস্যালিস্ট রিপাব্লিকান এ্যাসোসিয়েশন'-এর ভূমিকা কি ছিল? [চ] বর্তমান শতাব্দীর তৃতীয় দশকে ঢাকা ও চট্টগ্রামের বিপ্লবীদের কার্যকলাপের পরিচয় দাও। [ছ] আইন-অমান্য আন্দোলনের প্রস্তুতি-পর্বে মহাত্মা গান্ধী বড়লাটের কাছে কি দাবি পেশ করেছিলেন? [জ] ১৯৩৫ সালের 'ভারত শাসন আইন'-এ কি বলা হয়েছিল? [ঝ] কেন ব্রিটিশ সরকার এদেশে 'ক্রিপস্‌ মিশন' পাঠিয়েছিল? [ঞ] আজাদ হিন্দ বাহিনী ভারতবর্ষে সাফল্য অর্জন করেছিল কি? [ট] 'মাউন্টব্যাটেন পরিকল্পনা' কি?

১৪. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর :

[ক] মহাত্মা গান্ধী —— ও —— জেলার কৃষক আন্দোলনে তাঁর সত্যাগ্রহের অস্ত্রটি সাফল্যের সঙ্গে প্রয়োগ করেছিলেন। [খ] —— ও ——ছিলেন উত্তরপ্রদেশের কৃষক-আন্দোলনের দু'জন নেতা। [গ] ——, ——, ——প্রভৃতি ছিলেন চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের কয়েকজন নেতা। [ঘ] 'ভারত ছাড়ো' আন্দোলন '——' নামেও পরিচিত।



চীন দেশের বিপ্লবান্দোলন

(১) চীনদেশের বিপ্লব : (ক) চীন প্রজাতন্ত্রে ভাঙ্গন : ১৯১২ খ্রীস্টাব্দে ইউয়ান সি-কাই প্রজাতান্ত্রিক চীনের রাষ্ট্রপতি নির্বাচিত হন। সান ইয়াৎ সেন স্বেচ্ছায় পদত্যাগ করে ইউয়ানকে রাষ্ট্রপতি পদে বরণ করেছিলেন। তাঁর আশা ছিল, ইউয়ানের মত শক্তিশালী ব্যক্তির নেতৃত্বে চীনদেশের নবগঠিত প্রজাতন্ত্রের ভিত্তি সুদৃঢ় হবে। কিন্তু অল্প দিনের মধ্যেই এটা স্পষ্ট হয়ে উঠল যে, প্রজাতন্ত্রের প্রতি ইউয়ানের বিন্দুমাত্র আনুগত্য নেই। তিনি একজন স্বৈরাচারীর মত চলতে চাইছেন। এর পরিণতি হিসাবে অচিরেই সান ইয়াৎ সেনকে ইউয়ান সি-কাইয়ের বিরুদ্ধে সংগ্রামে নামতে হয়েছিল। আর তাতে চীনের নবগঠিত প্রজাতন্ত্রে ভাঙ্গন দেখা দিয়েছিল।

ইতিমধ্যে সান ইয়াৎ সেনের 'তুং মিং হুই' দল অন্যান্য আরও চারটি দলের সঙ্গে মিশে গিয়ে 'কুয়োমিনতাঙ্' বা জাতীয়তাবাদী দল গড়ে উঠেছে। এই দল ইউয়ানের কার্যকলাপের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাতে থাকে। ইউয়ান এইসব প্রতিবাদকে গ্রাহ্যের মধ্যে আনেন নি। তিনি নিজের সামরিক শক্তি বৃদ্ধি করে তাঁর বিরোধীদের শায়েস্তা করবার পন্থা অবলম্বন করেন। ইউয়ানের স্বৈরাচারী কার্যকলাপ তখন চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। এর প্রতিবাদে দক্ষিণ চীনের ছয়টি প্রদেশ একে একে স্বাধীনতা ঘোষণা করে। এইভাবে চীন প্রজাতন্ত্রে ভাঙ্গন দেখা দিয়েছিল। কিন্তু ইউয়ান ক্ষিপ্রগতিতে সামরিক তৎপরতার সঙ্গে সেই বিদ্রোহী শাসনকর্তাদের দমন করে প্রদেশগুলিতে নিজ কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠায় সমর্থ হন।

এরপরে ইউয়ানের নিজ ক্ষমতা সম্পর্কে আত্মবিশ্বাস জন্মে এবং তিনি প্রজাতন্ত্রকে বাতিল করে চীনদেশে রাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করতে উদ্যোগী হন। তিনি নিজেই চীনের সম্রাট হবেন বলে ভেবেছিলেন। কিন্তু এই আশা পূরণ হবার আগেই তিনি মৃত্যুমুখে পতিত হন (১৯১৬ খ্রী)।

ইউয়ান সি-কাইয়ের মৃত্যুর পরে চীনদেশের সর্বত্র বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথা চাড়া দিয়ে ওঠে। তখন দেশের বিভিন্ন অঞ্চলে 'তু-চুন' বা সমরনেতারা স্ব স্ব প্রধান হয়ে ওঠেন। সমরনেতাদের পরস্পর দ্বন্দ্ব ও হানাহানির ফলে চীনদেশের সর্বত্র চরম বিশৃংখলা চলতে থাকে। সমরনেতাদের নিয়ন্ত্রণাধীন পিকিং-এ একটা কেন্দ্রীয় সরকার ছিল বটে, কিন্তু ঐ সরকারের ক্ষমতা ছিল খুবই সীমিত। সমরনেতাদের কর্তৃত্বাধীন প্রাদেশিক অঞ্চলগুলো এক রকম স্বাধীন হয়ে পড়েছিল বলা যেতে পারে। এইসব কারণে সেই সময় চীন-দেশের জাতীয় ঐক্য ও সংহতি একেবারে লুপ্ত হয়েছিল।

চীনের জাতীয় জীবনে যখন ঘোরতর দুর্দিন দেখা দিয়েছে সেই সময় '৪ঠা মে আন্দোলন' চীনাদের মধ্যে এক নতুন প্রাণের সঞ্চার করেছিল। ১৯১৯ খ্রীস্টাব্দের ৪ঠা মে তারিখে পিকিং-এর প্রায় পাঁচ হাজার ছাত্র এক সমাবেশ করে। এই সমাবেশে ছাত্ররা চীনদেশে বিদেশী হস্তক্ষেপের বিরুদ্ধে ধ্বনি তুলেছিল এবং বিদেশী জিনিস বর্জন করবার আহবান জানিয়েছিল। গভীর দেশপ্রেমে উদ্‌বুদ্ধ এই ৪ঠা মে আন্দোলন চীনদেশের সর্বত্র ছড়িয়ে পড়ে। এই আন্দোলনে ব্যবসায়ী, শ্রমিক ও অন্যান্য সামাজিক স্তরের মানুষ যোগ-দান করবার ফলে তা এক গণ-আন্দোলনের রূপ গ্রহণ করেছিল। ৪ঠা মে আন্দোলনের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হ'ল, এই সময় থেকে চীনদেশে মার্কসবাদ বিশেষ জনপ্রিয়তা অর্জন করে ; এবং এক শ্রেণীর চিন্তাশীল মানুষ সমাজতন্ত্রের পথকে চীনের উন্নতির সোপান বলে ভাবতে শুরু করেন।

ইতিমধ্যে সান ইয়াৎ সেন সমরনেতাদের কবল থেকে দেশকে মুক্ত করে ঐক্য প্রতিষ্ঠার চেষ্টা চালিয়ে ব্যর্থ হন। তিনি ক্রমশঃ উপলব্ধি করতে লাগলেন যে, কুয়োমিনতাঙ্ দলকে যদি শক্তিশালী না করা যায়, দলের সদস্য-দের মধ্যে নিয়মানুবর্তিতা ও শৃংখলা ফিরিয়ে আনা না যায় এবং তাদের যদি আদর্শের প্রতি অনুগত করা না যায় তাহ'লে ঐ দলের নেতৃত্বে দেশকে ঐক্যবদ্ধ করা যাবে না। এইরূপ চিন্তা করে তিনি রাশিয়ার বলশেভিক দলের অনুকরণে কুয়োমিনতাঙ্ দলকে পুনর্গঠিত করতে উদ্যোগী হন। এমনকি, তা করতে গিয়ে তিনি কয়েকজন রুশ পরামর্শদাতার সাহায্যও নিয়েছিলেন।

সান ইয়াৎ সেন কুয়োমিনতাঙ্ দলের সদস্যদের কাছে তিনটি আদর্শ তুলে ধরেছিলেন। এই আদর্শগুলি 'স্যান মিন চু আই' বা 'তিনটি গণনীতি' নামে পরিচিত। তিনটি গণনীতি হ'ল : গণতন্ত্র, সমাজতন্ত্র ও জাতীয়তা-বাদ। 'গণতন্ত্র' বলতে তিনি বুঝিয়েছিলেন জনসাধারণ কর্তৃক পরিচালিত এবং তাদের কল্যাণের জন্য প্রশাসন-ব্যবস্থা ; 'সমাজতন্ত্র' বলতে জনসাধারণের জীবন ধারণের উপযোগী ব্যবস্থা ; এবং 'জাতীয়তাবাদ' বলতে বিদেশী নিয়ন্ত্রণের হাত থেকে মুক্তি। সান ইয়াৎ সেনের মৃত্যুর পরবর্তী কালে উপরি-উক্ত নীতিগুলো কুয়োমিনতাঙ্ দলের নীতিশাস্ত্ররূপে গৃহীত হয়েছিল। সান ইয়াৎ সেন কুয়োমিনতাঙ্ দলের জন্য একটি কর্মসূচীও রচনা করেন। এই কর্মসূচীর প্রথম কথা ছিল সামরিক শাসনের ব্যবস্থা। অর্থাৎ সামরিক অভিযানের দ্বারা দেশকে প্রথমে ঐক্যবদ্ধ করা। যাই হোক,

আকস্মিকভাবে রোগাক্রান্ত হয়ে সান ইয়াৎ সেনের মৃত্যু হওয়ায় (১৯২৫ খ্রী) তিনি তাঁর কার্যসূচীর সফল রূপায়ণ দেখে যেতে পারেন নি। তাঁর মৃত্যুর পরে সেই দায়িত্ব গ্রহণ করেন চিয়াং কাই-সেক।

(খ) কুয়োমিনতাঙ্‌দের সঙ্গে কমিউনিস্ট দলের সম্পর্ক : চিয়াং কাই-সেক : সমাজতান্ত্রিক রাশিয়ার প্রতিষ্ঠা চীনদেশকে গভীরভাবে প্রভাবিত করেছিল। সান ইয়াৎ সেন তাঁর কুয়োমিনতাঙ্‌ দলকে যে বলশেভিক ধাঁচে গড়ে তুলেছিলেন সেকথা আগেই বলেছি। তাছাড়া রুশ-বিপ্লবের সাফল্যের দৃষ্টান্তে চীনদেশে এক শ্রেণীর মানুষ মার্কসবাদী আদর্শের প্রতি অনুরক্ত হয়। ১৯২১ খ্রীস্টাব্দে সাংহাইতে আনুষ্ঠানিকভাবে 'চীনা কমিউনিস্ট পার্টি' গঠিত হয়।


চীনা কমিউনিস্ট পার্টি গড়ে উঠলেও সান ইয়াৎ সেনের আমলে চীনা কমিউনিস্টরা কুয়োমিনতাঙ্‌ দলের সঙ্গে মিলিতভাবে কাজ করছিল। এই সমঝোতার পেছনে অবশ্য উভয়ের স্বার্থই জড়িত ছিল। সান ইয়াৎ সেন উপলব্ধি করেছিলেন যে, কুয়োমিনতাঙ্‌ দল চীনদেশে জনপ্রিয় হলেও কৃষক ও শ্রমিকদের সঙ্গে কমিউনিস্টদের যোগাযোগ বেশী। সুতরাং তিনি চাই-ছিলেন যে কমিউনিস্টদের যদি কুয়োমিনতাঙ্‌ দলের সঙ্গে ভিড়িয়ে নেওয়া যায় তাহলে ঐক্যবদ্ধভাবে চীনের সমরনেতা (তু-চুন) এবং বিদেশী সাম্রাজ্য-বাদের বিরুদ্ধে লড়তে সুবিধে হবে। অপরদিকে কমিউনিস্টরা বুঝতে পেরেছিল যে, চীনদেশে সোভিয়েট রাশিয়ার ধাঁচে দলকে গড়ে তোলা এখনই সম্ভব হবে না, সুতরাং তাদের কুয়োমিনতাঙ্‌ দলের সঙ্গে সমঝোতা করে চলতে হবে। এইভাবে সান ইয়াৎ সেনের আমলে কুয়োমিনতাঙ্‌দের সঙ্গে কমিউনিস্টদের সহযোগিতার সম্পর্ক ছিল। কিন্তু সান ইয়াৎ সেনের মৃত্যুর পরে তাঁর অনুগামী চিয়াং কাই-সেকের আমলে এই সমঝোতা ভেঙ্গে যায় এবং তিনি কমিউনিস্ট দলন নীতি গ্রহণ করেন।

১৯২৬ খ্রীস্টাব্দে চিয়াং কাই-সেক জাতীয় বাহিনী নিয়ে চীনের উত্তরাভি-মুখে রওয়ানা হন। এই অভিযানে কমিউনিস্টরাও অংশ গ্রহণ করেছিল। অভিজ্ঞ সেনাপতি চিয়াং-এর উদ্দেশ্য ছিল, উত্তর-চীনের সমরনেতাদের পর্যুদস্ত করে চীনদেশকে ঐক্যবদ্ধ করা। চিয়াং কাই-সেকের অভিযানের প্রথম অবস্থায় লক্ষণ ভালই দেখা গিয়েছিল। কুয়োমিনতাঙ্‌ বাহিনীর অগ্রগতি অব্যাহতভাবেই চলছিল। লক্ষণ দেখে মনে হয়েছিল যে, চীনদেশে অন্তহীন গৃহযুদ্ধ ও বিশৃঙ্খলার অবসান অচিরেই ঘটবে, দেশে স্থায়ী শান্তি প্রতিষ্ঠা হবে এবং চীনদেশ ঐক্যবদ্ধ হবে। কিন্তু সেই সময় এক নতুন বাধা দেখা দিল। কমিউনিস্টদের সঙ্গে চিয়াং কাই-সেকের বিবাদই সেই বাধা।

চিয়াং কাই-সেকের সঙ্গে কমিউনিস্টদের বিরোধের কারণ সঠিকভাবে নির্ণয় করা কঠিন। কারণ এব্যাপারে ঐতিহাসিকদের নানা মুনি নানা মত পোষণ করে থাকেন। তবে কমিউনিস্টদের কর্মপন্থা প্রথম থেকেই চিয়াং কাই-সেকের মনঃপূত হয় নি। তিনি ছিলেন নরমপন্থী। অভিযান চলা-কালীন কমিউনিস্টদের বিদেশী প্রতিষ্ঠান আক্রমণ ও অপরাপর হিংসাত্মক কার্যকলাপে তিনি অত্যন্ত বিচলিত হয়ে পড়েন। এরই ফলে তিনি জাতীয়

বাহিনী থেকে কমিউনিস্টদের বহিষ্কার করেন। কেবল তাই নয়, অতঃপর তিনি কমিউনিস্টদের ওপর আক্রমণ চালিয়ে তাদের নিশ্চিহ্ন করতে উদ্যোগী হন।

(গ) 'লং মার্চ' (দীর্ঘ পদযাত্রা) ঃ সিয়ান ঘটনা ঃ ১৯২৮ খ্রীস্টাব্দের মধ্যে চিয়াং কাই-সেক চীনদেশের অধিকাংশ অঞ্চলকে ঐক্যবন্ধ করেন এবং



পিকিং-এর পরিবর্তে নানকিং-এ একটি জাতীয় সরকার গঠন করেন। এই সরকার অবশ্য নিজেকে যে দৃঢ়রূপে প্রতিষ্ঠিত করতে পেরেছিল তা মোটেই বলা যায় না। কারণ জাতীয় সরকার কুয়োমিনতাঙ্-বিরোধী দলগুলির আঘাত কাটিয়ে উঠতে পারেনি। তাছাড়া আক্রমণ চালানো সত্ত্বেও কমিউ-

নিস্টদের ধ্বংস করা যায় নি বা তাদের প্রসারের সম্ভাবনা লুপ্ত হয় নি। করভারে জর্জরিত কৃষক ও অন্যান্যদের অসন্তোষের ফলে সেই সময় চীনদেশে কমিউনিস্টদের উত্থানের অনুকূল পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। চীনা কমিউনিস্টরা গ্রামে গিয়ে কৃষকদের মধ্যে তাদের সংগঠন গড়ে তুলতে থাকে। কিয়াংসির পর্বতসংকুল অঞ্চলে তারা নিজেদের ঘাঁটি তৈরী করেছিল। এখানেই মাও সে তুং কৃষক সংগঠন এবং জমিদার-উৎসাদনের কাজে আত্মনিয়োগ করে তাঁর অপূর্ব সাংগঠনিক ও নেতৃত্বের ক্ষমতা দেখিয়েছিলেন। মাও সে তুং-এর নেতৃত্বে কমিউনিস্টরা বড় বড় জমিদারের জমি বাজেয়াপ্ত করে সেই জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন করে দেয়।

কিয়াংসি ও তার নিকটবর্তী এলাকায় কমিউনিস্টরা প্রচণ্ড শক্তিশালী হয়ে ওঠায় চিয়াং কাই-সেক ও তাঁর সরকার প্রমাদ গুণলেন। তিনি ঐ অঞ্চলের কমিউনিস্টদের ওপর আক্রমণের ব্যাপক প্রস্তুতি করেন। এই অবস্থায় কুয়োমিনতাঙ্ দলের আক্রমণ এড়াতে মাও সে তুং-এর নেতৃত্বে কমিউনিস্টরা কিয়াংসি প্রদেশ ত্যাগ করে ছয় হাজার মাইল (৯৬০০ কিলোমিটার) দূরে পীত নদীর বাঁকে সেনসি প্রদেশে নিরাপদ জায়গায় সরে আসে। চীনা কমিউনিস্টদের এই ছয় হাজার মাইল 'দীর্ঘ পদযাত্রা' (ইংরেজীতে 'লং মার্চ') ইতিহাসের একটি বিস্ময়কর ঘটনা (১৯৩৪ খ্রী)। এই পদযাত্রাকালে হাজার হাজার লোকের মৃত্যু হয়েছিল এবং অল্পসংখ্যক লোকই গন্তব্যস্থলে পৌঁছাতে পেরেছিল। তবে এই নিদারুণ পরিশ্রম কমিউনিস্টদের নিয়মানুবর্তিতা ও কষ্টসহিষ্ণুতা শিখিয়েছিল। এইসব গুণ পরবর্তী কালে কুয়োমিনতাঙ দলের সঙ্গে লড়াইয়ে কমিউনিস্টদের শক্তি জুগিয়েছিল।

দীর্ঘ পদযাত্রার পরে চীনা কমিউনিস্টরা সেনসি প্রদেশে নিজেদের যখন প্রতিষ্ঠিত করছিল তখনও চিয়াং কাই-সেক তাদের দলন থেকে নিবৃত্ত হন নি। তিনি চ্যাং সিউ-লিয়াং নামে জনৈক ব্যক্তিকে সসৈন্যে সেখানে পাঠিয়েছিলেন কমিউনিস্টদের ধ্বংস করতে। ইতিমধ্যে কিন্তু ১৯৩১ থেকেই জাপানীরা চীনদেশ আক্রমণ করে চিয়াং কাই-সেককে ব্যতিব্যস্ত করে তুলছিল। তথাপি তিনি জাপানী আক্রমণ প্রতিরোধ অপেক্ষা কমিউনিস্টদের নিশ্চিহ্ন করবার ওপরই বেশী গুরুত্ব আরোপ করেছিলেন। চ্যাং সেনসিতে উপস্থিত হ'লে কমিউনিস্টরা তাঁকে বোঝাতে সমর্থ হয়েছিল যে কুয়োমিনতাঙ্-কমিউনিস্ট লড়াই অপেক্ষা আততায়ী জাপানকে প্রতিহত করা অনেক বেশী গুরুত্বপূর্ণ। চিয়াং কাই-সেক এসব ব্যাপার কিছুই জানতেন না। তিনি চ্যাংকে কমিউনিস্টদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা সম্পর্কে পরামর্শ দেবার জন্য সেনসি'র রাজধানী সিয়ান নগরীতে উপস্থিত হন। কিন্তু সেখানে আকস্মিকভাবে চ্যাং-এর সৈন্যেরাই তাঁকে বন্দী করে ফেলে। এই ঘটনা ইতিহাসে 'সিয়ান ঘটনা' নামে খ্যাত (১৯৩৬ খ্রী)। চিয়াং কাই-সেক অতঃপর কমিউনিস্টদের সঙ্গে মিলিতভাবে জাপানী আক্রমণের মোকাবিলা করতে রাজী হলে তাঁকে মুক্তি দেওয়া হয়। সিয়ান ঘটনার সময় মাও সে তুং-এর নির্দেশে কমিউনিস্টরা মধ্যস্থতা না করলে বিদ্রোহী চ্যাং ও তাঁর সৈন্যেরা হয়ত চিয়াং কাই-সেককে হত্যা করত। মাও সে তুং এই সময় দূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন। কারণ তিনি উপলব্ধি করে-

ছিলেন যে চিয়াং-এর বিরোধিতা অপেক্ষা তাঁর সঙ্গে মিলিতভাবে দেশকে জাপানী আক্রমণ থেকে বাঁচানো অনেক বেশী গুরুত্বপূর্ণ। যাই হোক, এই-ভাবে সিয়ান ঘটনার মাধ্যমে জাপানী আক্রমণের বিরুদ্ধে কুয়োমিনতাঙ্ ও কমিউনিস্ট-দের যুক্তফ্রন্ট গড়ে উঠেছিল।

সিয়ান ঘটনার মাধ্যমে কমিউনিস্ট-কুয়োমিনতাঙ্ যে সমঝোতা গড়ে উঠেছিল তার কিছুদিনের মধ্যেই জাপান চীনদেশের ওপর ব্যাপক আক্রমণ চালাতে থাকে। ১৯৩৭ থেকে ১৯৪১ খ্রীস্টাব্দ পর্যন্ত চীন ও জাপানের মধ্যে অঘোষিত যুদ্ধ চলতে থাকে। এই সময়ে কুয়োমিনতাঙ্-কমিউনিস্ট দলের মধ্যে ছোট-খাট ব্যাপার নিয়ে মতবিরোধ দেখা দিলেও উভয় দল মিলিতভাবে জাপানী আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল। কিন্তু ১৯৪১ সালে জাপান আমেরিকার পার্ল হারবার বন্দরের ওপর বোমাবর্ষণ করলে জাপান দ্বিতীয় বিশ্বযুদ্ধের আবর্তে জড়িয়ে পড়েছিল ; এবং সেই সূত্রে চীন-জাপান যুদ্ধ এক নতুন পর্যায়ে উপনীত হয়েছিল। জাপান ইতিমধ্যে চীনদেশের এক বিস্তীর্ণ অঞ্চল দখল করে নিয়েছে এবং চীনদেশের ওপর ব্যাপক আক্রমণ চালাচ্ছে। জাপানী আক্রমণের সম্মুখে চীনাবাসীরা যতদূর সম্ভব তা প্রতিরোধ করে যাচ্ছিল। চীনাদের জাপানী আক্রমণ প্রতিরোধ চীনদেশের আন্তর্জাতিক সম্মান অনেকখানি বাড়িয়ে দিয়েছিল।

১৯৪৫ খ্রীস্টাব্দে জাপান বিনাশর্তে মিত্র-শক্তির কাছে আত্মসমর্পণ করায় দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান ঘটে এবং তার সঙ্গে সঙ্গে চীন-জাপান যুদ্ধেরও পরিসমাপ্তি ঘটে। জাপানী আক্রমণের আশঙ্কা লুপ্ত হওয়ায় চিয়াং কাই-সেক ও কমিউনিস্টদের মধ্যে যুদ্ধকালীন সমঝোতার ইতি ঘটেছিল। কুয়োমিনতাঙ্ ও কমিউনিস্ট দল আবার গৃহযুদ্ধে লিপ্ত হয়েছিল। চিয়াং কাই-সেক চাইছিলেন চীনদেশে কুয়োমিনতাঙ্ দলের নেতৃত্বে গঠিত জাতীয় সরকারের প্রাধান্য



সান ইয়াৎ সেন



চিয়াং কাই-সেক



মাও সে-তুং

বজায় রাখতে ; অন্যদিকে কমিউনিস্টরা কুয়োমিনতাঙ্ শাসনের অবসান ঘটাতে বদ্ধপরিকর ছিল। এমতাবস্থায় কুয়োমিনতাঙ্ দলের সঙ্গে কমিউনিস্ট বাহিনীর সংঘর্ষ শুরু হয়। কুয়োমিনতাঙ্ দলের লোকবল ও অস্ত্রশস্ত্র থাকা সত্ত্বেও প্রতি পদক্ষেপে তারা লাল ফৌজের কাছে পরাজিত হতে থাকে। তার কারণ অসন্তোষ তখন কুয়োমিনতাঙ্ দলের মধ্যেও প্রবেশ করেছে। কমিউনিস্টরা একে একে চীনা মূল ভূ-খণ্ডের সবটা জায়গা দখল করলে পর চিয়াং কাই-সেক ফরমোজা দ্বীপে চলে আসেন এবং সেখানে জাতীয় সরকারকে স্থানান্তরিত করেন। বিজয়ী কমিউনিস্টরা ১৯৪৯ খ্রীস্টাব্দের ১লা অক্টোবর আনুষ্ঠানিকভাবে মাও সে তুং-এর নেতৃত্বে পিকিং-এ 'চুয়াং-হুয়া জেন মিন কু হো-কুও' (দি পিপলস্ রিপাব্লিক অফ চায়না) অর্থাৎ জনগণের প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী চীনের প্রথম চেয়ারম্যান হলেন মাও সে তুং।

স্মৃতি-সহায়

১. সান ইয়াৎ সেন 'কুয়োমিনতাঙ্' নামে এক জাতীয়তাবাদী দল গঠন করে ইউয়ান সি-কাই'-এর স্বৈরতন্ত্রী কার্যকলাপের প্রতিবাদ করতে থাকেন।

২. চীনদেশে সমরনেতাদের প্রাধান্যের দরুন চীন প্রজাতন্ত্রের নাভিশ্বাস উঠেছিল।

৩. ১৯২১ খ্রীস্টাব্দে গঠিত 'কমিউনিস্ট পার্টি'র সঙ্গে প্রথম দিকে কুয়োমিনতাঙ দলের সমঝোতা ছিল। উভয়েই মিলিতভাবে সমরনেতাদের কবল থেকে চীনদেশকে মুক্ত করতে উদ্যোগী হয়েছিল।

৪. চিয়াং কাই-সেনের নেতৃত্বে কুয়োমিনতাঙ দলের সঙ্গে শেষ পর্যন্ত কমিউনিস্টদের বিবাদ শুরু হয়।

৫. কুয়োমিনতাঙ—কমিউনিস্ট বিরোধে শেষ পর্যন্ত কমিউনিস্টরা জয়ী হয়েছিল। কমিউনিস্টরা চীনদেশের মূল ভূ-খণ্ডের সবটা দখল করে নিয়েছিল।

৬. ১৯৪৯ খ্রীস্টাব্দে মাও সে তুং-এর নেতৃত্বে গণপ্রজাতন্ত্রী চীনের প্রতিষ্ঠা হয়। তিনিই ছিলেন সেই গণপ্রজাতন্ত্রের প্রথম চেয়ারম্যান।

অনুশীলনী

১. ইউয়ান সি-কাই'এর স্বৈরাচারী কার্যকলাপের দরুন কিভাবে চীনা প্রজাতন্ত্রে ভাঙ্গন দেখা দিয়েছিল তা বুঝিয়ে বল।

২. সান ইয়াৎ সেন কুয়োমিনতাঙ্ দলকে কিভাবে পুনর্গঠিত করেছিলেন তা সংক্ষেপে বিবৃত কর।

৩. সান ইয়াৎ সেন'এর আমলে কমিউনিস্টদের সঙ্গে তাঁর কিরূপ সম্পর্ক ছিল?

৪. চীনা কমিউনিস্টরা 'দীর্ঘ পদযাত্রা' করেছিল কেন? এই দীর্ঘ পদযাত্রার গুরুত্ব কি ছিল?

৫. 'সিয়ান ঘটনা' কি তা বুঝিয়ে বল।
৬. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :
[ক] ৪ঠা মে আন্দোলন কবে হয়েছিল?
[খ] সান ইয়াৎ সেন-এর উদ্ভাবিত তিনটি গণনীতি কি কি?
[গ] 'দীর্ঘ পদযাত্রা' কোথায় শুরু এবং শেষ হয়?
[ঘ] 'সিয়ান ঘটনা' কবে অনুষ্ঠিত হয়?
৭. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :
[ক] 'ইউয়ান সি কাই'এর মৃত্যুর পরে চীন দেশ কাদের কবলিত হয়?
[খ] '৪ঠা মে আন্দোলন' কি?
[গ] সান ইয়াৎ সেন কুয়োমিনতাঙ দলের কাছে কোন্ তিনটি নীতি তুলে ধরেন?
[ঘ] গণ প্রজাতন্ত্রী চীনের প্রথম চেয়ারম্যান কে ছিলেন?
৮. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর :
[ক] সমরনেতাদের চীনদেশে —— বলা হত।
[খ] ১৯২১ খ্রীস্টাব্দে ——তে চীনা কমিউনিস্ট পার্টি গড়ে ওঠে।



অষ্টাদশ অধ্যায়

দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তরকালে দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিপ্লবান্দোলন

'দক্ষিণ-পূর্ব' এশিয়া বলতে বোঝায় ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগরের মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত একগুচ্ছ ছোট ছোট দ্বীপ ও দক্ষিণ-এশিয়ার কিছু ভূ-খণ্ড। এখানে বর্তমানে অনেকগুলো দেশ আত্মপ্রকাশ করেছে যেমন ঃ ভিয়েৎনাম, কাম্বোডিয়া (বর্তমান কাম্পুচিয়া), লাওস, ইন্দোনেশিয়া প্রভৃতি। এইসব দেশের লোকদের ভাষা আলাদা ; রীতিনীতি, ধর্ম বা অপরাপর বিষয়েও তাদের কোনো মিল নেই। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত কেবল একটা ব্যাপারেই তাদের মধ্যে মিল ছিল, তা হ'ল বিদেশী শক্তির অধীনতা। সেই সময় প্রত্যেক দেশই কোনো না কোনো ইওরোপীয় শক্তির পদানত ছিল।

অনুন্নত ও পশ্চাৎপদ দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো কিন্তু প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। এই আকর্ষণে সেখানে জড়ো হয়েছিল ইওরোপের বিভিন্ন দেশ। উনবিংশ শতাব্দীর শেষ দিকেই তিনটি ইওরোপীয় ঔপনিবেশিক শক্তি সেখানে নিজেদের কর্তৃত্ব দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করতে পেরেছিল যেমন ঃ ইংলণ্ড, ফ্রান্স ও হল্যাণ্ড। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে জাপানী আক্রমণের ফলে দক্ষিণ-পূর্ব এশিয়ায় পশ্চিমী রাষ্ট্রবর্গের ঔপনিবেশিক সাম্রাজ্যবাদ প্রথম ধাক্কা খেয়েছিল। পরবর্তী কালে দক্ষিণ-পূর্ব এশিয়ার মানুষ বিদেশী কবল থেকে নিজেদের মুক্ত করবার জন্য শুরু করেছিল জাতীয় মুক্তি-আন্দোলন।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো যুদ্ধ-প্রাঙ্গণে পরিণত হয়। যুদ্ধের পরিণতি হিসাবে সেখানে দেখা দেয় মৃত্যু, দ্রব্যমূল্য বৃদ্ধি এবং আনুষঙ্গিক ধ্বংসলীলা। কেবল তাই নয়, দ্বিতীয় বিশ্বযুদ্ধ দক্ষিণ-পূর্ব এশিয়ার মানুষের কাছে পশ্চিমী সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলোর দুর্বলতাও স্পষ্ট করে তুলেছিল। আর এই অবস্থার মধ্য থেকেই

জন্ম নিয়েছিল পরাধীন জাতিসমূহের জাতীয় মুক্তি-আন্দোলন। এই প্রসঙ্গে অবশ্য মনে রাখতে হবে যে, দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন অঞ্চলের মানুষের মধ্যে কোনো ব্যাপারেই যেমন মিল ছিল না, তেমনি তাদের মুক্তি-আন্দোলনও একই ধারায় অনুষ্ঠিত হয়নি। বিভিন্ন দেশে তা ভিন্ন ভিন্ন রূপ গ্রহণ করেছিল।

(১) **ইন্দো-চীন ঃ** দক্ষিণ-পূর্ব এশিয়ার তিনটি ফরাসী অধিকৃত অঞ্চল যেমন ঃ ভিয়েৎনাম, কাম্বোডিয়া ও লাওস একত্রিতভাবে 'ইন্দো-চীন' নামে পরিচিত ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে প্রায় সত্তর বছর ধরে ফরাসীরা ইন্দো-চীনে তাদের শাসন কায়েম করে রেখেছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে জাপান দক্ষিণ-পূর্ব এশিয়ায় তার সৈন্যবাহিনী নামিয়ে ফরাসী সাম্রাজ্যবাদকে প্রথম আঘাত করে। তারপর সেখানে শুরু হয় জাতীয় মুক্তি-আন্দোলন। ভিয়েৎনাম, কাম্বোডিয়া ও লাওস বর্তমানে তিনটি স্বাধীন রাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করেছে। সেই কারণে তিনটি দেশের বিপ্লবান্দোলন আলাদা আলাদাভাবে আলোচনা করাই যুক্তিসঙ্গত।

ভিয়েৎনামের জাতীয় মুক্তি-আন্দোলন প্রথম থেকেই বিপ্লবমুখী ও উগ্র রূপ গ্রহণ করেছিল। কারণ ফরাসী ঔপনিবেশিক ব্যবস্থায় সেখানে নিয়মতান্ত্রিক পথে জাতীয় আন্দোলনের কোনো সুযোগই ছিল না। বিদেশী শাসকগোষ্ঠীর অত্যাচারের সম্মুখে জাতীয়তাবাদী আন্দোলন দানা বেঁধে উঠতে না পারলেও হো-চি-মিন-এর নেতৃত্বে গঠিত ইন্দো-চীন কমিউনিস্ট দল কোনো রকমে সেখানে নিজের অস্তিত্বকে টিঁকিয়ে রাখতে পেরেছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে এই দলের কাছে জাতীয় ঐক্য ও স্বাধীনতা অর্জন সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে মনে হয়েছিল। এই উদ্দেশ্যে হো-চি-মিনের কমিউনিস্ট দল এক ব্যাপক আন্দোলন গড়ে তোলবার জন্য অন্যান্যদের (অ-কমিউনিস্ট) নিয়ে 'ভিয়েৎনাম স্বাধীনতা লীগ' (সংক্ষেপে 'ভিয়েৎ মিন্') গঠন করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরিসমাপ্তিতে এই দল উত্তর ভিয়েৎনামের হানই দখল করে সেখানে হো-চি-মিনের নেতৃত্বে স্বাধীন ভিয়েৎনাম গণতন্ত্রী প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করে। ইতিমধ্যে ফরাসীরা ভিয়েৎনাম পুনর্দখল করবার উদ্দেশ্যে দক্ষিণ ভিয়েৎনামে শক্তি সঞ্চয় করতে থাকে এবং হো-চি-মিনের সরকারকে উচ্ছেদ করতে উদ্যোগী হয়। এই সূত্রে উত্তর ও দক্ষিণ ভিয়েৎনামের মধ্যে যে সংঘর্ষ শুরু হয়েছিল তাকে কেন্দ্র করে আন্তর্জাতিক জটিলতার সৃষ্টি হয়। যাই হোক, শেষ পর্যন্ত ১৯৭৫ খ্রীস্টাব্দে কমিউনিস্ট বাহিনী দক্ষিণ ভিয়েৎনামের রাজধানী সাইগন দখল করে। এইভাবে দীর্ঘ ত্রিশ বছর লড়াইয়ের পরে কমিউনিস্ট শাসিত ঐক্যবদ্ধ ভিয়েৎনাম জন্মলাভ করেছিল (১৯৭৬ খ্রী)।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন কাম্বোডিয়াতে জাতীয়তাবাদী আন্দোলনের পাশাপাশি কমিউনিস্ট আন্দোলন চলতে থাকে। সেখানে জাতীয়তাবাদী আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন কাম্বোডিয়ার রাজা সিহানুক। ১৯৫৪ খ্রীস্টাব্দে ফরাসী সরকার কাম্বোডিয়াকে স্বাধীনতা দান করলে সিহানুকের নেতৃত্বে সেখানে একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়। এই সরকার

অভ্যন্তরীণ একতা বজায় রাখতে পারেনি। আন্তর্জাতিক ক্ষেত্রেও সরকার নানাবিধ জটিলতার সম্মুখীন হয়েছিল। শেষ পর্যন্ত কাম্বোডিয়ার কমিউনিস্ট দল সেখানকার শাসন-ক্ষমতা দখল করতে সমর্থ হয় (১৯৭৫ খ্রী)।

ইন্দো-চীনের অন্যান্য জায়গার মত লাওস-এও জাতীয়তাবাদী আন্দোলনের সূচনা হয়েছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়। যুদ্ধ পরিসমাপ্তিতে ফরাসীরা যখন আবার লাওস-এ তাদের কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে সচেষ্ট হয় সেই সময়ের মধ্যে সেখানে কমিউনিস্ট আন্দোলন জোরদার হয়ে ওঠে। সুফানুভঙ্গ নামে জনৈক রাজবংশীয় ব্যক্তি ভিয়েৎনামের 'ভিয়েৎ মিন' দলের সাহায্য ও সহযোগিতায় লাওসে 'প্যাথেট লাও' নামে কমিউনিস্ট আদর্শে



বিশ্বাসী একটি উগ্রপন্থী জাতীয়তাবাদী দল প্রতিষ্ঠা করেন (১৯৪৯ খ্রী)। ১৯৫৪ খ্রীস্টাব্দে ফ্রান্স যখন লাওসের স্বাধীনতা মেনে নেয় তখন প্যাথেট লাও দল দেশে প্রচণ্ড শক্তিশালী হয়ে উঠেছে। এই দলের অগ্রগতি অব্যাহত থাকবার ফলে শেষ পর্যন্ত ১৯৭৫ খ্রীস্টাব্দে ঐ দলের নেতৃত্বে লাওসে সরকার প্রতিষ্ঠিত হয়।

(২) **ব্রহ্মদেশ :** দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে ব্রহ্মদেশে যে জাতীয় মুক্তি আন্দোলন শুরু হয়েছিল তার নেতৃত্ব দিয়েছিল 'অ্যান্টি-ফ্যাসিস্ট পিপলস্ ফ্রীডম লীগ' (সংক্ষেপে 'এ. এফ. পি. এফ এল.') নামে একটি দল। জাতীয়তাবাদী আদর্শে বিশ্বাসী এই দল ব্রহ্মদেশে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে তীব্র

আন্দোলন শুরু করেছিল। আন্দোলনের চাপে পড়ে ব্রিটিশরা শেষ পর্যন্ত ১৯৪৮ খ্রীস্টাব্দে ব্রহ্মদেশকে স্বাধীনতা দিতে বাধ্য হয়। জাতীয়তাবাদী ও গণতান্ত্রিক 'এ. এফ. পি. এফ. এল' দল সেখানে যে সরকার গঠন করে ইউ-নু তার প্রধানমন্ত্রী ছিলেন।

অভ্যন্তরীণ বিদ্রোহের ফলে ব্রহ্মদেশের ঐ গণতান্ত্রিক সরকারের অস্তিত্ব বহুবারই বিপন্ন হয়েছিল। এইসব বিদ্রোহে ব্রহ্মদেশের কমিউনিস্ট ও আরও কয়েকটি ছোট ছোট দল অংশ নিয়েছিল। শেষ পর্যন্ত ১৯৬২ খ্রীস্টাব্দে জেনারেল নে-উইন ঐ সরকারের উচ্ছেদ করে এক সামরিক শাসন প্রতিষ্ঠা করেন। নে-উইনের নেতৃত্বে ব্রহ্মদেশ বর্তমানে সমাজতান্ত্রিক আদর্শে সমাজ গঠনের কাজে এগিয়ে চলেছে।

(৩) মালয়েশিয়া ঃ ব্রিটিশ কবলিত মালয়েশিয়াতে জাতীয় মুক্তি-আন্দোলন অপেক্ষাকৃত দেরীতে শুরু হয়েছিল। এর প্রধান কারণ হ'ল মুসলমান, চীনা ও ভারতীয়দের নিয়ে গঠিত মালয়েশিয়ার জনসমাজ দীর্ঘদিন পর্যন্ত ঐক্যবদ্ধভাবে স্বাধীনতার জাতীয় দাবি তুলে ধরতে পারেনি। যাই হোক, দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানী অধিকার স্থাপনের সময় সেখানকার তিনটি গোষ্ঠী একটা সমঝোতায় এসেছিল যে, জাতীয় মুক্তির জন্য তাদের সবাই একসঙ্গে লড়বে। ১৯৫৭ খ্রীস্টাব্দে মালয়েশিয়া স্বাধীন দেশ হিসাবে আত্মপ্রকাশ করেছিল। মালয়েশিয়াতে কমিউনিস্ট আন্দোলন তেমন সাফল্য-লাভ করেনি যদিও দীর্ঘ বারো বছর ধরে তারা সশস্ত্র বিদ্রোহ চালিয়েছিল। মালয়েশিয়ার গণতান্ত্রিক সরকার এইসব বিদ্রোহের পরিপ্রেক্ষিতে মানুষের কিছু কিছু গণতান্ত্রিক অধিকারকে সীমিত করতে বাধ্য হয়।

(৪) ইন্দোনেশিয়া ঃ ইন্দোনেশিয়া দীর্ঘদিন ধরে হল্যাণ্ডের একটি উপনিবেশ ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধ সেখানে ডাচ্‌দের কর্তৃত্বকে গুরুতর-ভাবে আঘাত করতে পারেনি। কারণ সেখানে জাতীয়তাবাদী বা কমিউনিস্ট আন্দোলনকে ডাচ্ সরকার অঙ্কুরেই বিনষ্ট করেছিল। তবে যুদ্ধ চলাকালীন সম্পাদনের জন্য যখন জাপানীরা ইন্দোনেশিয়া দখল করে নেয় তখন থেকে সুকর্ণ নামে জনৈক জাতীয়তাবাদী নেতার নেতৃত্বে জাতীয় মুক্তি আন্দোলন জোরদার হয়ে ওঠে। জাপানের আত্মসমর্পণের সঙ্গে সঙ্গে সুকর্ণ ইন্দোনেশিয়াকে স্বাধীন প্রজাতন্ত্র বলে ঘোষণা করেন। তারপর শুরু হয় এই নবগঠিত প্রজাতন্ত্রের সঙ্গে বিদেশী ডাচ্‌দের সংগ্রাম। কারণ ইতিমধ্যে জাপানীদের আত্মসমর্পণের পরে হল্যাণ্ড আবার ইন্দোনেশিয়ার দখলদারী গ্রহণ করে। যাই হোক, এই সংগ্রামে শেষ পর্যন্ত ইন্দোনেশিয়া প্রজাতন্ত্রই জয়ী হয়েছিল, সুকর্ণ ডাচ্‌দের কাছ থেকে স্বাধীনতা ছিনিয়ে আনতে পেরে-ছিলেন (১৯৪৯ খ্রী)।

সুকর্ণ নবগঠিত প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হন। এই প্রজাতান্ত্রিক সরকারে সামরিক নেতাদের প্রাধান্য থাকায় সুকর্ণ ইন্দোনেশিয়ার কমিউনিস্ট দলের সহযোগিতায় তাদের দমন করতে উদ্যোগী হন। ঠিক সেই সময় (১৯৬৫

স্রী) সুহার্তো নামে জনৈক সামরিক প্রধান সরকারী ক্ষমতা দখল করে কমিউনিস্ট নিধন শুরু করেন এবং পরের বছর সেখানে কমিউনিস্ট পার্টিকে সম্পূর্ণ নিশ্চিহ্ন করা হয়। ১৯৬৮ খ্রীস্টাব্দে সুহার্তো স্বয়ং ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি পদ গ্রহণ করেন।

স্মৃতি-সহায়

১. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন জায়গায় শুরু হয়েছিল জাতীয় মুক্তি-আন্দোলন।

২. দক্ষিণ-পূর্ব এশিয়ার মুক্তি-আন্দোলনসমূহ একই ধারার অনুষ্ঠিত হয় নি।

অনুশীলনী

১. দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তরকালে দক্ষিণ-পূর্ব এশিয়ার বিপ্লবান্দোলনের কাহিনী সংক্ষেপে বিবৃত কর।


২. 'ইন্দো-চীন' বলতে কোন্ অঞ্চল বোঝায়? ইন্দো-চীন কিভাবে সাম্রাজ্যবাদের কবল থেকে মুক্তিলাভ করেছিল?

৩. ব্রহ্মদেশ ও মালয়েশিয়া কিভাবে স্বাধীন দুটি দেশ হিসাবে আত্মপ্রকাশ করে?

৪. ১৯৪৫ খ্রীস্টাব্দের পরবর্তীকালে ইন্দোনেশিয়ার রাজনৈতিক পরিস্থিতির সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও:
[ক] দক্ষিণ-পূর্ব এশিয়া কোন্ কোন্ ইওরোপীয় শক্তির কবলিত ছিল?
[খ] ভিয়েৎ মিন্'এর প্রতিষ্ঠাতা কে ছিলেন?
[গ] কাম্বোডিয়ার জাতীয়তাবাদী আন্দোলনের নেতৃত্ব কে দিয়েছিলেন?
[ঘ] ১৯৬৫ খ্রীস্টাব্দে কে ইন্দোনেশিয়ার রাজনৈতিক ক্ষমতা দখল করেন?

৬. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থানগুলি পূরণ কর:
[ক] — খ্রীস্টাব্দে ঐক্যবদ্ধ ভিয়েৎনাম জন্মলাভ করেছিল।
[খ] ১৯৭৫ খ্রীস্টাব্দে '—'এর নেতৃত্বে লাওসে সরকার প্রতিষ্ঠিত হয়।
[গ] —তে কমিউনিস্ট আন্দোলন সাফল্য লাভ করেনি।
[ঘ] ১৯৬৮ খ্রীস্টাব্দে — ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি হন।



উনবিংশ অধ্যায় **দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবী**

দ্বিতীয় বিশ্বযুদ্ধ ফ্যাসিবাদের বিরুদ্ধে সংগ্রাম হিসাবে শুরু হলেও অচিরেই তা সাম্রাজ্যবাদ-বিরোধী চরিত্রও লাভ করেছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন বিশ্বের সর্বত্র পরাধীন জাতিসমূহের মধ্যে জাতীয়তাবাদী আন্দোলনের জোয়ার বইতে থাকে। মুক্তিকামী সেইসব মানুষ দ্বিতীয় বিশ্বযুদ্ধকে তাদের মুক্তি-সংগ্রামের সোপান বলে মনে করেছিল। তারা ভেবেছিল, যুদ্ধ পরিসমাপ্তিতে জন্ম নেবে সুন্দর এক পৃথিবী। ১৯৪১ খ্রীস্টাব্দে ঘোষিত অতলান্তিক সনদ'-এ পরাধীন জাতিসমূহের যে মুক্তির কথা বলা হয়েছিল তা মুক্তিকামী জাতিসমূহের মনে আশার সঞ্চার করেছিল। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তী কালে সাম্রাজ্যবাদী দেশসমূহের কার্যকলাপে মানুষের মোহভঙ্গ হ'ল। দেখা গেল, বাস্তবক্ষেত্রে মানুষের মুক্তির বাণী কেবল ঘোষণার পর্যায়েই রয়ে গিয়েছে। এর ফলে দেখা যায়, দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তরকালে সাম্রাজ্যবাদ ও উপনিবেশ-বিরোধী আন্দোলন দুর্বার গতিতে এগিয়ে চলেছে। সমাজতান্ত্রিক আদর্শে উদ্‌বুদ্ধ এইসব আন্দোলন চূড়ান্তভাবে আঘাত করেছিল উপনিবেশবাদকে। অবশ্য একথা মনে রাখতে হবে যে, যুদ্ধ চলাকালীন পৃথিবীতে শান্তিরক্ষার যে প্রয়াস চালানো হয়েছিল তা একেবারে ব্যর্থ হয় নি। যুদ্ধ পরিসমাপ্তিতে জন্ম নিয়েছিল এক বিশ্বসংস্থা, যার সাহায্যে আলাপ-আলোচনার মাধ্যমে সব বিরোধের শান্তিপূর্ণ মীমাংসা হতে পারে।

(১) **'অতলান্তিক সনদ' ঃ রাষ্ট্রপুঞ্জ বা ইউনাইটেড নেশনস্ ঃ গঠন ও উদ্দেশ্য ঃ** দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে মার্কিন রাষ্ট্রপতি রুজভেল্ট ও ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল যুগ্মভাবে এক প্রচার-পত্র ঘোষণা করেছিলেন যার নাম 'অতলান্তিক সনদ' (১৪ই আগস্ট, ১৯৪১)। অতলান্তিক মহাসাগরে এক জাহাজে দুই রাষ্ট্রপ্রধান মিলিত হয়ে ঐ সনদ প্রচার করেছিলেন বলেই ঐ

নামকরণ হয়। অতলান্তিক সনদে মোট আটটি নীতির উল্লেখ ছিল যেমন : প্রত্যেক জাতি নিরাপদে নিজ নিজ দেশে বাস করতে পারবে, ভয় ও অভাব থেকে মুক্ত থাকবে, প্রত্যেক দেশের সরকার নির্বাচনের ক্ষেত্রে জনগণের অধিকারকে মর্যাদা দেবে ইত্যাদি। পরের বছর আরও ২৬টি দেশ অতলান্তিক সনদে প্রচারিত নীতিগুলি মেনে নিয়ে 'রাষ্ট্রপুঞ্জের ঘোষণা স্বাক্ষর করে (১৯৪২ খ্রী)। এই ঘোষণাই রাষ্ট্রপুঞ্জের ভিত্তি স্থাপন করেছিল বলা যেতে পারে। এরপরে আমেরিকা, রাশিয়া ও ইংলণ্ড আরও কয়েকটি সম্মেলনে মিলিত হয়ে বিশ্বশান্তির রূপরেখা গঠনের যে প্রচেষ্টা চালায় তা থেকে শেষ পর্যন্ত জন্ম নিয়েছিল (২৪শে অক্টোবর, ১৯৪৫) 'রাষ্ট্রপুঞ্জ' (ইংরেজীতে 'ইউনাইটেড নেশনস্')।

একটি সনদে রাষ্ট্রপুঞ্জের উদ্দেশ্য, গঠন-পদ্ধতি ও কর্মপদ্ধতি বিশদভাবে বর্ণিত হয়েছে। রাষ্ট্রপুঞ্জের উদ্দেশ্য সম্পর্কে স্পষ্টভাবে বলা হয়েছে যে, সদস্যরা শান্তিপূর্ণ উপায়ে ন্যায়সঙ্গত পদ্ধতিতে যেকোনো বিরোধ বা সমস্যার সমাধান করবে। যুদ্ধের দ্বারা কলহের মীমাংসার পদ্ধতি বর্জন করে চলবে। কোনো রাষ্ট্র শান্তিভঙ্গের চেষ্টা করলে সদস্যরা সমবেতভাবে তাকে নিবৃত্ত করতে সচেষ্ট হবে। দ্বিতীয়ত, প্রত্যেক জাতির আত্মনিয়ন্ত্রণাধিকার মেনে চলতে হবে। অল্প কথায়, আত্মনিয়ন্ত্রণাধিকার বলতে যে-কোনো জাতির নিজ ইচ্ছানুসারে সরকার গঠনের অধিকার বোঝায়। তৃতীয়ত, প্রত্যেক জাতির সমান অধিকার আছে—এই নীতি মেনে চলতে হবে। চতুর্থত, মানবজাতির কল্যাণের জন্য সব রাষ্ট্রই সমানভাবে উদ্যোগী হবে। উপরে বর্ণিত উদ্দেশ্য নিয়ে গঠিত রাষ্ট্রপুঞ্জের বর্তমান সদস্য-সংখ্যা (১৯৮২ খ্রী পর্যন্ত) ১৫৩। রাষ্ট্রপুঞ্জের সদর দপ্তর ও অধিবেশন কেন্দ্র নিউ ইয়র্ক-এ অবস্থিত।

(২) সমাজতান্ত্রিক শক্তির সাফল্য : উপনিবেশ-বিরোধী ও সমাজতান্ত্রিক আন্দোলনের বিস্তার : দ্বিতীয় বিশ্বযুদ্ধে ফ্যাসিবাদী শক্তিসমূহের পরাজয়ের পরে সাম্রাজ্যবাদের শক্তি ক্ষয় এবং ইওরোপ ও এশিয়ার বিভিন্ন দেশে সমাজতান্ত্রিক বিপ্লব সাধন পরাধীন দেশের মুক্তি-সংগ্রামে নতুন প্রাণের সঞ্চার করেছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে কেবলমাত্র সোভিয়েট রাশিয়ায় সমাজতন্ত্র প্রতিষ্ঠিত ছিল। পৃথিবীর বিভিন্ন দেশে সমাজতন্ত্রের কিছু সমর্থক থাকলেও সেই সময় আর কোনো দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা লাভ করেনি। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে সমাজতন্ত্রের প্রসার ঘটেছিল পোল্যাণ্ড, চেকোশ্লোভাকিয়া, পূর্ব জার্মানি ও অপরাপর দেশে। কয়েক বছর পরে বিশাল চীনদেশেও সমাজতন্ত্র প্রতিষ্ঠা লাভ করেছিল।

বিভিন্ন দেশে সমাজতান্ত্রিক বিপ্লবের ধারা নিয়ে আসে সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদের বিরুদ্ধে বিদ্রোহ। সভ্যতা প্রসারের নামে ব্রিটেন, ফ্রান্স, হল্যাণ্ড প্রভৃতি ইওরোপীয় শক্তি দীর্ঘদিন ধরে এশিয়া, ভারতবর্ষ, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার বিভিন্ন দেশের মানুষের ওপর আধিপত্য করে আসছিল। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে শাসন-শোষণে জর্জরিত এই উপনিবেশগুলোতে শুরু হয় জাতীয় মুক্তি-আন্দোলন। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর যুগের প্রথম

শকে ঔপনিবেশিক ব্যবস্থা মূলতঃ এশিয়াতেই প্রথম ভাঙতে শুরু করে। ঐ সময় স্বাধীনতা লাভকারী ১৫টি দেশের মধ্যে ১৪টিই ছিল এশীয়। কারণ সমাজতান্ত্রিক আদর্শে উদ্‌বুদ্ধ এশিয়ার পরাধীন জাতিসমূহ ঔপনিবেশিক শক্তিগুলোর ওপর চরম আঘাত হানতে পেরেছিল। পরবর্তী দশ বছরে উপনিবেশ-বিরোধী জাতীয় মুক্তি আন্দোলন আফ্রিকাতেও সফল হতে শুরু করে। ক্রমে এশিয়া ও আফ্রিকা ব্যতীত দক্ষিণ আমেরিকার কিছু কিছু উপনিবেশও মুক্তি লাভ করেছিল। এইভাবেই ভেঙে পড়তে থাকে সাম্রাজ্যবাদের উপনিবেশ ব্যবস্থা, যদিও এখনও কিছু কিছু দেশ পরাধীনতার শৃঙ্খলে আবদ্ধ আছে।

স্মৃতি-সহায়

১. দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষ দিকে বিশ্বের প্রধান শক্তিরা আন্তর্জাতিক সহযোগিতা ও বিশ্বশান্তির উদ্দেশ্যে রাষ্ট্রপুঞ্জ বা 'ইউনাইটেড নেশনস্' নামে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান গঠনে উদ্যোগী হয়।

২. আনুষ্ঠানিকভাবে 'ইউনাইটেড নেশনস্'-এর জন্ম হয় ১৯৪৫ খ্রীস্টাব্দে। বর্তমানে এর সদস্য-সংখ্যা ১৫৮।

৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে আফ্রিকা ও এশিয়ার পরাধীন দেশসমূহে সমাজতান্ত্রিক আন্দোলন দানা বেঁধে উঠেছিল।

অনুশীলনী

১. 'অতলান্তিক সনদ' বলতে কি বোঝ?

২. কিভাবে রাষ্ট্রপুঞ্জ জন্মলাভ করেছিল?

৩. রাষ্ট্রপুঞ্জের উদ্দেশ্যগুলি কি কি?

৪. কত খ্রীষ্টাব্দে ইউনাইটেড নেশন্স্-এর জন্ম হয়? বর্তমানে এর সদস্য সংখ্যা কত?

৫. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও:

[ক] 'অতলান্তিক সনদ' কারা যুগ্মভাবে ঘোষণা করেছিলেন?

[খ] 'রাষ্ট্রপুঞ্জের ঘোষণা' কবে স্বাক্ষরিত হয়?

[গ] রাষ্ট্রপুঞ্জের বর্তমান সদস্য-সংখ্যা কত?

[ঘ] দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর যুগে ঔপনিবেশিক ব্যবস্থা কোন্ মহাদেশে প্রথম ভাঙতে শুরু করেছিল?

৬. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর: